রামায়ণ।

4-1- 13, O'31-40-1-

অযোধ্যাকাণ্ড।

गहि वा न्मी कि अ गै छ।

শ্রীসক্ত বাব বারকানাথ ভপ্ত মহাশ্যেব
অনুমতি অনুসাবে

ঐাচেমা৽৸ ভট⁴চায্য কতৃৰ

অনুবাদিত ৷

ক।লকাতা।

বান্মাকি ষম্ভ্রে শ্রীকালীকিমর চক্রবর্ত্তিকর্ত্তক মুদ্রিত।
শর্কাধা ১৭৯৪।

রামায়ণ।

->-

অযোখ্যাকাণ্ড।

প্রথম সর্গ।

রাজকুমার ভরত যৎকালে মাতুলালয়ে গমন করেন, তখন প্রেমাম্পদ শক্রন্ধতে সমভিব্যাহারে লইয়া যান। ঐ উভয় লাভা তথার মাতুল যুগাজিতের প্রয়ত্ত্ব অপত্যনির্বিশেষে আদৃত ও প্রতিপালিভ হইয়াও রদ্ধ পিতাকে এক ক্ষণের নিমিত্ত ভূলেন নাই। রাজা দশর্পও তাঁহাদিগকে বিস্মৃত হন নাই। তিনি স্বর্দেহনির্গত বাহুচতৃষ্টয়ের ন্যায় চারিটি পুত্রকে যথেষ্ট স্মেহ করিভেন। কিন্দু যদিও তাঁহার তনয়েরা তাঁহার অভিমাত্ত সেহের পাত্তিলেন, তথাচ তিনি রামকেই অপেকার্কত প্রীতির সহিল্ড দেখিতেন। রাম ভূতগণের মধ্যে স্বয়্নস্কুর ন্যায় অনন্য-সাধারণ গুণ ধারণ করিভেন। তিনি সাক্ষাৎ নারায়ণ; স্বর্নাণের ক্ষনুরোধে বাহ্বলগর্বিত রাক্ষসরাজ রাবণের বধসাধন করিবার নিমিত্ত মর্ত্তা লোকে রামরূপে অবতীর্ণ হইয়াছেন।

ফলতঃ দেবমাতা অদিতি যেমন বজ্ঞধর পুরন্দর দারা শোভিত হন, সেইরপ দেবী কোশল্যাও এই অমিভতেজা আয়জ রামকে পাইয়া যার পর নাই শোভা ধারণ করিয়াছিলেন।

এই মহাবীর রাম অস্থ্রাশ্বন্য ও প্রিয়দর্শন। ভূতলে তাঁহার তলনা নাই । তিনি পিতার ন্যায় গুণবানু এবং প্রশাস্ত-স্বভাব। তিনি মৃত্বচনে সকলের সহিত সম্ভাষণ করিয়া থাকেন। কেহ তাঁহার প্রতি পরুষ বাক্য প্রয়োগ করিলে তিনি ঐরপ কথা কখনই ওঠের বাহির করেন না। অন্যক্ষত একটিমাত্র উপকারেও তাঁছার পরিতোষ জন্মে এবং অপকার অনন্ত হইলে স্বীয় উদারগুণে সমগ্র বিস্মৃত হন। তিনি অন্ত্রাভ্যাসের অবকাশকালেও স্থশীল বয়োর্দ্ধ জ্ঞানী সাধুগণে পরিরত হইয়া শাল্তরহস্য অনুশীলন করিয়া থাকেন। তিনি বুদ্ধিমান ও প্রিয়ংবদ। কেছ অভ্যাগত হইলে তিনি সর্বাগ্রে তাহার সহিত আলাপ করিয়া থাকেন। তিনি অতি वनवान, किन्छ आश्रनात वीर्यामरम कथन्दै छेत्रा इन ना। ভিনি সভ্যবাদী বিদ্বান ও বৃদ্ধবর্গের মর্য্যাদাপালক। ভিনি প্রজারঞ্জন, প্রজারাও তাঁহার প্রতি যথোচিত অনুরার্গ প্রদর্শন করিয়া থাকে। তিনি বিপ্রভক্তিপরায়ণ ও দীনশরণ। তাঁহার চরিত্র অভি পবিত্র। তিনি হুফের নিয়ন্তা, ধর্মজ্ঞ ও দেশকালজ্ঞ। তাঁধার বৃদ্ধি স্বীয় বংশেরই অনুরূপ, এই

কারণে ভিনি ক্ষজ্রিয় ধর্মকে বহুমান করিয়া পাকেন এবং ঐ धर्म · त्रका कतिला य चर्ग लांख रहा. এरेरे छाँरांत श्वित বিশান। সমঙ্গল প্রসঙ্গে ও ধর্মবিক্তর কথায় তাঁহার অভিকচি নাই। কোন প্রস্তাব উত্থাপিত হইলে তিনি মুরগুৰু বৃহস্পতির ন্যায় ভাহাতে উত্তরোত্তর যুক্তি প্রদর্শন করিতে পারেন। তাঁহার অঙ্গ প্রত্যঙ্গ সমুদায় স্থলকণসম্পন্ন। ডিনি তকণ ও নীরোগ এবং পুরুষপরীক্ষায় স্থদক। জগতে তিনিই একুমাত্র সাধু। সেই রাজকুমার প্রকৃতিবর্গের বহিশ্চর প্রাণের ন্যায় একান্ত প্রিয়তর। তিনি বেদ বেদাকে অধিকার লাভ করিয়া গুৰুগৃহ হইতে সমাবৰ্ত্তন করিয়াছেন। সমন্ত্ৰ ও অমন্ত্ৰক অন্ত শদ্রে তিনিই সর্বশ্রেষ্ঠ। তিনি কল্যাণের জন্মভূমি তেজস্বী ও সরল। সক্ষা স্থলেও তিনি কখন মিধ্যাবাক্য প্রয়োগ করেন না। ধর্মার্থদর্শী বৃদ্ধ ত্রান্ধণেরা তাঁহার আচার্য্য। তিনি ত্রিবর্গ-তত্ত্ত স্মৃতিমান ও প্রতিভাসম্পন্ন। ডিনি লেকিকার্থ-কুশল বিনীত গন্তীর গৃঢ়মন্ত্র ও সহায়সম্পন। তাঁহার ক্রোধ গু र्श्व कथनरे निकृत रम्न ना । अर्थ य नामानूमात डेशार्जन उ সহ পাত্রে দান করিতে হয় তিনি তাহা বিলক্ষণ জ্ঞাত আছেন। গুৰুজনের প্রতি তাঁহার ভক্তি অভি অসাধারণ। জিনি লসৎ বস্তু গ্রহণে কখনই লোলুপ নহেন। ভিনি আলস্য-শূন্য সাবধান এবং স্বদোষদর্শী। ডিনি ক্রুড্ড ও লোকের

অন্তরজ্ঞ । তিনি ন্যারানুসারে নিএছ ও অনুএছ প্রদর্শন করিয়া পাকেন। কাব্য ও দর্শন শাত্তে তাঁহার সবিশেব ব্যুৎপত্তি লাভ হইয়াছে এবং তিনি ধর্ম ও অর্থের অবিরোধে রখ সংএছ করিয়া খাকেন। কর্ত্তব্যভার বহনে তাঁহার আলস্য নাই। যে সমন্ত শিশ্প বিহারকালে বিশেষ উপযোগী, তিনি তৎ-সমুদায় আয়ত্ত করিয়াছেন। তিনি অর্থবিভাগে স্থপটু। হস্তী,ও অবে আরোহণ ও উহাদিগকে শিক্ষা দান এই উভয় 🧍 কর্মেই তিনি স্থদক। বিপক্ষ সৈন্যের অভিমুখে গমন শব্দ সংহার ও ব্যহরচনা এই সমস্ত কর্মে তিনি স্থারগ। তিনি ধরুর্বেদজ্ঞগণের অঞাগণ্য ও অভিরথ। দেবামুরগণ রোষাবিষ্ট হইলেও তাঁহাকে সংগ্রামে পরাভব করিতে পারেন না। তিনি কোন অংশে লোকের অবজ্ঞাভাজন নহেন। তিনি কালের অনায়ন্ত ও ত্রিলোকপূজিত; তিনি ক্যা গুণে পৃধি-বীর ন্যায়, বুদ্ধিতে বৃহস্পতির ন্যায় এবং বল গীর্ষ্যে স্থর-পতি ইন্দ্রের ন্যায় অভিহিত ইইয়া থাকেন। রাম পিতার প্রীতিকর প্রকৃতি বর্গের কর্মণীয় এইরূপ গুণগ্রামে করজাল-মণ্ডিত প্রদীপ্ত স্ব্রিমণ্ডলের ন্যায় শোর্ভা পাইতে লাগিলেন। তখন দেবী বস্থমতী এই সচ্চরিত্র অধ্যাপরাক্রম লোকনাথ-সদৃশ রামকে অধিনাথ রূপে প্রার্থনা করিলেন।

র্জ রাজা দশর্থ দীম এইপ্রকারে গুণবান হইয়াছেন দেখিয়া

ভাবিলেন, আনার জীবদ্দশার বৎস রাজা হইবেন তদ্দর্শনে না জানি আমার কিরপ আনন্দই হইবে। কবে আমি প্রিয়পুত্র রামকে যৌবরাজ্যে অভিষিক্ত দেখিব। রাম সততই লোকের অভ্যুদর প্রার্থনা করিয়া থাকেন। সকল জীবেই তাঁহার দরা দেখিতে পাওয়া যায় এবং তিনি জলবর্ষী জলদের ন্যায় আমা অপেকা সকলেরই প্রিয়। যম ও ইক্রের ন্যায় তাঁহার বল, রহস্পতির ন্যায় তাঁহার বুদ্ধি, পর্মতের ন্যায় তাঁহার বল, রহস্পতির ন্যায় তাঁহার বুদ্ধি, পর্মতের ন্যায় তাঁহার বৈর্ধ্য । অধিক কি, তিনি আমা অপেকা সর্মাংশেই গুণবান। আমি এই বৃদ্ধি বয়নে তাঁহাকে এই পৃথিবী সাম্রাজ্যের উপর আধিপত্য বিস্তার করিতে দেখিয়া ম্বর্গ লাভ করিব।

অনস্ত্র মহারাজ দশর্থ রামকে এইরপ ও অন্যান্য রূপ অন্যন্পতিত্বর্লভ অপরিছিন্ন সর্বোৎকৃষ্ট গুণে অলক্ষ্ড দেখিয়া মন্ত্রিগণের সহিত পরামর্শ করত তাঁহাকে বোবরাজ্য প্রদানের বাসনা করিলেন। তিনি তাঁহাকে বোবরাজ্য প্রদানের বাসনা করিয়া "মৃদ্ধিগণকে কহিলেন, মন্ত্রিগণ! আমার দেহে জরার সঞ্চার হইয়াছে এবং অন্তরীক্ষে এহ নক্ষত্রের প্রতিকৃলতা বাত্যা ও ভূমিকম্প প্রভৃতি নানা প্রকার উৎ-পাতও হইতেছে এই কারণে এই বোবরাজ্য-প্রদান-প্রভাব আমার শোকাপ্ররণ পূর্বচন্দ্রস্থানন লোকাভিরাম রাশা ও প্রকৃতি বর্গের স্বিশেষ প্রীতিকর হয়ীব।

রামায়ণ ।

তখন সেই রাজাধিরাজ যোগ্য অবসরে আপনার ও প্রজাগণের হিতার্থ এবং রামের ও প্রজাগণের প্রতি দ্বেহ প্রদর্শনার্থ রামকে যে বিরাজ্যে অভিষেক করিতে যত্নবান হইলেন।
তিনি মন্ত্রিগণ দ্বারা নানা নগর ও জনপদের প্রধান প্রধান
লোকদিগেকে আনয়ন করাইলেন এবং মর্যাদা অনুসারে তাঁহাদিগকে বাসগৃহ ও নানা প্রকার আভরণ প্রদান করিলেন। কিন্তু
তৎকালে কেকয়রাজ ও মিধিলাধিনাধ জনককে এই সংবাদ
প্রদান করা মৃক্তিসিদ্ধ বিবেচনা করিলেন না। তিনি মনে
করিলেন ইহাঁরা অতঃপর এই প্রিয় সমাচার অবশ্যই পাইবেন।

অনম্ভর বিজয়ী রাজা দশরথ সভাভবনে উপবেশন করিয়া আছেন, ইত্যবসরে লোকপ্রিয় পার্থিবগণ আগমন করিতে লাগিলেন। সেই সমস্ত অধীন রাজা উপস্থিত হইয়া দশর্থ-প্রদর্শিত আসনে তাঁহারই অভিমুখে উপবেশন করিলেন। ইহাঁরা রাজভক্তি প্রদর্শনের নিমিত্ত প্রায়ই আফোঁধ্যায় বাস করিয়া থাকেন। ইহাঁরা অভিন বিনীত। রাজা দশরথও ইহাঁদিগকে সবিশেষ সন্থান করিয়া থাকেন। ইহাঁরা ও জন-পদবাসী প্রধান প্রধান লোকেরা দশরথের সমুখে উপবেশন হরিলে তিনি অমরগণপরিবৃত মুররাজ ইন্সের ন্যায় শোভা

रेख लोशिलन।

দ্বিতীয় সর্গ।

অনস্তর রাজা দশরথ হুন্দুভিসদৃশ গম্ভীর মধুর ও অভুত খ্বরে চতুর্দ্দিক প্রতিধানিত করিয়া পরিষদ বর্গকে আমন্ত্রণ ও তাঁহাদিগের অভিনিবেশ আকর্ষণ পূর্বক হিডকর ও প্রীতিক্র বাক্যে কহিলেন, পরিষদগণ! আমার পূর্ব পুরুষেরা এই বিস্তীর্ণ রাজ্য পুত্রনির্কিশেষে প্রতিপালন করিয়া আসি-রাছেন ইহা তোমরা অবশ্যই জান। একঁণে আমি সেই ইক্সাকু প্রভৃতি নুপতি প্রতিপালিত রুখোচিত সমস্ত সাত্রাজ্যে রুখ-সমৃদ্ধি বৃদ্ধির প্রস্তাব করিতেছি। দেখ আমি পূর্বতন নিয়ম অবলম্বন পূর্বেক আত্মশ্বখ নিরপেক্ষ হইয়া প্রতিনিয়ত শক্ত্যনু-সারে প্রজাগণের রক্ষণাবেক্ষণ করিয়াছি। আমি সমস্ত লোকের হিতা চরণে দীক্ষিক হইয়া খেত ছত্তের চ্ছায়ায় এই শরীর জীনি করিয়া কেলিয়াছি। একণে বছু সহত্র বৎসর আমার বয়ঃক্রম হঁইয়াছে, অভঃপর আমার ইচ্ছা এই যে, এই জীর্ণ দেহকে এক কালে বিশ্রাম দেই। আমি লোকের যে গুৰুতর ধর্মভান্ন বহন করিতেছি, নিরস্কুশ মনুষ্য ইহার ত্রিসীমায় বাইতে 🕫 🕯 ना अँदः देश दीत পুৰুষেরই উপযুক্ত। আমি একণে স্পে এক-

ভারে নিতান্ত পরিশ্রান্ত হইয়া পড়িয়াছি ৷ অভএব এই সমস্ত সমিহিত ভালাণের অনুমতি গ্রহণ পূর্বক পুত্রকে প্রজাগণের হিতসাধনে নিয়োগ করিয়া বিশ্রাম লাভের ইচ্ছা করি। আমার আত্মজ মহাবীর রাম আমারই সমস্ত গুণ অধিকার করিয়া জন্ম প্রহণ করিয়াছেন। তিনি বলবীর্ষ্যে সুররাজ পুরন্দরেরই অনু-রপ। একণে সেই পুষ্যাবিহারী চক্তের ন্যায় প্রিয়দর্শন ধার্মিক-প্রথান রামকে প্রীভ মনে যৌবরাজ্যে নিয়োগ করিব। তিনি ভোমাদিগেরই যোগ্য, ত্রৈলোক্যও তাঁহাকে পাইয়া নাথবান হইবে। অভএব আমি অদ্যই বস্ত্রমতীর এই হিডারুষ্ঠান করিব এবং রামের প্রতি সমস্ত সাম্রাজ্যভার অর্পণ করিয়া সুখী ছইব। একণে বল, আমার এই সাধু অভিপ্রায় ভোমাদিগের অনুকুল হইবে কি না? অথবা যদি প্রীতিনিবন্ধন এইরূপ প্রস্তাব করিয়া থাকি, তবে এতদপেকা হিতকর যাহা হইতে পারে. ভোমরা ভাহারও প্রসঙ্গ কর। কারণ মধ্যস্থ লোকের চিন্তা পূর্বাপর পক্ষ সভার্ষে অধিকভর কলোপধায়ক হইয়া থাকে।

জলভারপূর্ণ জলধরকে দেখিয়া মন্ত্র যেমন সম্ভট হয়, সেইরূপ ভূপালগণ মহারাজ দশরখের বাক্য সম্ভোব সহকারে স্থীকার
রিলেন ৷ তথন রাজসভায় অত্যে সামন্ত্রগণের আনন্দ কোলাহিন্দ প্রতিধানি উত্থিত হইল , তৎপরে সাধারণের এতং বিষযুক আ ভালনে বেন মিদিনী কম্পিত হইতে লাগিল ৷ অনন্তর

ত্রান্ধণ ও সেনাপতিগণ পুরবাসী ও জানপদবর্গের স্থিত ধর্মার্থকুশল মহীপাল দশরখের অভিপ্রায় অবগত হইরা একমতে
পরস্পর পরামর্শ করিতে লাগিলেন এবং ভূপালক্কত প্রশ্নের
মীমাং সা করিয়া তাঁহাকে সম্বোধন পূর্বক কহিলেন, মহারাজ!
আপনার বয়ণক্রম বহু সহত্র বংসর হইল। আপনি রূদ হইয়াছেন, এই কারণে রামকেই যোবরাজ্যে অভিবেক করা
আপনার শ্রেয়। মহাবার রাম একটি রহৎকায় মাতক্রের পৃষ্ঠে
ছত্ত্রে আনন সংর্ভ করিয়া গমন করিতেছেন, আমরা এইটি
দেখিতেই ইচ্চা করি।

তখন অবনিপাল তাঁহাদিগের আন্তরিক ইচ্ছা বুঝিয়াও না বুঝিবার ভাগ করিয়া জিজ্ঞাসিলেন, রাজগণ! আমার প্রস্তাবনাত্র তোমরা থে রামের যৌবরাজ্যে সম্মত হইতেছ, ইহাতেই মনে একটি সংশয় উপস্থিত হইয়াছে ৷ একণে বল, তোমা-দিগের সভিপ্রায় কি ৷ আমি যখন জীবিত থাকিয়া ধর্মাত্র-সারে রাজ্য শাসন ক্রিতেছি, ভুখন ভোমরা কি কারণে মহা-ধল রামকে রাজপদে প্রতিষ্ঠিত দেখিবার বাসনা কর ?

• অনস্তর ভূপালগণ ওবং পোর ও জানপদবর্গ তাঁহাকে
সহোধন পূর্বক কহিলেন, মহারাজ! আপনার আত্মজ রামের
বহু প্রকার সদ্গুণ আছে। এক্ষণে আপনার সমক্ষে ভাঁহণ
গুণ বাগাগা করিতেছি, প্রবণ ককন। সেই আমাধ্বীর্যা দেব-

রাজ-সদৃশ রাম আপনার অসামান্য গুণে স্বীয় পূর্ব্বপুরুষগণকে অতিক্রম করিয়াছেন। ভূলোকে তিনিই একমাত্র সংপুকষ ও সত্যপরায়ণ। ধর্ম ও অর্থ তাঁহা হইতেই প্রতিষ্ঠিত হই-য়াছে। তিনি প্রজাগণের স্থোৎপাদনে চক্রের ন্যায়, ক্ষমাগুণে বল্লন্নার নাায়, বুদ্ধিবলে বৃহস্পতির নাায় এবং वनवीर्या भनीপि हेर्ज्य नाम् अविहिष्ठ हहेश शास्त्रन । তিনি ধর্মজ্ঞ সত্যপ্রতিজ্ঞ সফরিত্র ও অহয়াশূন্য। কেছ ত্বংখিত হইলে তিনিই সাস্ত্রনা প্রদান করেন। তিনি ক্ষমা-শীল প্রিয়বাদী কৃতজ্ঞ ও জিতেন্দ্রিয়। তিনি কোমল স্বভাব স্থিরচিত্ত ও সুদৃশ্য। তিনি জ্ঞানবান্ বৃদ্ধ আদাণগণের দেবা করিয়া থাকেন। এই গুণে ইহ লোকে তাঁহার অতুল কীর্ত্তি যশ ও তেজ পরিবর্দ্ধিত হইতেছে। প্রাপ্তর মনুষ্যে যে সমস্ত অন্তৰ্শন্ত বিছমান আছে, তৎসমুদায়ই তিনি অধি-কার করিয়াছেন। বিছা তাঁহার সম্যক আয়ত্ত হইয়াছে এবং তিনি অঙ্কের সহিত সমুদায়' কেন অবগত আছেন। সঙ্গীত-শান্ত্রে তাঁহার অসাধারণ অধিকার। তিনি শ্রেয়ের বাসভূমি ও সাধু। ক্লোভের কারণ উপস্থিত হ'ইলেও তিনি ক্লুব খন া । ধর্মার্থনিপুণ সর্বশ্রেষ্ঠ তাক্ষণের। ভাঁহার শিক্ষক। ঐ ^ইণীর গ্রাম বা নগররকার্য সংগ্রাম উপস্থিত হইলে জয়**ঞ** অধিক র না করিয়া। লক্ষণের সহিত প্রত্যাগমন করেন না।

তিনি যখন রণস্থল ছ্ইতে হস্তী বা রখে আরোহণ পূর্বক প্রত্যাগমন করেন, তখন স্বজনের ন্যায় পুরবাসিবর্গের সর্বা-ক্লীন কুশল জিজ্ঞাসিয়া থাকেন। তিনি ঔরসজাত পুত্রের ন্যায় তাঁহাদিগের প্রভ্যেককেই পুত্র কলত্র প্রেষ্য শিষ্য ও অগ্নি-সংক্রান্ত সমগ্র সংবাদ আরুপূর্বিক জিজ্ঞাসা করেন। "কেমন শিষ্যেরা আপনাদিগের শুশ্রাষা করিতেছে? ভূত্যেরা-একান্তমনে আপনাদিগের সেবা করিতেছে ?" তিনি প্রায়ই আমাদিগকে এই রপ কহিয়া থাকেন। প্রজাদের হুঃখ দেখিলে তিনি যার পর নাই ত্ৰঃখিত হন এবং উহাদের উৎসবেই পিতার ন্যায় পরিভোষ প্রাপ্ত হইয়া থাকেন। তিনি যখন কথা কুহেন, তাঁহার বদনার-বিন্দে মন্দ মন্দ হাস্য নিৰ্গত হয়। তিনি প্ৰাণপণে ধৰ্মকে আগ্ৰয় করিয়া আছেন। তাঁহার সমুদায় উদ্দেশ্যই শুভ ফল প্রসব করিয়া থাকে । বিবাদে তাঁহার কিছুমাত্র প্রবৃত্তি নাই । তিনি মুরগুৰু বৃহস্পতির ন্যায় উত্তরোত্তর যুক্তি প্রদর্শন করিতে পারেন। ভাঁহার জম্ম অভি। স্থাপু এবং লোচনযুগল বিস্তীর্ণ. ও তাত্রবর্ণ, বোধ হয় যেন স্বয়ং বিফুই ভূলোকে অবৃতীর্ণ হই-श्रीरहन त्मीर्या वीर्या अरें त्रशास्त्रात लघू मक्त्र वह ममस् छत्। সাধারণে যার পর নাই তাঁহার প্রতি অনুরাগ প্রদর্শন করিয়া র্থাকেন । তিনি প্রজাপালক । বিষয়স্পৃহা তাঁহার চিত্ত বিহ্নত कतिर्दं भारत ना । এই সামান্য পৃথিবীর কথা দুরে পাকুক তৈলো- .

ক্যের ভারও তিনি অনায়াদে বহন ক্রিতে পারেন। তাঁহার ক্রোধ ও প্রসন্নতা কথনই ব্যর্থ হইবার নছে। তিনি নিয়মানু-সারে বধার্হকে ব্রদ্ধ প্রদান করেন, কিন্তু যাহারা নির্দোষ ভাহা-দের উপর তাঁহার কিছুমাত্র বিরাগ উপস্থিত হয় না ; প্রত্যুত তাহাদিগকে প্রচুর অর্থ দিয়া আপনার প্রসাদ প্রদর্শন করিয়া থাকেন। রাম প্রজাগণের স্পৃহণীয় সাধারণের প্রীতিকর , মৃত্তি উদার গুণযোগে ভান্ধরের ন্যায় সর্বত্ত বিকাশ লাভ করি-রাছেন। মহারাজ ! প্রজারা আপনার এই গুণবান্ পুত্রকে প্রার্থনা করিতেছেন। তিনি আমাদেরই ভাগ্যে প্রজাপালনরপ শ্রেমক্ষর কার্য্যে চতুর হুইয়াছেন। বলিতে কি, মরীচিতনয় কশ্য-পের ন্যায় আপনি ভাগ্যক্রমেই এইরূপ গুণের পুত্রকে পাই-য়াছেন। স্থরাম্বর মনুষ্য গন্ধর্ব ও উরগগণ এবং পুরবাদী ও জন-পদবাসী সকলেই রামের বল আরোগ্য ও দীর্ঘায়ু প্রার্থনা করিয়া থাকেন। কি জ্রী, কি বালক, কি বৃদ্ধ, কি বুবা সকলেই কি সায়ংকাল কি প্রাতঃকাল সকল কালেই রামের অভ্যুদ্য় কামনায় তদাত্মনে দেবগণকে নমস্বার করেন। এক্ষণে আপনার প্রসাদে সকলের এই মনোরথ সিদ্ধ হউক ৷ নরনাধ ! আমরা ইন্দীবরশ্যমে রামকে যৌবরাজ্যে নিযুক্ত দেখিব ৷ এক্ষণে वार्णिन महे प्रवाहरमम् श्रित्रकाती शूजरक श्रेकृत गर्मन - রাজ্যে অভিষেক কৰ্ন।

তৃতীয় সর্গ।

অনস্তর মহারাজ দশরথ পোর ও জানপদবর্গের সহিত ভূপালগণের বিনীত ব্যবহারে শিফাচার প্রদর্শন পূর্বক প্রিয় ও হিতকর বাক্যে কহিলেন, ভোমরা আমার সর্বন্ধ্যেষ্ঠ প্রিয় পুত্র রামকে যোবরাজ্যে প্রতিষ্ঠিত দেখিবার ইচ্ছা করিতেছ; কি আনন্দ। কি আশ্বর্যাই বা আমার প্রভাব!

দশরথ সকলকে এই রূপে সমাদর করিয়া সকলের সমক্ষে বশিষ্ঠ বামদেব প্রভৃতি বিপ্রবর্গকে কহিলৈন, বিপ্রগণ ! এক্ষণে পবিত্র চৈত্রমাস উপস্থিত, কানন সকল নানাবিধ কুসুমে সম-লক্ষ্ হইয়াছে। অতএব এই সময়েই আপনারা রামকে যৌব-রাজ্য প্রদানের সমুদায় আয়োজন কৰুন।

রাজা দশরথ এইরপ কহিবামাত্র সভামধ্যে একটি ভুমুল কোলাহল উথিত হইল। ক্রমশ: সেই কোলাহল উপশমিত হইলে দশরথ বশিষ্ঠদেবকে কহিলেন, ভগবন্! রামের রাজ্যা-ভিষেকার্থ যেরপ উপকরণ প্রয়োজন হইবে, আপনি তৎসমু-দার সংগ্রহ করিবার নিমিত্ত অধিকৃত ব্যক্তিবর্গকে অনুমতি প্রদান কৰুন। ঐ সময় মন্ত্রিগণ রাজার সম্পুথে কৃতাঞ্জলি-পুর্টে দণ্ডায়মান ছিলেন; বশিষ্ঠ ভাঁহাদিগকেই সংঘাধন পূর্বক

কহিলেন, মন্ত্রিগণ! স্থবর্ণ প্রভৃতি রত্ন সমুদায়, পুজাদ্রব্য, সবীষধি, শুক্লমাল্য, লোজ, পৃথক পৃথক পাত্তে মধু ও ছড, मगोर्क रख, तथ, ममन्र जल, हजूतक रल, स्मक्योकांख रखी, চামরদ্বর, ধ্বজদণ্ড, পাণ্ডুবর্ণ ছত্র, শতসংখ্য হেমমর অত্যুজ্জ্বল কুন্ত, ञ्चर्त मृज्यमण्येत्र स्रवंड, व्यथ्य वर्ताख्यवर्ष व्यवः व्यवताना यांश किছू আবশ্যক, তৎসমুদায়ই প্রাতে মহারাজের অগ্নিহোত গৃহে সংএহ করিয়া করিয়া রাখ। মাল্য চন্দন ও স্থান্ধি ধূপে রাজ-প্রাসাদ ও সমস্ত নগরের দ্বারদেশ স্থােভিড কর। বহুসংখ্য ব্রান্মণের অভিযত ও পর্যাপ্ত হইতে পারে, এইরপ দৃষ্টিও ক্ষীর-মিশ্রিত মুদৃশ্য মুসংস্কৃত অন্মন্তার, ছত, লাজ ও প্রভূত দক্ষিণা প্রভাতে বিপ্রগণকে সমাদর পূর্বক প্রদান করিও। কল্য সূর্য্যোদয় হইবামাত্র স্বস্তিবাচন হইবে। একণে ত্রান্ধণ-গণকে নিমন্ত্রণ ও আসন সকল প্রস্তুত কর। সর্বত্র পতাকা উভুডীন করিয়া দেও। রাজপথে জলসেক কর। গায়িকা ্গণিকা সকল স্নসজ্জিত হইয়া প্রানোদের দ্বিতীয় কক্ষে অবস্থান কৰুক ৷ দেবতায়তন এবং চৈত্য সমুদায়ে অন্ন অন্যান্য ভক্য দ্রব্য ও দক্ষিণার সহিত গন্ধপুষ্প প্রভৃতি পূজার উপকরণ बाता (मदপूषा कत्। दीत পूकरवता (दमजूवा कतिता समीर्च অসি চর্ঘ ও বর্ম ধারণ পূর্বক উৎসবময় অঙ্কন মধ্যে প্রাবেশ বিপ্রবর ব্লক্ত ও বামদেব রাজকার্য্যে অধিকৃত

ব্যক্তিবর্গের প্রতি এইরপ আজ্ঞা প্রচার করিয়া পেরিছিত্য কর্ম সম্পাদনে প্রবৃত্ত হইলেন এবং এই আজ্ঞাদান ভিন্ন অন্যান্য আবশ্যক কার্য্য রাজা দশরপের গোচরে অনুষ্ঠান করিতে লাগি-লেন। তৎপরে সমুদায় প্রস্তুত হইলে তাঁহারা প্রীতি সহকারে মহীপালকে নিবেদন করিলেন।

অনন্তর মহারাজ দশরথ সারথি সুমন্ত্রকে আহ্বান পূর্বক কহিলেন, স্নান্ত্র! তুমি ধার্মিক রামকে শীত্র এই স্থানে আনরন্ কর। তখন সুমন্ত্র "যথাজ্ঞা মহারাজ'!" বলিয়া তাঁহার নিদেশে রধী রামকে রথে আরোপণ পূর্বক আনয়ন করিতে লাগিলেন'। ঐ সময় চতুর্দ্ধিকের রাজগণ এবং মেচ্ছু আঁর্য্য আরণ্য ও পার্বত্য লোক সকল সভামধ্যে উপবেশন পূর্বক রাজা দশরখের উপাসনা করিতেছিলেন। দশরথ স্থরগণপরিবৃত স্থররাজ ইন্দ্রের ন্যায় তাঁহাদিগের মধ্যে অবস্থান পূর্মক প্রাসাদ হইতে দেখিলেন, গন্ধৰ্বরাজসদৃশ স্থবিখ্যাত বার দীর্ঘবাহু মহাবল মত্তমাতক-গামী চল্কের ন্যায় ক্লুবানন মতীব প্রিয়দর্শন রাম রূপ ও উদার গুণযোগে সকলের নয়ন ও মন অপাহরণ পূর্বক নিদাঘতপ্ত প্রজাদিগকে জলদের ন্যায় সকলকে পুলকিত করত আগমন করিতেছেন। তৎকালে দশর্থ নির্নিমেষলোচুনে ভাঁহাকে নিরী-কণ করিয়াও সম্পূর্ণ তৃপ্তি রখ অনুভব করিতে পারিলেন না। অনন্তর স্বমন্ত্র রাজকুমার রামকে র্থ হইতে অবতারিত

করিলেন এবং রাম দশরথের সমীপে গমন করিতেছেন দেখিয় তাঁহার অনুগমন করিতে লাগিলেন। পরে দাশরথি সুমন্ত্র সম ভিব্যাহারে পিতার সহিত সাক্ষাৎকার করিবার আশরে সেইকলাস-শিখর-সদৃশ প্রাসাদে উন্থিত হইলেন এবং ক্লতাঞ্জলি পুটে তাঁহার সমিহিত হইয়া আপনার নামোল্লেখ পূর্বক তাঁহার চরণে সাফাকে প্রণিপাত করিলেন। তখন মহীপাল দশরখ প্রিয়পুত্র রামকে আপনার পার্শ্ব দেশে প্রণত দেখিয়া তাঁহার অঞ্জলি গ্রহণ ও আকর্ষণ পূর্বক তাঁহাকে বার বার আলিকন করিতে লাগিলেন।

তৎপরে তিনি তাঁহারই নিমিত্ত উপস্থাপিত মণিমণ্ডিত
ম্বর্ণখিচিত রমণীয় সিংহাসনে তাঁহাকে উপবেশন করিতে
অনুমতি দিলেন ৷ তখন স্থনির্মল স্থ্যমণ্ডল উদয়কালে স্বীয়
প্রভাঙ্গালে যেমন স্থমেককে উদ্ভাসিত করেন, সেইরূপ রাম
উপবিষ্ট হইয়া সেই উৎকৃষ্ট আসনকে যার পর নাই স্থানাভিত
করিলেন ৷ যেমন গ্রহনক্ষত্রসঙ্কুল শারদীয় অহর শশাস্কবিষে অলঙ্কৃত হয়, তদ্ধেপ সেই বশিষ্ঠাদিবিপ্রবর্গবিরাজিত
রাজসভা সমধিক শোভা ধারণ করিল ৷ লোকে বেশবিন্যাস
করিয়া আদর্শতলসংক্রান্ত আত্ম প্রতিবিদ্ধ দর্শনে যেমন
পরিত্যেষ লাভ করে, সেইরূপ মহারাজ দশর্থ সেই প্রাণাদিক
পুত্রকে নিরীক্ষণ করিলা আনন্দ সাগরে নিম্মু হইলেন ৷

° অনস্তুর কশ্যপ যেমন স্থরেক্সকে তদ্ধপ তিনি রামচন্দ্রকে সম্বোধন পূর্বক কছিলেন, বৎস! তুমি, আমার সর্বপ্রধানা সর্বাংশসদৃশী মহিধী কেশিল্যার গর্ভে জন্ম এছণ করিয়াছ। जूमि नवीः भ जामात जनूत्रण ववः नकल श्रृं कत मधा जूमिरे সর্বগুণে গুণবান, এই জন্য আমি তোমাকে বৎপরোনাস্তি স্নেহ করিয়া থাকি। ভূমি নিজগুণে এই প্রজাগণকে অনু-রক্ত করিয়াছ; অভএব এক্ষণে চক্রের পুষ্যাসংক্রম হইলে যৌবরাজ্য গ্রহণ কর 1 রাম ! তুমি স্কভাবভই গুণবান । তথাচ আমি স্লেছের বশবর্ত্তী হইয়া ভোমাকে কিছু হিভোপদেশ প্রদানের ইচ্ছা করি। দেখ, তুমি যদিও বিনীত, তথাচ শ্পেকাকত বিনয়ী হইয়া প্রতিনিয়ত ইন্দ্রিয়নিএহে যত্নান হও। কাম ক্রোধ নিবন্ধন বাসন পরিত্যাগ কর। আয়ুধাগার ধনাগার ও ধার্যাগার পরিপূর্ণ করিয়া পরোক্ষ ও অপরোক্ষ বিচার দ্বারা অমাত্যাদি প্রজাবর্গের অনুরাগ সংগ্রহে প্রয়ন্ত হও। যিনি অভিমত প্রজাদিগকৈ অনুরক্ত করিয়া রাজ্য পালন করেন, তাঁহার মিত্রগণ অমৃত লাভে অমরগণের ন্যায় আনন্দ লাভ করিয়া থাকেন। অতএব বৎস। তুমি আপ-নাকে এইরপে নিয়ন্ত্রিভ করিয়া স্বকার্য্য পর্য্যালোচনে বতুবান **EG** 1

তখন রামের প্রিয়কারী স্থছদেরা মহারাজের আজ্ঞা প্রবণ-

মাত্র ক্রতপদে রাজমহিবী কেশিল্যার নিকট গমন পূর্বক তাঁহাকে এই প্রিয় রমাচার নিবেদন করিলেন। কেশিল্য এই সংবাদ পাইয়া যৎপরোনান্তি আনন্দিত হইলেন এবং ঐ সমন্ত প্রিয় প্রচারককে প্রাচুর স্থবর্ণ, রত্নভার ও ধেনু প্রদানে আদেশ দিয়া পরিতুষ্ট করিলেন।

এদিকে রাম পিতা দশরথের পাদবন্দন পূর্বক রথে
অরোহণ করিয়া গৃহাভিমুখে চলিলেন । পুরবাসিরাও অভিলবিত বস্তু লাভের ন্যায় ভূপতির এই বাক্য শ্রবণ করিয়া
তাঁহাকে আমন্ত্রণ পূর্বক গৃহে গমন করিলেন । গৃহে গিয়া
রামের অভিষেক-বিদ্ধু শান্তির আশয়ে দেবার্চনা করিতে লাগিলেন।

চতুর্থ সর্গ।

পৌরবর্গ বিদায় গ্রহণ করিলে রাজা দশরথ মন্ত্রিগণকে পুনর্বার কহিলেন, মন্ত্রিগণ! জাগামী দিবসে চল্লের পুষ্যা সংক্রম হইবে; ঐ দিনেই রাজীবলোচন রামকে রাজ্যে অভিষেক করা যাইবে। তিনি মন্ত্রিগণকে এইরূপ কহিয়া অন্তঃপুরে প্রবেশ পূর্বক ক্লমন্ত্রকে কহিলেন, ক্লমন্ত্র! তুমি রামকে পুনরায় এই স্থানে আনয়ন কর। তখন স্থমন্ত্র রাজা দশরথের আজ্ঞা শিরোধার্য্য করিয়া ক্রতপদে রামের নিকে-তনে সমুপস্থিত হইলেন। রাম স্বমন্ত্রের আগমন প্রবণ করিবা-মাত্র অতিমাত্র শক্তিত হইয়া অবিলয়ে তাঁহাকে গৃহে প্রবেশ করাইয়া কহিলেন, স্থমন্ত্র! ভুমি কি কারণে পুনরায় আগমন कतिरल मित्रिक्ष श्रीम कतिशा वेल । उथन स्मञ्ज कहिरलन, রাজকুমার! মহারাজ আপনাকে পুনর্বার দেখিবার বাসনা করিয়াছেন্, একণে আপনার যেরপ অভিপ্রায় হয়, আজ্ঞা करून।

অনস্তর রাম মহারাজ দশরথের সহিতৃ সাক্ষাৎকার করি-বার আশারে অবিলয়ে রাজভবনে উপস্থিত হইলেন। মহা-

রাজও ভাঁহাকে প্রীভিজনক কোন কথা কহিবার উদ্দেশে নিজ গৃহ প্রবেশে মনুজ্ঞা দিলেন। রাম গৃহমধ্যে প্রবেশ করিয়া দূর হইতে পিতাকে দর্শন ও ফতাঞ্জলিপুটে অভি-বাদন করিলেন। তখন রাজা দশর্থ ভাঁহাকে উত্থাপন ও খালিকন করিয়া আস্ন গ্রহণে অনুষতি প্রদান পূর্বেক কহি-लन, वर्त ! जामि नीर्च जामू लांड उ रेक्ट्रानूकर्ण विषयः-স্থুখ উপভোগ করিয়া বৃদ্ধ হইয়াছি। আমি যাচককে প্রার্থনা-ধিক অর্থ দান ও অধ্যয়ন করিয়াছি এবং অন্নদান ও প্রভূত দক্ষিণা দান সহকারে বিবিধ যজ্ঞানুষ্ঠান করিয়া দেবগণেরও অর্চনা করিয়াছি। আজ বাহার তুলনা এই ভূলোকে নাই সেই তুমিই আমার আত্মজ। বৎস! এই রূপে দেবতা ঋষি বিপ্র আবাঝণ হইতে আমার সম্পূর্ণই মুক্তি লাভ হইয়াছে। একণে তোমাকে রাজ্যে অভিষেক করা ব্যতিরেকে কর্ত্তব্যের আর কিছুই অবশেষ নাই। অভএব আমি ভোমাকে ু যাহা আদেশ করিতেছি, তুমি ডদ্বিষয়ে অভিনিবেশ প্রদান কর। বৎস ! অছ প্রজাবর্গ পালনভার ভোমারই হত্তে দেখিবার

বংশ ! অছ প্রজাবন শালনভার তোমারং হস্তে দোখবার বাসনা করিতেছেন, এই কারণে আমি তোমাকেই রাজ্যে অভিষেক করিব ৷ বিশেষতঃ আজি আমি নিজাযোগে অশুভ স্থা সমুদার দেখিতেছি ; যেন দিবসে বজ্ঞামাত ও যোররবৈ উল্কাপাত ইইতেছে ৷ দৈবজ্ঞেরা কহিতেছেন, সুষ্য মঙ্গল ও রাঁহু এই তিন দাৰুণ এছ আমার জন্ম নক্ষত্র আক্রমণ করিয়া-ছেন৷ এইরপ নিমিত্ত উপস্থিত হইলে প্রায়ই রাজা বিপদস্থ হন ; এমন কি, ইহাতে ভাঁহার মৃত্যুও সম্ভবপর হইতে পারে। বিশেষত মনুষ্যের মতি স্বভাবতই চপল। অতএব বৎস। আমার মনে ভাবাম্বর উপস্থিত না হইতেই তুমি রাজ্যভার এহণ কর। অছ পুনর্বস্থ নক্ষত্রে চল্রের সঞ্চার হইয়াছে । জ্যেতির্বেপ্তারা কহিতেছেন, চন্দ্রের পুষ্যাভোগ আগামী দিবসে অবশ্যই ঘটিবে । এক্ষণে আমার মন একান্ত ব্যগ্র হইয়া উঠিয়াছে । স্বতরাং কল্যই আমি তোমাকে যেবরাজ্যে অভিষেক করিব। তুমি অদ্যকার রাত্রি বধু সীতার সহিত' নিয়ম অবলম্বন ও উপবাস করিয়া কুশশয্যায় শয়ন করিয়া থাক। বৎস। শুভ কার্যো প্রায়ই বিদ্ন ঘটিয়া থাকে, এই কারণে অদ্য ভোমার প্রহাদেরা সাবধান হইয়া ভোমাকে রক্ষা করুন। একণে বৎস ভরত প্রবাসে কাল্যাপন করিতেছেন, এই অবসরে তোমার অভিষেক সুসম্পন্হর, ইহাই আমার প্রার্থনীয়'। যথার্থতই তোমার ভাতা ভরত ভাতৃবৎসল ও অতি সজ্জন। ঈর্ষা তাঁহার মনকে কঁলাচই কলুষিত করিবে না এবং তিনি তোমার একান্ত অনুগত। কিন্তু আমার এই একটি স্থির বিশাস পাছে যে, কারণ উপস্থিত হইলে মনুষ্যের চিত্ত অবশ্রই বিক্লত হইবে। যাঁহারা ধর্মপরায়ণ ও সাধু, তাঁহাদিগের মনও

রাগ ধেষাদি ধারা আরুল হইয়া উঠে। অতএব বংস। এক্ষণে ভূমি যাও, কল্যই ভোমাকে রাজ্যভার লইতে হইবে।

অন্তর রাম পিতা দশরথকে সন্তাষণ পূর্বক গৃহাভিমুখে গমন করিলেন এবং জানকীকে পিতার আদেশ জ্ঞাপন করিবার নিমিত্ত স্বীয় বাসগৃহে প্রবিষ্ট হইলেন, কিন্তু তিনি তথায় জানকীকে দেখিতে না পাইয়া তথা হইতে জননীর অন্তঃপুরে গমন করিলেন।

এ দিকে দেবী কেশিল্যা রামের রাজ্যাভিষেকের কথা শুনিয়া স্থমিতা দীতা ও লক্ষণের সহিত দেহগৃহে গমন পূর্বক নিমালিতনেত্রে প্রাণয়াম ধারা পুরাণ-পুরুষকে ধ্যান করিতে ছিলেন এবং স্থমিত্রা দীতা ও লক্ষণ তাঁহার শুক্রমা করিতেছেন। ইত্যবসরে রাম তথায় গিয়া দেখিলেন, জননী পাউবল্ত পরিধান ও মোনাবলম্বন পূর্বক দেবভবনে দেবভার আরাধনায় প্রস্তু হইয়া তাঁহারই য়াজ্জী প্রার্থনা করিতেছেন।

তখন রাম তাঁহার নিকট গমন ও অভিবাদন পূর্মক তাঁহাকে হাউ ও সম্ভট করিয়া কহিতে লাগিলেন, জননি ! পিতা আমাকে প্রজাপালন কার্য্যে নিয়োগ করিয়াছেন। তাঁহার আজ্ঞা হইল যে, কল্যই আমার রাজ্যাভিষেক হেইবে। একণে জানকী এই রজনী আমার সহিত উপবাস করিয়া

ধাকিবেন; উপাধ্যায়ের। এই ব্যবস্থা করিয়াছেন এবং পিতাও আমাকে এইরপ কহিয়া দিয়াছেন। অতএব কল্য রাজ্যা-ভিষেকে জানকীর যে সকল মঙ্গলাচার আবশ্যক, আপনি আজিই তাহার আয়োজন করুন।

দেবী কেশিল্যা রামের মুখে চিরদিনের কামনা সফল হইবে শুনিয়া গদ গদ বাক্যে কহিলেন, রাম! চিরজীবী হও, তোমার শক্র দ্র হউক। তুমি শ্রীলাভ করিয়া আমার ও স্থমিত্রার অস্তব্যাক গালিভ কর। বাছা! আমি কি শুভর্কণেই ভোমাকে গর্ভে ধরিয়াছিলাম। তুমি আমার আপনার গুণে মহারাজকে পরিতুই করিয়াছ। আহ্লাদের কথা কি, বলিব আমি যে কমললোচন হরির প্রসন্ধতা প্রার্থনা করিয়া ত্রভ উপবাস করিয়াছিলাম, ভাহা সফল হইল। দেখ, রাজশ্রী ভোমাকেই আশ্রয় করিবেন।

অনস্তর রাম ভাতা লক্ষণকে ক্নতাঞ্জলিপুটে বিনীতভাবে উপবিষ্ট দেখিয়া হাঁসুমুখে কৃহিলেন, লক্ষণ! অতঃপর আমার সহিত তোমাকেও এই রাজ্যভার বহন করিতে হইবে। তুমি স্পামার অপর অস্তরাআঃ, স্মৃতরাং রাজ্ঞী আমার ন্যায় তোমাকেও আত্রয় করিয়াছেন। বৎস! আমার জীবন ও রাজ্য কেবল তোমারই নিমিত্ত; অতএব তুমি অভিলম্বিত ভোগ্য পদার্থ সমুদায় ভীপভোগ কর। রাম ভাতা লক্ষ্মণকে এইরপ কহিয়া

কে শিলা ও স্থমিত্রাকে ,অভিবাদন পূর্বক তাঁহাদের আজ্ঞাক্রমে জানকার সহিত স্বভব্নে গমন করিলেন ।

. পঞ্চম সর্গ।

এদিকে রাজা দশরথ মাগামী দিবসের অভিষেক-বিষয়ে রামকে ঐরপ আদেশ করিরী কুলপুরোহিত বশিষ্ঠকে আহ্বান পূর্বক কহিলেন, তপোধন! অদ্য আপনি রামের বিদ্ন শান্তি ও রাজ্য প্রাপ্তির নিমিত্ত সীতা ও তাঁহাকে উপবাস করাইরাঁ আহন।

বেদবিদ্গণের অগ্রগণ্য মহর্ষি রাজ্ঞাজ্ঞা গ্রহণ করিয়া বিপ্রের অনুরূপ রথে আরোহণ পূর্বক রাজকুমার রামের আবা-সাভিমুখে যাত্রা করিলেন। অশ্ব মহাবেগে ধাবমান হইল। তিনি কণকালের মধ্যে সেই পাণ্ডুবর্গ অভ্রমণ্ডের ন্যায় শোভমান ভবন-সমিধানে উপনীত হইয়া সবাহনে তিনটি প্রবেশ-দ্বার পার হইলেন। রামও সবিশেষ সন্ধান প্রদর্শনের নিমিত্ত ত্রিতপদে গৃহ হইতে বহির্গত এবং তাঁহার রখের নিকট উপস্থিত হইয়া সাদরে করগ্রহণ পূর্বক স্বয়ং তাঁহাকে অবভারিত করিলেন।

অনম্ভর পুরোহিত বশিষ্ঠ রামের এইরপ বিনীত ব্যবহারে প্রাত হইয়া তাঁহাকে সম্ভাষণ ও তাঁহার আনন্দবর্দ্ধন পূর্বক কহিলেন, বৎস! রাজা দশরথ ডোমার প্রতি অতিশয় প্রসন্ধ ছইরাছেন। কারণ তিনি তোমারই হস্তে সমস্ত সাঞাজ্য-ভার
অর্পণ করিবেন। অফ্ তুমি বৈদেহীর সহিত উপবাস করিয়া
থাক। কল্য প্রাতে মহারাজ রাজা যযাতিকে নহুষের ন্যায়
প্রাতি সহকারে তোমাকে রাজপদে অধিরু দেখিবেন। এই
বলিয়া বিশুদ্ধভাব মহর্ষি মন্ত্রোচ্চারণ পূর্বক বৈদেহীর সহিত
রামকে উপবাসের সংকশপ করাইলেন এবং রামের প্রদত্ত
পূজা প্রতিগ্রহ করিয়া তাঁহার অভিমতে তথা হইতে নিজ্বাস্ত
ছইলেন। রামও কিয়ংক্ষণ প্রিয়বাদী স্বহালাণের সহবাসে
কাল্যাপন পূর্বক তাঁহাদেরই অনুমতিক্রমে বাসগৃহে প্রবেশ
করিলেন। তাঁহার বাসগৃহে নরনারী সকলেই আমাদ প্রমাদ
করিতেছিল। তৎকালে বিকসিত-সরোজ-বিরাজিত মদমত্তবিহঙ্গণশেভিত সরোবরের ন্যায় উহার অপূর্ব এক শোভা হইন।

এদিকে বশিষ্ঠদেব রাজকুমার রামের রাজপ্রাসাদসদৃশ

থাবাস হইতে নির্গত হইয়া দেখিলেন, রাজমার্গ লোকারণ্য

কইয়াছে। সকলে পরম কুতৃহলে দলবন্ধ হইয়া চলিয়াছে। পথে তিলার্দ্ধ স্থান নাই। লোকের সভ্যর্য ও হর্ষে

মহাসাগরের ন্যায় তুমুল শব্দ হইতেছে। ঐ দিবস সকল
পথই পরিচ্ছন্ন ও জলসিক্ত এবং নগরীর চতুর্দিক তৌরণমালায়

থালকৃত এবং সমস্ত গৃহে ধ্রজদও উচ্ছিত হইয়াছে। নগরের থাবালয়্দ্ধবনিতা সকলেই থামোদে উন্মত্ত থাছে এবং

রানিভিষেক দর্শনের অভিলাষে স্থানাদয় প্রভীক্ষা করি-তেছে। ফলত তৎকালে সকলেই প্রজাগালার শ্রীবৃদ্ধির নিদান প্রীতিবর্দ্ধন এই মহোৎসব দর্শন করিবার নিমিত্ত একাস্ত উৎ-স্থক হইয়াছে।

রাজপুরোহিত বশিষ্ঠ রাজমার্গে এইরপ লোকের কোলাহল অবলোকন পূর্বক সেই জনসংবাধ বিভাগ করিয়াই
যেন মৃত্ব-গমনে রাজকুলে প্রবেশ করিলেন এবং হিমগ্রিরসদৃশ রাজপ্রাসাদে আরোহণ করিয়াই ক্রের সহিত রহস্পতির
ন্যায় নরেন্দ্র দশরথের সহিত সমাগত হইলেন । তখন
অবনিপাল মহর্ষিকে সমাগত দেখিয়া সিংহাসন হইতে
গারোখান করিলেন ৷ তিনি গারোখান করিলে সভাস্থ সমস্ত
লোকই মহর্ষিকে অভ্যর্থনা করিবার নিমিত্র তথিত হইলেন ।
অনস্তর রাজা বিনাত ভাবে তাঁহাকে সরোধন পূর্বক জিজ্ঞাসিলেন, তপোধন ! আমার অভিপ্রেত কার্যা কি আপনি সমাধা
করিয়া আইলেন ? মহর্ষি ক্রিলেন, মহারাজ ! আপনার্র
আ'দেশানুরপ সমুদায়ই সাধন করা হইয়াছে ৷

• তখন রাজা দশরথ কুলগুৰু বলিষ্ঠের অনুমতি গ্রহণ পূর্মক সভাস্থ সকলকে পরিত্যাগ করিয়া গিরিদরী মধ্যে কেশরীর ন্যায় অন্তঃপুরে প্রবেশ করিলেন। তৎকালে শশার্ম বেমন তারাগণসমাকার্ণ নভোমণ্ডলকে একান্ত উজ্জ্বল করিয়া থাকেন, তজপে রাজা দশরথও সেই স্থসজ্জিত নারীজনপরিপূর্ণ অষ্ট্রাবজীপ্রতিম অন্তঃপুরকে যার পর নাই সমুস্তাবিত করিলেন।

ं यष्ठं मर्ग ।

কুলপুরোহিত বশিষ্ঠ বিদায় এইণ করিলে রাম কৃত্যান ইইয়া বিশাললোচনা জানকীর সহিত একান্তমনে নারায়ণের উপাসনায় প্রবৃত্ত ইইলেন। তিনি ঐ মহান্ দেবতাকে নমস্কার করিয়া হবিঃপাত্র গ্রহণ পূর্ম্বক তাঁহার উদ্দেশে প্রজ্বলিত কুতাশনে আছুতি প্রদান করিতে লাগিলেন। তৎপরে হবির শেষাংশ ভক্ষণ পূর্বক নারায়ণ ধ্যান ও তাঁহার নিকট আপনার অভিপ্রেত প্রার্থনা করিয়া মৌনভাবে ঐ দেবালয়ের মধ্যেই সীতার সহিত কুশশ্যায়ে শয়ন করিয়া রহিলেন।

অনন্তর রাঁত্রি প্রহরমাত্র অবশিক্ট থাকিতে রাম শব্যা হইতে গাত্রোখান করিয়া অধিক্ষত লোকদিগকে স্থপ্রণালী-ক্রমে গৃহসজ্জার অনুমতি প্রদান করিলেন। ইত্যবসরে স্থত মাগধ ও বন্দিগণ শর্মারী প্রভাত হইরাছে দেখিয়া মধুর স্বরে গান করিতে প্রবৃত্ত হইল। রাম পূর্মসন্ত্র্যার উপা-সনা সমাপন পূর্মক সমাহিত্যিত্বে গায়ত্রী জপ করিতে লাগিলের। অনন্তর তিনি পবিত্র পত্ত বন্ধ্র গরিধান পূর্মক নারারণের ভুতিবাদ ও বন্দনা করিয়া বিপ্রগণ হারা স্বিভ- বাচন করাইলেন। তুর্যধ্বনি এবং বিপ্রগণের মধুর ও গন্ধীর পুণ্যাহ ঘোষে রাজধানী অযোধ্যা প্রতিধ্বনিত হইতে লাগিল। নগরবাসী সকলেই রাম জানকীর সহিত উপবাদ করিয়া আছেন শুনিয়া যার পার নাই আনন্দিত হইল।

অনম্ভর পেরিবর্গ পুরীর শোভা সম্পাদনে প্রয়ত্ত হইল। ওঅ অত্রের ন্যায় প্রভা সম্পন্ন গিরিশিখর-সদৃশ দেবগৃহ, চতুম্পথ, রখ্যা, চৈত্য, অটালিকা, পণ্যক্রব্য-পরিপূর্ণ বাণিজ্যাগার, ন্মসমূদ্ধ স্থাদুখা লোকালয়, সভা ও অত্যুচ্চ বৃক্ষ সমূহে ধ্ৰজ ও পতাকা স্থশোভিত হইতে লাগিল। রমণীয় রাজপথ ধূপগন্ধে স্বাসিত ও কুসুমদানে অলস্কৃত হইল। অভিষেক সমাপনান্তে যদি রাম রাত্রিকালে নগর পরিভ্রমণে নির্গত হন, এই আশ-স্কায় সকলে পথপ্রান্তে আলোক প্রদান বাসনায় বৃক্ষাকার দীপস্তম্ভ সকল প্রস্তুত করিয়া রাখিল। সকলে নট নর্ত্তক ও গারকদিগের হৃদয়হারী নৃত্য গীত দর্শন ও প্রবণ করিতে লাগিল। লোকের গৃহমধ্যে ও প্রাঙ্গনে রামাভিষেক সংক্রাম্ভ কথোপকথন আরম্ভ হইল। বালকেরাও গৃহদ্বারে দলবদ্ধ হইয়া ক্রীড়াকালে পরম্পর অভিষেকের কথা কহিতে লাগিন। কতকগুলি লোক সভা ও প্রাঙ্গনে সঙ্গত হইয়া মহারাজ দশরথের প্রশংসা করিয়া কহিল এই ইক্ষাকু-কুল-প্রদীপ রাজা অতি মহাত্মা; দেখ, ইনি আপনার স্থবিরাবস্থা সমুপস্থিত দেখিরা রামের হত্তে রাজ্যতার অর্পণ করিতেছেন। রাম লোক-পরীক্ষার স্থচতুর, তিনি যে চিরকালের জন্য আমাদের রক্ষক হইবেন, ইহাতেই আমরা যার পর নাই অনুগৃহীত হইলাম। রাম অতি বিনীত বিদ্বান ধর্মশীল ও জাতৃবৎসল। তিনি জাতৃনির্বিশেষে আমাদিকেও শ্রেহ করিয়া থাকেন। এক্ষণে আমাদিগের ধার্মিক রাজা চিরজীবী হউন; আমরা তাঁহারই প্রসাদে রামের রাজ্যাভিষেক স্বচক্ষে দর্শন করিব।

ঐ সময়ে জনপদবাসিরা দিগ্দিশন্ত হইতে রামের অভি-যেক র্ত্তান্ত প্রবণ পূর্বক দর্শন করিবার মানসে অযোধ্যায় আসিয়াছিল, তাহারা পোরগণের মুখে ঐ সমস্ত কথা প্রবণ করিল। ক্রমশঃ বিদেশীয় লোকে রাজ্থানী পরিপূর্ণ হইয়া গেল। পর্বকালে প্রবলবেগ সাগরের ঘোর শব্দের ন্যায় চতু-দিকে প্রবেশশীল লোকের কোলাহল শ্রুতিগোচর হইতে লাগিল। তখন সেই অমরাবতীসদৃশ অযোধ্যা অভিষেক-দর্শনার্থী অভ্যাগত লোক সমূহের কলরবে একান্ত আকুল হইয়া জলজন্ত বিলোড়িত মহাসাগরের ন্যায় শোভা পাইতে লাগিল।

সপ্তম সর্গ।

ताजगिंदियों किरक्यीत महता मोनी अक किन्नती हिल। তিনি ঐ অনাথাকে মাতৃকুল হইতে আনয়ন করিয়াছিলেন এবং আপনার নিকটে রাখিয়াই ভাহাকে প্রতিপালন করি-তেন। কিন্ধরী মন্থরা প্রাতঃ কালে চতুর্দ্ধিকে তুমুল কোলাহল শ্রবণ করিয়া যদৃচ্ছা ক্রমে শশাঙ্কধবল প্রাসাদের উপর আরোহণ করিয়া দেখিল, অথোধ্যার রাজপথ সকল চন্দনসলিলে সিক্ত এবং উহার সর্বত্র উৎপলদল বিক্ষিপ্ত হইয়াছে। ইতস্ততঃ উৎকৃষ্ট ধ্বজনও ও পতাকা শোভা পাইতেছে ৷ রাজ্বানীর স্থল বিশেষে নিমোনত পথ এবং স্থল বিশেষে স্বেচ্ছানুসারে গমনাগমন করিবার নিমিত্ত স্থবিস্তৃত পথ প্রস্তুত করা হইয়াছে। সকলে অভ্যন্দ স্থান করিয়াছে। বিপ্রাগণ মাল্য ও মোদক হত্তে লইয়া কোলাহল করিতেছেন। দেবালয়ের দার সকল সুধায় ধবলিত হইয়াছে। চারিদিকে বাদ্যধ্বনি ২ই-তেছে। সকলে আমোদে উন্মত্ত। বেদধ্বনি নগরভেদ করিয়া উখিত হইতেছে। হন্তী অশ্ব গো বৃষ পৰ্য্যন্ত জানন্দনাদ পরিত্যাগ করিতেছে। পরিচারিকা মন্থরা অযোধ্যায় এইরপ উৎসবের আরোজন দেখিয়া অতিশয় বিশিত হইল। অনস্তর সে অদ্রে এক ধাত্রীকে ধবল পাউবল্ত পরিধান পূর্বক হর্ষোৎ-ক্ষুল লোচনে দণ্ডায়মান দেখিয়া জিজ্ঞাসিল, ধাত্রি! রামজননা কোশল্যা ব্যয়কুঠ হইয়াও অদ্য কি কারণে মহা আনন্দেধন দান করিতেছেন? আজ সকলের এই আড্যন্তিক হর্ষের কারণ কি? আজ মহীপালই বা এমন কি কার্য্য করিবেন? তখন ধাত্রী হর্ষভরে বিদীর্ণ হইয়াই যেন কহিল, মন্থরে! আজ মহারাজ পুষ্যা নক্ষত্রে শাস্তপ্রকৃতি স্থলীল রামকে ধৌবরাজ্য প্রদান করিবেন।

অসাধুদর্শিনী মন্থরা ধাত্রীমুখে এই বাক্য প্রবণ করিবামাত্র ক্রোধে প্রজ্বলিত হইয়া উঠিল এবং সেই কৈলাসশিখরাকার প্রাসাদ হইতে অবতীর্ন হইয়া শয়নগৃহে কৈকেয়ীকে গিয়া কহিল, মুঢ়ে! গাত্রোখান কর, কি রখা শয়ন করিয়া আছ, ভোমার সর্বনাশ উপস্থিত: তুমি কি বুঝিভেছ না যে, ছংখভার প্রবলবেগে ভোমাকৈ পীড়ন করিডেছে? তুমি মহারাজের অপ্রিয়, তবে কেন নির্মক সোভাগ্য-গর্ম্বে ক্ষীত হও। গ্রামকালীন ননীজ্যোজের ন্যায় ভোমার সোভাগ্য কণস্থায়ী সন্দেহ নাই।

শহরা ক্রোধভরে এইরপ পাক্ষ বাক্তা প্রায়োগ করিলে কৈক্ষ্যৌ বিষয় হইয়া জিজ্ঞাসিলেন, মন্ত্রে! আমার কি কোন অমঙ্গল উপস্থিত হইয়াছে? আজি কি কারণে তোমাকে বিষয় ও হুঃখিত দেখিতেছি:?

বচনচতুরা মন্থরা যথার্থতই কৈকেয়ীর হিতার্থিনী ছিল, দে তাঁহার এইরূপ কথা প্রবণ করিয়া বাছ আকারে অপেকারুড বিষাদের লক্ষণ প্রদর্শন এবং তাঁহার অন্তরে রামের প্রতি বিদ্বেয উৎপাদন পূর্বাক পূর্বাবৎ ক্রোধে কহিতে লাগিল, দেবি ! ভোমার সর্বনাশের উপাক্রম হইতেছে। মহারাজ, রামকে যৌবরাজ্যে অভিযেক করিবেন। আমি[,] আপাতত এই বিপদের প্রতিকার কিছুই দেখিতেছি না। রামের অভিষেকের কথা শুনিয়া আমার মনে ভয় হুঃখ শোফ যুগপৎ উপস্থিত হইয়াছে। সর্বাঙ্গ যেন দক্ষ হইয়া যাইভেছে । বলিভে কি, কেবল ভোমার হিতা-র্থই এক্ষণে আমি এই স্থানে আইলাম। তুমি নিশ্চয় জানিও যে আমি তোমার হঃখে হুংখী এবং তোমারই স্লখে স্থী হই। তুমি রাজার কন্যা এবং রাজার মহিষী হইয়া রাজধর্মের কঠোরতা কেন বুঝিতে পার না? তোমার ভর্তার কেবল মুখেই ধর্ম, বন্তুত তিনি অভিশয় শঠ , তাঁহার বাক্য অভি মধুর, কিন্ত হৃদয় যার পর নাই ক্রে। এইরূপ লোককে তুমি শুদ্ধস্ত্ বলিয়া জান এই কারণেই বঞ্চিত হইতেছ। আজ রাজা তোমাকে কতকগুলি বৃথা প্রিয় কথায় ভুলাইয়া কৌশলদার মনেবাঞ্ছা পূর্ণ করিবেন। ঐ হুই ভরতকে মাতুলগৃহে পাঠাইয়া-

ছেন, এক্ষণে পৈতৃক রাজ্য নির্বিদ্ধে রামকে দিবেন। দেখ, তুমি নিতান্ত নির্বোধ; তুমি আপনার হিন্তাভিলাবে পতিব্যপদেশে তুজকের নার ক্রের শক্রকে মাতৃঙ্গেছে পোষণ ও অঙ্গে ধারণ করিরাছ। কিন্তু সর্প কি বিপক্ষ উপেক্ষিত হইলে যেরূপ ঘটিয়া থাকে রাজা দশর্থ হইতে ভোমার ও ভোমার পুত্রের সেইরূপই ঘটিল। তিনি পাপাত্মা, তাঁহার সান্তুনা বাক্য সমুদয়ই নির্বেক। তিনি রামের রাজ্যদান প্রসঙ্গেই তাহার সাধনে প্রযুক্ত হও এবং এই বিপদ হইতে আপনাকে আমাকে ও ভরতকে রক্ষা কর।

রাজমহিনী কৈকেরী কিন্ধরী মন্থরার এই বাক্য প্রবণ করিয়া শরতের শশান্ধলেখার ন্যায় হাস্তমুখে শব্যা হইতে গাত্রোখান করিলেন এবং রামের অভিবেকরূপ শুভ সংবাদে একান্ধ বিশায়াবিষ্ট ও নিতান্ত সন্থাই হইয়া মন্থরাকে উৎকৃষ্ট অলকার দিলেন। তিমি মন্থরাকে অলকার প্রদান করিয়া প্রকৃত্তন মনে কহিলেন, মন্থরে! তুমি আমাকে কি আহ্লাদের কথাই শুনাইলে, ইহার অনুরূপ এমন আমার কি আছে, বাহা দিয়া ভোমার পরিভোষ করিতে পারি। আমার চক্ষে রাম ও ভরত উভরের কিছুমাত্র ইতর বিশেষ নাই; অভিএব মহারাজ বে রামকে রাজ্যদান করিবেন, ইহাতে অভ্যন্ত সন্তর্ভ্য সন্তর্ভ্য হইলাম।

রান্যের রাজ্যাভিবেক অপেকা প্রিয়দমাচার আর আমার কিছুই
নাই, আজি ভুমিই, আমাকে ভাষা গুনাইলে। একণে
বল, ভোমার কি প্রার্থনীয় আছে, আমি ভোমাকে ভাষাই দান
করিব।

অফ্টম সর্গ।

তখন মন্থরা ছঃখ ক্রোধে একান্ত অধীরা হইয়া পারি-ভোষিক অলঙ্কার দূরে নিক্ষেপ করিল এবং কৈকেয়ীর প্রতি অহয়া প্রদর্শন পূর্বক কহিতে লাগিল, কৈকেয়ি! তুমি'কি' কারণে অস্থানে হর্ষ প্রকাশ করিতেছ। তুমি কি জানিতেছ না যে, তুমি হুঃখের পারাবারে পতিত হইয়াছ। আমি একণে অতি ছঃখে মনে মনে এই বলিয়া হাসিতেছি যে, তুমি বিপদে পডিয়াও বে-বিষয়ে শোক করিতে হয়. তাহাতেই আমোদ করিতেছ। কালস্বরূপ পরম শক্ত সপত্নীপুত্রের বৃদ্ধি দেখিয়া কোন্ বৃদ্ধিমতী নারী আমোদ করিয়া থাকে ? কিছ তোমার যে এই দুর্বন্ধি উপ-স্থিত, ইহারই নিমিন্ত আমি শৌকাকুল হইডেছি। দেখ, রাজ্য লাত্সাধারণের ভোগ্য, এই নিমিত্ত ভরত হইতে রামের ভয় উপস্থিত হইতে পারে, কিন্ত ইহাও নিশ্যয় জানিও যে, ভীত ব্যক্তিই ভয়ের কারণ হয়। বীর লক্ষণ সকল প্রকারে রামের অাত্রিভ, হুভরাং তিনি রামের কোন মতেই ভারের কারণ হইতে পারেৰ না ; বেমন লক্ষ্মণ রামের আন্ত্রিত শত্তমুত সেইরূপ

ভরতের অনুগত, স্নতরাং শত্রম হইতেও রামের স্বতন্ত্র কোন-क्रभ ভन्नश्रमक नारे।, জग्रक्रम धनिष्ठं विमन्ना ভन्नछन्नरे क्रांका আক্রম সম্ভব, কিন্তু কনিষ্ঠত্ব নিবন্ধন লক্ষ্মণ ও শক্রব্লের এই চেফা স্বদূরপরাহত হইয়া যাইতেছে। রাম আলস্তশূন্য শান্তত এবং সন্ধি বিগ্রহাদি কার্য্যের বিশেষজ্ঞ। সে যে ভবিষ্যতে ভরতের সর্মনাশ করিবে, আমি এই চিস্তাতেই কম্পিত হইতেছি। দেবী কৌশল্যা অতি ভাগ্যবতী, কারণ আজ শুভক্ষণে ভাক্ষণেরা ভাঁহার 'পুরুকে যৌবরাজ্যে অভিষেক করিবেন। রাজ্য ভাঁহার হইল, শত্র-সব দুর হইয়া গেল, এক্ষণে তিনি মনের আনন্দে থাকিবেন, আর তুমি দাসীর ন্যায় কৃতাঞ্জলিপুটে তাঁহার অনুবৃত্তি করিবে। এইব্রপে ভোমাকে আমাদিগের সহিত কৌশল্যার দাস্য স্বীকার করিতে হইবে এবং ভোমার পুত্র ভরতও রামের দাস হইয়া থাকিবে। জানকী সহচরীদিগের সহিত আঁমোদ আহলাদে কালযাপন করিবে, আর ভরতের প্রভাব পরাহত দেখিয়া ভোমার বধুরা মনের ছঃখে অির্মাণ হইবে :

কৈকেয়ী মন্থরাকে রামের প্রতি এইরপ অপ্রীতিভাব বিভার করিতে দেখিয়া রামের গুণের কথা উল্লেখ করিয়া কহি-লেন, মন্থরে! বৎস রাম ধর্ষিক গুণবান স্থানিকত কৃতজ্ঞ সত্য-বাদী ও পবিত্র। তিনি মহারাজের জ্যেষ্ঠ সন্তান, স্থতরাং রাজ্য সম্পূর্ণই তাঁহাকে অনিতি পারে। ঐ দীর্যজীবী, জাতা ও ভ্তাদিগকে পিতার ন্যায় প্রতিপালন করিবেন; অতএব তুমি কেন তাঁহার অভিষেক-সংবাদ পাইয়া এইরপ পরিতাপ করি-তেছ? ভরত রামের শতবৎসর পরে নিশ্চয়ই পৈতৃক রাজ্য পাইবেন তবে কেন তুমি এই উৎসবের সময় অন্তর্জালায় দক্ষ হইতেছ? আমি বেমন ভরতের কল্যাণ কামনা করি, সেইরপ বা তদপেক্ষা অনেক গুণে রামের শুভাকাক্ষা করিয়া থাকি, এই কারণে রামও জননীর অধিক আমার সেবা করেন। এক্ষণে রাজ্য যদিও রামের হয়, তথাচ উহা ভরতেরই হইবে, কারণ রাম আত্মনির্বিশেষে আত্গণকে দর্শন করিয়া থাকেন।

মন্থরা কৈকেয়ীর এইরপ বাক্য শ্রবণ করিয়া যার পর
নাই হংখিত হইল এবং দীর্ঘ নিঃশাঁস পরিত্যাগ পূর্বক
তাঁহাকে কহিল, কৈকেয়ি! যাহা শুভ, তাহাই তুমি কুদ্রুিতে
দেখিতেছ। হুঁখ শোক ও বিপদ তোমাকে আক্রমণ
করিতেছে; কিন্ত তুমি নির্বুদ্ধিতা বশত আপনার হরবন্থা
রুঝিতেছ না। এখন রাম রাজ্যা হইতেছে, আবার রামের
পুত্রও রাজ্যে অধিকার পাইবে; স্নতরাং ভরত এককালেই রাজবংশ হইতে পরিজ্ঞ হইলেন। দেখ, রাজার
সকল পুত্রেরা কিছু রাজ্য পান না; প্রাপ্ত হইলে একটি
মহান অনুর্ধ উপন্থিত হয়; এই কারণে নূপতিরা পুত্রগণের মধ্যে
হয় স্ক্রিজ্যেষ্ঠ না হয় যিনি স্বাপেক্ষা গুণপ্রেষ্ঠ তাঁহাকেই

রাজকার্য্য পর্যালোচনের ভারার্পণ করিয়া থাকেন। এইরূপ ব্যবস্থা থাকাতেই কহিতেছি, ভোমার তনয় ভরত অবাধের ন্যায় রজবংশ ও মুখ-সেভাগ্য হইতে বঞ্চিত হইবেন। দেবি ! আমি ভোমারই মঙ্গলের নিমিত্ত প্রাণ পণ করিভেছি কিন্তু তুমি আমাকে বুঝিতেছ না ; প্রত্যুত সপত্নীর 🕮 বৃদ্ধিতে পারিতোষিক দিতেও ইচ্ছা করিতেছ। তুমি নিশ্যরই জানিও রাম নিকটকে রাজ্যলাভ করিয়া ভরতকে দেশান্তর বা "লৌকান্তর প্রেরণ করিবে। ভরত বালক, কিছুই জানেন না, কেবল তুমিই তাঁহাকে মাতুলালয়ে পাঠাইয়াছ। এ সময় তিনি এ স্থানে থাকিলে মহারাজ তাঁহার প্রতি অবশ্যই অনুরাগ প্রকাশ করিতেন। তৃণ লভা গুল্ম একস্থানে থাকে ৰলিয়াই পরম্পর পরস্পরকে আলিকন করে। এ সময় না হয় কেবল ভরতই যান, তাঁহার সঙ্গে আবার শক্তমত গিয়াছেন। তিনি থাকিলে অবশ্যই বিপদের একটা প্রতিকার হইত। এইরূপ শ্রুত হওয়া যায় যে বনজীবিরা একটি বুক্ককে ছেদন করিবার বাসনা করিয়াছিল, কিন্তু কণ্টকবন বেষ্টন করিয়াছিল বলিয়া উহা রক্ষা পায়। রাম ও লক্ষণ পরম্পর পরস্পরকে রক্ষা করিয়া পাকে, অধিনীকুমার যুগলের ন্যায় তাহাদের সোঁআতে তিলোকে প্রথিতই আছে 1 এই কারণে রাম লক্ষণের কিছুমাত্র অনিষ্ঠাচরণ করিবে না। কিন্তু সে যে ভরতের প্রাণহন্তারক হইবে ভাহাতে

কিছুমাত্র সন্দেহ নাই। অতএব ভরত মাতুল-বাসভূমি রাজগৃহ হইতে বন প্রস্থান করুন, আমার ত ইহাই প্রীতিকর বোধ হইতেছে। বস্তুত ইহাতে ভোমার ও ভোমার পরিজনদিগেরও মঙ্গল হইবে। আর যদি ভরত ধর্মানুসারে পৈতৃক রাজ্য অধিকার করিতে পারেন, তাহা হইলে আমাদের সকলেরই যে শুভ লাভ হইবে, ইহার আর ব্কুব্য কি আছে। হা! ভোমার বাৰক লক্ষ্মীর কোমল অক্ষে প্রতিপালিত হইয়া আসিয়াছেন, এখন তিনি রামের সহজ শক্র ; রামের উন্নতি ^{*}তাঁহার অবনতি, স্বতরাং তিনি রামের বশে থাকিয়া কিরূপে প্রাণ ধারণ করিতে পারি-বেন। দেবি! তুমি অরণ্যে মৃগেক্রা বুস্ত করীক্রের ন্যায় ভর-ভকে এই পরাভব হইতে রক্ষা কর। রামের জননী কোশল্যা ভৌমার সপত্নী, ভুমি ভর্তুসেভিাগ্যে গর্বিভ হইয়া তাঁহাকে অপ-र्ला कतिशाहिल, अक्तरा जिनि कनरे ना देवतिर्विशाजन করিবেন। কৈকেয়ি! অধিক আর কি কহিব, যখন রাম এই নৈলসাগরপূর্ণা পৃথিবীর অধিরাজ হইবে, তখন ভূমি পুত্রের সহিত নিশ্চয়ই পরাভব সহু করিবে। অতএব একণে কি উপীয়ে ভরতের রাজ্য লাভ হইতে পারে, কি উপায়েই বা রামের বনবাস সিদ্ধ হয়, তুমি তাহা অবধারণ কর।

রাজমহিবী কৈকেয়ী মন্থ্রার এইরপ বাক্য শ্রবণ করিয়া কোথে প্রজ্বলিভ হইয়া উচিলেন এবং দীর্ঘনিঃশাস পরিভ্যাগ পূর্বক কহিলেন, মন্থরে! আজিই আমি রামকে বনবাস দিব এবং আজিই ভরতকৈ রাজ্যে অভিষেক করিব। একণে কি উপায়ে আমার এই মনোরথ সিদ্ধ হইতে পারে, তুমিই তাহা আলোচনা করিয়া দেখ।

নবম সগ।

তখন অসাধুদর্শিনী মন্থরা রামের রাজ্যাভিষেকে ব্যাধাত দিবার আশরে কৈকেরীকে কহিল, দেবি! একণে বে উপারে কেবল তোমার পুত্র ভরতেরই রাজ্য হইবে, তাহা কহিতেছি শুন এবং উহা সঙ্গত হয় কি না স্বয়ংই তাহার বিচার করিয়া দেখ ৷ ভদ্রে! এখন কি আর তোমার কিছু স্মরণ হয় না, তুমি স্বয়ং যে কথা অনেকবার আমার কহিয়াছিলে, তাহা কি কেবল আমার মুখে শুনিবার আশারে গোপদ করিতেছ? যদি সেইরপই সভিপ্রায় হইয়া থাকে, তবে প্রবণ কয় ।

রাজমহিবী কৈকেরী মন্থরার এইরপ বাক্য শ্রবণ করিয়া স্বর্গতি শরনতল হইতে কিঞ্চিৎ উত্থিত হইরা কহিলেন, মন্থরে! বল, এমন কি উপার আছে, বাহাতে রাজ্য রামের না হইয়া কৈবল ভরতেরই হইবে। মন্থরা কহিল, দেবি! দক্ষিণ-

मिटक मधकात्रण नामक श्रामाल देवजराख नात्म अकृषि नगंत আছে। তথায় তিমিধ্বজ নামা মায়াবী এক অহর বাস করিত। ইহার অপর নাম শন্বর। ইহারই সহিত পূর্ব্বে ইন্দ্রাদি দেবগণের ঘোরতর যুদ্ধ উপস্থিত হয়। এই দেবামুর সংথামে মহারাজ দশর্থ ভোমাকে লইয়া রাজর্ষিগণের সহিত দেব-রাজ ইল্রের সাহায্য করিতে যান। ঐ বুদ্ধে সৈনিক পুৰুষেরা অন্ত শক্তে ছিন্ন ভিন্ন হইয়া রাত্রিতে নিদ্রিত থাকিত আর রাক্ষ-় সেরা তাহাদিগকে বল পূর্যক লইয়া গিয়া বিনাশ করিত। রাজা দশর্থ তৎকালে অনুরগণের সহিত তুমুল বুদ্ধ করিয়াছিলেন। তাঁহার সর্বাঙ্গ কত বিক্ষত হইয়াছিল। তিনি রণস্থলে মৃচ্ছিত হইয়া পড়েন। ঐ সময় তুমি জাঁহার সমভিব্যাহারে ছিলে। তুমি তাঁহাকে মূচ্ছিত দেখিয়া তথা হইতে অপসারিত করিয়া রক। কর। তখন মহারাজ ভোষার প্রতি সম্ভট হইয়া ভোমাকে ছুইটি বর দিবার বাসনা করেন, কিন্তু তুমি কহিয়া-हिटल. नाथ! आयात यथन हेव्हा हहेट्टा, उथन वत श्रहण করির। তৎকালে মহারাজও ভোমার এই কথার সন্মত হন। मिति ! जामि এই विষয়ের विन्सू विमर्गछ जानिजाम ना, भूर्त তুমিই আমাকে ইহা কহিয়াছিলে। ফলত ভোমার প্রতি স্বেহ আছে বলিয়া আমি ইহার কিছুই বিশ্বত হই নাই। একণে তুমি মহারাজকে বল পূর্বক রামের রাজ্যাভিষেক হইতে কান্ত

কর এবং তাঁহার নিকট উহার চতুর্দ্ধ বৎসর বনবাস ও ভর-তের অভিষেক প্রার্থনা কর। চতুর্দ্দশ বৎসুরের নিমিত্ত রামকে ৰনবাস দিলে ভোমার পুত্র ভরত এতাবৎকালের মধ্যে প্রজা-গণকে অনুরক্ত করিয়া রাজ্যে অটল হইয়া বসিতে পারিবেন। অভএব ভুমি অছ মলিন বন্তু পরিধান পূর্বক ক্রোধাগারে গিয়া ক্রোধ ভরে ধরা-শ্যাার শরন করিয়া থাক। সাবধান, মহা-রাজ আসিলে তুমি তাঁহার পানে চাহিও না, তাঁহার সহিত বাক্যালাপও করিও না; কেবল শোকে আকুল হইয়া রৌদন করিবে। ভোমাকে মহারাজ যে বডই ভাল বাসেন, ভাহাতে আমার কিছুমাত্র সন্দেহ নাই। ভোমার নিমিত্ত তিনি অন-লেও প্রবেশ করিভে পারেন। ভোমাকে ক্রোধাবিষ্ট করিভে তীহার কিছুতেই সাহস হইবে না এবং তুমি ক্রেছ হইলে তোমার প্রতি: দৃষ্টি নিক্ষেপ করিতেও পারিবেন না। তিনি ভোষার প্রীতির উদ্দেশে প্রাণ পর্যান্ত পরিত্যাগ করিতে পারেন। তিনি যে তোমার কথা উল্লব্জন করিবেন মনেও এই-রূপ করিও না। এক্ষণে তুমি নিজের সোভাগ্য-বল বুঝিয়া দেখ। আমি তোমাকে আরও সতর্ক করিয়া দিতেছি, মহারাজ ভোমার ক্রোধ শান্তির নিমিত্ত মণি মুক্তা সুবর্ণ ও অন্যান্য বিবিধ রুত্র প্রদান করিতে চাহিবেন ; কিন্তু দৈখিও ভোষার মন বেৰ ভাৰাতে লোলুপ না হয়। দেবাহুর সংগ্রামে ভিনি যে

ভোমাকে মুইটি বর দিয়াছিলেন, ভূমি ভাঁহাকে ভাহাই স্মরণ করাইয়া দিবে এবং বাহাতে কৃতকার্য্য হইতে পার, ভদিবয়ে যত্নান থাকিবে। যখন মহারাজ স্বয়ং ভোমাকে ধ্রাসন হইতে 'তুলিয়া বর দানে ব্যথ্রতা প্রদর্শন করিবেন, তখন তুমি অত্যে তাঁহাকে বচনবদ্ধ করিয়া পশ্চাৎ তাঁহার নিকট আপনার অভিমত বিষয় প্রার্থনা করিবে। দেবি ! রামকে নির্বাসিত করিতে পারিলে ভোমার পুত্র ভরতের সকল অভিলাষই সিদ্ধ হইবে। রাম নির্মাসিত হইলে ভাহার উপর প্রজাগণের অনু-রাগ আর থাকিবে না এবং ভরতও নিক্ষণ্টকে রাজ্যভোগ করিবে। যে সময়ে রাম বন হইতে আসিবে, তত দিনে ভরত সকলের প্রীতিভাজন হইয়া স্থল্লাণের সহিত প্রকৃতিবর্গের অন্তর্বাহ্মে লব্ধাস্পদ হইতে পারিবে সন্দেহ নাই। অতএব তুমি নির্ভয়ে মহারাজকে রামের অভিষেক-সংকল্প হইতে নির্ভ কর; তাঁহাকে অভিযেক সংকল্প হইতে নিবৃত্ত করিবার ইহাই প্রকৃত অবসর।

এই রূপে মন্থর। কৈকেরীর অস্তরে এই অসকত বিষয়কে সক্তরূপে প্রতিপন্ন করিয়া দিল। কৈকেরী পুলকিতমনে তাহার বাক্য প্রতিগ্রহ করিলেন। তিনি বালবৎসা বড়বার ন্যায় মন্থরার প্রবর্তনার অসৎ পথে প্রবর্ত্তিত হইরা বিশারা-বেশ সহকারে কহিতে লাগিলেন, মন্থরে! তুমি অতি সং-

কথাই কহিতেছ। আমি ভোমার প্রজ্ঞার অবমাননা করিতেছি না। পৃথিবীতে ষভ কুব্জা আছে বুদ্ধিনশ্চর বিষয়ে তুমি তাহাদের সকলেরই অপেকা শ্রেষ্ঠ। তুমি নিয়তই আমার হিতৈবণা করিয়াথাক এবং নিয়তই আমার শুভ সাধনে নিযুক্ত আছে। ফলত আমি মহারাজের এই ছুস্টেমার বিষয় অত্যে কিছুই বুৰিতে পারি নাই। মন্থরে ! এই পৃথিবীতে ঘদ্যতি-রিক্ত অনেকানেক বিক্নতাকার বক্র ও পাপদর্শন কুব্রু। আছে, কিন্তু তুমি কুক্তেভাবাপন্ন হইয়াও বায়ুভগ্ন উৎপলের ন্যায় একান্ত প্রিয়দর্শন হইয়াছ। তোমার বক্ষঃ উভয় পার্শ্বে অবনত এবং মধ্য হইতে ক্ষ্ণাদেশ পর্যান্ত উন্নত হইয়াছে; বক্ষের অধঃস্থলে শোভন নাভি যুক্ত উদর উহার এতাদৃশ উন্নতি দর্শন ক্রিয়া যেন লজ্জার হৃশ হইরা গিয়াছে। তোমার ভানমুগল অভি কঠিন, জম্বন অভি বিস্তীর্ণ ও কাঞ্চীদাম শোভিত এবং উহাতে কুদ্র ঘণ্টা সকল শব্দায়মান হইতেছে। তোমার বদন-মণ্ডল চক্রের ন্যায় নির্মল। মৃন্ধ্রে ! মরি ভোমার কি শোডাই **হইরাছে! ভোমা**র চরণ ও উক্যুগল কেমন **অন্ত্রে**ড!· তুমি বখন আমার সমুখ দিয়া চলিয়া বাও, তখন রাজহংসীর ন্যায় বিরাজ করিয়া থাক। অন্তররাজ শহরের যে সহত্র यात्रा चारक, उৎসমুদার ও चन्यान्य जायात्र अरे क्षारत निविके রহিরাছে। ভোমার বক্ষঃস্থলে এই যে রখঘোণের ন্যায় উন্নতা-

কার মাংসপিও আছে, উহা ঐ সমন্ত মায়ার সমিবেশ ভিন্ন আর কিছুই নহে। উহাতে ভোমার বুদ্ধি ও রাজনীতি বাস করি-ভেছে। স্থন্দরি! রামকে বনবাস দিয়া ভরতকে রাজ্যে অভি-বেক করিতে পারিলে আমি সস্তুই হইয়া ভোমার এই মাংস-পিওে চন্দন লেপন করিয়া উত্তম স্থবর্ণের আভরণ পরাইব এবং ভোমার মুখে স্থবর্ণময় বিচিত্র ভিলক প্রস্তুত করিয়া দিব। তুমি উত্তম বন্তু ও উত্তম অলক্কার ধারণ করিয়া দেবীর ন্যায় ইভন্ততঃ সক্ষরণ করিবে। ভোমার এই বদন কমল চন্দ্রমাকেও স্পর্কা করিতে থাকিবে, ইহার উপমাই মিলিবে না। তুমি শক্র বর্গে গর্ব প্রকাশ করিয়া সর্বোৎকর্যতা লাভ করিবে। তুমি বেমন নিরন্তর আমার চরণ সেবা করিয়া থাক, সেইয়প অন্যান্য কুক্তারা ভোমারও করিবে।

কৈকেয়ী বেদিমধ্যে অগ্নিশিখার ন্যায় শ্ব্যায় শ্ব্যন করিয়া মন্থ্রাকে এইরপ প্রশংসা করিতে লাগিলেন। তখন মন্থ্রা তাঁহার বাক্যে একান্ত উৎসাহিত হইয়া কহিল, ভদ্রে! জল নির্গত হইলে আলিবন্ধন করা বিধেয় নহে। একণে গাজোখান করিয়া বাহাতে আপনার কল্যাণ হর, তাহারই চেকা দেখ এবং সম্বরে ক্রোবাগারে প্রবেশ করিয়া রাজাকে রোব প্রদর্শন কর।

খনস্তর কৈকেরী মন্থরার বাক্যে সবিশেষ উৎসাধ পাইয়া সোভাগ্য-গর্বে ভাষারই সহিত ক্রোধাগারে প্রবিষ্ট হইলেন। ভিনি তথার প্রবেশ করিয়া আপনার কণ্ঠ হইতে বহুমূল্য মুক্তাহার এবং অন্যান্য অলক্ষার দূরে নিক্ষেপ করিলেন। অনস্তার সেই অর্বর্না ভূমিতে উপবেশন পূর্বক কহিলেন, মৃন্থরে! এই ক্রেখাগারে হয় প্রাণত্যাগ করিব, না হয় বৎস ভরতকে রাজ্য দিব। আমার ধনরত্ব ও অন্যান্য ভোগ্য রস্তুতে কিছুমাত্র প্রয়োজন নাই। যদি মহারাজ, রামকে রাহজ্য অভিবেক করেন, তাহা হইলে নিশ্চয়ই কহিতেছি, আমি এই প্রাণ্জার রাখিব না।

ভখন কিন্ধরী মন্থরা ভরতের বিতকর রামের অহিতকর কুর বাক্যে কৈকেরীকে কহিল, দেবি,! যদি রাম রাজ্য-লাভ করে, তাহা হইলে নিশ্চরই তোমাকে পুত্রের ক্রিড অনুতাপ করিতে হইবে। অতএব রাজ্য যাহাতে ভরতের হয়, ভূমি ভাহারই চেন্টা কর।

কৈকেরী মন্থরার বাক্যবাণে বারংবার আহত হইয়া বিশ্ব-রাবেশে স্থানে হত্তার্পণ পূর্বক ক্রোধভরে কহিতে লাগিলেন, মন্থরে! আমার এই স্থানে দেহত্যাগ করিতে শুনিরা হয় তুমি মহারাজের গোচর করিবে, না হয় রামের বছলিনের নিমিত্র বনবাস ও ভরত পূর্ণভিলাষ হইবে। বদি রাম অরণ্যে না যায়, তাহা হইলে আমার শব্যা মাল্য চন্দন অঞ্জন পান ভোজন, অধিক কি জীবনেও প্রয়োজন নাই। দেবী কৈকেরী এইরপ কঠোর কথা ওঠের বাহির করিয়া স্বর্গজন্ট কিন্নরীর ন্যার ধর সনে শরন করিলেন। ক্রোধান্ধকার তাহার মুখঞ্জীকে আক্র-করিল, দেহে আজ্রণ নাই, স্বতরাং তৎকালে তারকাশৃ-তামসী নিশার আকাশের ন্যায় তাঁহার অপূর্ব এক শোং হইল। তিনি একান্ধ বিমনায়মান হইলেন।

मन्य मर्ग।

অনন্তর কৈকেরী নাগকন্যার ন্যায় দীনভাবে দীর্ঘনিঃশাস পরিত্যাগ পূর্বক কিরৎকণ আপনার স্থের পথ চিন্তা করিছে লাগিলেন এবং মনে মনে কর্ত্তর স্থির করিয়া মন্থরার নিকট মূল্বচনে সমুদারই কহিলেন। তখন তাহার হিতকরী স্থাহ তাহার অধ্যবসায়ের বিষয় সম্যক অবগত হইয়া স্থাহং হতকার্য্য হইয়াই যেন আনন্দিত হইল। রাজমহিনী কৈকেরী রোধাকণ-লোচনে ক্রকুটী বন্ধন পূর্বক ভূতলে শয়ন করিলেন। তাহার বিচিত্র মাল্য দিব্য আভরণ গৃহের ইতন্ততঃ নিক্ষিপ্ত ছিল, তৎকালে উহা নক্ষত্রমালাসকুল নভোমগুলের ন্যায় শোভা পাইতে লাগিল। তিনি দৃঢ্ভাবে বেণি বন্ধন পূর্বক মালন বসনে বলহীনা কিন্ধনির ন্যায় পতিত হইয়া রহিলেন।

এদিকে রাজা দশরথ রামের রাজ্যাভিষেকে আদেশ প্রদান করিয়া সভাস্থ সমন্ত লোকের অনুমতি গ্রহণ পূর্বক অন্তঃপুরে প্রবেশ করিলেন। অহা যে রামের অভিষেক হইবে, কৈকেয়ী ইহা জানিতে পারেন নাই, তিনি এইরপ বিবেচনা করিয়া ভাঁহাকে এই প্রিয় সংবাদ দিবার নিমিত্ত ধ্বল-জ্লদ-পরি- শোভিত রাত্যুক্ত অধর মধ্যে শশংরের ন্যায় তাঁহার ককায় প্রবিষ্ট হইলেন। দেখিলেন, কুব্রা ও বামনাকার জ্রীলোক সকল উহার চতুর্দিকে রহিয়াছে। শুক ময়ুর ক্রেকি ও হংস কলরব করিভেছে। বাগ্য বাদিত হইতেছে। লভাগৃহ ও চিত্রিতগৃহ সকল শোভা পাইতেছে। যাহা প্রতিনিয়ত পুষ্প ও ফল প্রাণন করিয়া থাকে, এইরপ রক্ষ এবং চম্পক ও অশোক সকল শ্রেণিবদ্ধ হইয়া আছে। গজদন্ত স্বর্ণ ও রৌপ্যের বেদি ও স্বাদন প্রস্তুত রহিয়াছে। দীর্ঘিকা সকল অতি সুন্দর। মহারাজ দশরথ দেই নানাবিধ অন্ন পানে ও মহামূল্য অলকারে পরিপূর্ণ হরপুরপ্রতিদ হুসমৃদ্ধ স্বীয় অস্তঃপুরে প্রবেশ করিয়া শয়নতলে প্রিয়ত্যা কৈকেয়ীকে দেখিতে পাইলেন না। তৎ-কালে তিনি অনঙ্গের বশবর্ত্তী হইয়াছিলেন। পূর্ব্বে কৈকেরী ঐ সময় কোনস্থলেই থাকিতেন না এবং মহারাজও পূর্বে কখনই এইরূপ শূন্যগৃহে প্রবেশ করেন নাই। ঐ অসাধু-দর্শিনী যে স্বপুত্র ভরতের রাজতী অভিলাব করিতেছেন, তিনি ইহার কিছুই জানিতে পারেন নাই। তিনি কখন কৈকেয়ীকে पिथिए ना भारेत्म यमन जिल्हामा कतिया थाकन, भूनाइनस्य সেইরপে এক প্রতীহারীকে তাঁহার বিষয় জিল্ঞাসিলেন। প্রতী-হারী ভীত হইয়া কডাঞ্জলিপুটে কহিল মহারাজ! রাজ্ঞী অভিশয় রোব পরবশ হইয়া ক্রোধাগারে প্রবেশ ক্রিয়াছেন। তখন রাজা দশর্থ প্রতীহারীর এইরপ বাক্য প্রবণ করিয়া একাপ্ত বিমনায়মান হইলেন। তাঁহার চিত্ত নিভান্ত আকুল হইরা উঠিল। তিনি ক্রোধাগারে প্রবেশ করিলেন। দেখিলেন যিনি ত্থকেননিভ শব্যায় শয়ন করিয়া থাকেন, তিনি ভূতলে পত্তিত রহিরাছেন। তদ্দর্শনে তাঁহার হৃদয় ত্রংখ তাপে দক্ষ হইতে লাগিল। তখন সেই নিজ্ঞাপ বৃদ্ধ রাজা প্রাণপ্রিয়া তবণী ভার্য্যা পাপীয়সী কৈকেয়ীকে ছিন্নলভার ন্যায় স্বরলোক-পবিজ্ঞ স্বরনারীর ন্যায় পরিচিত্ত-মোহন-প্রক্ত মায়ার ন্যায় বাগুরাবদ্ধ হরিণীর ন্যায় এবং নিষাদের বিষাক্ত বাণবিদ্ধ করেণ্যুব ন্যায় ভূতলে নিপত্তিত দেখিয়া চকিত মনে সেহভরে ভাঁহার কলেবরে কর পরামর্যণ করিতে লাগিলেন।

অনস্তর সেই কামী ঐ কমললোচনা ছংখিতা কামিনীকে
সাধােন পূর্বাক কহিলেন, প্রায়ে! তােমার যে কি নিমিন্ত ক্রোধ
উপস্থিত হইয়াছে আমি তাহার কিছুই জানি না। বল কে
তােমার অবমাননা কেই বা তােমান্তক তিরকার করিল ? তুমি
ধূলির উপর শরন করিয়া কেন আমার অস্থী করিতেছ? আমি
তােমার শুভ কামনাই করিয়া থাকি, স্থতরাং আমার প্রাণসত্তে
তুমি কেন এইরপ অবস্থার কুএহএন্তার ন্যার নিপতিত রহিয়াছ ? আমার অধিকারে বহুসংখ্য স্থবিজ্ঞ বৈছ আছেন। আমি
তাঁহাদিগকে প্রাচুর অর্থ দিয়া পরিতুক্ত করিয়া রাখিয়াছি। একণে

ভোমার কিরপ পীড়া উপস্থিত হইয়াকে, বল ঐ সমস্ত বৈছেরাই তাহার প্রতীকার করিবে। প্রিয়ে! তোমার প্রেমে মন উন্মন্ত হইয়া আছে ; একণে অকপটে বল, তুমি কাহার উপকার ও কাহারই বা অপকার করিবার বাসনা করিয়াছ? আর আপনার শরীরে নিরর্থক ক্লেশ প্রদান করিও না। দেখ আমি ও আমার আগ্রীয় অ্স্তুরঙ্গ সকলেই তোমার বশংবদ। একণে বল, কোন্ নিরপরাধীকে বধ এবং কোন্ অপরাধীকেই বা মুক্ত করিতে ' হইবৈ ? কোন্ অসম্পন্ধকে সম্পন্ন এবং কোন্ সম্পন্ধকই বা অসম্পন্ন করিতে হইবে? আমি ডোমার কোন ইচ্ছারই প্রতি-রোধ করিতে সাহসী নহি। যদি নিজের প্রাণ দিয়াও তাহা পূর্ণ করিতে পারি করিব। এক্ষণে বল তোমার মনে কি উদয় হইয়াছে ? আমি যে ভোমার প্রতি অসাধারণ অনুরাগ প্রদর্শন করিয়া থাকি, তুমি ইহা অবশ্যই জান; স্নতরাং আমা হইতে তোমার মনোরথ সফল হইবে কি না, এইরূপ আশঙ্কা কখনই করিও না। আমি নিজের স্কৃতি দারা শপ্থ করিতেছি, তোমার यक्रभ रेक्। जौरारे कतित । अरे तस्क्रातात्र य भर्गास स्टर्गत কিরণ স্পর্শ করে, তাবৎ আমার অধিকার। জাবিড় সিদ্ধু সৌবীর সোরাই দক্ষিণাপথ অঙ্গ বঙ্গ মগৰ মংস্য কাশী ও কোসলা এই ममूनांग्रहे व्यामात्र भामतन तिह्यात् । धरे ममख प्रता धन धाना পশু প্রভৃতি যা কিছু পদার্থ আছে সমুদায়ই আমার ৷ এই সমন্ত

পদার্থের মধ্যে যাহা ভোমার মনে লর প্রার্থনা কর। এই রপে ক্লেশ- স্বীকার করিবার আর আবশ্যক নাই। গাত্রোখান কর। ভোমার ভয়ের প্রকৃত কারণ কি বল, যেমন দিবাকর স্বীয় কর-জালে নীহারকে বিনফ করেন, সেইরপ আমিও ভোমার আশহা সমূলে উন্মূলিত করিব।

্ একাদশ সর্গ।

~なりるないとしゃ

শ্বনন্তর কৈকেরী কামার্ড মহারাজ দশরথের এইরপ প্রীতিকর বাক্যে সম্যক আশ্বন্ত হইরা তাঁহাকে অধিকতর বন্ত্রণা প্রদানার্থ নিদাকণ ভাবে কহিলেন, নাথ! কেহু আমাকে অবমাননা

এ,কেহই আমাকে তিরন্ধার করেন নাই। আমি মনে মনে
একটি সংকল্প করিয়াছি, ভোমাকে ভাহা সিদ্ধ করিতে হইবে।
এক্ষণে বদি তুমি আমার মনোরথ সিদ্ধির বাসনা করিয়া থাক,
ভবে আমার প্রত্যায়ের নিমিত্ত ক্ষরে না।
নচেৎ কিছুতেই আপান ইছা ব্যক্ত করিব না।

তখন মহারাজ ঈবৎ হাসিয়া প্রিয়তমা কৈকেরীর মন্তক
ধরাসন হবৈতে আপনার উৎসক্ষে লইয়া কহিতে লাগিলেন,
সোভাগ্য-মদ-গর্বিতে! তুমি কি জান না, বে রাম ভিন্ন তোমা
অপেকা জগতে আর কেহই আনার প্রিয় নাই! এক্ষণে আমি
সেই সকলের অজের সকলের প্রেষ্ঠ আমার জীবনের অবলবন
রামকে উল্লেখ করিয়া শপথ করিতেছি, বল তোমার মনে কি
উদর হইয়াছে? যিনি এক ক্ষণের নিমিত্ত নয়নের অন্তরাল হবলৈ
প্রাণ অন্থির হয়, কৈকেয়ি! আমি সেই রামকে উল্লেখ করিয়া

শপথ করিতেছি, তুমি যাহা বলিবে তাহাই করিব। আমি
আপনার অপেকা এবং অন্যান্য পুত্রের অপেকা যাঁহাকে
প্রিয় জ্ঞান করিয়া থাকি, কৈকেয়ি! সেই রামকে উল্লেখ
করিয়া শপথ করিতেছি, তুমি যাহা বলিবে, তাহাই করিব।
আমার বাক্যের ন্যায় যনও যে তোমার কার্য্য সাধনে উল্লুখ
রহিয়াছে, এইরূপ বিশ্বাস করিয়া অকপটে আপনার অভিপ্রায়
প্রকাশ পূর্বক আমাকে এই হঃখ হইতে উদ্ধার কর। তুমি
আমার অনুরাগের উপর নির্ভর করিয়া স্বীয় প্রার্থনাভক্তে অনুমাত্র
আমার অনুরাগের উপর নির্ভর করিয়া স্বীয় প্রকৃতি দ্বারা শপথ করিয়া
কহিতেছি যে, তোমার যাহা অভিলাষ, অনক্ষুচিত মনে তাহাই
করিব।

রাজা দশরথ এই রূপে বচনবদ্ধ হইলে দেবী কৈকেরী আপনার অভীষ্ট সিদ্ধি বিষয়ে এক প্রকার নিঃসংশয় হইলেন এবং ছার্টমনে ভরতের রাজ্যাভিষেক কামনা করিয়া ফডান্তের ন্যায় ভয়ক্বর কঠোর কাক্যে কহিছে লাগিলেন, মহারাজ! তুমি বে যথাক্রমে শপথ করিয়া অঙ্গীকত বর প্রদানে প্রতিজ্ঞার লূ হইতেছ, ইহা ইক্রাদি ত্রয়ন্তিংশৎ দেবতারা প্রবণ ককন। চক্র হুর্য্য দিবা রাত্রি দশ দিক আক্রাশ পরোক্ষ ও প্রত্যক্ষ, তুরনদেবতা গৃহদেবতা গদ্ধর্ব রাক্ষ্য ও অন্যান্য প্রাণিসমুদায়ও তোমার এই প্রতিজ্ঞার বিষয় অবগত হউন।

এক জন শুদ্ধবভাব সত্যপ্রতিজ্ঞ সত্যবাদী ধার্মিক আমাকে বর প্রদান করিতেছেন, দেবতারা তাহা প্রবণ ককন। কৈকেরী স্বকার্য্যে কৈর্য্য সম্পাদনার্থ রাজা দশরপকে এইরপ শুব করিয়া কহিলেন, মহারাজ! তুমি একণে দেবাহর সংগ্রামের বিবয় একবার স্মরণ করিয়া দেখ। ঐ সময় অন্তরেশ্বর শহর তোমার প্রাণ নাশ করিতে পারে নাই; কিন্তু তোমাকে অত্যন্তই বল-হীন করিয়া ফেলে। তৎকালে আমি জাগরণ-ক্রেশ সহ্য করিয়া সবিশেষ বত্নসহকারে তোমাকে রক্ষা করিয়াছিলাম, এই কারণে তুমি আমায় বর দিবার বাসনা কর। কিন্তু আমি কিছুই লই নাই। একণে সময় উপস্থিত, আমিও প্রার্থনা করিতেছি। তুমি ধর্মানুসারে অঙ্গীকার করিয়া যদি আমায় বর দান না কর, তাহা হইলে আমি আজিই এই অপমানে প্রাণত্যাগ করিব।

কৈকেরী কামোন্মন্ত রাজা দশরধকে অস্সেন্দর্য্যে বলীভূত করিয়াছিলেন। দশরথ আর তাঁহাকে উপেক্ষা করিতে
পারিলেন না। মৃগ যেমন আন্তাবিনাশের নিমিত্ত পাশে বদ্ধ
হয়, সেইরপ তিনি সত্য পালন করিব, বলিয়া আপানার মৃত্যুপাশে বদ্ধ হইলেন। তখন কৈকেয়ী কহিলেন মহারাজ! তুমি
রামকে রাজ্যে অভিষিক্ত না করিয়া ভরতকেই অভিষেক কর।
আর স্থীর রাম চীর চর্ম পরিধান ও মন্তকে জটাভার ধারণ
পূর্বক দওকারণ্যে চতুর্দ্ধশ বৎসর তপন্থিবেশে কাল বাপন

ককন। মহারাজ! আজিই ভরত নির্বিদ্ধে যৌবরাজ্য এহণ এবং আজিই রাম অরণ্যে প্রস্থান করিকেন এই আমার ইচ্ছা, ভোমার নিকট এইই আমার প্রার্থনা। মহারাজ! ভূমি সত্যপ্রতিজ্ঞ হইয়া আপনার কুল শীল রক্ষা কর, তপস্বীরা কহিয়া থাকেন, যে সত্য বাক্য লোকাস্তরে মনুষ্যের হিতকর হয়।

बाक्न जर्ग।

~からかないない

তখন দশর্থ কৈকেরীর এই নিদাকণ বাক্য প্রবিক ক্ষণকান পরিতাপ করিরা চিন্তা করিতে লাগিলেন, আমি কি দিবাভাগে স্বপ্র দেখিলাম, না আমার চিন্তবিভ্রম উপস্থিত হইরাছে। ইহা কি গ্রহবিশেষের আবেশ, না আমার মনের বাস্তবিকই কোন বিপ্রব ঘটিয়াছে। তিনি এইরূপ চিন্তা করিতে করিতে মুদ্ধিত হইলেন। পুনরায় সংজ্ঞা লাভ হইল। কৈকেরীর সেই নিদাকণ বাক্য তাঁহার মনে পড়িল। তিনি বার পর নাই সম্বপ্ত এবং ব্যাত্রী দর্শনে মৃগের ন্যায় ব্যথিত ও দীনভাবাপর হইয়া দীর্ঘনিঃশাস পরিত্যাগ পূর্বক ভূতলে উপবেশন করিলেন: তৎপরে মন্ত্রবলে বন্ত্রমণ্ডল-নিক্ক মহাবিষ আশীবিষের ন্যায় সামর্যচিত্তে হালিই এই বলিয়া শোকভরে পুনরায় মৃদ্ধিত হইলেন।

অনস্তর তিনি বহুকণের পর চেতনা পাইয়া হুঃখানলে टेकरकंत्रीरक मक्ष कतियारे यन ताराविक मन करिए नागि-লেন, নৃশংসে! ছুশ্চারিণি! কুলনাশিনি! পাপীয়সি! রাম ভোমার কি অপকার করিয়াছেন এবং আমিই বা এমন কি অনিষ্ট করিয়াছি। রাম জননীর ন্যায় ভোমার ভঞাষা করিয়া পাকেন, তবে তুমি কি কারণে তাঁহার সর্মনাশের উপক্রম করি-ভেছ। হা! আমি আঝনাশার্ধ না জানিয়াই তীক্ষবিষ বিষধরীর ন্যায় তোমায় গৃহে আনিয়াছিলাম ৷ যখন সমুদায় লোক রামের গুণে অনুরাগ প্রদর্শন করিয়া থাকে, তখন আমি কোন্ অপরাধে তাঁহাকে পরিভ্যাগ করিব। আমে, কোশল্যা স্থমিতা ও রাজঞ্জী সকলকেই ভ্যাগ করিতে পারি, কিন্তু জীবনধন পিতৃবৎসল রামকে কিছুভেই পারি না। হা। তাঁহাকে দেখিলে পামার মন প্রসন্ন হয়, কিন্তু তিনি চক্ষের অন্তরাল হইলে আর আমার জ্ঞান থাকে না। সূর্য্য-বিরহে লোক সকল থাকিতে পারে, সলিল ব্যভিন্নেকেও ঋস্য থাকিতে পারে, কিন্তু রাম বিনা আমার দেহে প্রাণ থাকিবে না ৷ অতএব তুমি এখনই এই অভিপ্রায় পরিত্যাগ কর। আমি ভোমার নিকট প্রণত হই-তেছি, তুমি আমার প্রতি প্রসন্ন হও। এই নিদাকণ বিষয় यत बाद बानि न।

পাপারসি! আমি ভরতকে ভাল বাসি কি না তুমি কখন

কখন ইহা জিজ্ঞাসা করিয়া থাক, কর, ভাহাতে রামের প্রভি থেহ সঙ্কোচ হইবে'না, কিন্তু শ্রীমান্ রাম আমার জ্যেষ্ঠ পুত্র এবং সকলের অপেক্ষা রামই ধার্মিক, পূর্ব্বে তুমি বে এইরপ কহিতে; বোধ হয় ইহা আমার মনোরঞ্জনার্থই হইবে; নতুবা তুমি রামের রাজ্যাভিষেক সংবাদে শোকাকুল হইতে না এবং আমাকেও এইরপ সম্ভপ্ত করিতে না। অথবা বোধ হয় ভোমাতে ভূতাবেশ হইয়াছে, তুমি ভূতাবেশে বিবশ হইয়াই এইরপ কহিতেছ, সেইরপ না হইলে কখনই ভোমার মনের এই প্রকার ভাবান্তর হইত না।

দেবি! তুমি পূর্বের্গ আমার কোনরূপ অন্যার আচরণ কি
অপকার কিছুই কর নাই, এই নিমিত্ত বিশেষ কারণ ভিন্ন
ভোষার চিত্তের যে এইরপ বৈপরীত্য ঘটিয়াছে, এই বিষয়ে
আমার শ্রদ্ধা হইতেছে না। ইক্লাকুবংশে জ্যোষ্ঠাতিক্রম রূপ
ছুনীতি এই সর্বপ্রথম উপস্থিত, হইতেছে, এই বিষয়ে ভোষার
বিহুত বুদ্ধিই কারণ। তুমি অনেক বার আমাকে কহিয়াছ
বে, আমি রামকে ভরতের সহিত অভিন্নভাবে দেখিয়া থাকি,
এক্ষণে সেই ধর্মশীল যশস্বী রামের চতুর্দ্ধশ বংসর বনবাস
কিরূপে অভিলাষ করিতেছ। তিনি অত্যন্ত স্কুমার, নিদাকণ
অরণ্য কিরূপে তাঁহার বোগ্য হইতে পারে। লোকভিরাম
রাম সর্বদাই ভোমার সেবা করিয়া করিয়া থাকেন, বল দেখি,

ভূমি কি বলিয়া তাঁহাকে বনে পাঠাইবে। রাম ভোমার পুত্র ভরত হইতে অধিকগুণে তোমার শুশ্রুষা করেন, রাম অপেকা ভরতের বিশেষ কিছুই তোমাতে লক্ষিত হয় না। তোমার रमवा मधान ও निरम्भ शीलन त्रीय विना अधिकजतकाश শার কে করিবে। বহুসংখ্য জ্রী ও বহুসংখ্য ভূত্যের মধ্যে এক জনও তাঁহার অযশ খ্যাপন করিতে পারে না। তিনি निर्मल मत्न नकलरक नांखना श्रानान कतिया श्रियकार्या (तम-বাসীদিগকে বশীভূত করিয়া থাকেন। তিনি সত্যব্যবহারে मकल लोकरक, मान खोक्तगंगरक, स्नतीय अक्जनिंगरक এবং শরাসনে শত্রুগণকে আয়ত্ত করিয়াছেন। সভ্য, তপ, মিত্রতা, বিশুদ্ধাচার, সরলতা, বিদ্যা ও গুৰুশুশ্রা এই সমস্ত গুণ রামে বিদ্যমান আছে। দেবি! সেই মহর্ষির ন্যায় ভেজস্বী অমরপ্রভাব রামের এইরূপ বনবাসহুংখ কিরূপে প্রার্থনা করি-তেছ। যিনি প্রিয়বাক্যে সকলকে পরিভুষ্ট করিয়া থাকেন, তাঁহার প্রতি অপ্রিম বাক্য প্রয়োগ স্মরণ হইলেও কট বোধ হয়, একণে ভোমার অনুরোধে ভাঁহাকে কি প্রকারে এই নিদাৰুণ কথা কহিব। যিনি অহিংত্ৰক, ক্ষার আধার, ধর্ম ও ক্তজ্ঞতা যাঁহাকে আশ্রয় করিয়া আছে, হা! সেই রাম বিনা আমার আর কি গতি আছে। কৈকেয়ি! আমি বৃদ্ধ, আমার চরম কাল উপস্থিত, এইব্রপ শোচনীয় অবস্থায় দীনভাবে

ভোষার নিকট বিলাপ করিতেছি, তুমি আমাকে দয়া কর। এই
সসাগরা পৃথিবীর নাধ্যে বা কিছু প্রাপ্ত হওয়া বায়, আমি
সমুদারই ভোষার দিতেছি, তুমি এই ছুর্ব্বছি পরিত্যাগ কর।
আমি করবোড়ে কহিতেছি, ভোষার চরণে ধরিতেছি, তুমি
আমার রক্ষা কর। দেখিও, যেন নিরপরাধকে পরিত্যাগ করিয়া
আমার অধ্র্ম সঞ্চয় করিতে না হয়।

মহারাজ দশরথ হুংখে ও শোকে একান্ত আকুল হইয়া উঠিলেন। ভিনি কখন বিলাপ করিতে লাগিলেন, কখন মুচ্ছিত হইলেন, কখন ওাঁহার সর্বাঙ্গ ঘূর্নিত হইতে লাগিল, কখন এই ছু:খার্থব হুইতে নিস্তার পাইবার নিমিত্ত বারং-বার প্রার্থনা করিতে লাগিলেন। এইরপ শোচনীয় অবস্থা দেখিয়াও ক্রুরস্বভাবা কৈকেয়ী কঠোর বাক্যে কহিলেন, মহারাজ! বর দান করিয়া যদি তোমাকে পুনরায় পরিতাপই করিতে হইল, ভবে তুমি পৃথিবীতে আপনার ধার্মিকতা কি প্রকারে প্রচার করিবে। বখন রাজর্মিগণ ভোমার সহিত नमत्व रहेशा आमात्र এই वत्र मान्तित कथा जिल्हांना कति-বেন, তখন তুমি তাঁছাদিগের প্রশ্নে কিরূপ প্রত্যুত্তর দিবে? আমি বাহার প্রবড়ে জীবন পাইয়াছি, যে আমাকে নানা थकात পরিচর্যা করিয়াছে, সেই কৈকেয়ীর নিকট বৈ প্রতিজ্ঞা করিয়াছিলাম, তাহা পূর্ণ করিতে পারি নাই, এই

কথাই কি বলিবে ? মহারাজ ! তুমি এইমাত্র অঙ্গীকার করিয়া পুনর্বার অন্য প্রকার কহিতেছ, ভোমার এই দোষে বংশের সকল রাজারই অযশ হইবে। দেখ, মহীপাল শৈব্য সত্যে বন্ধ হইয়াই শোন ও কপোতকে আপনার মাংস প্রদান করিয়া-ছিলেন, রাজা অলর্ক কোন অন্ধ ত্রান্ধণকে আপনার চক্ষু দিয়া উ২ক্ট গতি লাভ করেন, স্রোভম্বতীপতি সমুদ্র অ্ছাপি বেলা ভূমি লচ্মন করেন না। অতএব তুমি একণে এই সমস্ত দৃষ্টাম্ভ দর্শন কর, কিছুতেই আপনার প্রতিজ্ঞা অন্যথা করিও না। নরনাথ! দেখিতেছি, ভোমার নিতান্ত গ্রুদ্ধি উপস্থিত, ভূমি ধর্ম পরিক্রাগ পূর্ব্বক রামকে রাজ্য দিয়া কৌশল্যার সহিত নিরম্ভর বিহারের বাদন। করিতেছ। স্তরাং আমি যাহা প্রার্থনা করিয়াছি, তাহাতে ধর্ম বা অধর্মই হউক এবং তুমি আমার নিকট যাহা অঙ্গীকার করিয়াছ, তাহা সত্য বা মিখ্যাই হউক, কিছুতেই ইহা ব্যতিক্রম হৃইবার নহে । यদি তুমি রামকে রাজ্যে অভিষেক কর, তাছা হইলে নিশ্চয় কহিতেছি, আমি আজিই তোমার সমক্ষে বিষপান করিয়া প্রাণত্যাগ করিব। যদি আমায় এক দিনের নিমিত্তও কৌশল্যার সন্মান দেখিতে হয়, তবে মরণই শ্রের। আমি প্রাণাধিক ভরতকে উল্লেখ করিয়া শপর্থ করিভেছি যে, রামের বনবাস ব্যতিরেকে কিছু-**उरे जामात माखाय रहेरव ना । (मदी देकरक** द्वी अहेक्स्य कहिया

ভূফীস্তাব অবলম্বন করিলেন; তিনি মহীপালের বিলাপে কর্ন পাতও করিলেন না।

রাজা দশরথ কৈকেরীর মুখে এই ত্রংখশোকজনক বজ্রসম
অপ্রিয় বাক্য প্রবণ করিয়া ক্রোধভরে তাঁহার প্রতি একদৃষ্টে
চাহিয়া রহিলেন। তৎকালে তাঁহার মন অতিশয় অস্থির হইয়া
উচিল। তিনি ক্ষণকাল কৈকেয়ীর সহিত বাক্যালাপ করিলেন
না এবং মনে মনে তাঁহার এই আশয় ও আপনার শপথের
বিষয় চিন্তা করিতে লাগিলেন। পরিশেষে হা রাম! এই
বলিয়া দীর্ঘনিঃখাস পরিত্যাগ পূর্ব্বক ছিন্ন তব্দর ন্যায় ভূতলে
নিপতিত হইলেন। ঐ সময় তাঁহাকে বিক্বত চিন্ত উন্মন্তের
ন্যায় বিকার এন্ত রোগীর ন্যায় ও নিস্তেজ ভূজক্বের ন্যায় বোধ
হইতে লাগিল।

অনস্তর তিনি দীনমনে কৰুণবচনে কৈকেয়ীকে সম্বোধন
পূর্ব্বক কহিলেন, কৈকেয়ি! বল তোমাকে কে এই অসৎ
বিষয় সং বলিয়া প্রতিপন্ন করিয়া দিল? ভূতাবিফার ন্যায়
আমায় এইরপ কহিতে কি তোমার লজ্জা হইতেছে না?
তোমার স্বভাব যে এইরপ দূষিত, পূর্ব্বে আমি ইহার কিছুই
জানিতে পারি নাই, এখন বস্তুতই বিপরীতের ন্যায় লক্ষিত
হইতেছে। বল, ভূমি আমার নিকট কেন এই নিদাকণ বর
প্রার্থনা করিতেছ, কি কারণেই বা রাম হইতে তোমার এইরপ

আশক্ষা উপস্থিত হইয়াছে। বদি প্রজাবর্গের, ভরতের ও আমার প্রিয়কার্য্য সাধন করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে তুমি ক্ষান্ত হও । রুথা কথা লইয়া আর আন্দোলন করিও না।

নুশংদে! আমি ও রাম আমরা উভয়ে কি অপরাধ করি-রাছি ? তোমায় হুংখ দিবার নিমিত্তই বা কি মন্ত্রণা করিতেছি ? দেখ, তোমার এই সংকম্প সিদ্ধ হইবার নহে; আমি ভরতকে রাম অপেকা ধার্মিক বিবেচনা করিয়া থাকি, তিনি যে রামকে বঞ্চিত করিয়া রাজ্য গ্রহণ করিবেন, কিছুতেই ইহা সম্ভব হয় না। হা! যখন রামকে কছিব, বংস! আমি তোমায় বনবাস দিলাম, অ'মার এই কুথা শুনিয়া রাভ্গস্ত শশাঙ্কের ন্যায় ভাঁহার মুখঞী বিবর্ণ হইয়া যাইবে, বল দেখি তৎকালে কি রূপে তাহা চক্ষে দেখিব। আমি এই মাত্র মিত্রগণের সহিত রামের রাজ্যাভিষেকের কথা স্থির করিয়া আইলাম, এখন পরাভূত সেনার ন্যায় কি রূপে তাহার প্রত্যা-হার দর্শন করিব। আমি অনুরোধে এইরূপ অবিবেচনার কার্য্য করিলে মহীপালগণ দিক দিগন্ত হইতে আগমন করিয়া নিশ্চয়ই কহিবেন যে, এই ইক্লাকুত্তীনয় রাজা অতিশয় বালক, ইনি কেন এতকাল রাজ্য পালন করিলেন ? যখন শাস্ত্রজ্ঞ গুণ-বান্ রন্ধবর্গ আসিয়া আমাকে রামের বিষয় জিজ্ঞাসা করিবেন, ভখন আমি কি ব্লুপে কহিব ষে, কৈকেয়ীর বস্ত্রণায় তাঁহাকে

বনবাদ দিয়াছি। যদি এই সত্য কথাও ব্যক্ত করি, তথাচ ইহা কাহারই বিশ্বাদযোগ্য হইবে না।

হা! রামের এই দশা ঘটিলে কেশিল্যা আমার কি বলিবেন!
আমিই বা এই প্রকার অপকার করিয়া তাঁহাকে কি কহিব! তিনি
সেবায় কিন্ধরীর ন্যায় রহস্তকথায় সখীর ন্যায় ধর্মাচরণে
ভার্যায়,ন্যায় হিভোপদেশদানে ভগিনীর ন্যায় এবং স্নেহ প্রদশনে জননীর ন্যায় আমার অনুরতি করেন। সেই প্রিয়বাদিনী
রমণী নিরম্ভর আমার শুভানুখ্যান করিয়া থাকেন। তিনি সন্মান
নের যোগ্য হইলেও আমি ভোমার নিমিন্ত ভাঁহাকে সন্মান
করি নাই। আমি এতদিন যে ভোমার ছন্দানুবর্ত্তন করিভাম,
অপথ্যব্যঞ্জনসম্পন্ন অন্ন যেমন আতুর ব্যক্তিকে পীড়া দিয়া
থাকে, সেইরপ আমাকেও পাড়া দিতেছে। দেবী স্থমিত্রা
রামের রাজ্যনাশ ও বনবাস দর্শন করিয়া অভিশয় ভীত
হইবেন। ভিনি আর আমায় বিশ্বাস করিবেন না।

হা! বধূ জানকীকে আমার মরণ ও রামের নির্ম্বাসন এই অপ্রিয় সংবাদ প্রবণ করিতে হইবে। তিনি হিমাচলে কিম্নরবিরহিত কিম্নরীর ন্যায় শোকে শোকে জীবন ত্যাগ করিবেন। যখন আমি জানকীকে অঞ্জল মোচন ও রামকে অরণ্যে গমন করিতে দেখিব, তখন আর আমার বড় অধিক দিন প্রাণ ধারণ করিতে হইবে না . সুতরাং তুমি বিধবা হইরা

ভরতের সহিত রাজ্য পালন করিবে। লোকে দৃষ্টিপ্রিয়া
মদিরা পান করিয়া পশ্চাৎ চিন্তবিকার দর্শনে তাহা বিষাক্ত
বোধ করে, সেইরূপ আমি বাহ্ম ব্যাপারে এতকাল তোমাকে
সতী বলিরা জানিতাম, কিন্তু এক্ষণে ব্যবহারে অসতী বলিয়া
জানিলাম। তুমি রুখা কথায় আমার তুটি সম্পাদন পূর্বক
আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়াছ; ব্যাধ যেমন সৃদ্ধীতস্বরে
মৃগকে মোহিত করিয়া বধ করে, তোমার এই কার্য্য তদ্ধপই
হইল। আমি পুত্রের বিনিময়ে দ্রীস্থ ক্রয় করিলাম, অতঃপর
ভদ্র লোকে সুরাপায়ী বিপ্রের ন্যায় আমাকে পথমধ্যে নীচাশয়
বলিয়া নিশ্চয়ই ভিরন্থার করিবেন।

হা কি কন্ট। বরদান অঙ্গীকার করিয়া আমায় এইরপ কথা সহ্য করিতে এবং জন্মান্তরীণ অশুভ কলের ন্যায় ছুর্নিবার দ্বংখও অনুভব করিতে হইল! কৈকেয়ি! আমি অতি নরাধম, কওলগ্না উদ্বন্ধনী রজ্জুর ন্যায় তোমাকে মোহ বশতই বহুকাল পালন করিয়াছি। তোমাকে লইয়া কতই আমোদ প্রমোদ করিয়াছি, কিন্তু ভূমি যে সাক্ষাৎ মৃত্যু, এত দিন তাহা জানিতে পারি নাই, বালক বেমন নির্জনে কালসর্গকে সহস্তে স্পর্শ করে, ভাগ্যে তদ্রপই ঘটিয়াছে। আমি অতি দ্বরাত্মা, আমি এমন মহাত্মা পুত্রকে পিতৃহীন করিলাম! লোকে এই বিষয়ের নিমিত্ত নিশ্চয়ই আমাকে এই বলিয়া নিন্দা

করিবে যে, রাজা দশরথ অতি কামুক ও মূর্থ, তিনি স্ত্রীর অনুরোধে পুত্তকে বনবাদ দিলেন। হা! বৎস রাম বাল্যা-বিধ বেদ ব্রহ্মচর্য্য ও আচার্য্য এই তিনের অনুর্ত্তি করিয়া ক্লশ হইয়াছেন, এই ভোগের সময়ও আবার কি বনবাস ক্লেশ সম্ভ করিবেন? তিনি আমার কথায় দ্বিকক্তি করেন না, বন-গমনে আদেশ পাইলেই তৎক্ষণাৎ তাহা শিরোধার্য্য করিয়া লইবেন। যদি তিনি অস্বীকার করেন, তাহা আমার পক্ষে উত্তমই হয়, কিন্তু কলাচই করিবেন না। রাম বনে গমন করিলে এই দ্বঃসহচরিত্র সকলের ধিষ্কৃত পামরকে মৃত্যু নিশ্যুই আত্মদাথ করিবেন। কৈকেয়ি! আমি লোকান্তরিত ও রাম নির্বাসিত হইলে আর যাঁহারা আমার প্রিয় জন থাকি-বেন, জানি না তুমি তাঁহাদিগের কিরূপ হুর্দ্দশা করিবে। দেবী কৌশল্যা ও স্থমিত্রা আমাদিগের বিচ্ছেদ-যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া আমার দেহান্তেই লোকান্তর দর্শন করিবেন। পাপায়সি! তুমি এখন কেশিল্যা স্থমিতা রাম লক্ষ্মণ শক্রত্ন ও यांगारक नतकानल निरम्भ कतिया यूथी इछ। এই हेक्नाकू-কুল কোনরপেই আকুল হইবার নহে, কিন্তু কালসহকারে তাহাই ঘটিল; ইহার সহিত রাম ও আমার সম্পর্ক শূন্য **ब्रेजिंग्स्मिल, अक्नर**ण जूमि अहे वश्य श्रहार हे श्रीलन कर । त्रारमत নির্মাসন যদি ভরতের অভিপ্রেড হয়, তাহা হইলে সে

ষেন আমার দেহান্তে অগ্নিসংকারাদি কিছুই অনুষ্ঠান না করে।

কৈকেয়ি! তুমি যখন ছুর্ন্দৈববশত আমার আলয়ে বাস করিতেছ, তখন আমাকে অকীর্ত্তি পরাভব এবং পাপীর ন্যায় সকলের অবজ্ঞা সহ্য করিতে হইবে। হা! বৎস রাম হস্তী অশ্ব রথে বারংবার গমনাগমন করিয়া থাকেন, তিনি এক্ষণে মহারণ্যে কিরুপে পাদচারে সঞ্চরণ করিবেন। যাঁহার ভোজন-বেলা উপস্থিত হইলে কুওলমণ্ডিত পাচকেরা সর্বাত্তা ব্যথা হইয়া প্রসন্নমনে পান ভোজন প্রস্তুত করে, তিনি এক্ষণে বনের কটু তিক্ত কথায় ফলমূল ভক্ষণ করিয়া কিরূপে দিনপাত করিবেন। রাম জন্মাবধি হুংখ কাছাকে বলে জানেন না; তিনি সকল সময়েই মহামূল্য উৎকৃষ্ট পরিচ্ছদ পরিধান করি-য়াছেন, এক্ষণে কাষায় বস্তু কিরুপে ধারণ করিবেন। রামকে বনে প্রেরণ ও ভরতকে রাজ্যে স্থাপন, জানি না তুমি কোন্ निर्मुत इरेट वरे निर्मादन .डेलान शोरेग्नाह। खीलांक অভিশয় শঠ ও স্বার্থপর, তাহাদিগকে ধিক্। না, আমি জী-জাতিকেই লক্ষ্য করিয়া কছিতেছি না, কেবল ভরত-জননী তৈককেয়ীকেই এইরূপ কহিলাম।

নৃশংশে! বিধাতা কি আমায় যন্ত্রণা দিবার নিঞ্ছিই তোমার মন এইরূপে নির্মাণ করিয়াছেন। তুমি আমার ও ছিতকারী রামের কি অপরাধ দেখিতেছ? রামের ছঃখ দেখিলেই সমুদায় জ্বগতে বিশৃঞ্জলা ঘটিবে; পিতা পুত্রকে এবং প্রণিয়িণী ভার্য্যা পতিকে পরিত্যাগ করিবেন। হা! আমি যখন সেই দেবকুমারের ন্যায় স্থরূপ রামকে স্থবেশে আমার নিকট আসিতে শুনি, তখন যেন চাক্ষুষ দর্শনের আনন্দ পাই এবং-তাঁহাকে দেখিলে এই বৃদ্ধ দশায়ও যুবার ন্যায় সজী-বতা লাভ করিয়া থাকি। সূর্য্য বিরহে লোকের অবস্থান সম্ভব, মেম্ব ব্যতিরেকেও সকলে ভিষ্ঠিতে পারে, কিন্তু সামি নিশ্চয়ই কহিতেছি, রামকে বনে প্রস্থান করিতে দেখিলে কেহই প্রাণ ধারণে সমর্থ হইবে না। কৈকেয়ি! তুমি অহিতকারী শক্র হইয়া আমার বিনাশ কামনা করিতেছ। আমি আপনার মৃত্যুর ন্যায় তোমাকে নিজগৃহে স্থান প্রদান করিয়া তীক্ষবিষ বিষ-ধরীর ন্যায় এতদিন ক্রোডে রাখিয়াছিলাম, সেই কারণেই এক কালে উৎসন্ন হইতেছি। এক্ষণে রাম লক্ষণ ও আমার সংশ্রব শুন্য হইয়া ভরত কেবল তোমার সহিত রাজ্য শাসন করুন এবং তুমিও পতিপুত্র বিনাশ করিয়া আমার শত্রবর্গের আনন্দ বর্দ্ধন কর। তুমি অতি নিষ্ঠুর, আমার এই চরম দশাতেও পুত্র বিচ্ছেদ যাতনা প্রদান করিতেছ। আজি যখন তুমি পতি-পত্নী-ভাব পরিভ্যাগ করিয়া এই দাকণ কথা মুখাগ্রে আনয়ন করিলে, তখন ভোমার দম্ভ সহজ্ঞধা চূর্ণ হইয়া কেন ভূতলে

নিপতিত হইল না । রাম তোমার প্রতি কোনরূপ অপ্রিয় বাক্য প্রয়োগ করেন নাই, তিনি নিষ্ঠুর কথা গুরুষ্ঠ আনিতে জানেন না, স্নতরাং কি প্রকারে তাঁহার বনবাস প্রার্থনা করিতেছ। এক্ষণে ভূমি ক্লেশইপাও, ভূগর্ভেই লীন হও, অগ্নি প্রবেশ বা বিষ পানই কর, তোমার এই অনিষ্টকর কঠিন অনুরোধ কখনই রক্ষা করিব না । ভূমি খরধার ক্ষুরের ন্যায় নিতান্ত ভীষণ, রুখা প্রিয় কথায় লোকের মনোরঞ্জন করাই তোমার কার্য্য, জোমাকে দেখিয়া আমার প্রাণ মন সমুদায় দগ্ধ হইয়া বাই-ভেছে; প্রার্থনা করি, ভূমি এখনই কালগ্রাসে পভিত হও।

হা !' স্থাধের কথা দূরে থাকুক, আমার জীবনেই সংশয় উপস্থিত ; আত্মজ ব্যতীত আত্মজ্ঞদিগের স্থখ সম্ভবই নহে। দেবি ! তুমি আমার অহিতাচরণ করিও না, আমি তোমার চরণে ধরি, প্রসম হও ।'

কৈকেরী চরণ প্রদারণ পূর্বক উপবেশন করিয়াছিলেন; দশরথ যেমন তাহাঁ স্পর্শ ক্রিতে অগ্রসর হইলেন, তৎ-ক্ষণাৎ মৃদ্ধ্য তাঁহাকে আক্রমণ করিল, তিনি ভূতলে নিপতিত হইলেন।

ত্রোদশ সর্গ

ভোগাবদানে দেবলোক-পরিভ্রম্ট রাজা যথাতির ন্যায় দশরথ হতচেতন হইয়া ধরাশনে শয়ন করিয়া আছেন, তদ্ধ্রু কুলকলঙ্কিনী কৈকেয়ী কিছুমাত্র কয় অনুভব করিলেন না, প্রভাত ভাঁহার চৈতন্য সম্পাদন পূর্ধক নির্ভয়ে কহিলেন, মহারাজ! ভুমি আপনাকে সভ্যবাদী ও সভ্যসঙ্কণ্প বলিয়া শ্লাঘা করিয়া থাক, এক্ষণে বল কি কারণে আমায় বর দান করিতে সঙ্কুচিত হইতেছ।

মহীপাল দশরথ কৈকেয়ীর বাক্যে মুহূর্ত্ত কাল বিহ্বল হইয়া ক্রোধভরে কহিতে লাগিলেন, কৈকেয়ি! তুমি অতি নীচাশয়, এক্ষণে রাম বনে গমন এবং আমি লোকলীলা সম্বরণ করিলে তুমি পূর্ণ-কাম হইয়া স্থী হও। হা! আমি দেহান্তে স্বর্গে আরোহণ করিলে স্করগণ যখন আমাকে রামের কুশলবার্ত্তা জিজ্ঞাসাকরিবেন তখন তাঁহাদিগকে কি প্রত্যুত্তর দিব ; তাঁহারা রামের বনবাসের কথা শুনিয়া অবশ্যই, ভর্ৎসনা করিবেন তাহাই বা কিরূপে সহু করিব? আমি কৈকেয়ীর মনোরঞ্জনার্থ রামকে নির্বাসিত করিয়াছি, যদি এই কথা কহি, কেহই বিশ্বাস করিবেন না। দেখ আমি নিঃসন্তান ছিলাম, অভিযত্নে রামকে লাভ করিয়াছি, এক্ষণে বল কিরুপে তাঁহাকে পরিত্যাগ করিব। রাম মহাবীর ক্তবিদ্য ক্ষমাশীল ও শাস্ত-প্রকৃতি, আমি সেই পালপলাশলোচনকে কিরুপে বনবাস দিব। আমি সেই ইন্দী-" বরশ্যাম রামকে কোন প্রাণে দওকারণ্যে প্রেরণ করিব। তিনি কখনই হুঃখের মুখ অবলোকন করেন নাই, জন্মাবধিই ভোগস্থে কাল হরণ করিয়াছেন, এক্ষণে কিরূপে তাঁহার ছুৰ্দ্দশা দর্শন কঁরিব। অতঃপর তাঁহাকে কোন ক্লেশ না দিয়া যদি আমার মৃত্যু হয়, তাহা হইলে আমি নিশ্চয়ই সুখী হই। কৈকেয়ি! তুমি কি কারণে আমার প্রিয়তম রামের অপকার চেষ্টা করিতেছ। যক্তি সভাই রামকে বনবাস দিতে হয়, ভাহা হইলে ক্রেণ অপবী আমার চিরসঞ্চিত যশ নিশ্যর বিলুপ্ত করিবে।

রাজা দশরথ এই রূপে বিলাপ ও পরিতাপ করিতেছেন, ইত্যবসরে দিবাকর অস্তুশিখরে আরোহণ করিলেন। রজনী উপস্থিত হইল। সেই শশাস্ক-লাঞ্ছিত শর্মরী হঃখার্ড রাজাকে কিছুতেই শাস্ত করিতে পারিল না। প্রস্থাত, তাঁহার শোকা- বেগ বিগুণ হইয়া উঠিল। তিনি শ্ন্যে দৃষ্টি নিক্ষেপ পূর্বক দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিয়া কাতরভাবে কহিলেন; অয়ি নক্ষত্রমালিনি রজনি! প্রভাত হইও না, আমি রুভাঞ্জলি-পুটে কহিতেছি, রূপা কর। অথবা শীঘুই প্রভাত হও, প্রাতে রামের বনগমন ও আমার মৃত্যু হইলে, যাহার নিমিত্ত আমায় এত দুঃখ্,সহু করিতে হইতেছে, সেই নির্দয় নিষ্ঠুর কৈকেয়ীকে আর দেখিতে হইবে না!

দশরথ শর্বরীকে এই রূপ কহিয়া রুভাঞ্জলিপুটে কৈকেয়ীকে কহিলেন দেবি! দেখ, আমি ধন প্রাণ সমুদায়ই ভোমায় অর্পণ করিয়াছি। আমার শেষ দশা উপস্থিত, আমি অতি দীন, এক্ষণে তুমি প্রসন্ন হও। প্রিয়ে! আমি যে রাজা, রাজা বলিয়াও কি ভোমার দয়া হইবে না। আমি অতি হুংখেই কার্য্যাকার্য্য বিবেকশূন্য হইয়া ভোমার প্রতি কটুক্তি করি-রাছি। সরলে! প্রসন্ন হও: ভাল, আমার রাম ভোমা-রই প্রদন্ত রাজ্যসম্পদ লাভ ককন; ইহাতে জগতে ভোমারই যাল হইবে এবং ইহা আমার, রামের, ভরতের ও বালাঠাদি গুকজনেরও প্রাতিকর হইবে।

বলিতে বলিতে রাজা দশরখের নেত্রমুগল অঞ্চ-পূর্ণ ও তাত্র-বর্ণ হইয়া উঠিল। তিনি কৰণভাবে এই রূপ বিলাপ ওপরিতাপ করিলেও কৈকেয়ী কর্ণপাত করিলেন না। প্রত্যুত অত্যন্ত অসম্ভট হইয়া প্রতিকুল বাক্যে বারংবার রামের নির্বাসন প্রার্থনা করিতে লাগিলেন। তদ্দর্শনে দশরথ নিতান্ত হুংখিত হইলেন, ব্যথিতহৃদয়ে ঘন ঘন দীর্ঘ নিঃখাস পরিত্যাগ করিতে লাগিলেন। রজনীও অতিক্রান্ত হইয়া গেল। তদ্দর্শনে বৈতালিকেরা স্তুতিগান দ্বারা তাঁহাকে জাগরিত করিতে লাগিল; কিন্তু তিনি হুংখাবেগে উহা অসহ বোধ করিয়া তৎক্ষণাৎ নিবারণ করিলেন।

ठकुर्मन मर्ग।

অনস্তর কৈকেয়ী রাজা দশরথকে পুত্রবিয়োগশোকে ভূতলে মুমুর্যুর ন্যায় বিক্ষত ভাবে নিপতিত দেখিয়া কহিলেন, মহারাজ! তুমি কি নিমিত্ত অঙ্গীকার করিয়া পাপীর ন্যায় বিষণ্ধ-ভাবে শরান রহিয়াছ? নিজের মর্য্যাদা পালন করা ভোমার কর্ত্তব্য। ধার্মিকেরা সত্যকেই পরম ধর্ম বলিয়া নির্দেশ করিয়া থাকেন। আমিও সেই সত্য পালনের উদ্দেশেই বরদান বিষয়ে ভোমায় উৎসাহিত করিতেছি। দেখ, মহীপাল শৈব্য সত্যে বন্ধ হইয়া শ্যেন পক্ষীকে আপনার দেহ অর্পণ পূর্বাক উৎকৃষ্ট গতিলাভ করেন। তেজন্মী রাজা অলর্ক প্রার্থিত হইয়া কোন এক বেদজ্ঞ বিপ্রকে অসঙ্কুচিত মনে আপনার নেত্র উৎপাটন পূর্বাক দান করিয়াছিলেন। মহাসাগর সাধ্য সত্ত্বে কেবল সত্যানুরোধে পর্বাকালেও তীরভূমি অতিক্রম কন্ধেন না।

সত্যই ব্রহ্ম, সভ্যে ধর্ম প্রতিষ্ঠিত রহিয়াছে, সত্যই অক্ষয় বেদ এবং সত্যের প্রভাবেই পরম পদ লগভ হয়। অতএব তোমার যদি ধর্মে কিছুমাত্র আন্থা থাকে, তাহা হইলে সভ্যের অমুরত্তি কর। তুমি যে বর দান অঙ্গীকার করিয়াছ, তাহা যেন নিক্ষল না হয়। আমি তোমার ধর্মের ফলসিদ্ধি উদ্দেশ করিয়াই কহিতেছি, বার বার কহিতেছি, তুমি রামন্ত্রক নির্বা-সৈত কর। যদি তুমি ইহা না কর, আমি এই উপেক্ষা-দোষে তোমার সমুখেই প্রাণত্যাগ করিব।

কৈকেয়ী অকাতরে এইরপ কহিলে রাজা দশরথ বামনের বলে বলীর ন্যায় কৈকেয়ীর সত্যপাশে বদ্ধু হইলেন। তৎকালে তাঁহার মুখন্তী বিবর্ণ হইয়া গেল এবং তিনি য়ুগচক্রের মধ্যবর্তী ধুর কাঠের ন্যায় নিতান্ত বিচলিত হইয়া উঠিলেন। অনস্তর কথঞ্জিৎ মনের আবেগ সংবরণ করিয়া অম্পন্ট দর্শনে যেন কৈকেয়ীকে না দেখিয়াই কহিতে লাগিলেন, পাপীয়সি! আমি আয়ি সাক্ষী করিয়া মন্ত্রসংস্থার পূর্ব্ধক তোর পাণিগ্রহণ করিয়াছিলাম, এক্ষণে তোকে ও আমার ঔরসজাত পুত্র তোর ভরতকেও পরিত্যাগ করিলাম। রজনী প্রভাত হইয়াছে। গুকজনেরা স্থর্য্যাদয় হইলেই রামকে রাজ্যে অভিষিক্ত করিবার নিমিত্ত নিক্ষরই ত্বরা দিবেন। তৎকালে আমি কিছুতেই ভোর কথা শুনিব না। ভোকে অবমানন। করিব ও রামকে রাজ্য

দিব। যদি তুই গুৰুলোকদিগকে অবহেলা করিয়া আমার এই মনোরথ সিদ্ধ করিতে না দিস্, তবে নিশ্চয়ই কহিতেছি, আমি মরিলে রামই অভিষেকের সমস্ত উপকরণ লইয়া আমার অস্ত্রোফি ক্রিয়া করিবেন। এই বিষয়ে ভরত ও তোর কিছুভেই অধিকার থাকিবে না। অধিক আর কি কহিব, আমি রামের যে মুখ একবার প্রাক্ত্র দেখিয়াছি, আজ কোনমতেই তাহা মলিন ও শ্লান দেখিতে পারিব না।

কৈকেয়ী এই কথা এবণ করিবামাত্র ক্রোধানলে প্রজ্বলিভ হইয়া নিষ্ঠুর বাক্যেকহিলেন, মহারাজ! তুমি এখন এ আবার কিপ্রকার কথা কহিভেছ? শুনিয়া আমার সর্বাঙ্ক যেন দক্ষ হইয়া যাইভেছে। তুমি এখনই রামকে এই স্থানে আনাও এবং ভাহাকে বনবাস দিয়া ভরতকে রাজা কর। তুমি আমার শক্র দ্র না করিয়া এস্থান হইতে এক পদও যাইভে পারিবে না।

তখন অশ্ব যেমন কশাহত হইয়া আর্নৈহীর বশীভূত হয়, সেইরূপ রাজা দশরথ কৈকেয়ীর বাক্যে বশীভূত হইয়া কহিলেন, কৈকেয়ি! আমি ধর্মবন্ধনে বন্ধ বলিয়া হতজ্ঞান হইয়াছি; এক্ষণে তোমার যেরূপ ইচ্ছা হয়, কর, আমি আর দ্বিক্জি করিব না। অতঃপর কেবল রামকে একবার চক্ষে দেখিয়া লইব।

এদিকে দিবাকর উদিত এবং শুভ নক্ষত্র ও মুহূর্ভ উপস্থিত इहेटल विभिन्नेदान भियाना नम्जिनाहाद अजित्यक नाम्भी সংভার এছণ পূর্বক পুরুষ্ধ্যে প্রবেশ কুরিলেন। প্রবেশ করিয়া দেখিলেন, উহার পথ সকল সলিলসিক্ত ও পরিক্ষত इरेग्नाइ। আপণ সকল পণ্যত্রব্যে পরিপূর্ণ। চতুর্দিকে পতাকা উড্ডীন হ্ইতেছে! চন্দন অগুৰু ও ধূপের গন্ধ ' চারিদিক আমোদিত করিতেছে। সর্বত্তই মহোৎসব, সকলেই আহ্লাদে উন্মন্ত ও রামের অভিযেক দর্শনার্থে উৎস্থক। বশিষ্ঠ সেই পুরন্দর-পুর-প্রতিম পুরী অতিক্রম করিয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন! দেখিলেন, তথায় ধ্বজ্বও শোভা পাই-তেছে। পুরবাসী ও জনপদবাসী প্রজা সকল সমবেত হই-য়াছে এবং যজ্ঞবিৎ ত্রাহ্মণ ও সদস্যাণ আগমন করিয়াছেন। তখন তিনি অন্যান্য ঋষিগণের সহিত সেই জনসমর্দ্ধ ভেদ করিয়া প্রীতমনে গমন করিতে, লাগিলেন।

ঐ সময় প্রিয়দর্শন সারথি প্রমন্ত্র নিজ্বান্ত হইতেছিলেন,
বশিষ্ঠদেব বারদেশে তাঁহাকে দেখিতে পাইয়া কহিলেন,
স্থমস্ত্র! তুমি মহারাজকে শীদ্র আমার আগমন সংবাদ প্রদান
কর এবং তাঁহাকে গিয়া বল, সাগরজলে এবং গঙ্গানলিলে
স্থবর্ণময় কলস পরিপূর্ণ করিয়া আনয়ন করা হইয়াছে।
ঔহ্বর পাঠ, সর্ব্ব প্রকার বীজ, গদ্ধ, বিবিধ রত্ন, মধু, দধি, ছত,

লাজ, কুশ, পুন্গ, সর্বাক্ত্রন্দরী আটটি কুমারী, মন্ত মাতক, অখ-চতুইয়-যুক্ত রর্থ, খজা, উৎক্ষ ধরু, মনুষ্যবাহ্থ যান, খেত ছত্র, খেত চামর, স্থবর্ণের ভূকার, স্থর্ণশৃঞ্জলবদ্ধ করুদধারী পাণ্ডু-বর্ণ রব, দং ট্রাচতুইয়সম্পন্ন মহাবল সিংহ, সিংহাসন, ব্যাক্রচর্ম, সমিধ, হুতাশন, সকল প্রকার বাহ্য, স্থ্যজ্জিত গণিকা, ত্রাক্ষণ, আচার্য্য, 'ধেরু ও নানা প্রকারপবিত্র মৃগপক্ষী আনীত হইয়াছে। নগর ও জনপদের প্রধান প্রধান লোক এবং ভূত্যবর্ণের সহিত বণিকেরা আসিয়াছেন। ইহাঁরা ও অন্যান্য অনেকেই নানা দেশের মুপতিগণের সহিত রামের অভিবেক দর্শনার্থ প্রতিমনে অবস্থান করিতেছেন। অতএব যাহাতে এই পুয্যা নক্ষত্রে রামের রাজ্যাভিবেক সম্পন্ন হয়, তুমি এক্ষণে তদ্বিষয়ে মহারাজ দশর্পকে শীত্র প্রস্তুত হইতে বল।

তথন মহাবল স্থমন্ত্র মহর্ষির আদেশে মহীপাল দশরথের বাসগৃহাভিমুখে যাত্রা করিলেন। রাজাজ্ঞায় অন্তঃপুরের সর্ব্বত্রই তাঁহার অবারিডদ্বার ছিল; স্বতরাং ওৎকালে দ্বারপালগণের মধ্যে কেহই তাঁহাকে নিবারণ করিতে সমর্থ হইল না। ঐ সময় মহীপাল দশরখের কিরপ অবস্থা ঘটিয়াছিল, স্থমন্ত্র অগ্রে তাহার কিছুই জানিতে পারেন নাই, স্বতরাং তিনি পূর্ববিৎ তাঁহার নিকট উপস্থিত হইয়া কৃতাঞ্জলিপুটে প্রাতি-কর বাক্যে ক্রহিতে লাগিলেন, মহারাজ। আপনি আমা-

দিগের প্রীতির একমাত্র আশ্রয়। স্থর্যোদয়কালে সমুদ্র যেমন উষারাগ-রঞ্জিত সলিলে সকলকে আনন্দিত করিয়া থাকে, সেইরপ এক্ষণে আপনি প্রীতমনে আমাদিগকে আনন্দিত কৰুন। পূর্বের দেবসারথি মাতলি প্রত্যুষ সময়েই ইক্রকে স্তব করিয়াছিলেন, দেবরাজ তাঁহার স্থৃতিবাদে উৎসাহিত হেইয়া দানবগণকে পরাজয় করেন; সেইরূপ আমিও আপনাকে 'ন্তব করিভেছি। যেমন সাক্ষোপাক বেদ ও অন্যান্য বিছা, সকলের প্রভু স্বয়স্তুকে বোধিত করিয়া থাকেন, সেইরূপ আমিও আপনাকে বোধিত করিতেছি। যেমন চন্দ্রস্থ্য উদয়ান্ত-কালে পৃথিবীস্থ সমন্ত লোককে বোধিত করিয়া থাকেন, সেই-রূপ আমিও অন্ত আপনাকে বোধিত করিতেছি। মহা-রাজ! এক্ষণে গাত্রোত্থান কৰুন। অন্ত রাজকুমার রামের অভিষেক মহোৎসব ; আপনি বিচিত্র বন্ত্র ও আভরণ ধারণ शूर्सक छेड्यन कल्वरत ऋरमक शर्सक इहेट पिरांकरतत ন্যায় গাঁৱোত্থান কৰুৰ। অভিষেকের সমস্ত আয়োজন হই-য়াছে। নগর ও জ্বপদের লোক সকল এবং বণিকেরা ক্ষতাঞ্জলিপুটে দণ্ডায়মান আছেন। বশিষ্ঠদেব বিপ্রবর্ণের সহিত দ্বারে উপস্থিত। এক্ষণে আপনি অবিলয়ে রামের. রাজ্যাভিষেকে আদেশ প্রদান ককন। মহারাজ! বে রাজ্যে রাজা নাই, তাহা রক্ষকবিরহিত পশুর ন্যায় নায়কশূন্য

সেনার ন্যায় এবং ব্যবিযুক্ত ধেনুর ন্যায় নিভান্ত শোচনীয় হইয়া থাকে ৷

মন্ত্রী স্থমন্ত্র এইরূপ শাস্ত ও স্থসকত বাক্যে শুব করিলে
মহীপাল দশরথ পুনর্কার শোকে অভিভূত হইলেন এবং
নিরানন্দমনে আরক্তলোচনে তাঁহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া
কহিলেন, স্থমন্ত্র! তোমার এই স্তৃতিবাদ আমায় অধিকতর
মর্মবেদনা প্রদান করিতেছে।

সহসা রাজা দশরথের মুখে এইরপ কাতরোক্তি শ্রবণ ও তাঁহার দীন দশা দর্শন করিয়া স্থমন্ত্র কৃতাঞ্জলিপুটে তথা হইতে কিঞ্চিৎ প্রাপস্ত হইলেন। তখন দেবী কৈকেয়ী মহারাজকে ঘন বিষাদে আর্ভ ও বাক্যপ্রয়োগে অসমর্থ দেখিয়া স্থমন্ত্রকে আহ্বান পূর্মক কহিলেন, দেখ, মহীপাল রামাভিষেক-হর্ষে সমস্ত রজনী জাগরণ করিয়াছেন, এক্ষণে নিভান্ত পরিশ্রান্ত ও একান্ত ক্রান্ত হইয়া নিজিভ আছেন। অভএব তুমি অকুঠিভমনে রামকে এই স্থানে আনয়ন কর। ভোষার মঙ্গল হইবে। স্থান্ত কহিলেন, দেবি! রাজাজ্ঞা ভিন্ন এক্ষণে আমি কিরপো গমন করিব।

অনস্তর মহারাজ দশরথ স্থান্ত্রের এইরপ বাক্য প্রবণ করিয়া কহিলেন, স্থানন্দন ! আমি প্রিয়দর্শন রামকে দেখিবার বাসনা করিয়াছি, ভূমি সত্তর ভাঁহাকে আনয়ন কর। তথন স্থান্ত রাথের অভীষ্ট সিদ্ধ হইবে বোধ করিয়া হাউমনে তথা হইতে নিজান্ত হইলেন। তিনি নিজান্ত হইবার কালে কৈকেরী পুনরার তাঁহাকে কহিলেন, মন্ত্রি। তুমি রাজকুমারকে শীদ্র আন্রন্মন কর। স্থান্ত কৈকেরীর মুখে বারংবার এই রূপ কথা প্রবণ করিয়া মনে করিলেন, বুঝি দেবী রাজকুমারের অভিষেক-মুহোং-সব দর্শনে একান্ত উৎস্থাক হইয়াইত্বরা দিতেছেন। এক্ষণে মহা-রাজও বোধ হয় জাগারণ-ক্রেশে বহির্দেশে আর আসিবেন না। স্থান্ত এইরূপ অবধারণ করিয়া সমুদ্রান্তর্বর্তী হুদের ন্যায় অন্তঃ-পুর হইতে বহির্গমন করিলেন।

পঞ্চদশ সূর্য।

বেদপারগ বাক্ষণেরা মন্ত্রী সৈনাধ্যক্ষ বণিক ও রাজপুরোহিত বশিষ্ঠের সমভিব্যাহারে দ্বারে অবস্থান করিতেছিলেন। তাঁহারা পুঁষা। নক্ষত্র এবং রামের জমকালস্থ
কর্কট লগ্ন লাভ করিয়া অভিষেকের সমুদায় উপকরণ আনম্রন
করিয়াছেন। অলক্ষ্ত পীঠ, ব্যাঘু চর্মের আন্তরণমুক্ত রথ,
গঙ্গা যমুনার পবিত্র সঙ্গমস্থল হইতে আনীত জল, অন্যান্য
নদী হদ কুপ সরোবর ও সমুদ্দের জল, মধু, দবি, ছত,
লাজ, কুশ, পুঞ্গ, পরম স্বন্দরী আচিটি কুমারী, মত্ত হস্তী, বটপালব-শোভিত কমলদল-সমলক্ষ্ত বারিপূর্ণ স্বর্ব ও রজতনির্মিত কুন্ত, জ্যোৎসার ন্যায় ধবল রত্ত্বদণ্ড চামর, চন্দ্রমণ্ডলসদৃশ পাণ্ডুবর্গ ছত্র, শ্বেত বৃষ, শ্বেত অশ্ব, বাছ, বন্দী এবং
স্থ্যবংশীয় দিগের অভিষেকার্থ যে সমস্ত বস্তু আছ্বত হৃষ্ট্রা

থাকে, রাজার আদেশে সমুদায়ই ভাঁছারা আনয়ন করিয়াছেন। তৎকালে ঐ সমন্ত ত্রান্ধণ মহীপালের সন্দর্শন না পাইয়া পর-স্পার কহিতে লাগিলেন, এক্ষণে রাজা দশরথকে কে আমাদিগের আগমন সংবাদ নিবেদন করিবে। দিবাকর গগনে উদিত হইয়াছেন। রামের অভিষেক সামগ্রীও প্রস্তুত, কিন্তু মহারাজকে এখনও দেখিতে পাইতেছি না। ভাঁছারা পরস্পর ্র এইরূপ ক্থোপক্থন ক্রিতেছেন, ইত্যবসরে রাজসার্থি স্থমন্ত্র তথার আগমন করিলেন, কছিলেন, আমি রাজার নিয়োগে রাজকুমার রামকে আনয়ন করিতে চলিয়াছি। কিন্তু আপনারা মহারাজও রাম উভয়েরই পূজনীয়, হুতরাং আপনাদিনের হইয়া আমিই মুখশয়ন প্রশ্ন পূর্ব্বক তাঁহাকে জিজ্ঞাসা করিয়া আসি, তিনি প্রবোধিত হইয়াও কি নিমিত্ত অস্তঃপুর হইতে বহির্গত **इहेर उर्छन ना** ।

রন্ধ স্থান্থ তাঁহাদিগকে এইরপ কহিয়া পুনরায় অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং স্বেক্টারুদারে রাজা দশরখের শয়ন-গৃহে গমন পূর্বক যবনিকার অন্তরালে দণ্ডায়মান হইয়া কহিলেন, মহারাজ! চক্র স্থ্য শিব বৈপ্রবণ বৰুণ হুভাশন ও ইক্র আপনাকে বিজয় প্রদান করুন। এক্ষণে রজনী অতিক্রান্ত এবং শুভ দিনও সমুপদ্ভিত হইয়াছে। অভএব আপনি গাজোখান করিয়া প্রাভঃকৃত্য সমাপন করুন। মহা- রাজ! ত্রান্ধণ সেনাপতি ও বণিকেরা দারদেশে আপানার দর্শনের অপেক্ষায় অবস্থান করিতেছেন, এক্ষণে আপানি নিক্রা পরিত্যাগ করুন।

তথন দশরথ কঠখনে স্থান্ত আসিরাছেন রুঝিরা তাঁহাকে সংখানন পূর্বাক কহিলেন, স্থান্ত ! রামকে এই স্থানে আনিবার নিমিত আমি তোমার আদেশ করিয়াছিলাম, কিন্ত তুমি কি কারণে আমার আজ্ঞা লজ্ঞন করিতেছ। আমি এক্ষণে নিজিত নহি; তুমি শীঘু যাও, গিয়া রামকে আনয়ন কর।

অনস্তর সুমন্ত্র রাজাজ্ঞা শিরোধার্য্য করিয়া তথা হইতে
নির্গত হইলেন এবং ধজপতাকা-পরিশোভিত রাজপথে উপস্থিত হইরা চতুর্দিকে দৃষ্টি নিক্ষেপ পূর্ব্ধক ছাইমনে গমন
করিতে লাগিলেন। গমন কালে পথিমধ্যে সকুলের মুখু রামাভিবেক সংক্রান্ত কথা শুনিতে পাইলেন। ক্রমশঃ কিয়দ্র
অতিক্রম করিয়া দেখিলেন, রাজ্বুমার রামের প্রাসাদ কৈলাস
পর্বতের ন্যায় শোভা পাইতেছে। উবার হার দেশে অতি
বিশাল ছই কপাট লম্বমান, চতুর্দিকে শত শত বেদি প্রস্তুত,
এবং শিখরে বহুসংখ্য কাঞ্চনমন্ত্রী প্রতিমা রহিয়াছে। উহার
ভোরণ সমুদায় প্রবাল নির্মিত ও মণি মুক্তা খচিত এবং
বর্ণ শারদীয় জলদের ন্যায় শুত্র। ঐ প্রাসাদের সর্ব্বেই সুবর্ণের
কুরুম্মালা মধ্যমণিসমূহে অলঙ্ক্ত হইয়া লম্বিত রহিয়াছে,

স্বর্ণাদি ধাতুনির্মিত ব্যাত্তের প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত ও শিশ্পিগাণের স্থাম শিশ্পকার্য্যে খচিত আছে এবং ইতন্ততঃ সারস
ও ময়ুরগণ নিরম্ভর কলরব করিতেছে। ঐ প্রাসাদ স্থমেকশৃক্দের ন্যায় উচ্চ, চক্রস্থর্য্যের ন্যায় উর্জ্বল ও অমরাবতীর
ন্যায় স্থাদ্যা। উহাতে দৃষ্টিপাত মাত্রই মন ও চক্ষু প্রলোভিত
হয়, প্রবেশ মাত্রেই অগুকুও চন্দনের গদ্ধ উন্মন্ত করিয়া তুলে।

স্থমন্ত্র সন্নিছিত হইয়া দেখিলেন, ঐ প্রাসাদের ছারে জনপদবাসী প্রজারা নানাবিষ উপহার লইয়া কভাঞ্জলিপুটে ' উদ্ধায়ুখে রামাভিষেক দর্শনের প্রতীক্ষা করিতেছে। ক্রমশঃ তিনি রথ লইয়া সেই জনসমূল রাজপথ স্থশোভিত ও পুরবাসীগণের মন পুলকিত করিয়া তম্বধ্যে প্রবেশ করি-লেন। তিনি সেই স্থসমূদ্ধ প্রাসাদে প্রবেশ করিয়া কণ্ট-কিত কলেবরে তিনটি প্রকোষ্ঠ পার হইলেন এবং রামের বশ-বর্ত্তী বছসংখ্য ব্যক্তিকে অপসারিত করিয়া অপ্রতিহতগমনে রত্নাকর মধ্যে মকরেঁর ন্যায় অন্তঃপূরে প্রবেশ করিলেন। তথায় সকলেই হার্টমনে রামের রাজ্যাভিষেক সংক্রান্ত কথা লইয়া আন্দোলন করিতেছিল, উদ্দর্শনে স্থমন্ত্র যার পর নাই আনন্দিত হুইলেন ৷ তিনি গ্যনকালে কোন স্থলে দেখিলেন রামের প্রিয় অমাত্যের অবস্থান করিতেছেন। কোন^{*}স্থলে অশ্ব ও রথ প্রসঞ্জিত আছে। কোন স্থলে বা রামের গমনাগমনের নিমিত্ত

শক্তপ্তর নামে এক মহাকার মত্ত মাতক জলদ-জাল-জড়িত পর্বতের ন্যায় শোক্তমান রহিয়াছে। স্থমন্ত্র ক্রমশং এই সমস্ত মাতিক্রম করিয়া রামের নিকট যাইতে লাগিলেন।

বোড়শ সর্গ।

অনস্তর রাজ্যন্ত্রী রাষের প্রকোঠে উপস্থিত হইলেন।
তথার লোকের কিছুমাত্র কোলাহল নাই, কেবল কুওলধারী

যুবকেরা প্রাস ও শরাসন ধারণ পূর্মক সাবধানে প্রহরীর কার্য্য
সমাধান করিতেছে এবং কতক গুলি র্কা জ্রী কাষায় বস্ত্র পরিধান পূর্মক স্থসজ্জিত হইয়া বেত্রহস্তে দারে উপবিষ্ট আছে।
এই সমস্ত দাররক্ষক স্থমন্ত্রকে নিরীক্ষণ করিবামাত্র তৎক্ষণাৎ
সমন্ত্রমে গাত্রোখান করিল। তথ্ন স্থমন্ত্র বিনীতহ্বদয়ে তাহাদিগকে কহিলেন তোষরা গিয়া শীত্র রাজকুমারকে আমার
আগমন সংবাদ দেও। দারপালগণ তাঁহার আদেশ পাইয়া যে
স্থানে রাম জানকীর সহিত্ত উপবেশন করিয়া আছেন তথার
উপস্থিত হইয়া কহিল যুবরাজ! স্থমন্ত্র অপিনার দর্শনার্থ
আগমন করিয়াছেন। রাম পিতার অন্তরক্ষ মন্ত্রী স্থমন্ত্র আগিনা

রাছেন শুনিয়া পিতারই হিতাভিলাবে তাঁহাকে গৃহ প্রবেশে অনুমতি প্রদান কয়িলেন।

স্বমন্ত্র গৃহপ্রবেশ করিয়া দেখিলেন রাম উৎক্রম্ট পরিছদ ধারণ পূর্বক উত্তর্মছদমণ্ডিত স্বর্থমন্ত্র পর্যাক্তে স্বর্রাজ ইন্দ্রের ন্যান্ন উপবিষ্ট আছেন। তাঁহার কলেবর বরাহক্ষিরাকার স্থান্ত্রি রক্ত চন্দনে রঞ্জিত। দেবী জানকী চামরহন্তে তাঁহার পার্বে উপবিষ্ট আছেন; বোধ হইতেছে ঘেন চিত্রার সহিত ভগবান শশাক্ত মিলিভ হইরাছেন। তথন বিনীত স্থমন্ত্র মধ্যাহ্লকালীন স্থর্যের ন্যান্ন সতেজঃ প্রদীপ্ত রামের সন্নিহিত হইরা প্রণাম করিলেন এবং তাঁহাকে বিহারাসনে আসীন ও প্রসন্ধ দেখিয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, ম্বরাজ! রাজা দশ্বর্থ ও দেবী কৈকেয়ী আপনাকে দেখিতে ইছা করিয়াছেন জতএব অনতিবিলম্বে তথার গমন করা আপনার কর্ত্ব্য হইত্তেছে।

রাম হাউমনে স্নান্তের বাক্য প্রতিএই করিয়া জানকীকে কহিলেন, প্রিয়ে! আমার নিমিত্ত পিতা দেবী কৈকেয়ীর সহিত সমাগত হইয়া আমারই অভিষেকের পরামর্শ করিতেছেন সন্দেহ নাই। ক্লফলোচনা কৈকেয়ী নিরম্ভর মহারাজের শুভ কামনা করিয়া থাকেন। রাজা আমায় রাজ্যে অভিষিক্ত করিতে একান্ত উৎস্কক ইইয়াছেন দেখিয়া তিনি প্রক্রমনে

আমারই নিমিত্ত তাঁহাকে ত্বরা দিতেছেন। ভাগ্যগুণেই তাঁহারা এই মন্ত্রীকে প্রেরণ করিয়াছেন। মন্ত্রী আমারই হিতাভিলাব-পরতন্ত্র। অন্তঃপুরে সভা যেরপ দৃতও তাহার অনুরূপ আসি-রাছেন। পিতা নিশ্চয়ই আজ আমাকে ক্ষেবরাজ্যে অভিষিক্ত করিবেন। অতএব তুমি সহচরীদিগের সহিত ক্রীড়া কোতুকে অবস্থান কর, আমি গিয়া শীত্র পিতার সহিত সাক্ষাইকার করিয়া আসি।

রাম পরম সমাদরে এইরপ কছিলে জনকছ্ছিতা সীতা
মঙ্গলাচরণার্থ দ্বারদেশ পর্যান্ত তাঁহার অনুগমন করিলেন, কহিলেন নাথ! যেমন একা স্বরাজ ইক্রকে স্বরাজ্যে অভিষেক
করিয়াছিলেন সেইরপ মহারাজ তোমাকে যেবরাজ্যে অভিবিক্ত করিয়া পশ্চাৎ মহারাজ্য প্রদান করুন। ভূমি দীক্ষিত
ও এত পরায়ণ ইইয়া মৃগ চর্ম ও কুরক শৃক্ষ ধারণ করিবে, আমি
এক্ষণে তাহাই দর্শন করিব। অতঃপর ইক্র তোমার পূর্বাদিক
বম দক্ষিণ দিক বকণ পশ্চিম দিক ও কুবের উত্তর দিক রক্ষা
কর্মন।

জানকী এইরপে অভিষেকার্থ মঙ্গলাচার পরিসমাপ্ত করিলে রাম তাঁহার সমতি লইরা অমস্ত্রের সহিত গিরি-দরী-বিহারী কেশরীর ন্যায় বাসভবন হইতে নিষ্ক্রান্ত হুইলেন। তিনি নিষ্ক্রান্ত হুইয়াই দ্বার দেশে বিনীত লক্ষণকে ফুডাঞ্জলিপুটে मधौद्रमान (निधरं भिर्मान । उर्भात (निधरंतन मध्राक्षीं कि তাঁহারই স্ক্রের একত সমবেত হইয়। আছেন। অনস্তুর তিনি অর্থীদিগকে সবিশেষ সমাদর করিয়া ব্যাত্তচর্মসন্ত রজ্জনির্মিত মণিকাঞ্চনমণ্ডিত রথে আরোহণ করিলেন। করি-भारकत्र नतात्र क्छे शूके उदक्के अध्यान वाद्युत्वरण शाव-मान बहेल। यास्त्र नाम्र अत्थन्न वर्षत्र भक् बहे एक लागिल। পথে একদৃষ্টে সকলেই উহার প্রতি চাহিয়া রহিল। রাম দেবরাজ ইন্দ্রের ন্যায় প্রভা বিস্তার করিয়া বহির্গত হইলেন। বোধ হইল যেন চন্দ্র জলদপটল ভেদ করিয়া চলিয়াছেন। उৎकाल महावीत लक्ष्मण विष्ठित हामत्रहस्य तथे शृत्के आरता-इ॰ शृक्षक त्रोमरक तका कतिए नागिरनन्। ठ्यू मिरक यूमून কোলাহল উত্থিত হইল। বহু সংখ্য পর্বতাকার হস্তী ও অশ্ব রামের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল। চন্দনচ্চিতকলেবর বীর পুৰুষেরা অসি চর্ম ও বর্ম ধারণ পূর্বক অতো অতো ধাবমান লাগিল। নানা প্রকার বাছধ্বনি ও বন্দিবর্গের স্থুতিবাদ গগণ ভেদ করিয়া উত্থিত হইল। সর্বাক্সমুন্দরী পুরনারীগণ বেশভূষা ধারণ ও গবাকে আরোহণ পূর্বক রামের মন্তকে পুষ্পায়্টি আরম্ভ করিল এবং কেহ কেহ হর্মে ও কেহ কেহ নিম্নে অবস্থান পূর্বক রামের তুটি সম্পাদনার্থ কহিতে লাগিল, আজ রাজ-

মহিনী কেশিল্যা রামকে পৈতৃক রাজ্য গ্রহণে নির্গত দেখিয়া নিশ্চয়ই আনন্দিত হইতেছেন। রামের ফ্রান্সহারিণী সীতা সকল সীমন্তিনীর মধ্যে শ্রেষ্ঠ, তিনি জন্মান্তরে নিশ্চয়ই অতি কঠোর তপঃসাধন করিয়া ছিলেন, নতুবা চল্রের প্রণয়িনী রোহিণীর ন্যায় কদাচই ইহার সহচারিণী হইতেন না। রাজ-কুমার রাম চতুর্দিকে এইরপ শ্রুতিস্থকর মধুর বাক্য প্রথণ পূর্মক গমন করিতে লাগিলেন।

একস্থলে বছুসংখ্য লোক একত্ত হইয়া পরস্পার কহিতে-ছিল, এই রাজকুমার আজ রাজার প্রসাদে রাজ প্রী লাভার্থ পিতৃগৃহে গমন করিতেছেন। ইনি যখন শাসনভার গ্রহণ করিলেন তখন আমাদের সকল মনোরথই পূর্ণ হইবে। ইনি যে এক কালে সমস্ত রাজ্য হস্তগত করিতেছেন প্রজাবর্গের ইহাই পরম লাভ ; ইহাঁর রাজ্যকালে কাহাকেই কখন কোন রূপ অগুভ দর্শন করিতে হইবে না।

রাম সকলের মুখে স্বসংক্রান্ত এই সমস্ত কথা প্রৰণ এবং স্থত মাগাধ ও বন্দিগণের স্তুতিবাদ এহণ পূর্বক পিতৃভবনে গমন করিতে লাগিলেন।

मश्चमम मर्ग।

ーカンストランドルー

ভিনি ক্রমশঃ রাজপথে প্রবেশ পূর্ম্বক দেখিলেন, পৌরদিণের
অঙ্গনে দণি অক্ষত হবি লাজ ও ধূপ নিপতিত আছে। করী
করিণী অশ্ব ও রথ রাজপথ আকুল করিয়া তুলিয়াছে। সর্মঞ্জই
লোকারণ্য ও পণ্যদ্রব্যে পরিপূর্ণ। নানাস্থানে ধ্বজ ও পাতাকা
শোভা পাইতেছে। কোথাও বা মুক্তান্তবক ও ক্ষাটিক মণি
রহিয়াছে। কোন স্থলে চন্দন ও উৎকৃষ্ট অঞ্চন্দর গদ্ধ চতুর্দিক
আমোদিত এবং পউবস্তের বিচিত্র রচনা সকলকে চমৎকৃত
করিতেছে। ঐ রাজপথের পরিসর অভিবিস্তার্ণ। উহার ইতস্ততঃ পূকা সকল বিকীণ হইয়াছে। চতুর্দিকে নানাপ্রকার
ভক্ষ্য ভোজ্য প্রস্তুত। রাজকুমার রাম স্বরপতি ইক্রের ন্যায়
এইরপ স্বাজ্জিত রাজপথ দর্শন এবং বছলোকের আলীর্বাদ
গ্রহণ পূর্ব্বক গমন করিতে লাগিলেন। ঐ সমন্ধ তাঁহার বন্ধুবর্ণের আনন্দের আর পরিসীমা রহিল না।

তাঁহারা রামকে লক্ষ্য করিয়া কহিতে লাগিলেন, যুব-রাজ! অভ তুমি রাজ্যে অভিষিক্ত হইয়া তোমার পূর্ব-পুৰুষগণের প্রবর্ত্তিত প্রণালী অবলম্বন পূর্বক আমাদিগকে প্রতিপালন কর। তোমার পিতা ও পিতামহগণ আমাদিগকে যেরপ হথে রাখিয়াছিলেন, তুমি রাজা হইলে আমরা তদ-পেকাও অধিকতর সুখে বাস করিতে পারিব। যদি আজ ন্নামরা ভোমাকে অভিষিক্ত ও পিতৃগৃহ হইতে নির্গত দেখিতে পাই, তাহা হইলে ঐহিক ও পারত্রিক কিছুই প্রার্থনা করি না। তোমার রাজ্যাভিষেক অপেকা আমাদিগের প্রিয়তর আর কিছুই নাই। রাম স্থল্লাণের মুখে এইরূপ প্রশংসাবাদ শ্রবণ করিয়া অবিক্রতমনে গমন করিতে লাগিলেন। তৎকালে তিনি রাজমার্গে সকলের দৃষ্টিপথ অতিক্রম করিয়া চলিলেও কেহ তাঁহা হইতে মন ও চকু আঁকর্ষণ করিয়া লইতে পারিল না। ফলতঃ যে রামকে দর্শন না করে এবং রাম যাহার প্রতি দৃষ্টিপাত না করেন সৈ ব্যক্তি সক্লের নিন্দিত, সে আপ্-নাকেও হেয়জ্ঞান করিয়া থাকে। ধর্মপরায়ণ রাম চাতুর্বর্নের মধ্যে আবালবৃদ্ধ সকলকেই ক্নপা করেন বলিয়া সকলেই ভাঁছার অরুগত ছিল।

অনস্তর তিনি চতুষ্পথ দেবালয় চৈত্য ও আয়তন সকল বাম পার্ট্যে রাখিয়া গমন করিতে লাগিলেন। দূর হইতে দেখিলেন, রাজ্বপ্রাসাদ জলদজালসদৃশ কৈলাসলিখরাকার ধবলবর্ণ বিমানের ন্যায় বিবিধ শৃঙ্গে নভোমওল আছয় করিয়া রিছয়াছে। তিনি উজ্জ্বলবেশে সেই অমরাবতীপ্রতিম সর্বোজম প্রাসাদে প্রবিশ করিলেন। প্রবিষ্ট হইয়া কার্মুকধারী পুরুষ-রক্ষিত তিনটি প্রকোষ্ঠ পার হইলেন। তৎপরে পাদ্দারে আর ছইটি অতিক্রম করিয়া অনুচরগণকে প্রতিগমনে অনুমতি প্রদান পূর্বক অন্তঃপুরে চলিলেন। তৎকালে সকলে রাজকুমারকে পিত্সরিধানে গমন করিতে দেখিয়া যার পর নাই আনন্দিত হইল এবং মহাসমুদ্র বেমন চক্রোদরের প্রতীক্ষা করে, সেইরপ ভাঁহার বহির্গমনের অপেক্ষা করিতে লাগিল।

অফাদশ সর্গ।

রাজা দশরথ শুক্ষ মুখে ও দীন ভাবে দেবী কৈকেয়ীর সহিত পর্যাক্ষে উপবেশন করিয়া আছেন, এই অবসরে রাম তাঁহার সন্ধিহিত হইলেন এবং বিনয় সহকারে অত্যে তাঁহাকে নমস্বার করিয়া পশ্চাৎ প্রসন্নমনে কৈকেয়ীকে অভিবাদন করি-লেন। তখন দশরথ রামের প্রতি দৃষ্টিপাত পূর্বক কহিলেন, রাম!——নাম গ্রহণমাত্র তাঁহার নেত্রহুগল অঞ্চপূর্ণ হইয়া উঠিল, তিনি আর তাঁহাকে দর্শন ও তাঁহার সহিত বাক্যালাপ করিতে পারিলেন না।

অনন্তর রাজকুমার পাদস্পৃষ্ট ভূজকের ন্যার, মুপতির এই আদৃষ্টপূর্ব অভিভীষণ রূপ নিরীক্ষণ পূর্বক মনে মনে যৎ-পরোনান্তি ভীত হইলেন। মহীপাল দশর্থ শোকসন্তাপে নিভান্ত ক্লিফ হইয়া ব্যথিত মনে ঘন ঘন দীর্ধ নিঃখাস পরি- ত্যাগ করিতেছিলেন। তরঙ্গ-মালা-সঙ্কুল ক্ষুভিত সাগরের ন্যায় রাজ্ঞান্ত দিথাকরের ন্যায় তাঁহার অন্তঃকরণ একান্ত আকুল হুইয়াছিল। ঋষি অনুভভাষী হুইলে যেরূপ নিপ্তাভ হুন, তিনি তুৎকালে সেইরূপই হুইয়াছিলেন।

্পিতৃবৎসল স্থচতুর রাম ভাঁহার এইরূপ অসম্ভাবিত শােক অকস্মাৎ কিপ্রকারে উপস্থিত হইল এই ভাবিয়া পর্বকালীন সমুদ্রের ন্যায়" অস্থির হইয়া উচিলেন। মনে করিলেন, মহা-রাজ আজ কেন আমায় লইয়া হর্ষ প্রকাশ করিতেছেন না। অন্য দিন আমাকে দেখিলে যদি কোন কারণে ক্রোধাবিষ্ট হইয়া থাকেন, প্রসুদ্ধ হন, কিন্তু আজ কেন এইরূপ হুঃখিত হইতেছেন। রাম এই চিন্তা করিয়া শোকাকুলিত মনে বিষণ্ণ-বদনে কৈকেয়ীকে সম্বোধন পূৰ্ব্বক কহিলেন, অম্ব! আমি অম প্রমাদে কি কোন অপরাধ করিয়াছি? বলুন, পিতা কেন আমার প্রতি কুপিত হইয়াছেন ? এক্সণে আমারই দোষ পরি-হারের নিমিত্ত আপনি ইহাঁকে প্রসন্ন ক্রন। পিতা আমায় সর্মদা যৎপরোনান্তি শ্বেছ করিয়া থাকেন, আজি কি নিমিত্ত আমার সহিত বাক্যালাপ করিতেছেন না ? কি কারণেই বা এই-রূপ বিষয়মনে রহিয়াছেন? শরীর ধারণে সকল সময় সুখ স্থলত হয় না : ইহাঁর শারীরিক বা মানসিক কি কোন অশাস্তি উপস্থিত হইয়াছে? প্রিয়দর্শন কুমার ভরত এবং মহামতি শক্রমের ত কোন অমকল ঘটে নাই । আমার মাত্গণ ত কুশলে আছেন ? আমি মহারাজের অরাধ্য হইরা রোষ ও অসম্বোষ উৎপাদন পূর্বক মুহূর্তকালও বাঁচিতে চাহি না। মনুষ্য যাঁহার প্রসাদে এই পৃথিবীতে জঁখা লাভ করিয়াছে, কোন্ ব্যক্তি সেই প্রত্যক্ষদেবতা পিতার প্রতিকুলতাচরণ করিবে। মাতঃ ! আপনি অভিমানে বা ক্রোধে পিতাকে কি কিছু কঠোর কথা কহিয়াছেন ? তাহাতেই কি ইহাঁর মন এইরপ বিরূপ রহিয়াছে? যাহাই হউক ইহার নিগৃঢ় কারণ অবগত হইবার নিমিত্ত আমার মন অস্থির হইয়াছে। বলুন মহারাজের এই প্রকার অদ্উপূর্ব্ব চিত্তবিকার কি নিমিত্ত উপ-স্থিত হইল ?

তখন নির্লক্তা কৈকেয়ী রামের এইরপ বাক্য প্রবণ করিয়া স্থার্থ সাধনার্থ গর্মিতভাবে কহিলেন, রাম! রাজা ক্রোধাবিষ্ট হন নাই, ইহাঁর বিপদও কিছুই দেখিতেছি না। ইনি মনে মনে কোন সংকল্প করিয়াছেন, ভোমার ভয়ে ভাহা ব্যক্ত করিছে পারিভেছেন না। তুমি ইহাঁর অভিশয় প্রিয়, য়ভরাং ভোমায় কোন রূপ অপ্রিয় কহিতে ইহাঁর বাক্যক্তি হইবেক না। কিছ মহারাজ যে আমার নিকট অঙ্গীকার করিয়াছেন, ভাহা ভোমার অনিষ্টকর হইলেও ভোমায় অবশ্রুই পালন করিছে হইবে। ইনি অত্যে আমাকে সন্ধান ও বর দান করিয়া পশ্চাৎ

নিভাস্ত নীচের ন্যায় অনুভাপ করিভেছেন। জল নির্গত হইয়াছে, আলিবন্ধনে হত্ন নির্থক। কিন্তু, রাম! মহারাজ ধর্মতঃ
প্রভিজ্ঞা করিয়াছেন। মহাঝাদিগের সত্যই ধর্ম, বোধ হর
তুমি ইহা অবশ্যই জান। এক্ষণে সাবধান রাজা যেন ভোমার
অনুরোধে আমার প্রতি ক্রোধ করিয়া সেই সত্য পরিত্যাগ
না করেন। এক্ষণে ইনি যাহা কহিবেন, তুমি ভাহার ভাল মন্দ
কিছুই বিচার করিবে না, অমনিই শিরোধার্য্য করিয়া লইবে,
যদি এইরূপ হয় ভবে আমি সমুদায় রুত্তান্তই ভোমায় কহিতে
পারি। অথবা মহারাজ সাক্ষাৎ সম্বন্ধে ভোমাকে কিছুই
বলিবেন না, ইহার নিনেশে আমি যে বিষয়ের প্রস্তাব করিলাম, যদি ভাহাতে সম্মত হও ভাহা হইলে আমি সমুদায়ই
ব্যক্ত করিব।

রাম কৈকেরীর মুখে এইরপ কথা প্রবণ করিয়া ব্যথিতমনে
নুপতি সন্নিধানে কহিতে লাগিলেন, দেবি ! আমাকে এরপ কথা
বলিবেন না । আমি মহারাজের নিদেশে অগ্নিপ্রবেশ ও বিষপান করিতে পারি । ইনি পিতা, পরম গুরু, বিশেষতঃ
রাজা; ইহাঁর নিয়োগে সাগরগর্ভেও নিমগ্ন হইতে পারি ।
অতএব ইনি বেরপ সক্ষণ্প করিয়াছেন বলুন, প্রতিজ্ঞা করিতেছি
অবশ্রই তাহা রক্ষা হইবে । আপনি নিশ্চর জানিবেন, রাম
কথনই চুই প্রকার কথা কহিতে জানে না ।

তখন অনার্য্যা কৈকেরী ঋজুস্বভাব সভ্যবাদী রামকে নিষ্ঠুর বচনে কছিলেন, রাম! পুর্বেদেবাসুর সংগ্রামে মহা-রাজ বিপক্ষশরে ক্ষতবিক্ষত হইয়াছিলেন, তৎকালে কেবল আমিই ইহাঁর প্রাণ রক্ষা করি। আমার এই পরিচর্য্যায় রাজা সবিশেষ প্রীত হইয়া আমাকে তুইটি বর দান করিয়াছিলেন। এক্ষণে ঐ উভয় বরের মধ্যে এক বরে ভরতের রাজ্যাভিষেক, ্বিতীয় বরে তোমার দওকারণ্য বাস প্রার্থনা করিয়াছি। রাম! যদি তুমি পিতার ও আপনার প্রতিজ্ঞা সত্য রাখিতে চাও আমার বাক্যে কর্ণপাত কর। ভোমার পিতা আমার নিকট অঙ্গীকার করিয়াছেন, ইহাঁর নিদেশের বশীভূত হওয়া ভোমার কর্ত্তব্য । অছই রাজ্যাভিষেকের লোভ সংবরণ পূর্ব্বক মুত্তকে জাটাভার বহন ও বলকল ধারণ করিয়া চতুর্দ্ধশ বৎসরের নিমিত্ত বনচারী হও। মহারাজ তোমার নিমিত্ত যে অভি-ষেকের আয়োজন করিয়াছেন, তদ্বারা ভরতই অভিষিক্ত হই-বেন। তিনি হস্তাশর্পসঙ্গু রব্বত্ল বস্ত্ররাকে শাসন করিবেন। মহারাজ আমায় এইরপ বর দান করিয়াছেন বলিয়া ইনি ভোষার প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইতেছেন না। অভএব রাম! তুমি মহারাজের এই বাক্য রক্ষা করিয়া ইহাঁকে উদ্ধার কর।

মহারুভব রাম কৈকেয়ীর এইরপ কঠোর বাক্য শুনিয়া কিছুমাত্র ব্যথিত ও শোকাবিষ্ট হইলেন না। তৎকালে কেবল
দশর্থই ভাবী পুত্রবিযোগগ্রঃখে যার পর নাই যাতনা অনুভব
করিতে লাগিলেন।

উনবিংশ সগ।

~かりかずだんとか~

অনস্তর রাম কৈকেয়ীর এই করাল কাল বাক্য প্রবণ করিয়া আবিষয়মনে কহিলেন, অস্ব! আপনি যেরপ অনুমতি করি-লেন, তাহাই হইবে। আমি প্রতিজ্ঞা রক্ষার্থ জটা বলকল ধারণ পূর্বক এ স্থান হইতে বন প্রস্থান করিব। কিন্তু এইটি জানিতে আমার অত্যন্ত ইচ্ছা হইয়াছে যে, মহীপাল পূর্ববিৎ কেন আমার সন্তাষণ করিতেছেন না? দেবি! আপনার সমক্ষেই কহিতেছি, এই প্রশ্মে ক্ট হইবেন না, প্রসম্ম হউন, আমি এইটি জানিতে পারিলেই জটা বলকল ধারণ পূর্বক বন প্রস্থান করিব। হিতকারী, গুরু, পিতা, কার্যাজ্ঞ রাজা নিয়োগ করিলে এমন কি আছে, বাহা প্রিয়জ্ঞানে অলক্ষিত্রমনে সাধন করিতে না পারি। কিন্তু বনের এই ত্বংখে আমার অন্তর্গাছ হইতেছে যে, মহারাজ স্বয়ং কেন ভরতের অভি-

ষেকের কথা উল্লেখ করিলেন না । দেবি ! রাজাজ্ঞার অপেকা কি, আপনার অনুমতি পাইলে লাভা ভরতকে নিজেই রাজ্য ধন প্রাণ ও প্রকুলমনে সীভা পর্যন্ত প্রদান করিয়া প্রভিজ্ঞা পালন ও আপনার হিত সাধন করিব । একণে মহারাজ অভিশয় লজ্জিত হইয়াছেন, আপনি ইহাঁকে সান্ত্রনা করুন ৷ ইনি কি নিমিত্ত অ্থোদৃষ্টি করিয়া মন্দ মন্দ অশ্রুপাত করিতেছেন ! দ্তেরা আজিই ইহাঁর আদেশে ক্রতগামী অথে আরোহণ পূর্বাক ভরতকে মাতুলালয় হইতে আনয়ন করিতে যাক । ভামি এখনই পিতৃআজ্ঞা শিরোধার্য্য করিয়া অবিচারিত মনে চতুর্দশ বৎসরের নিমিত্ত দণ্ডকারণ্যে প্রস্থান করি ।

কৈকেরী রামের এইরপ অধ্যবসায় দেখিরা যার পর নাই সস্থান্ত হইলেন এবং তাঁহার বনগমন বিষয়ে কিছুমাত্র সংশয় না করিয়া কহিলেন, দৃতেরা না হয় দ্রুতগামী অখে আরোহণ করিয়া ভরতকে মাতৃলকুল হইতে আনিবার নিমিত্ত যাত্রা করিবে; কিন্তু রাম! তোমায় একণে বনগমনে একান্ত উৎপ্রক দেখিতেছি, আমার মতে তোমার আর বিলম্ব করা বিধেয় হয় না, তুমি এখনই এ স্থান হইতে যাও। দেখ, মহারাজ লজ্জিত হইয়াছেন বলিয়া তোমার সহিত বাক্যালাপ করিতেছেন না। লজ্জা ভিন্ন ইহাঁর এইরপা মেনি থাকিবার অন্য কোন কারণই নাই। অভএব তুমি লীজে বহির্গত হইয়া ইহাঁর এই দীনদশা

ষ্পানীত কর। যতক্ষণ না তুমি এই পুরী হইতে বনবাসোদ্দেশে নির্গত হইতেছ, তদবধি তোমার পিতা স্থান, ভোজন কিছুই করি-বেন না।

त्राजा मनतथ त्रकर्ल रेकरकत्रीत এইরূপ निष्ठृत वाका ध्यवन করিয়া হা ধিক্ কি কফ্ট! এই বলিয়া এক দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ পূর্বক শোকভরে সেই হেমমণ্ডিত পর্য্যক্ষে মৃচ্ছিত হইলেন। তখন রাম শশব্যক্তে তাঁহাকে উত্থাপন পূর্বারু স্বয়ং কশাহত অম্বের ন্যায় বনগমনে ব্যগ্র হইয়া উঠিলেন এবং কৈকেয়ীর কঠোর বাক্যে কিছুমাত্র কাভর না হইয়া কহিলেন, দেবি! আমি স্বার্থপর হইয়া এই পৃথিবীতে বাস করিতে চাহি না। আপনি আমাকে তত্ত্বদর্শীর ন্যায় বিশুদ্ধ ধর্মের আশ্রয়ী বলিয়া জানিবেন। প্রাণাম্ভ করিয়াও যদি পূজনীয় পিতার হিত-সাধন আমার সাধ্যায়ত হয়, তাহা করাই হইয়াছে, মনে করিবেন ৷ পিতৃশুশ্রুষা ও পিতৃ-আজ্ঞা পালন অপেক্ষা জগতে মহৎ ধর্ম আর কিছুই নাই। একণে পিতার আদেশ না পাইলেও আপনার নিদেশেই চতুর্দশ বৎসরের নিমিত্ত নির্জ্জন অরণ্যে গিয়া বাস করিব। দেবি! আপনি আমার অধী-শ্বরী হইয়াও বখন এই বিষয়ের নিমিত্ত মহারাজকে অনুরোধ করিয়াছেন, তখন বোধ হইতেছে, আমার কোঁন গুণই আপ-নার গোঁচর নাই। আমি আজিই জননীর অনুমতি এহণ পূর্বক

জানকীকে অনুনয় করিয়া দওকারণ্যে বাত্রা করিব। একণে তরত যাহাতে রাজ্য পালন ও পিতৃশুশ্রুষা করেন, আপনি তিহিবরে বত্রবতী থাকিবেন। দেবি! পিতার সেবা করাই পুত্রের পরম ধর্ম।

দশরথ রামের এইরপ বাক্য শ্রেবণ পূর্ব্বক শোকে বাক্য-ক্ষুর্ভি করিতে না পারিয়া মুক্তকঠে রোদন করিতে লাগিলেন। তখন স্থণীর রাম.তাঁহাদিগকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া অন্তঃ-পूर्व बहेटड निष्कृष्टि बहेटलन। महावीत लक्ष्मण अडकण अहे সমস্ত কথা শ্রবণ করিতেছিলেন, তিনিও ক্রোমে একান্ত আঁচুল হইয়া বাঞ্চপূর্ণ লোচনে ভাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগি-লন। রাম অভিষেকশালা প্রদক্ষিণ পূর্বক তাহাতে দৃক্পাত না করিয়াই মৃত্নমন্দ সঞ্চারে চলিলেন। তিনি সর্বজনকমনীয় ও প্রিয়দর্শন ছিলেন, স্কুতরাং চন্দ্রের যেমন হাস, সেইরূপ রাজ্যনাশ তাঁহার স্বাভাবিক শোভাকে কিছুমাত্র মলিন করিতে পারিল না। জীবমুক্ত যেম্ন সুধে ছুঃখে একই ভাবে থাকেন তিনি তদ্ধপই রহিলেন , ফলত ঐ সময় তাঁহার চিত্তবিকার কাহারই অণুমাত্র লক্ষিত হইল না।

অনস্তর রাম মনে মনে ছংখাবেগ সংবরণ এবং ছংখের বাহ্য লক্ষণ সংহরণ পূর্বক উৎকৃষ্ট ছত্র চামর আত্মীয় স্বজন ও পোর জনদিগকে পরিভাগে করিয়া এই অপ্রিয় সংবাদ দিবার আশরে জননীর অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং মধুর বাক্যে তত্তত্য সকলকেই সবিশেষ সমাদর করিয়া তাঁহার নিকট গমন করিতে লাগিলেন। তুল্যগুণাবলমী বিপুলপরাক্রম জাতা লক্ষণও হঃখ গোপন পূর্বক তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। ঐ সময় দেবী কোশল্যার অন্তঃপুরে অভিবেকমহোৎসব প্রসঙ্গে নানা প্রকার আমোদ প্রমোদ হইতেছিল। রাম তন্মধ্যে প্রবৈশ কৃরিয়া এই বিপদেও বৈর্যাবলম্বন করিয়া রহিলেন। জ্যোৎস্থা-পূর্ণ শারদীয় শশ্বর যেমন আপনার নৈস্যাকি শোভা ত্যাগ্রা, করেন না, সেইরূপ তিনিও চিরপরিচিত হর্ষ পরিত্যাগ করি-লেন না। পাছে আমার বিচ্ছেদে জনক জননী জীবন বিসর্জন করেন, তাঁহার অন্তরে কেবল এই আশক্ষাই উপস্থিত হইতে লাগিল।

বিংশ সর্গ।

ক্রমশঃ পুরীমধ্যে রামের রাজ্যনাশ ও বনবাস-বার্ত্তা প্রচারিত হইল। তখন রাজমহিষীরা প্রাণাধিক রামকে ক্যাঞ্জলিপুটে বিদায় এহণার্থ আগমন করিতে দেখিয়া আর্ত্তরে এই বলিয়া চীৎকার করিতে লাগিলেন, হা! যে রাম পিতার নিয়োগ ব্যতি-রেকেও আমাদিগের তত্ত্বাবধান করিতেন, আজ তিনিই বনে চলিলেন। যিনি জননীনির্ব্তিশেষে জন্মাবধি আমাদিগকে শ্রহ্মা ছক্তি করিয়া থাকেন, যাঁহাকে কেহ কঠোর কথায় কিছু কহিলে কদাচ ক্রোধ করেন না, যিনি অন্যের ক্রোধজনক বাক্য মুখেও আননন না, প্রত্যুত কেহ ক্রোধাবিষ্ট ক্ইলে প্রসম্ম করিয়া থাকেন, আজ তিনিই বনে চলিলেন। দশরথের প্রিয়মহিষীয়া বিবৎসা ধেরুর ন্যায় এই বলিয়া উচ্চৈঃম্বরে রোদন করিতেন লাগিলেন। অবিরল্গলিত নেজেজলে তাঁহাদের বক্ষঃম্বল ভাসিয়া গেল

এবং সকলেই বারংবার রাজার নিন্দাবাদে প্রবৃত্ত হইলেন।
তখন দলরথ অন্তঃপুর মধ্যে এই ঘোরতর আর্ত্তরব প্রবণ পূর্বক
পুত্রশোকে দেহ কুওলিত করিয়া আসনে অধ্যেমুখে লীন হইয়া
রহিলেন।

অনস্তর রাম মাতৃগণের এইরপ কাতরতা দেখিয়া বদ্ধ কুঞ্জরের ন্যায় ঘন ঘন নিংশ্বাস ত্যাগ করত জননীর অন্তঃপুরে উপ্রিত হইলেন। উহার দ্বারদেশে একটি বৃদ্ধ ও অন্যান্য অনে-কেই উপবিষ্ট ছিল। তাহারা রামকে দেখিবামাত্র সন্নিহিত হইয়া জয়াশীর্বাদ প্রয়োগ করিল। তৎপরে রাম প্রথম প্রকোষ্ঠ অতিক্রম পূর্বক দ্বিতীয় প্রকোষ্ঠে প্রবেশ করিলেন। তথায় রাজার বহুমানপাত্র বহুসংখ্য বেদজ্ঞ বৃদ্ধ ত্রাদ্ধণ অবস্থান করিতেছিলেন। তিনি তাঁহাদিগকে প্রণাম করিয়া তৃতীয় প্রকোষ্ঠে উপস্থিত হইলেন। তথায় আবালবৃদ্ধবনিতা সকলেই দ্বারক্রমা কার্য্যে নিযুক্ত ছিলেন তথায় আবালবৃদ্ধবনিতা সকলেই দ্বারক্রমা কার্য্যে নিযুক্ত ছিলেন তথায় হইতে কতকগুলি জ্রীলোক রামকে জয়াশীর্বাদ গ্রেয়াগ পূর্বক সংবর্ধনা করিয়া ছার্টমনে অণ্ডো গৃহ প্রবেশ পূর্বক কোশল্যাকে তাঁহায় আগমন বার্তা প্রদান করিল।

কৌশল্যা সংযম পূর্বক রজনী যাপন করিয়া প্রাতে পুত্রের হিতার্থ স্বয়ুং বিষ্ণু পূজা করিয়াছেন। তৎপরে শুক্ল বর্ণ পাউবস্ত্র পরিধান ও মঙ্গলাচার সমাপন পূর্বক পুলকিতমনে ঋত্বিগ্র গণ দারা হোম করাইতেছিলেন। গৃহমধ্যে দিধি ছত অক্ষত মোদক হবনীয় দ্বান্ত লাজ খেতমাল্য পায়ল ক্লপর * সমিধ ও পূর্ণকুম্ভ রহিয়াছে। কৌশল্যা ত্রতপালন-ক্লেশে ক্লপান্তী হইয়া দৈবকার্য্য লাখনে ব্যতিব্যস্ত আছেন। ঐ সময় তিনি দেবতপ্রণ করিতেছিলেন। এই অবসরে তাঁহার বছদিনের বাসনার ধন আনন্দর্বন্ধন রাম উপস্থিত হইলে তিনি দৈবকার্য্য পরিত্যাগ করিয়া বালবৎসা বড়বার ন্যায় তাঁহার নিকটপ্থ হইলেন।

অনন্তর রাম কেশিল্যার চরণে প্রণাম করিলেন। কেশিল্যা তাঁহাকে আলিঙ্গন ও তাঁহার মন্তকাজাণ করিয়া পুত্রবাং-সল্যে প্রিরবাক্যে কহিলেন, বংস! তুমি ধর্মশীল রন্ধ রাজুর্ধি-গণের আয়ুং কীর্ত্তি এবং কুলোচিত ধর্ম লাভ কর। দেখ, মহারাজ কেমন সভ্যপ্রভিজ্ঞ, ভিনি আজ নিশ্চরই ভোমাকে বেবিরাজ্যে নিয়োগ ক্রিবেন। এই বুলিয়া কেশিল্যা রামকে উপবেশনার্থ আসন প্রদান পূর্বক ভোজনে অনুরোধ করি-লেন। তখন বিনীতস্থভাব রাম্ উপবিষ্ট না হইয়া দণ্ডকা-রণ্যে প্রস্থান করিবার উদ্দেশে মাত্গোরব রক্ষার্থ অবন্তমুখে অঞ্চলি প্রসারণ পূর্কক কহিলেন, জননি! আপনার, লক্ষ্মণের

ভিল মদা ও ভণুল মিশ্রিত অর।

কহিলেন, জননি ! আপানার জানকীর ও লক্ষাণের কোন হুঃখজনক ঘটনা উপস্থিত, বোধ হয় আপানি প্রেহা জানিতে পারেন
নাই । আমি এখনই দণ্ডকারণ্যে যাত্রা করিব । আর আসনে
আমার প্রয়োজন কি ? এক্ষণে আমাকে ঋষিগণের বিফরাসন
ব্যবহার এবং তাঁহাদিগেরই ন্যায় আমিষ পরিত্যাগ পূর্বক কন্দমূলকলে শরীর ধারণ করিয়া বনে বনে চতুর্দশ বৎসর অতিবাহিত
করিতে হইবে । মহারাজ আজ আমায় তপস্থিবেশে অরণ্যে
নির্বাসিত করিয়া ভরতকে যৌবরাজ্য প্রদান করিতেছেন ।
আতএব আমি চতুর্দ্দশ বৎসর বলকল ধারণ ও বানপ্রাস্থের ন্যায়
আচরণ করিব ।

কেশিল্যা এই বাক্য শ্রবণ করিবামাত্র কুঠারচ্ছিন্ন শালযতির ন্যায় স্বরলোক-পরিভ্রম্থ স্বরনারীর ন্যায় তৎক্ষণাৎ
ভূতলে নিপতিত ইইলেন। যিনি কখনই ছংখ সহ্য করেন
নাই, রাম তাঁহাকে কদলীর ন্যায় ধরাসনে শরান ও মুর্চ্ছিত
দেখিয়া ব্যস্তসমন্তচিত্তে উত্থাপিত করিলেন এবং বড়বা যেমন
ভার বহন পূর্বক প্রমাপনোদনার্থ ভূপৃষ্ঠে লুঠিত হয়, তাঁহাকে
সেইরপ লুঠিত ও ঘূলিঘ্সারিত দেখিয়া স্বয়ং স্বহস্তে তাঁহার
সর্বাঙ্গ মুহাইতে লাগিলেন।

অনস্তর কেশিল্যা এই অপ্রিয় সংবাদে নিতান্ত ব্যথিত হইয়া লক্ষ্যোর সমক্ষে রামকে সম্বোধন পূর্বক কহিলেন, বৎস!

কেবল ক্লেশের নিমিত্ত যদি না তোমায় উদরে ধরিতাম, তাহা হইলে লোকে নয় আমাকে বন্ধ্যা বলিত, কিন্তু তদপেকা অধিক তুঃখ আর আমায় সহা করিতে হইত না। 'আমি নিঃসম্ভান' বন্ধ্যার কেবল এই একটি মাত্রই হুঃখ, তাডিম আর কিছুই নাই। রাম! স্বামী অনুরক্ত হইলে জ্রীলোকের যে স্থৰ্সে ভাগ্য লাভ হয়, ভাগ্যে তাহা ঘটে নাই; একটি পুত্ৰ হইলে সব হু:খই দূর হইবে, এই আশ্বাসেই এত কাল প্রাণ -ধারণ করিয়াছিলাম। আমি রাজার জোষ্ঠা মহিষী, অতঃপর আমায় কনিষ্ঠাদিগের হৃদয়বিদারক অপ্রীতিকর কথা শুনিতে হইবে। বংস! সপত্নীগণের বাক্যযন্ত্রণা সহু করা অপেকা দ্রীলোকের কষ্টকর আর কি আছে। আনার যেমন ছুঃখ শোকের সীমা নাই এরপ আর কাহারই দেখিতে পাওয়া ষায় না। তুমি থাকিতেই ষখন সপত্নীরা আমার এইরূপ ছুর্দশা করিল, তখন তুমি নির্বাসিত হইলে যে কি হইবে বলিতে পারি না; হা! পূতি প্রতিকুল বলিয়া কৈকে-য়ীর কিন্তুরী সকল কত্ই অবমাননা করিয়াছে। আমি উহাদের সমান বা উহাদের অপেক্ষাও অধম হইয়া আছি। বাহারা আমার অনুগত হয়, আমার দেবা ওঞাবা করে, তাহারা কৈকেরীর পুত্র ভরতকে আসিতে দেখিলে ভয়ে व्यात्र वामात्र मञ्जावन करत ना। वर्म! टेकटक्त्री मर्खनाहे

ক্রোবভরে রহিয়াছে, ভোমাকে বনে বিসর্জন দিয়া বল কিরুপো ঐ কর্কশভাষিণীর মুখ দর্শন করিব। উপুনয়নের পর তোমার ষয়স সপ্তদশ বৎসর হইয়াছে, এতদিন কেবল ছঃখাবসানের আশাতেই অতিবাহিত হইয়া গেল; এখন আমি জীৰ্ণ হইয়া পডিয়াছি, চির দিনের নিমিত্ত ভৌমার এই অক্ষয় বনবাস হুঃখ আর সহ্য করিতে পারিব না এবং সপত্নীদিগের অভ্যাচারও আর আমায় সহিবে না। তোমার এই পূর্ণচল্রের ন্যায় হন্দর আনন সন্দর্শন না করিয়া বল কিরূপে দীনভাবে কালাভিপাত-করিব। হা! অতঃপর সকলে এই বলিয়া আক্রেপ করিবে যে কৌশল্যার জীবন কেবল ক্লেশে ক্লেশেই গিয়াছে। আমি অতি মন্দভাগিনী, কত কন্ট কত উপবাস করিয়া ভোমায় বাডাইলাম. হিরদুউক্রমে সমুদায় পণ্ড হইয়া গেল। বর্ষাসলিলে নদীকুলের नगांत्र आयांत्र ईंग्स यथन वहे इः १४७ विमीर्ग हहेन ना, उथन বোগ্ন হইতেছে ইহা নিভাস্তই কঠিন। এই হভভাগিনীর মৃত্যু নাই-যমালয়েও স্থল নাই। মৃগরাজ সিংহ যেমন সহসা সজলনয়না কুরঙ্গীকে লইয়া যায়, ক্তান্ত আজ কেন আমায় मिरेक्रे नरेलन ना। ध्यम निक्त्रहे ताव हरेए एक, आयात्र এই হৃদর লোহময়! ভোমার মুখে এই ছঃখের কথা যেমন শুনি-माम, मध्य अमनिरे जुछत्म পिंज्नाम, कि है हो विमीर्ग इरेल ना, अहे इःश्वात्रशास प्रदेश भेजशो हुर्ग इहेग्रा शाम ना । अकरा

বোধ হইতেছে, অসময়ে মৃত্যু সকলের ভাগ্যে স্থলভ নছে।

যদি হইত, তবে ত্রোমা বিনা আজিই তাহা দেখিতে পাইতাম। বাছা! তোমারে বনবাস দিয়া আমার এই জীবনে
প্রায়োজন কি? ধেরু যেমন বৎসের অনুসরণ করে, সেইরূপ
মেহের প্রেরণায় আজ অরণ্যে তোমার পশ্চাৎ পশ্চাৎ যাইব।
হা! আমি পুত্রের নিমিত্ত এত যে তপ জপ করিয়াছি, উষরক্ষেত্র-নিপতিত বীজের ন্যায় সমুদায়ই নিষ্কৃল হইয়া গেল!

দেবী কৌশল্যা রামকে সত্যপাশে বন্ধ দেখিয়া এবং তাঁহার
বিয়োগে সপত্নীকৃত ছংখপরম্পরা পর্যালোচনা করিয়া পাশসংযত পুত্র-দর্শনে কিন্নরীর ন্যায় শোকাবেগে এইরূপ বিলাপা
ও পরিতাপ করিতে লাগিলেন।

একবিংশ সর্গ

অনন্তর দীন লক্ষণ রামজননী কেশিল্যাকৈ এইরপ শোকাং কল দেখিয়া তৎকালোচিত বাক্যে কহিতে লাগিলেন, আর্য্যে! এই রঘুপ্রবার রাজজী পরিত্যাগ করিয়া যে বন প্রস্থান করিবেন, ইহা স্থাসত হইতেছে না। মহারাজ বৃদ্ধ হইয়াছেন, তাঁহার প্রকৃতির বৈপরীত্য ঘটিয়াছে। তিনি বিষয়াসক্ত কামার্ত্ত জৈণ, স্থতরাং জীলোকের মন্ত্রণায় তিনি কি না বলিবেন। আর্য্য রাম নির্বাসিত হইবেন এমন কি অপরাধ করিয়াছেন। পরোক্ষেও ইহাঁর দোষ কীর্ত্তনে সাহম করিতে পারে, অপরাধী শক্রর মধ্যেও আমি অভাবিধি এমন কাহাকেই দেখি না। ইনি দেবপ্রভাব সরল-স্থভাব ও নির্লোভ । শক্রর প্রতিও ইহাঁর অসাধারণ ক্ষেত্র। এক্ষণে ধর্মের মুখাপেক্ষা করিয়া কোন্ ব্যক্তি অকারণে এইরপ গুণবান পুত্রকে পরিত্যাগ করিবে। মহানাজ প্রীন্যায় বালকের ন্যায় নিতান্ত অবিবেচক হইয়াছেন,

কোন পুত্রই বা পূর্ব্ব-নুপতি-চরিত্র পর্য্যালোচনা করিয়া তাঁহার আদেশ ,শিরোধার্য্য করিয়া লইবে। আর্য্য! আপ-নার এই নির্বাসন-সংবাদ প্রচার না হইতেই আপনি আমার সাহায্যে 'সমস্ত রাজ্য হস্তগত করুন। আমি যখন সাক্ষাৎ কুতান্তের ন্যায় শরাসন ধারণ পূর্বক আপনার পার্শ্ব রক্ষা করিব, তথন কাহার সাধ্য যে, অভিযেকের বিদ্ন সম্পাদন করিবে। যদি বিশ্লের কোন স্থচনা দেখি, নিশ্চয়ই কহিতেছি, স্থতীক শরে অধোধ্যা নগরী নির্মনুষ্য করিব। যে ব্যক্তি ভরতের পক্ষ, যে তাহার হিতাভিলায করিয়া থাকে, আমি আজ ভাহাদের সকলকেই বিনষ্ট করিব; আপনি নিশ্চয় জানিবেন যে মুত্রতাই পরাভবের কারণ হইয়া থাকে। আর্য্য! অধিক আর কি কহিব, পিতা কৈকেয়ীর প্রতি সম্ভুট হইয়া তাহারই উৎসাহে যদি আমাদিগের বিপক্ষতা করেন, তবে তাঁহাকেও সংহার করিতে হইবে। গুৰু যদি কার্য্যা-কার্য্যবিচার-শুন্য ও গর্বিত হন, তাঁহাকে শাসন করা ধর্মসকত। দেখুন জ্যেষ্ঠত্ব-নিবন্ধন রাজ্য আপনারই প্রাপ্য, স্তরাং মহারাজ কোন বলে এবং কোন যুক্তিতেই বা কৈকে-রীকে তাহা দিবার অভিলাষ করিয়াছেন। আমি মুক্তকঠে কহিতেছি, অাপনার ও আমার সহিত শক্তা করিয়া অছ কেইই ভরতকে রাজ্য প্রদান করিতে পারিবে না।

দেবি! আমি যথার্থতই হৃদয়ের সহিত রামকে প্রীতি করিয়া থাকি। এক্ষণে সত্য, শরাশন ও প্রিয় বস্তর উল্লেখ করিয়া শপথ করিতেছি, যদি রাম হুতাশন বা অরণ্যে প্রবেশ করেন, আপনি নিশ্বয় জানিবেন আমি ইহার অত্রেই তয়য়ের প্রবিষ্ট হইব। দিবাকর যেমন অন্ধকার নফ করেন, সেইরূপ আমি স্বীয়্য প্রভাবে আপনার হঃখ দূর করিব। এক্ষণে আপনি ও আর্য্য রাম আপনারা উভয়েই আমার পরাক্রম প্রত্যক্ষ করন। আমি কৈকেয়ীর প্রতি অনুরক্ত বৃদ্ধ হইয়াও বাল- 'স্বভাবাপর পিতাকে এখনই বিনাশ করিব।

দেবী কেশিল্যা মহাবীর লক্ষ্মণের এইরূপ বাক্য প্রবণ করিয়া শোকাকুলিত মনে সাঞ্জনয়নে রামকে কছিলেন, বৎস! লক্ষ্মণ যাহা কহিলেন, তুমিত তাহা প্রবণ করিলে? এক্ষণে যদি তোমার অভিপ্রেত হয়, তবে ইহারই মতারুবর্তী হও। তুমি আমার সপত্নী কৈকেয়ীর অধর্মজনক বাক্যে শোক-বিহ্বলা জননীকে পরিত্যাগ করিয়া যাইও না। যদি ভোমার ধর্মানুষ্ঠানের বাসনা হইয়া থাকে, গৃহে অবস্থান করিয়াই আমার সেবা কর, তাহাতেই ভোমার ধর্ম সঞ্চয় হইতে পারিবে। দেখ, মহর্ষি কাশ্যপ নিয়তকাল গৃহে থাকিয়াই মাতৃ সেবা করিয়া-ছিলেন, সেই পুণ্যবলেই স্বর্গলাভ করেন। গুরুত্ব নিবন্ধন মহা-রাজের ন্যায় আমিও তোমার পুজনীয়, এই কারণে আমি তোমায়

বনগমন করিতে দিব না। বৎস! তোমাকে বিদায় দিয়া আমার জীবন ও স্থেই বা প্রয়োজন কি, তোমায় লইয়া তৃণ ভক্ষণ পূর্বক কালাতিপাত করাও আমার শ্রেয়। তুমি আমাকে শোকাকুল দেখিয়াও যদি পরিত্যাগ করিয়া বনে যাও, তাহা হইলে আমি অনশনে দেহপাত করিব। আমি আত্মযাতিনী হইলে ,সমুদ্র যেমন ব্রন্ধহত্যা পাপে লিপ্ত হইয়াছিলেন, তদ্দেপ তুমিও এই অধর্মে নরকস্থ হইবে।

রাম জননীকে দীন ভাবে এইরপ বিলাপ ও পরিতাপ করিতে দেখিয়া ধর্মসঙ্গত বাক্যে কহিলেন, মাতঃ! আমি পিতৃ আজ্ঞা লজ্মন করিতে পারি না , আপানার চরণে ধরি, বন্নামনে আমায় অনুজ্ঞা কৰুন। দেখুন, বনবাসী মহর্ষি কণ্ডু অধর্ম জানিয়াও পিতৃ-আজ্ঞায় ধেরু নই করিয়াছিলেন। পূর্বে আমাদিগেরই বংশে মহারাজ সগরের আদেশে তাঁহার বহি সহস্র পুত্র ভূমি খননে প্রের্ত্ত হইয়া বিনাশ প্রাপ্ত হন। জমদিরিনন্দন মহাবীর রামও পিতৃনিয়োগ লাভ করিয়া অরণ্যে কুঠার দ্বারা জননীর শিরশ্ছেদন করিয়াছিলেন। দেবি! এই সমস্ত দেবতুল্য মহাত্মা এবং অন্যান্য অনেকেই পিতৃ-আজ্ঞা পালন করিয়াছিলেন; অতএব যাহাতে পিতার মঙ্গল হয়, আমি তাহাই করিব। দেখুন কেবল আমিই যে পিতার আজ্ঞানুবর্ত্তী হয়তেছি, তাহা নহে, যে সমস্ত দেবতুল্য মহাত্মার নামো-

লেখ করিলাম, ইহাঁরা অত্যেই ইহার পথ প্রদর্শন করিয়া গিয়া-ছেন। পূর্বে বাহার অনুষ্ঠান না হইয়াছে, আমি এইরপ ধর্মে আপনাকে প্রবর্তিত করিতেছি না, পূর্বতন মহাঝাদিগের অভিপ্রেত ও অনুসূত পথই আমার স্পৃহনীয়। জননি! পিতৃ-আজ্ঞা পালন মনুষ্যের একটি কর্ত্তর্য কর্ম, এই জন্যই আমি এই বিষয়ে স্বিশেষ যত্ত্বান্ হইয়াছি। আপনি কিছুতে ইহা অধ্যা বিবেচনা করিবেন না। দেখুন পিভার আজ্ঞানুবর্তী হইলে কোন কালে কাহারই ধর্মহানি হয় না।

মহাবীর রাম জননী কেশিল্যাকে এইরপ কহিয়া পুনরায় লক্ষণকে কহিলেন, লক্ষণ! তুমি যে আমাকে ক্ষেহ করিয়া থাক, আমি তাহা বিলক্ষণ জ্ঞাত আছি এবং তোমার বল বীর্ষ্য ও তুর্বিষহ তেজও সম্যক জানিয়াছি। এক্ষণে জননী আমার সভ্য ও শাস্ত অভিপ্রায় বুঝিতে না পারিয়া আমার বনগমন-বার্জায়- যার পর নাই কাতর হইতেছেন। দেখ, লোকে ধর্মকেই উৎকৃষ্ট পদার্থ বলিয়া স্বীকার করে, এবং ধর্মেই সভ্য প্রতিষ্ঠিত আছে। পিতা আমাকে যে বিষয়ে আদেশ করিয়াছেন, তাহা ধর্মসংক্রাস্ত। যে ব্যক্তি ধার্ম্মক, পিতা মাতা বা ত্রান্ধানর করিয়া রক্ষা না করা তাঁহার নিভাস্ত অকর্ত্রর। স্মৃত্রাং আমি যখন পিতার নিদেশ ও দেবী কৈকেরীর আদেশ পাইয়াছি, তখন বনগমনে কোন মতে ক্ষান্ত হইতে

পারি না। এই কারণে কহিতেছি তুমি নিভান্ত গর্হিত ক্ষত্রির ধর্মানুরপ বুদ্ধি এখনই পরিত্যাগ কর। যে ধর্ম অতি কঠোর, ভাহা আশ্রয় করিও না। এক্ষণে আমারই মভানুবর্জী হও।

রাম ভাতৃমেহে ভাতা লক্ষণকে এইরপ কছিয়া কুডাঞ্জলি-পুটে কৌশল্যাকে কহিলেৰ, দেবি! আমি বনে ষাইব, আপনি অনুমতি প্রদান কফন। আমার দিব্য, আপনি আমার এই শ্রেরে বিদ্নাচরণ করিবেন না। রাজর্ষি যযাতি যেমন ভূষি হইতে স্বর্গে আগমন করেন, সেইরূপ আমি প্রতিজ্ঞা উত্তীর্ণ ছইয়া পুনরায় গৃহে প্রভ্যাগমন করিব। শোক করিবেন না, गत्नत घः थ गत्नरे मः वत्न ककन। आगि निक्तत कहिट्छि, পিতার আদেশ পালন করিয়া বনবাস হইতে পুনর্কার গৃহে প্রত্যাগমন করিব। দেখুন আপনি, আমি, জানকী, লক্ষণ ও স্থমিত্রা আমরা এই কএক জন, পিতা যাহা বলিবেন, তাহাই করিব, ইহাই যথার্থ ধর্ম। এক্ষণে দুঃখ শোক পরিভ্যাগ করুন এবং অভিষেক ব্যাপারে ক্ষান্ত হইয়া আমারই এই ধর্মবৃদ্ধির অনু-সারিণী হউন।

রাম অবিহৃত মনে বিনীত বচনে এইরপ যুক্তিসকত বাক্য প্রায়োগ করিলে দেবী কোশল্যা মুচ্ছিতের ন্যায় বেন পুনরায় সংজ্ঞা লাভ করিলেন এবং নির্ণিমেষ লোচনে রামের প্রতি দৃষ্টিপাত পূর্বাক কহিলেন, বৎস! আমি ভোমাকে অতি ষত্নে ও স্বেহে লালন পালন করিয়া থাকি, স্থতরাং মহারাজের
ন্যায় আমিও তোমার গুরু । বল, তুমি কি বলিয়া এক্ষণে এই
হুংখিনীকে পরিত্যাগ পূর্বক বনে যাইবু । রাম ! তোরে
বিদায় দিয়া পৃথিবীতে বাঁচিবার ফল কি, অন্যান্য আত্মীয়
স্কলনই প্রয়োজন কি, দেবপূজা ও তত্ত্তানেই বা আর
কি হইবে ? যদি সংসারের সকল সম্পর্ক পরিত্যাগ করিয়া
তোরে মুহুর্তেকের নিমিত্তও দেখিতে পাই, তাহাও ভাল ।

তখন অন্ধনারপ্রবিষ্ট হস্তী যেমন উল্কা-দণ্ড-স্পৃষ্ট হইয়া ক্রেনিং প্রজ্বলিত হইয়া উঠে, সেইরপ রাম জননী কেশিল্যার এই প্রকার করণ বাক্যে একান্ত ক্রোথাবিষ্ট হইয়া উঠি-লেন। সমুখে মাতা শোকে বিচেতনপ্রায়, জাতা লক্ষ্মণ ও ত্রুখে একান্ত আর্ত্ত , সন্তুপ্ত, তদ্দর্শনে রাম আপনার ধর্মবৃদ্ধিরই অনুরূপ বাক্যে কহিতে লাগিলেন, লক্ষ্মণ! আমার উপর ভোমার যে ঐকান্ত্রিক ভক্তি আছে, আমি তাহা জ্ঞাত আছি এবং তোমার পরাক্রম যে অসাধারণ, তাহাও জানি; কিন্তু আমি তোমাক ভুরোভুরঃ নিবের করিতেছি, তুমি আমার অতিপ্রায় বৃদ্ধিতে না পারিয়া জননীর সহিত আমাকে আর ত্রুংখিত করিও না। এই জীবলোকে পূর্বকৃত ধর্মের কলোৎপত্তিকাল উপন্থিচ হইলে ধর্ম অর্থ ও কাম এই তিনই উপলব্ধ হইয়া খাকে, স্থতরাং যে কার্য্যে ধর্ম অর্থ ও কাম এই তিনই প্রাপ্ত

হওয়া যায়, তাহা হৃদয়হারিণী একান্ত বশ্যা পুত্রবতী ভার্যার नाप्त अवभारे म्लुहर्नीय मास्ट नारे। किन्छ याशास्त धर्मानि কিছুরই সমাবেশ দৃষ্ট হয় না, তাহার অনুষ্ঠান শ্রেয়স্কর নহে। যাহাতে ধর্ম সংগ্রহ হয়, তাহাই করিবে। যে ব্যক্তি উপেক্ষা-দোবে ধর্ম নউ করিয়া স্বার্থপর হয়, সে লোকের দ্বেষভাজন হইয়া থাকে। আর ধর্মবিরহিত কামও কোনরূপে প্রশস্ত বলিয়া পরিগণিত হইতে পারে না। দেখ আমাদিগের বৃদ্ধ পিতা ধনুর্বেদ প্রভৃতিতে আমাদিগকে সম্যক উপদেশ দিয়াছেন। তিনি কাম ক্রোধ অথবা হর্ষ বশন্তই হউক, ষেরূপ আজ্ঞা দিবেন, ধর্মবোধে কে তাহার অনুষ্ঠান না করিবে ? এই কারণে পিতা যে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহার বিকদ্ধাচরণ করিতে আমি সমর্গ হইতেছি না। মহারাজ আফাদিগের পিতা, আমাদিগের উপর তাঁহার সর্বাঙ্গীন প্রভুতা আছে। বিশেষতঃ দেবীর তিনি ভর্তা, তিনিই গতি ও তিনিই ধর্ম। অধিক আর কি কহিব তিনি জীবিত আছেন, বিশেষত পুত্র পরিত্যাগ করিয়াও ধর্ম-রক্ষার প্রস্তুত হইয়াছেন, এইরূপ অবস্থায় তাঁহার আজ্ঞাক্রমে দেবীও অন্য অনাধা জীলোকের ন্যায় আমার সহিত এই স্থান হইতে বহিকৃত হইতে পারেন। অতএব ইনি বনগমন বিষয়ে খামায় খাদেশ ককন, খামি ত্রতকাল পূর্ণ করিয়া কাহাতে প্রভ্যাগমন করিতে পারি, আমার এইরপ আলীর্বাদ ককন।

দেবি! আমি রাজ্য লোভে মহাকলজনক বশে কিছুতেই উপোক্ষা করিতে পারিব না। জীবন কাহারই চিরস্থারী নহে, স্থতরাং অধর্মানুসারে অদ্য এই তুদ্ধ পৃথিবীকে হস্তগত করিতে আমার কিছুতেই স্পৃহা হইবে না।

মনুজপ্রধান রাম অক্ষুক্তিতে দণ্ডকারণ্য প্রস্থান করিবার নিমিত্ত বীর লক্ষণকে এইরপ উপদেশ দিয়া জননীকে প্রদ-ক্ষিণ ও প্রসন্ন করিয়া তথা হইতে নিষ্কান্ত হইবার ইচ্ছা করিলেন।

षानिश्य मर्ग।

সমস্তর লক্ষণ রামের এইরপ রাজ্যনাশ ও বনবাস আলোচনা করিয়া ছুংখে অস্ত্রমাণ হইয়া রছিলেন। রামের ছুর্দ্দশা
ভাঁছার কোন মতেই সৃষ্ণ হইল না; নেত্রস্থাল ক্রোণে বিক্যারিত হইয়া উঠিল। তখন স্থীর রাম ক্রোণাবিই হন্তীর নাায়
প্রিয়মিত্র স্থাত্রানন্দন লক্ষণকে সম্থীন করিয়া অবিক্রতমনে
কহিতে লাগিলেন, বংস! এক্ষণে ক্রোথ শোক এবং এই
স্বেমাননাকে হালয়ে হান প্রানান করিও না। আমার নিমিত্ত যে
অভিষেক্রে আয়োজন হইয়াছে, ধৈর্যাও হর্ষের সহিত ভাহা
বিদ্রিত কর এবং এই বনগমনরূপ অবিনশ্বর যশের সহায়ে
প্রেরত হও। আমার অভিষেকের দ্রব্য সামগ্রী সংগ্রহ করিবার
নিমিত্ত সেইরপ বত্ব কর। রাজ্যাভিষ্কের কথা শুনিরা যাইার
সম্ভাপ উপস্থিত হইয়াছে, আমাদিগের সেই মাতা কৈকেরীর

যাহাতে শঙ্কা দূর হয়, তুমি সেই কার্য্যে প্রবৃত্ত হও। তাঁহার অস্তুরে যে অনিষ্ট-আশক্কা-মূলক ছু:খ উৎপদ্ধ হইয়াছে, আমি মুহূর্তকালের নিমিত্তও তাহা উপেকা করিতে পারি না। জ্ঞান বা অজ্ঞান বশতই হউক পিতামাতার নিকট যে সামান্য মাত্র অপরাধ করিয়াছি, ইহা কদাচই আমার স্মরণ হয় না। আমার পিতা সত্যবাদী ও সত্যপ্রভিজ্ঞ। তিনি পরলোক-ভয়ে নিতাস্ত ছীত হইয়াছেন। একণে তাঁহার ভয় দূর হউক। অভি-বেকের অভিলাবে ক্ষান্ত না হইলে পিতা আপনার কথা রক্ষা হইল না দেখিয়া যৎপরোনান্তি মনন্তাপ পাইবেন, ভাঁহার ছুঃখ আমাকেও মর্মবেদনা দিবে; এই কারণে আমি রাজ্য-লোভ পরিত্যাগ করিয়া এখনই এই পুরী হইতে নির্গত হইবার ইচ্ছা করি! আমি নির্গত হইলে আজ কৈকেয়ী কৃতকার্য্য হইয়া নিক্ষণকৈ আপনার পুত্র ভরতকে রাজ্যে অভিষেক করিকেন। আমি জটাবল্কল ধারণ পূর্ব্বক অরণ্যে প্রস্থান कतिल जिनि मत्नेत सूर्य कालगांभेन कतिए भातिरान। যিনি কৈকেয়ীকে এই বুদ্ধি প্রদান করিয়াছেন, তিনিই আবার এই বৃদ্ধির অনুযায়ী কার্য্যসাধনে তাঁহাকে অটল রাখিয়া-ছেন ; হতরাং আমি দেবীর মনঃকোড জ্যাইতে কোন गरछरे भातिव ना, अथनरे वनवारमास्मरण श्रेष्ट्रांन कतिव। লকণ! প্রাপ্তরাজ্যের পুনঃ প্রত্যাহরণ ও আমার নির্বাসন এই

ছুই বিষয়ে দৈবই কারণ সন্দেহ নাই। আমার প্রতি কৈকে-রীর মনের ভাব মে এইরূপ কলুষিত হইয়াছে, দৈবই ইহার নিদান, তাহা না হইলে কৈকেয়া আমায় তুঃখ দিবার নিমিত্ত কখনই এইরপ অধ্যবসায় করিতেন না। ভাই ! তুমি ত জ্বানই যে আমি কোন কালে মাতৃগণের মধ্যে কাছাকেই ইতর বিশেষ করি নাই, আর কৈকেয়ীও আমাকে ও ভরতকে কখন ভিন্ন ভাবে দেখেন নাই; স্নতরাং তিনি অতি কঠোর বাক্যে যে আমার রাজ্যনাশ ও বনবাস প্রার্থনা করিয়াছেন, তিৰিষয়ে দৈব ভিন্ন অন্য কোন কারণই দেখি না। দেবী কৈকেয়া সৎস্বভাবা ও গুণবতী হইয়া ভর্তুসমক্ষে সামান্য खीलां (कंत्र नाम्र य जामां क्रमकत वाका श्रामां कतित्वन, দৈব ভিন্ন ইহার অন্য কোন কারণই দেখি না । যাহা অচিন্তানীয় তাহাই দৈব: জীবগণের অধিষ্ঠাতা ত্রন্ধাদি দেবতারাও এই দৈবকে অতিক্রম করিতে পারেন না। এই দৈব প্রচ্ছাবেই কৈকেয়ীর ভাব-বৈপরীতাঁ ও আমার রাজ্যনাশ উপস্থিত হইয়াছে। বংস! কর্মফল ব্যক্তীত যাহার জ্বেয় আর কিছুই নাই, সেই দৈবের সহিত কোন ব্যক্তি প্রতিদ্বন্ধিতা করিতে সাহসী হইবে। সুখ দ্বংখ ভয় ক্রোধ ক্ষতি লাভ বন্ধন ও মুক্তি এই সমস্ত বিষয়ের মধ্যে ছুভ্জেয়-কারণ এমন यांचा किছू चिंटिउट्स, उৎসমুদায়ের মূলই দৈব। দেখ

উত্তাতপা তাপদের। দৈববশতই কঠোর নিয়ম সমুদায়
পরিত্যাগ করিয়া কাম ও ক্রোবে অভিভূও হর্দরা থাকেন।
এই জীবলোকে আরব্ধ কার্য্য প্রতিহত করিয়া অকন্মাৎ বে
কোন অসংকম্পিত বিষয় প্রবর্ত্তিত হয়, তাহা দৈবের বিলাস
ভিন্ন আর কিছুই নহে।

লক্ষণ ! এক্ষণে যদিও অভিষেকের ব্যাঘাত ঘটিতেছে, কিন্ত এই ডব্ৰুজ্ঞান দারা আপনাকে প্রবোধিত করিতে পারিলে ভোমার আর কিছুমাত্র পরিভাপ উপস্থিত হইবে না । তুমি এই উপদেশ-বলে ত্রঃখ সংবরণ করিয়া আমার মতারুবর্ত্তী হও এবং অভি-যেকের আয়োজনে শীত্র সকলকে নিরুস্ত কর। আমার অভিষেক সাধনার্থ যে সকল জলপূর্ণ কলস স্থাপিত রহিয়াছে, একণে ঐ সমন্ত দারা আমার তাপস-ত্রতের স্থানক্রিয়া সমাহিত হইবে। অথবা অভিষেকসংক্রান্ত এই সমুদায় ক্রব্যে দৃষ্টিপাত করিবার আর আবশ্যকতা নাই, গ্লামি স্বহস্তেই কৃপ হইতে জল উদ্ভ করিয়া বনবাস-ত্রতে দীক্ষিত হইব ৷ ভাই! রাজ্য-লক্ষী হস্তগত হইল না বলিয়া তুমি ছুঃধিত হইও না, রাজ্য ও বন এই উভয়ের মধ্যে বনই প্রশন্তঃ দৈৰের প্রভাব বে কিরুপ তুমি ড ভাহা জ্ঞাত হইলে, স্বভরাং এই রাজ্যনাশ বিষয়ে দৈবোপহত পিতা ও কনিষ্ঠা মাতার দোষা-শঙ্কা করা আর ভোমার কর্ত্তব্য হইতেছে না।

ত্রয়োবিংশ সর্গ

রাম এইরপ কহিলে মহাবীর লক্ষ্মণ সহসা ছু:খ ও হর্ষের, ম্ধ্যগত হইয়া অবনভমুখে কিয়ৎক্ষণ চিম্ভা করিলেন এবং ननारिशरि करूरी वन्नन शूर्वक विनमशृष्ट जूजरमत नाग्न ক্রোধভরে ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। তৎকালে তাঁহার বদনমণ্ডল নিতাস্ত ছনিরীক্ষ্য হইয়া উঠিল এবং কুপিত সিংহের মুখের ন্যায় অতিভীষণ বোধ হইতে লাগিল। অনন্তর হন্তী যেমন আপনার শৃশু বিক্লেপ করিয়া থাকে, তদ্রেপ তিনি হস্তাগ্র বিক্ষিপ্ত এবং নানা প্রকারে গ্রীবাভঙ্গি করিয়া বক্রভাবে কটাক্ষ নিক্ষেপ পূর্বক কহিতে लांशित्नन, वार्या! वर्षाताय श्रीतदात এवः चनुकारस लाकिंगिरक मर्गामाम चार्यन এই ছই कांत्रण दन গমনে আপনার যে আবেগ উপস্থিত হইয়াছে, ভাহা নিভান্ত ভান্তিমূলক। আপনার যদি মাবেগ উপস্থিত না হইড, তাহা হইলে ভবাদৃশ ব্যক্তির মুখ হইতে কি এইরূপ বাক্য নির্গত

হওয়া সম্ভব ? আপনি অনীয়াসেই দৈবকে প্রভ্যাধ্যান করিতে পারেন, তবে কি নিমিত্ত একাত্ত শোচনীয় অকিঞ্চিৎকর দৈবের প্রশংসা করিতেছেন / মহারাজ অতি পাপাত্মা, রাজমহিষী কৈকেরী অতি পাপীয়সী, ইহাঁদিগের পাপস্বভাবে আপনার কেন বিশ্বাস জ্বিডেছে না? ধর্মাত্মন! আপনি কি বিদিত नरहन य, এই জीवलारिक जरनरकहे किवल शर्मात जान করিয়া কালাভিপাত করিয়া থাকে? দেখুন, মহারাজ ও কৈকেয়ী স্বার্থের অনুরোধে ভবাদৃশ সক্ররিত্র পুত্রকে শঠতা পূর্ব্বক পরিত্যাগ করিতেছেন। শঠতা দ্বারা আপনাকে বঞ্চিত করা উাহাদিগের অভিপ্রায় না হইলে, ভাঁহারা রাজ্যাভিষেকের উদ্যোগ করিয়া কদাচই ভাহার বিপ্লাচরণ করিতেন না। আর যদি বরপ্রাসক সত্য হইত, অভিষেক আরস্তের পূর্বেই কেন ভাষার ফুচনা না ছইল ? যাহাই হউক জ্যেষ্ঠকে অতিক্রম করিয়া কৃনিষ্ঠের রাজ্যাভিযেক নিতান্ত গহিত, মহারাজ তাহারই অনুষ্ঠান করিতেছেন। হে বীর! এই জঘন্য ব্যাপার আমার কিছুতেই সহ্য হইতেছে না। এক্ষণে আমি মনের ছঃখে বাহা কিছু কহিতেছি, আপনি কমা করি-বেন। আরও আপনি যে ধর্মের মর্ম অনুধাবন করিয়া মুগ্ধ হুইভেছেন, যাহার প্রভাবে আপনার মতদ্বৈধ উপস্থিত **ब्रेग़ार्ड,** जामि मिटे धर्मारू दे खिय कति। जाशिम कर्मकम.

ভবে কি কারণে সেই জৈণ রাজার ছণিত অধর্মপূর্ণ বাক্যের বশীভূত হইবেন ? এই যে রাজ্যাতিষেকের বিদ্ব উপস্থিত হইল, বরদানদ্রলই ইহার কারণ; কিন্তু আপনি বে তাহা স্বীকার করিতেছেন না, ইহাই আমার হুংখ; ফলতঃ আপনার এই ধর্ম-বৃদ্ধি নিতান্তই নিন্দনীয় সন্দেহ নাই। আপনি অকারণে রাজ্য-পদ পরিত্যাগ করিয়া যে অরণ্যে প্রস্থান করিবেন, ইহাতে ইতর সাধারণ সকলেই আপনার অবশ বোষণা করিবে। মহা-হাজ ও কৈকেয়ী কেবল নামমাত্রে পিতা মাতা, বস্তুত তাঁহারা পরম শক্র, বাহাতে আমাদিগের অনিষ্ট হয়, প্রতিনিয়ত ভাহারই চেষ্টা করিয়া থাকেন; আপনি ব্যক্তিরেকে মনে यत्न जांदोनिरागत मक्कण मिक्क कतिए क्टि मध्य नाद । ভাঁহারা আপনার রাজ্যাভিষেকে বিশ্লাচরণ করিলেন, আপনিও তাহা দৈবকৃত বিবেচনা করিতেছেন, অনুরোধ করি, এখনই এইরপ ছুর্বুদ্ধি পরিত্যাগ করুন, এই প্রকার দৈব কিছুতেই व्यामात्र श्रीष्ठिकत इरेटण्ड ना। य गाकि निरस्क, निर्सीर्ग्य, সেইই देनद्वत अञ्चनत्र करत, किन्ह याँशात्र वीत, लात्क याँश-দিগের বল বিক্রমের স্লাখা করিয়া থাকে, ভাঁহারা কদাচই टेमरतत पूर्धारणका करतन ना। यिनि चीत्र श्रीकरथार्थन रेमयरक नित्रस कतिरा नमर्थ इन, रेमययरल जाँशात चार्यशीन रहेटल अवमन हम मा। आर्या! आंक लाटक टेम्बरल अवः

পুরুষের পোক্ষ উভয়ই প্রত্যক্ষ করিবে। অদ্য দৈব ও পুরুষ-কার উভয়েরই বলাবল পরীকা হইবে। বাহারা আপনার রাজ্যাভিষেক দৈবপ্রভাবে প্রতিহত দেখিয়াছে, আজ তাহা-রাই আমার পৌকষের হত্তে তাহাকে পরাত্ত দেখিবে। আৰু আমি উচ্ছৰাল হুৰ্দান্ত মদজাবী মত্ত কুঞ্জারের ন্যায় দৈবকে স্বীয় পরাক্রমে প্রতিনিবৃত্ত করিব। পিতা দশরথের কথা দূরে থাকুক, সমস্ত লোকপাল, অধিক কি ত্রিজগতের সমস্ত লোকও আপনার রাজ্যাভিষেকে ব্যাঘাত দিতে পারিবে না। যাহারা পরস্পর একবাক্য হইয়া আপনার অরণ্যবাস সিদ্ধান্ত করিয়াছে, আজ ভাহাদিগকেই চতুর্দ্দশ বৎস্তরের নিমিত্ত নির্বা-সিত হইতে হইবে। আপনার অনিষ্ট সাধন করিয়া ভরতকে রাজ্য দিবার নিমিত্ত রাজা ও কৈকেয়ীর যে আশা উপস্থিত হইয়াছে, আজ আমি তাহাই দদ্ধ করিব। যে আমার বিরোধী, আমার ছর্ব্বিষৰ পৌক্ষ. যেমন তাহার ছঃখের কারণ रहेरत, जिक्का देववन कमां हरे यूर्यंत निमिल रहेरतक ना। আর্য্য ! আপনি সহস্র বৎসর অস্তে বন প্রবেশ করিলে, আপ-নার পুরেরাই রাজসিংহাসন অধিকার করিবে। পুত্র অপড্য-নির্মিশেবে প্রজাপালনে সমর্থ হইলে তাহার হত্তে সমন্ত রাজ্যভার অর্পণ পূর্বক পূর্ব রাজর্ষিগণের দৃষ্টাপ্তানুসারে বন প্রস্থান করাই শ্রেয়।

মহারাজ চপলতা দোষে প্রতিকুল হইলে পাছে রাজ্য হস্তা-ন্তুর হয়, এই আশক্ষায় রাজসিংহাসন গ্রহণে আপনি অসমত হইবেন না। প্রতিজ্ঞা করিতেছি, আমিই আপনকার রাজ্য রক্ষা করিব, নতুবা চরমে যেন আমার বীরলোক লাভ না হয়। তীর-ভূমি যেমন মহাসাগরকে রক্ষা করিতেছে, ভদ্রূপ আমি আপনার রাজ্য রক্ষা করিব। এক্ষণে আপনি স্বয়ংই যতুবান হইয়া মাঙ্গলিক দ্রব্যে অভিষিক্ত হউন। ভূপালগণ যদি কোন প্রকার বৈরোধাচরণ করেন, আমি একাকীই তাঁহাদিগকে নিবারণ করিতে সমর্থ হইব। আর্য্য। আমার যে এই ভুজদণ্ড দেখিতে-ছেন, ইছা কি শরীরের সৌন্দর্য্য সম্পাদনার্থ ? যে কোদও দেখি-তেছেন, ইহা কি কেবল শোভার্থ? এই খজো কি কাষ্ঠ বন্ধন এই শরে কি কাষ্ঠভার অবভরণ করা হয়?—মনেও করিবেন না , এই চারিটি পদার্থ শত্রবিনাশার্থই ব্যবহৃত হইয়া থাকে। একণে বজ্রধারী ইক্রই কেন আমার প্রতিদ্বন্দী হউন না বিহ্নাতের ন্যায় ভাশ্বর তীক্ষণার অসি দারা তাঁহাকেও খণ্ড খণ্ড করিয়া ফেলিব ৷ হস্তীর শৃণ্ড অম্বের উক্দেশ এবং পদাতির মস্তক আমার খজো চূর্ণ হইয়া সমরাঙ্গন একান্ত গছন ও ছুরবগাহ করিয়া তুলিবে। অভ বিপক্ষেরা আমার অসিধারায় ছিন্নযুক হইয়া শোণিত लिखे (पटर थोपी खे भारतकत न। तेत्र कामा म भाषित মেষের ন্যায় রণক্ষেত্রে নিপতিত হইবে । আমি যখন গোধাচর্ম-

নির্মিত অঙ্গুলিতাণ ও শ্রাসন ধারণ করিয়া সমরসাগরে অবতীর্ণ হইব তখন, পুরুষের মধ্যে এমন কে আছে যে, বীর-मर्ल अज्ञी इरेएड शांतिता। आधि वह मःशा भरत वक ব্যক্তিকে এবং একমাত্র শরে বছু ব্যক্তিকে বিনাশ করিয়া হন্তী অর্থ ও মনুষ্ট্রের মর্মদেশ অনবরত বিদ্ধ করিব। অছ মহা-রাজের প্রভুত্ব নাশ এবং আপনার প্রভুত্ব সংস্থাপন এই উভয় কারণে আমার অন্তপ্রভাব প্রদর্শিত হইবে। যে হস্ত চন্দন লেপন, অঙ্কদ ধারণ, ধনদান ও স্থহান্তর্গের প্রতিপালনের সম্ক উপযুক্ত, অন্ত সেই হস্ত আপনকার অভিষেক-বিঘাতকদিগের নিবারণ বিষয়ে স্বীয় অনুরূপ কার্য্য সাধন করিবে। এক্ষণে আজ্ঞা কৰুন আপনার কোনু শত্রুকে ধন প্রাণ ও স্থল্যাণ হুইতে বিযুক্ত করিতে হুইবে। আমি আপনার চিরকিল্বর, আদেশ কৰুন, যেরূপে এই ব্যুমতী আপনার হস্তগত হয়, আমি ভাহারই অনুষ্ঠান করিব।

রঘুবংশাবতংক রাম লক্ষাণের এই প্রকার বাক্য প্রবণ পূর্বাক বারংবার তাঁহাকে সাস্ত্রনা ও তাঁহার অঞ্জল মার্জনা করিয়া কহিলেন, বৎস। আমি পিতৃআজ্ঞা পালন করিব সর্বাবয়বে ইহাই সৎপথ বলিয়া আমার বোধ হইতেছে।

চতুরিংশ সর্গ।

অনন্তর দেবী কেশিল্যা ধার্মিক রামকে পিতৃপাক্তা পালনে একান্ত অধ্যবসায়াক্রত দেখিয়া বাস্পাগদাদ কঠে কহিতে লাগি-লেন, হা ! যিনি আমার গর্ভে মহারাজ দশরথের ঔরসে জন্ম এছণ করিয়াছেন, যাঁহাকে কখনই চুঃখের মুখ দর্শন করিতে হয় নাই, সেই প্রিয়ংখদ রাম কি প্রকারে উঞ্চরতি ছারা দিনপাত করিবেন। ফাঁহার ভৃত্যেরা স্নুসংস্কৃত অন্ন ভৌজন করিয়। পাকে, তিনি অরণ্যে কি রূপে ফল মূল গোহার করিবেন। রাজার প্রিয় পুত্র গুণবান রাম নির্বাসিত হইতেছেন এই বাক্যে কে বিশ্বাস করিবে, বিশ্বাস করিলেও কাহার না অস্তরে ভয় উপস্থিত হইবে ৷ যখন হৃদয়রঞ্জন রামের বনবাস ঘটনা হইল, उथन नकलात निवस्ता रिमवरे य नसीर्शका श्रीवल, जारा নিঃশংসয়েই বোধ হইতেছে। বৎস! গ্রীত্মকালে ভূতাখন বেমন তৃণ লভা সকল দগ্ধ করিয়াখাকে, তজ্ঞপ এই শোকা-नन बामात अनम्र एक कतिया छिथिछ इरेटन, ভোমার अनर्गन-

রূপ বায় উহাকে প্রানীপ্ত করিয়া তুলিবে; ছংখ উহার কার্চ, চক্ষের জল আছুতি এবং চিন্তা-জনিত বাঞ্চ ধৃমস্বরূপ হইবে। বংস! এক্ষণে তুমি বধার যাইবে, বংসানুসারিণী ধেনুর ন্যায় আমি তোমার সমভিব্যাহারিণী হইব।

পুক্ষপ্রধান রাম শোকাতুরা জননীর এই প্রকার বাক্য প্রবণ করিয়া কহিলেন, মাতঃ! কৈকেয়ী বঞ্চনা করিয়া মহা-রাজকে ষৎপরোনান্তি ছঃখিত করিয়াছেন; এক্ষণে আমি ত বনে চলিলাম, আবার আপনিও যদি আমার অনুসরণ করেন, তাহা হইলে তিনি নিশ্চয়ই প্রাণ বিসর্জ্জন করিবেন। জ্রীলো-কের স্বামিপরিত্যাগ অপেক্ষা নিষ্ঠুরতা আর কিছুই নাই, সেই জ্বন্য বিষয় আপনি মনেও স্থান দিবেন না। জগতের পতি পিতা যত দিন জীবিত থাকিবেন, আপনি কায়মনোবাক্যে তাঁহার সেবা ক্রুন, ইছাই আপনার ধর্ম।

শুভদর্শনা কে শল্যা রামের এই কথা শুনিয়া প্রাভমনে কহিলেন, বৎস! স্বামীর শুশ্রুষা করা দ্রীলোকের অবশ্য কর্ত্বর সন্দেহ নাই। জননী স্বামিসেবায় অনুমোদন করিলে, ধর্মপরা-য়ণ রাম পুনর্কার কহিলেন, মাতঃ! মহারাজ আপনার ভর্তা এবং আমার পরম গুরু পিতা, বিশেষতঃ তিনি সকলের স্বধী-ম্বর ও প্রভু, তাঁহার আজ্ঞা পালন করা আমাদের উভয়ে-রই কর্তব্য। নিশ্বরই কহিতেছি আমি এই চতুর্দশবংসর কাল অর্থা পর্যাটন পূর্বাক প্রভাগামন ভরিয়া প্রীভমনে স্থাপানার দেবা গুঞ্জমা করিব।

তথ্য পুত্রবৎস্থলা কৌশল্যা ছঃখিত্যনে বাশপূর্ণ লোচনে কহিলেন, বংস! আমি তোমাকে বিদায় দিয়া এই সপত্নী-দিশের মধ্যে কোন মতেই তিন্ঠিতে পারিব না। যদি পিতার নিমিত্ত বনবাস্থই স্থির করিয়া থাক, তবে আমাকেও বন্য মৃগীর ন্যায় সঙ্গে লইয়া যাও; এই বলিয়া কৌশল্যা কৰণ কঠে রোদন করিতে লাগিলেন।

তদ্দর্শনে রাম স্বয়ং কাতর না হইয়া কহিলেন, জননি !
জীলোক যতদিন জীবিত থাকিবে, তত দিন তর্তাই তাহার
দেবতা ও প্রাস্তু; স্বতরাং মহারাজ আপনার ও আমার
উপর যে যথেক্ট ব্যবহার করিবেন, ইহাতে আর বক্তব্য কি
আছে ৷ তিনি সত্ত্বে নির্মন্তকের ন্যায় জ্ঞান করা আমাদিগের
কর্ত্বের নহে ৷ ভরত অতি প্রিয়বাদী ও ধর্মনিষ্ঠ, তিনি
সর্মতোভাবেই আপনার মনোরঞ্জন করিবেন, সন্দেহ নাই ৷
এক্ষণে সাবধান, আমি নিষ্ণাপ্ত হইলে মহারাজ আমার শোকে
যেন ক্লান্তি অনুভব না করেন ৷ আমার বিয়োগ-ছংখ তাঁহার
পাক্তে অতি দাকণ হইয়া উঠিবে, দেখিবেন, যেন অভংপর
তাঁহার প্রাণাধ্যকর কিছুই উপস্থিত না হয়় ৷ মাতং ! কায়মনে
সেই বৃদ্ধ রাজার হিত সাবন করা আপনার বিধেয় ৷ যে নারী

ব্রভোগদাস-শীল হইয়া ভর্তুবেবা না করে, তাহার অবাসতি
লাভ ইর ; ভর্তুদেবা করিলে স্থর্ম প্রাপ্তি ইইয়া খাকে। দেবভাকে পূজা ও নমন্ধার করিতে যাহার প্রশ্ধা নাই, ভাহার শুর্কুদেবা করাই শ্রেয়। দেবি! বেদ ও স্মৃতিশীল্রে প্রীজাভির এইরূপই ধর্ম নির্দ্ধিত আছে। একণে আপমি স্থামদেবার মর্দোনিবেশ করিয়া আহার সংযম পূর্বক আমারই শুভোদ্দেশে
প্রান্ধিকার্মে দেবগণের অর্চনা এবং ত্রতশীল বিপ্রবর্গের পূজা
করিবেন। এই ভাবে কিছু দিন আমার আগমন প্রভীক্ষায় •
ক্ষেপণ করুন। যদি মহারাজ জীবিত থাকেন, আমি প্রভ্যাগমন করিলে ইহার ফল অবশ্যই প্রাপ্ত হইবেন।

দেবী কেশিল্যা রামের এইরপ প্রবোধ জনক বাক্য প্রবণ করিয়া হংখিত মনে সজলনয়নে কহিলেন, রাম! তুমি বন-গমনে ক্তনিশ্চয় ইইয়াছ, তোঁমাকে ক্ষান্ত করা আর আমার সাধ্য নহে। বোধ হয় অবশুস্থাবী বিয়োগ-কাল অতিক্রম করা নিতান্তই স্কটিন। যাহাই হউক তুমি এক্ষণে একাগ্র-মনে গমন কর; তোমার মঙ্গল হউক। তুমি প্রভ্যাগমন করিলে আমার সকল হর্ভাবনা দূর হইবে। তুমি এই চতুর্দ্ধশ বংসর ভ্রত্ত পালন পূর্বকি পিতৃঋণ ইইতে মুক্ত হইলে আমি পরম স্বংখ নিজা যাইব। বংস! আমার অনুরোধ না রাধিয়া অচিন্তনীয় দৈবই তোমায় অরণ্যবাসে প্রেরণ করিভেছেন। একণে প্রস্থান কর, নির্বিদ্ধে আসিয়া হাদরহারী সাধানার আমাকে আনন্দিত করিও। বাছা ! ভাগ্যে কি সেই দিন উপ-ছিত হইবে, যে দিনে দেখিব তুমি জ্ঞচাবল্ফল ধারণ পূর্বক বন হইতে আগমন করিলে ? এই বলিয়া কোশল্যা সাদরমনে রামকে দর্শন করিতে লাগিলেন।

পঞ্চবিংশ সর্গ।

অনস্তর কৌশল্যা শোক সংবরণ পূর্ব্বক পবিত্র সলিলে 🛽 আচমন করিয়া রামের নিমিত্ত নানা প্রকার মঙ্গলাচরণ করিতে লাগিলেন। কহিলেন, বৎস! আমি ভোমাকে কিছুতেই নিবারণ করিয়া রাখিতে পারিলাম না। এক্ষণে তুমি প্রস্থান কর, কিন্তু শীত্রই প্রত্যাগমন করিও। তুমি প্রীতিভরে নিয়ম-সহকারে যে ধর্ম প্রতিপালনে প্রবৃত্ত হইয়াছ, সেই ধর্ম ভোমার রক্ষা ককন। ভুমি দেবালয়ে যে সমস্ত দেবভাদিগকে প্রতিনিয়ত প্রণাম করিয়া থাক, বনমধ্যৈ তাঁহারা তোমায় রক্ষা কৰুন। ধীয়ান বিশ্বামিত্র ডোয়াকে যে সমস্ত অন্ত প্রদান করিয়াছেন, তাঁহারাও ডোমায় রক্ষা ককন। বৎস! পিতৃ-সেবা মাতৃসেবা ও সভ্য পালনের প্রভাবে রক্ষিত হইয়া চির-জীবী হও। সমিধ কুশ পবিত্র বেদি আয়তন. ছুণ্ডিল পর্বত বুক্ষ হ্রদ পাতক পারগা ও সিংহ সকল ভৌমায় রক্ষা ককন।

সাধ্য বিশ্বদেব মৃত্ত ইক্রাদি লোকপাল বৃসন্তাদি ছয় ঋতু মাস সংবৎসর দিন রাত্তি মুহুর্ত কলা এবং বিরাট্ বিধাতা পূষা ভগ অর্য্যা আঞ্তি স্মৃতি ও ধর্ম ভৌমায় রক্ষা কৰুন। ভগবান ক্ষম্ সোধ বৃহম্পতি সপ্তর্ষি নারদ ও অন্যান্য মহর্ষি-গণ তোমায় রক্ষা কৰুন। প্রসিদ্ধ অধিপতির সহিত দিক সমু-দায় আমার স্তুতিবাদে প্রদন্ন হইয়া বনমধ্যে প্রতিনিয়ত ভোমায় রক্ষা কৃষ্ণ । তুমি যখন মুনিবেশে অটবীমধ্যে পর্য্যট্র . করিবে, তখন কুলপর্বভ, বরুণদেব, স্বর্গ, অস্তুরীক্ষ, পৃথিবী, স্থির ও অস্থির বায়ু, সমস্ত নক্ষত্র, অধিষ্ঠাত্রী দেবভার সহিত এছ সমুদায় এবং উভয় সদ্ধা। তোমায় রক্ষা করিবেন। দেবজা ও দৈত্যের। ভোমাকে নিরম্ভর স্থে রাখিবেন। ক্রকর্ম-পরায়ণ অতিভীষণ রাক্ষস পিশাচ ও মাংসভোজী অন্যান্য হিংতা জন্ত হইতে যেন ভোমার অন্তরে ভারস্কার না হয়। वानत इन्छिक मः भ मनक मतीमृथ उ की हे मकल दमम्राक्षा ভোমার যেন কোনরপ' অনিষ্টাচরণ না করে। হস্তী ব্যাত্র বিধালদশন ভল্ল শৃঙ্গসম্পন্ন করালদর্শন মহিষ এবং অন্যান্য মনুব্য-মাংস-ভোজী ভয়ত্বর জন্ত সকলকে আমি এই স্থান হইতে পূজা করিব, ভাহারা যেন ভোমায় প্রাণে বিনাশ না করে। ভোষার পরাক্রৰ সিদ্ধ হউক, পথের বিশ্ব দূর হউক। पूमि पर्याख पतियार कलपूल श्रांख बरेग्ना निर्वाणक श्रंचान

কর। অন্তর্নীক্ষচর ও পার্থিব প্রাণি সমুদায় এবং যে সমস্ত দেবতা ভোষার প্রতিকূল্য তাঁহারা ভোষার মঙ্গল বিধান করুন। শুক্র সোম স্থ্য কুবের যম অগ্নি বায়ু ধূম এবং ঋষিমুখো-চ্চরিত যন্ত্র সকল স্থানকালে ভোষায় রক্ষা করুন। সর্ম্ব-লোকপ্রাভু ভূতভাবন ভগবান স্থয়ভূ এবং স্থন্যান্য দেবতারা ভোষায় রক্ষা করুন।

বিশাললোচনা কেশিল্যা রামকে এইরপ আশীর্বাদ করিয়া

যাল্য গদ্ধ ও স্তুতিবাদ ঘারা দেবগণকে অর্চনা করিতে লাগিলেন। তৎপরে বিপ্রগণের সাহায্যে বহিন্দাপন পূর্বক রামের
শুভোদেশে হোম করাইবার সংকল্প কুরিলেন এবং এই
কার্য্যের উপযোগা ছত খেত মাল্য সমিধ ও সর্বপ আহরণ
করিয়া দিলেন। তখন উপাধ্যায় শাস্তি ও আরোগ্য উদ্দেশ
করিয়া বিধানানুসারে প্রজ্বলিত হুতাশনে আহুতি প্রদান
করিয়া বিধানানুসারে প্রজ্বলিত হুতাশনে আহুতি প্রদান
করিয়া বিধানানুসারে এবং ত্তাবশেষ দ্বারা লোকপালাদি বলি
সমাধান ও ব্রাহ্মণগণকে মধুপর্ক প্রদান করিয়া রামের বনবাসোদ্দেশে স্বস্তিবাচন করাইলেন।

অনন্তর যশক্ষিনী রামজননী উপাধ্যায়কে ইচ্ছানুরপ দক্ষিণা দান করিয়া রামকে সম্বোধন পূর্ব্ধক কহিলেন, বৎস! ব্যাহর-বিনাশকালে সর্বদেব-পূজিত দেবরাজ ইচ্ছের যে শুভ কাশু বইয়াছিল, ভোমার তাহাই হউক। পূর্বে বিনতা অমৃত- প্রার্থি বিহগরাজ গকড়ের বে প্রত কামনা করিয়াছিলেন, তুমি তাহাই প্রাপ্ত হও। অমৃতোদ্ধার সময়ে বজ্রখর ইন্দ্র দৈত্যদলনে প্রবৃত্ত হইলে দেবা অদিতি তাঁহার নিমিত্ত যে শুভ অনুধ্যান করিয়াছিলেন, তুমি তাহাই লাভ কর। অতুলবল বামন যখন স্বর্গ মর্ত্য পাতাল আক্রমণ করেন, তৎকালে তাঁহার যে শুভ উপস্থিত হইয়াছিল, তুমি তাহাই প্রাপ্ত হও। এক্ষণে মহাসাগর দ্বীপ'ত্রিলোক বেদ ও দিক সমুদায় তোমার মঙ্গল করন। এই বলিয়া দেবী কোশল্যা রামের মন্তকে অক্ষত প্রদান, সর্বাক্ষে গন্ধ লেপন এবং মন্ত্রোচ্চারণ পূর্বক পরীক্ষিত ওয়বি ও শুভ বিশল্যকরণী হন্তে বন্ধন করিয়া দিলেন।

তৎপরে তিনি বারংবার রামকে আলিক্সন এবং তাঁহার
মন্তক আনমন ও আত্রাণ করিতে লাগিলেন। অনস্তর
বাস্পাদান কঠে, মনের সহিত নহে, বায়াত্রে ছংখিতা হইরাও যেন ছাটার ন্যায় কহিলেন, বৎস! এক্ষণে তোমার
বধায় ইচ্ছা প্রস্থান কর। তুমি নীরোগে অভীষ্ট সাধন পূর্বক
অযোধ্যায় আসিয়া রাজা হইবে, আমি পরম হখে তাহাই
দর্শন করিব। তুমি আমার নির্বিদ্ধে প্রত্যাগমন করিয়া বধু
জানকীর বাসনা পূর্ণ করিবে। আমি ক্রাদি দেবগণ ভূতগণ ও উরগাণকৈ অর্চনা করিয়াছি, তুমি এক্ষণে বছনিনের

নিমিত্ত বনবাসী হইতেছ, ইহাঁরা তোমার শুভসাধন ককন।
এই বলিয়া কে শল্যা স্বস্ত্যয়ন সমাপন পূর্বক জলধারাকুললোচনে রামকে প্রাক্ষণ করিলেন এবং তাঁহাকে বারংবার
আালিন্দন করিয়া একদৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন।

১৯

ষড় বিংশ সর্গ

অনস্তার রাম জননীকে প্রদক্ষণ ও প্রণাম করিয়া দেছ-প্রভার জনসঙ্কুল রাজপথ সুশোভিত এবং গুণগ্রামে তত্ত্ত্য ''সকলের হাদয় চমকিত করত তথা হইতে জানকীর আবাসা-ভিমুখে গমন করিতে লাগিলেন।

এ দিকে জানকী রামের বনবাসর্ভান্ত কিছুই জানিতে
পারেন নাই, অদ্য তাঁহার যে বরাজ্য হস্তগত হইবে মনের এই
উল্লাসেই মগ্ন হইয়া আছেন। তিনি ঐ সময় রাজধর্মের অনুরূপ
আচার অবলদন পূর্বাক প্রতিত্যান কর্ত্তে হৃদয়ে দেবপূজা
সমাপন করিয়া তাঁহার প্রতীক্ষা করিতেছিলেন, এই অবসরে
রাম লজ্জাবনত বদনে তথায় প্রবেশ করিলেন। তখন
জানকী প্রিরত্যকে একান্ত চিন্তিত ও শোকসম্ভর্গ দেখিয়া
কম্পিত কলেবরে উথিত হইলেন। জানকীর সমক্ষে রামের
মনোগত শোক আর গোপন রহিল না, আকার ইন্ধিতে যেন
সম্পাঠই প্রকাশ পাইতে লাগিল।

অনস্তর জানকী রামের মুখকান্তি মলিন দেখিয়া হুঃখিত

মনে কহিলেন, নাথ! এখন কেন তোমার এইরূপ ভাবান্তর উপস্থিত? অদ্য চন্দ্রের সহিত পুষ্যা নক্ষত্রের যোগ হই-য়াছে, এই শুভলগ্নে বৃহস্পতি দেবতা আছেন, বিজ্ঞ ভ্ৰান্ধ-ণেরা কহিতেছেন, আজিকার দিনই রাজ্যাভিষেকে প্রশন্ত, তবে কেন তুমি এইরপ বিমনা হইয়াছ ? শতশলাকা-রচিত শ্বেতছত্তে তোমার এই সুকুমার মুখকমল কেন আঠুত নাই! শশান্ধ ও হংসের ন্যায় ধবল চামরযুগল লইয়া ভৃত্যেরা কি নিমিত্ত ইছা বীজন করিতেছে না! হুত মাগ্র ও বন্দিগাণ প্রাত্রমনে মঙ্গল গীতি গান করিয়া আজ কৈ ভোমায় স্থৃতিবাদ করিল! বেদপারগ বিপ্রেরা স্নানান্তে কেন তোমার মন্তকে মধু ও দিধ প্রদান করেন নাই! প্রাম ও নগরের প্রজাবর্গ এবং প্রধান প্রধান সমস্ত পারিষদ বেশভূষা করিয়া অভি-विकार कि कार ए जियात अंतुमत्र कतितन ना ! मर्स्वाथ-কৃষ্ট পুষ্পারথ চারিটি সুসজ্জিত বেগবান অথে যোজিত হইয়া কি নিমিত্ত ভোমার অত্যে অত্যে ধাবমান হইল না! মেষের ন্যায় রুফবর্ণ পর্বতাকার স্কৃশ্য স্থলক্ষণাক্রান্ত হন্তী কেন তোমার অগ্রে নাই! পরিচারকেরা সূবর্ণনির্মিত ভদ্রাসন স্কল্পে লইয়া কৈ ভোমার অথে অথে আগমন করিল! যখন অভি-ষেকের সমস্তই প্রস্তুত, তোমার মুখ্ঞী কেন মলিন হইল! কেনই বা সেইরূপ মধুর হাস্য আর দৈথিতে পাই না! ৷

রাম জানকীর এইরূপ কৰুণ বিলাপ কর্ণগোচর করিয়া কহিলেন, জানকি! পূজ্যপাদ পিতা আমাকে অরণ্যে নির্বা-দিত করিতেছেন। আজ যে স্থত্তে আমার ভাগ্যে এই ঘটনা উপস্থিত হইল, কহিতেছি প্রবণ কর।

সত্যপ্রতিজ্ঞ পিতা পূর্বে দেবী কৈকেয়ীকে ছুইটি বর অঙ্গী-কার করিয়াছিলেন। আজ তিনি আমায় রাজ্যে নিয়োগ করিবার বাসনায় সকল আয়োজন করিলে কৈকেয়ী ভাঁহাকে বরসংক্রান্ত পূর্ব্ব কথা স্মরণ করাইয়া দেন। মহারাজ ধর্মত প্রতিজ্ঞা করিয়াছিলেন, স্নতরাং তবিষয়ে আর দ্বিকক্তি করিতে পারেন নাই। এক্ষণে সেই বরপ্রভাবে আমার চতুর্কশ বংসর দওকারণ্য বাস আদেশ হইয়াছে। যেবরাজ্য ভরতেরই হইল। প্রিয়ে! আমি এক্ষণে বিজন বনে গমন করিব, এই কারণেই তোমায় একবার দেখিতে আইলাম।

সাবধান, তুমি তরতের নিকট কনাচ আমার প্রশংসা করিও না; যাহারা বিতবশালী হয়, অন্যের গুণারুবাদ কথনই সহ্য করিতে পারে না। তুমি যদি সর্কাংশে অনুকূল হইতে পার, তবেই ভরতের নিকট তিষ্ঠিতে পারিবে। মহারাজ তাঁহাকে রাজ্য প্রদান করিলেন, এক্ষণে তিনিই রাজা, স্কতরাং তাঁহাকে প্রসন্ধ রাখা তোমার কর্ত্ব্য। জানকি! আমি পিতার অকীকার রক্ষার্থ এখন বনে চলিলাম, কিছুমাত্র

চিন্তা করিও না। আমি ক্ষরণ্যবাস আগ্রায় করিলে ভূমি ত্রত উপবাদ লইয়া থাকিবে। প্রতিদিন প্রফাতে গাত্রোখান পূর্ব্বক বিধানারুসারে দেবপূজ। করিয়া আমার সর্বাধিপতি পিতার পারবন্দন করিবে। আমার জননী অতিহুঃখিনী, বিশেষ তাঁহার শেষদশা উপস্থিত, তুমি কেবল ধর্মের মুখ চাহিয়া তাঁহাকে সেবা ভক্তি করিবে। আমার মাতৃগণের মধ্যে সকলেই আমাকে একরপে স্নেহ ও ভক্ষ্য ভোজ্য প্রদান করিয়া থাকেন, তুমি প্রতিদিন তাঁহাদিগকে প্রণান করিবে। প্রাণাধিক ভরত। ও শত্রকে ভ্রাতা ও পুত্রের ন্যায় দেখিবে। ভরত এই দেশ ও বংশের অধীশ্বর হইলেন, দেখিও তুমি কখনই তাঁহার অপকার করিও না। সেজন্য ও যত্নে মনোরঞ্জন করিতে পারিলে মহীপালগণ প্রসম হইয়া থাকেন, বৈপরীত্য ঘটিলে কুপিত হন। তাঁহাঁরা আপনার ঔরসজাত পুত্রকে অহিতকারী দেখিলে তংক্ষণাৎ পরিত্যাগ করেন, কিন্ধ সুযোগ্য হইলে এক জন নিঃসম্বন্ধ লোককেও আদর করিয়া থাকেন। জানকি ! আমি এই কারণেই কহিতেছি, তুমি রাজা ভরতের মতে থাকিয়া এই স্থানে বাদ কর। আমি অরণ্যে চলিলাম, আমার অকুরোধ এই, আমি তোমায় যে সকল কথা কছিলাম, তাছার একটিও যেন বিফল না হয়।

সপ্তবিংশ সর্গ

প্রিয়বানিনী জানকী রামের এইরপ বাক্য শ্রবণ করিয়া
প্রথায়কোপ প্রকাশ পূর্বক কহিলেন, নাথ ! তুমি কি জখন্য
ভাবিয়া আমায় প্ররপ কহিতেছ ? তোমার কথা শুনিয়া যে,
আর হাদ্য সংবরণ করিতে পারি না । তুমি যাহা কহিলে, ইহা
এক জন শাস্ত্রজ্ঞ মহাবীর রাজকুমারের নিতান্ত অযোগ্য
একান্তই অপ্যশের, বলিতে কি এ কথা শ্রবণ করাই অসক্ত
বোধ হইতেছে।

নাথ! পিতা মাতা জাতা পুত্র ও পুত্রবধূ ইহারা আপন আপন কর্মের ফল আগনারাই প্রাপ্ত হয়, কিন্তু একমাত্র ভার্য্যাই স্বামীর ভাগ্য ভোগা করিয়া থাকে। স্নতরাং যখন তোমার দওকারণ্যবাস আদেশ হইয়াছে, তখন ফলে আমারও ঘটিতেছে। দেখ, অন্যান্য স্বসম্পর্কীয়ের কথা দূরে থাক, জ্রীলোক, আপনিও আপনাকে উদ্ধার করিতে পারে না. ইহলাক বা পরলোকে কেবল পতিই তাহার গতি। প্রাসাদ-

শিখর, বর্গের বিমান ও জাকাশগতি হইতেও বঞ্চিত হইয়া স্বামীর চরণছায়ায় আশ্রয় লইবে। পিতা মাতাও উপদেশ দিয়াছেন যে, সম্পদে বিপাদে স্বামীর সহগামিনী ছইবে। অতএব নাথ! তুমি যদি অদ্যই গছন বনে গমন কর, আমি পদতলে পথের কুশকণ্টক দলন করিয়া তোমার অত্রো অত্রো যাইব। অনুরোধ রহিল না বলিয়া ক্রোধ করিও না। পথিকেরা যেমন পানাবশেষ সলিল লইয়া যায়, তক্ৰপ তুমি অশক্ষিত মনে আমায় সঙ্গী করিয়া লও। আমি তোমার নিকট কথন এমন কোন অপরাধই করি নাই, যে আমার রাখিরা যাইবে। খামি ত্রিলোকের ঐশ্বর্য চাহি না, তোমার সূহবাসই বাঞ্নীয়। তোমায় ছাড়িয়া স্বর্গের স্থও আমার স্পৃহণীয় নহে। এক্ষণে এই উপস্থিত প্রসঙ্গে আমি যাহা করি, আমায় কোন কথাই কহিও ना।

জনবিতনাথ! আমার একান্তই অভিলাষ যে, যে স্থানে

দৃগ ও ব্যাদ্র সকল বাস করিতেছে, পুলের মধুগদ্ধ চারি
দিক আমোদিত করিতেছে, সেই নিবিড় নির্জ্জন অরণ্যে

তাপসী হইয়া নিয়ত ভোমার চয়ণ সেবা করি। যে জলাশয়ে

কর্মল-দল প্রক্রুটিত হইয়া আছে, হংস ও কারওব কলরব
করিতেছে, প্রতিদিন নিয়ম পূর্বক তথায় গিয়া অবগাহন করি।

সেই বানরসদ্ধুল বারণবছল প্রদেশে পিতৃগ্ছের ন্যায় অক্রেশে

তোমার চরণয়ুণল প্রহণ পূর্বক 'তোমারই আজারুবর্ত্তিনী ছইয়া থাকি এবং 'তোমার দহিত নির্ভয়ে দৈল সরোবর ও পল্ল সকল দর্শন করিয়া ক্লতার্থ ছই। জানি, তুমি অ'মাকে বনেও স্থথে প্রতিপালন করিতে পারিবে। আমার কথা দূরে থাকুক, অসংখ্য লোকের ভার লইলেও তোমার কোন আশক্ষা হইবে না। এই কারণে কহিতেছি, আজ কিছুতেই তোমার সঙ্গ ছাড়িব না। তুমি কোন মতেই আমাকে পরামুণ্ণ করিতে পারিবে না। ক্লুখা পাইলে বনের ফলমূল আছে, আমি উৎক্ষ অন্ন পানের নিমিত্ত তোমার কোন কইই দিব না। তোমার অগ্রে অগ্রে যাইব এবং তোমার আহারাক্তে আহার করিব। এই রূপে বহুকাল অতিক্রান্ত হইলেও ত্রংখ কিছুই জানিতে পারিব না।

নাথ! আমি একান্তই ত্ৎসংক্রান্তমনা ত অনন্যপরায়ণা হইয়া আছি। যদি আমায় ত্যাগ করিয়া যাও, এ প্রাণ আর কিছুতেই রাখিব না। এখন আমার অনুরোধ রক্ষা কর, আমাকে সমভিব্যাহারে লইয়া চল, দেখ আমারে লইলে তোমার কিছুই ভার বোধ হইবে না।

অফাবিংশ সর্গ

অনম্ভর ধর্মবৎসল রাম মনে মনে বনবাসের হুংখ সকল আলোচনা করিরা সীতাকে সমভিব। হারে লইতে অভিলাষী ছইলেন না এবং ভাঁহাকে এই বিষয়ে বিরত করিবার আশরে সাস্ত্রনা করিয়া কহিলেন. জানকি! তুমি অতি মহৎ বংশে জন্ম গ্রহণ করিয়াছ, তোমার ধর্মনিষ্ঠাও আছে; এক্ষণে আমার প্রতীক্ষায় এই স্থানে থাকিয়া ধর্মাচরণ কর, তাহা হইলেই আমি সুখী হই। যাহাতে ভোমার মঙ্গল হইবে আমি সেই বিবেচনা করিয়াই কহিতেছি, তুমি বনগমনের বাসনা এককালেই পরি-ভাগ 'কর। প্রিয়ে! অরণ্যে বিস্তর ক্রেশ সহা করিতে হয়। তথায় গিরি-কন্দর-বিহারী সিংহ নিরম্বর গর্জ্জন করিতেছে, উহা নিঝারজলের পাতনশব্দে মিশ্রিত হইয়া কর্ণকুহর বধির করিয়া তুলে। হুর্দান্ত হিংতা জন্ত সকল উত্মত হইয়া নির্ভয়ে সবঁত্র বিচরণ করিতেছে, তাহারা সেই জনশুন্য প্রদেশে আমানিগকে पिशिलाई विनाम क्रिएं यौगिति। नमी मकन ने ने कुरीह-সংকুল, নিতান্ত পক্ষিল, উন্মন্ত মাতকেরাও সহজে পার হইতে

পারে না। গমনপথে অনবরত কুরুট-রব এ তিগোচর হর এবং উহা কটকাকীৰ্ণ ও লভাজালে আচ্ছন্ন হইয়া আছে, পানীর জলও সর্বত ফুলভ নহে। সমন্ত দিন পর্য্যটনের পর রাত্রিতে রক্ষের গলিত পত্তে শয়া প্রস্তুত করিয়া ক্লান্তদেহে শয়ন এবং মিতাহারী হইয়া ভোজনকালে স্বয়ংপতিত ফলে ক্ষ্মণা শান্তি করিতে হয়। শক্তি অনুসারে উপবাস, জটাভার বহন, ককল মারণ এবং প্রতিদিন দেবতা পিতৃ ও অতিথি-গণকে বিধি পূর্ব্বক অর্চন। করা আবশ্যক। ফাঁছারা দিবাভাগে নিয়ম'বলয়ন করিয়া থাকেন তাঁছানিগকে প্রতিদিন ত্রিকালীন শা এবং স্বহস্তে কুতুম চয়ন করিয়া বানপ্রস্থানিরে প্রণালী অনুসারে বেদিতে উপহার প্রদান করাও কর্তব্য। তথায় বায়ু मछारे श्रेवनात्रा दिश्विष्ट, कूम अन्काम योत्कानिछ धवः কটক রক্ষের শাখা সকল কম্পিত হইতেছে। রজনীতে যৌর-তর অন্ধকার, কুধার উদ্রেক সর্বক্ষণ হয়, আশঙ্কাও বিস্তর। ভদ্মধ্যে বিবিধাকার বহুসংখ্য সরীসূপ আছে, ভাছারা প্রে সমর্পে ভ্রমণ করিতেছে। স্রোতের ন্যায় বক্রগতি ননী-গর্ভন্ত উর্নগের। গমনপথ অবরোধ করিয়া রছিয়াছে। রুশ্চিক কীট এবং পতক ও দংশ মশকের যন্ত্রণা সর্ব্বদাই ভোগ করিতে হয়. কায়কেশও বিশুর, এই কারণেই কহিতেছি অরণ্য স্থের নছে। তথায় ক্রোয় লোভ পরিত্যাগ ও তপস্যায় মনোনিবেশ করিছে

ছইবে, এবং ভয়ের কারণ সহস্ত্ত নির্ভন্ন হইতে হইবে এই কার-ণেই কহিতেছি অরণ্য স্থাধের নহে। নিবারণ্ট করি, তুমি তথার বাইও না। বনবাস তোমার সাজিবে না, জানকি! আমি এখন হইতেই দেখিতেছি তথার বিপানেরই আঁশকা অধিক।

একোনতিংশ সর্গ।

শব্দের দীতা রামের নিবারণ না শুনিয়া ছুঃথিতমহে দজলনয়নে কহিতে লাগিলেন নাথ! তোমার মেহ যখন আমার অগ্রসর করিয়া দিতেছে তখন এই মাত্র বনবাদের যে দকল দোষের উল্লেখ করিলে ঐ গুলি আমার পক্ষে গুণেরই হইবে। দেখ, তোমায় দকলেই ভয় করে; বন মধ্যে দিংহ বাাত্র হন্তী শরভ * চমর গবয় প্রভৃতি যে দকল বন্যজন্ত অংছে তাহারা তোমাকে দেখে নাই দেখিলেই পলায়ন করিবে। আমি এক্ষণে গুরুজনের অনুমতি-লইয়া তোমার দক্ষে যাইব; তোমার বিরহ সহ্য হইবে না, নিক্মই আরহত্যা করিব। নাথ! তোমার দরিহিত থাকিলে স্কররাজ ইক্রও আমায় পরাভব করিতে পারিবেন না। তুমি অরণ্যে যে সকল ছঃখের কথা কহিলে, তাহা সত্য; কিছে জ্রীলোক

^{*} অফ্রপদ মৃগ।

বামি-বিরহে কিছুতেই জীবিত থাকিতে পারে না, উপদেশ-কালে তুমিই আমাকে এইরূপ কহিয়াছ,• স্বতরাং ভোমার সহিত গমন করা সর্বতোভাবে আমার শ্রেয় হইতেছে। আরও পূর্বে পিত্রালয়ে দৈবজ্ঞদিগের মুখে শুনিয়াছি যে, আমার অদুষ্টে নিশ্চয় বনবাস আছে, তরবধি বনবাস বিষয়ে আম রও বিশেষ আত্রহ রহিয়াছে। দৈবছেরা যাহা স্কুচনা করিয়াছেন, তাহা অবৃশ্য ফলিবে; সময়ও উপন্থিত; এক্ষণে আমি কোনমতেই ক্ষান্ত হইব না। ভুমি বনগমনে জনুমোনন 🖰 কর, ভাশাণগণের বাক্যও যথার্থ ছউক। নাথ! যে পুরুষ জিতে ক্রিয় নহে, দ্রী সঙ্গে থাকিলে তাহাকেই অরণ্যবাসের ক্লেশপরম্পার। সহিতে হয়, কিন্তু তুমি নির্লোভ, স্নতরাং ভোমার कान वानकार नारे। अनियाहि, वामि यथन वालिका ছিলাম, সেই সময় এক সাধুশীলা তাপদী আসিয়া মাতার নিকট পামার এই বনগমনের কথা কহিয়াছিলেন। তিনি তপোবলে যাহা বলিয়াছেন, ভাহা কি অনীক? ভোমার সহিত বনবাদে আমার অত্যম্ভই অভিলাষ, আমি পুর্মে এমন অনেক দিন অনুনয় করিয়া ভোমার নিকট ইহা প্রার্থনা করিয়াছিলাম, তুমিও সমত হও, এই কারণেই একণে তথায় তোমার পরিচর্য্যা কর। আমার একান্তই প্রীতিকর হইতেছে। নাথ ! স্বামী জীলো-কের পরম দেবতা, স্মতরাং প্রীতিভাবে তোমার অনুগমন করিলে

আমি নিশাপ হইব। ইহ লোকের কথা কি, লোকান্তরেও তোমার সমাগম আমার সুখের কারণ হইয়া উচিবে। যে ত্রী দানধর্মানু-সারে যাহার হস্তে জলপ্রোক্ষণ পূর্মক প্রদন্ত হইয়াছে, পরলোকে সে তাহারই হইবে, আমি যশসী ত্রাক্ষণগণের মুখে এই পবিত্র শ্রুতি প্রবণ করিয়াছি। অতএব তুমি কি কারণে সুশীলা পতিব্রতা স্বীয় দরিতাকে সঙ্গে লইতে অভিলাধ করিতেছ না। আমি তোমার সুখে সুখী ও তোমারই হুংখে হুংখী হই; আমি তোমার একান্ত ভক্ত ও নিতান্তই অনুরক্ত, দীনভাবে কছিতেছি আমারে সমভিব্যাহারে লইয়া চল। যদি তুমি এই হুংখিনীকে না লইয়া যাও, তাহা হইলে নিশ্চয়ই বিষ পান অগ্নি বা সলিলে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করিব।

জানকা বনগমনের নিমিত্ত এইরপ বহুপ্রকার কবিলেও রাম কোনমতেই সন্মত হইলেন না । তখন দীতা প্রিয়তমকে একান্ত অসন্মত দেখিয়া অতিশয় হুংখিত ও চিন্তিত হইলেন। নয়নজলে তাঁহার বক্ষঃস্থল প্লাবিত হইয়া গোল। তংকালে রামও তাঁহাকে বনবাস রূপ অধ্যবসায় হইতে বিরত করিবার নিমিত্ত সান্ত্রনা করিতে লাগিলেন।

ত্রিংশ সর্গ।

• অনন্তর উৎক্ঠিতা সীতা প্রীতিভরে অভিমান সহক'রে মহাবীর রামকে উপহাস পূর্বক কছিলেন, নাথ! আমার পিতা যদি ভোমাকে আকারে পুরুষ ও স্বভাবে স্ত্রীলোক বলিয়া জানিতেন, তাহা হইলে তোমার হস্তে কখনই আমার সম্প্রদান করিতেন না। লোকে কহিয়া থাকে যে, রামের যেরুপ ভেজ প্রথর সূর্য্যের সে প্রকার নাই, এই কথা এক্ষণে রুখা প্রলাপ **इन्हा छ हैति। जू**बि कि कात्रा विषश्च इहेर्राङ, किटमत्रहे वा এত আশস্কা যে অনন্যপরায়ণা পত্নীকে ত্যান করিয়া যাইতে প্রস্তুত হইতেছ? তুমি আমাকে হ্রমংদেন-তনয় সভাবানের সহধর্মিণী সাবিত্রীর নাায় তোমারই বশবর্ত্তিনী জানিবে। আমি কুল-কলঙ্কিনীর নাায় তোমা ভিন্ন অন্য পুরুষকে কখন মনেও দর্শন ক্রি নাই। এই কারণে কহিতেছি, আমি ভোষার সমভিব্যাহারে গমন করিব। তুমি আমাকে অনন্যপূর্বা व्यानियारे व्यायात शानिश्रहन कतियारे, बहुनिन इरेन, व्यायि ভোমার আলয়ে অবস্থান করিভেছিঃ একণে জারাজীবের ন্যায়
আমাকে কি অন্যঃপুক্ষের হস্তে সমর্পণ করা ভোমার শ্রেয়
হইতেছে ?

নাথ ৷ সতত যাহার হিতাভিলাষ করিতেছ, যাহার নিমিত্ত রাজ্য লাভে বঞ্চিত হইলে তুমিই সেই ভরতের বশ-বর্ত্তী হইয়া থাক, আমাকে তদ্বিষয়ে কিছুতে সমত করিতে প্রারিবে না। - ভূয়োভূয়ঃ কহিতেছি, আমি ভোমার সমতি-' বাাহারে গমন করিব। তোমার সহিত তপস্যা হউক, অরণ্য বা স্বৰ্গই হউক, কোনটিতে সম্কুচিত নহি। আমি যথন তোমার পশ্চাং পশ্চাং যাইব, বিহার-শ্যার ন্যায় প্র মধ্যে কোনরপ ক্লান্তি অনুভব করিব না। কুশ কাশ শর ও ইয়াকা প্রভৃতি যে সকল কণ্টক বৃক্ষ অ'ছে, আমি তাহা ভূল ও মৃগচর্মের ন্যায় স্থাপ্সার্শ বোধ করিব। প্রবল বায়ুবেগে যে গুলিজাল উড্ডান হইয়া আমায় আক্তন্ন করিবে, তাহা অত্যুত্তম চন্দনের ন্যায় জ্ঞান করিব। আমি যথন বনমধ্যে তৃণশ্যামল ভূমিশ্যায় শয়ন করিয়া থাকিব, পর্য্যক্ষের চিত্র কম্বল কি তরপেক্ষা অধিকতর মুখের হইবে ? ফল মূল পত্র অম্প বা অধিকই হউক, তুমি স্বয়ং বাহা আহরণ করিয়া দিবে, আমি অমৃতের ন্যায় তাই৷ মধুর বিবেচনা করিব। বসস্তাদি ঋতুর ফল পুষ্পা ভোগ করিয়া স্থ্ হইব। পিতা মাতার নিমিত্র উদ্বিগ্ন হইব না, গ্রহের কথাও মনে আনিব না। এই সমস্ত ত্যাগ করিয়া দুরাস্তরে পাকিব বিলিয়া তোমায় কিছুমাত্র হুংখ দিব না। এই কারণেই কহিতেছি, তুমি আমাকে সমভিব্যাহারে লইয়া চল। তোমার সহবাস স্বর্গ, বিচ্ছেদই নরক, এইটি তোমার হৃদয়ক্ষম হউক। আরক কি, আমি বনবাসে কিছুই দোষ দেখিতেছি.না, যদি তুমি আমায় না লইয়া যাও, আমি বিষ পান করিব, কোনমতেই বিপক্ষ ভরতের বশবর্ত্তিনী হইয়া এই স্থানে পাকিব না। নাথ! তুমি বনে গমন করিলে তোমার বিরহে জীবন ধারণ করা আমার স্বক্টিন হইবে। চতুর্দ্দশ বৎসরের কথা দূরে পাকুক, আমি মুহুর্ত্তকের নিমিত্ত তোমার শোক সংবরণ করিতে পারিব না।

জনকনন্দিনী বিধাক্ত-বাণ-বিদ্ধ করিণার ন্যায়, রামের প্রতিবেধ বাক্যে একান্ত আহত হইয়াছিলেন । তিনি সন্তপ্তমনে কৰুণবছনে এইরপ বিলাপ ও পরিতাপ করিয়া প্রিয়তমকে গাঢ়তর আলিকন পূর্বক মুক্তকঠে রোদন করিতে লাগিলেন । অরণি কাষ্ঠ যেমন অগ্নি উল্পার করিয়া থাকে, সেইরপ তাঁহার নেত্র হইতে বহুকাল-সঞ্চিত অঞ্চ উল্পাত হইল ; কমলদল হইতে বেমন নীরবিন্দু নিঃসৃত হয়, তত্রপে ঐ সময় স্ফটিক-ধবল জ্লখারা দরদরিত ধারে প্রবাহিত হইতে লাগিল জবং প্রবল শোকানলে সেই বিশাললোচনার পূর্ণ-চন্দ্র-মুন্দর वमनमधल वृत्तिक्ति शंकराजव नाति हैं अकास स्नान रहेना शंला

তখন রাম জানকীকে হুঃখ শোকে বিচেতন-প্রায় দেখিয়া কণ্ঠালিকন ও আশ্বাস প্রদান পূর্ব্বক কহিলেন, দেবি! তোমায় যন্ত্রণা দিয়া আমি স্বর্গত প্রার্থনা করি না। স্বয়ংভূ ত্রন্ধার ন্যায় আমার কুত্রাপি ভর সম্ভাবনা নাই। তোমার প্রকৃত অভি-প্রায় কি. আমি তাহা জানিতাম না, তোমাকে রক্ষা করিতে আমার সামর্থ্য থাকিলেও কেবল এই কারণে আমি এতক্ষণ সন্মত হই নাই। এক্ষণে বুঝিলাম, তুমি আমার সহিত বনগমনে সম্যক প্রস্তুত হইয়াছ, স্নতরাং আত্মক্ত যেমন দয়া ত্যাগ করিতে পারেন না, সেইরূপ আমিও ভোমায় ভ্যাগ করিয়া যাইতে পারি না। পূর্বে সদাচার পরায়ণ রাজর্ষিগণ সন্ত্রীক হইয়া এই বানপ্রস্থ ধর্ম অবলম্বন করিয়াছিলেন, আমি তাহাই করিব ; তুমি হুর্যারুসারিণী সুবর্চলার ন্যায় আমার অনুগমন কর। পিতা সত্যপাশে বন্ধ হইয়া যখন আমায় আদেশ করিতেছেন, তখন আমি আর নিশ্তিস্ত থাকিতে পারি না। জানকি! পিতা মাভার বশ্যতা স্বীকার করাই পুত্রের পরম ধর্ম ; আমি তাহা লজ্ঞান করিয়া জীবন ধারণ করিতে চাহি না ৷ দৈব অপ্রভাক্ষ. ধ্যান ধারণাদি সাধন দ্বারা তাঁহার আরাধনা করিতে হয়, কিন্তু পিতা প্রত্যক্ষ দেবতা, তাঁহাকে অতিক্রম করিয়া দৈবের শরণাপন্ন

হওয়া শ্রেয়ন্থর নহে, এই কারণে পিতৃত্বাজ্ঞায় উপেক্ষা ও দৈবের মুখাপেক্ষা করিয়া এই স্থানে বাস করা উচিত বোধ করি না। পিতার উপাসনা করিলে ত্রিলোকের উপাসনা করা হয় এবং धर्य पर्थ उ काम এই जिनरे উপলব্ধ रहेश्ना शांदक, এই জीव-লোকে ইছা অপেক্ষা পবিত্র বিষয় আর কিছুই নাই ; এই কার-ণেই আমি পিতার আদেশ পালনে যত্নবান হইয়াছি। দেখ, প্রিভূদেবার ন্যায় সভ্য দান মান ও ভূরিদক্ষিণ যজ্ঞও পর: লোকে হিতকর হয় না। পিতার চিত্তরতি অনুবৃত্তি করিলৈ স্বৰ্গ ধন ধান্য বিদ্যা পুত্ৰ ও সুখ স্থলভ হইয়া থাকে। যে সমস্ত মহাত্মা মাতা পিতার শ্রণাগত হ্ন, তাঁহাদিগের দেবলোক গন্ধলোক গোলোক ত্রন্ধলোক ও অন্যান্য উৎকৃষ্ট লোক লাভ হয়। স্বতরাং সত্যপরায়ণ পিতা যেরপ আদেশ করি-তেছেন, আমি তাহাই করিব, ইহাই আমার যথার্থ ধর্ম। জানকি.! তোমার দওকারণ্য গমনে আমার অভিলাষ ছিল না. কিন্তু তুমি যখন তদ্বিষয়ে দৃঢ় সক্ষম্প করিয়াছ, তখন অব-শ্যই সঙ্গে লইব। এক্ষণে আমি কহিতেছি, যাহা আমার ষর্ম, তুমিও তৎসাধনে প্রবৃত্ত হও। প্রিয়ে! তুমি যেরপা সিদ্ধান্ত করিয়াছ, তাহা সর্বাংশে উত্তম এবং আমাদের বংশেরও অনুরূপ হইয়াছে। এক্ষণে তুমি বনগমনের উপযুক্ত অনুষ্ঠানে প্রবৃত্ত হও। ত্রাক্ষণগণকে রত্ব এবং ভক্ষণার্থী ভিক্কুক

দিগকে ভোজ্য প্রদান কর। মহাধূল্য অলক্কার উৎক্রম্ট বস্ত্র ক্রীড়াসাধন রমণীয় উপকরণ শ্ব্যা যান এবং আমার ও তোমার অন্যান্য যা কিছু আছে, বিপ্রগণকে দান করিয়া অবশিষ্ট সমুদারই ভূত্যবর্গকে বিভরণ কর। আর বিলম্বে প্রয়োজন নাই, এখনই প্রস্তুত হও।

তখন জানকী বনগমনে রামের সন্মতি পাইয়া অবিলয়ে হাউমনে সমস্ত দান করিতে লাগিলেন।

একত্রিংশ সর্গ।

~なりかななないな~

মহাবীর লক্ষ্মণ রামের অত্রেই তথার আগমন করিয়া। ছিলেন, তিনি উভয়ের এইরপ কথোপকথন প্রবণ করিয়া রোদন করিতে লাগিলেন এবং রামের বিরহহঃখ সহিতে পারিবেন না ভাবিয়া তাঁহার চরণ প্রহণ পূর্বক কহিলেন, আর্যা! মৃগমাভক্ষয়ুল অরণ্যে যদি একাস্তই আপনার যাইবার ইচ্ছা হইরা থাকে, তাহা হইলে আমিও ধনুর্ধারণ পূর্বক আপনার অত্রে গমন করিব। যে স্থান পতক্ষ ও মৃগ্যুথের কণ্ঠমরে প্রতিধানিত হইতেছে, সেই রমণীয় প্রদেশে আপনি আমার সহিত বিচরণ করিবেন। আপনাকে ছাড়িয়া আমি উৎকৃষ্ট লোক কি অমরত্ব কিছুই চাহি না, ত্রিলোকের শেষ্ঠ্যত প্রার্থনা করি না।

তখন রাম লক্ষণকৈ অনুগমনে একাস্ত সমুৎস্ক দেখিয়া সাস্ত্রনা বাক্যে বারংবার নিবারণ করিতে লাগিলেন ৷ লক্ষণ নিরস্ত হইলেন না, ক্কতাঞ্জলি পুটে পুনরায় কহিলেন, আর্য্য !
পূর্ব্বে আপনি আ্যাকে আপনারই অনুসরণ করিতে আজ্ঞা
দিয়াছেন, তবে কি কারণে এখন নিবারণ করিতেছেন ? বলুন,
এবিষয়ে আ্যার অভিশয় সংশয় উপস্থিত হইল !

অনন্তর রাম সুধীর লক্ষণকে কহিলেন, বৎন! তুমি ধর্ম-পরায়ণ শাস্তমভাব ও সৎপথাবলঘী। আমি তোমায় প্রাণা-ধিক প্রিয় জ্ঞান করিয়া থাকি এবং তুমি আমার বশ্য ও সখা। আজ তুমিও যদি আমার সহিত বনে যাও, তবে যশমিনী কৌশল্যা ও স্থমিত্রাকে কে প্রতিপালন করিবে ? যিনি কামনা পূর্ণ করিবেন, দেই মহীপাল কামের বশবন্তী হইয়া কৈকেয়ী-সংক্রান্ত অনুরাগে আসক্ত হইয়াছেন। কৈকেয়ী রাজ্য হস্ত-গত করিলে তুঃখিত সপত্নীদিগের যন্ত্রণার আর পরিশেষ রাখিবেন না; ভরতও রাজপদে প্রতিষ্ঠিত হইয়া মাতারই পক হইবেন, কৌশল্যা ও স্থমিত্রাকে সারণও করিবেন না। এই কারণেই কহিতেছি তুমি নিজে ব। রাজার অনুগ্রহে বে ক্লপেই পার, এই স্থানে থাকিয়া উহাঁদিগকে ভরণ পোষণ কর। এইরপ অনুষ্ঠানে আমার প্রতি তোমার যথার্থতই ভক্তি প্রদ-র্শিত হইবে। বৎস! গুৰু লোকের সেবা করিলে সবিশেষ বর্মকয় হইয়া থাকে; অতএব তুমি আমার জন্য আমার জননীর তার এহণ কর। যদি আমরা সকলেই তাঁহাকে ড্যাগ

করিয়া বাই, তাহা হইলে তিনি কোন রূপে সুখী হইতে পারি-বেন না।

লক্ষ্মণ রামের এইরূপ বাক্য শ্রবণ পূর্ব্বক বিনীভভাবে কহি-লেন, বীর! ভরত আপনারই প্রতাপে ভীত ও তৎপর হইয়া আর্য্যা কেশিল্যা ও স্থমিত্রাকৈ প্রতিপালন করিবে, যদি সে রাজ্য হস্তগত করিয়া কুপথগামী হয়, তুরভিসন্ধি-कारम ७ गर्सक्षांचार्व यनि इंदीनिरगत तक्कारिकार युव না করে, তাহা হইলে সেই হুরাশয় ক্রকে নিঃশংসগ্নৈই• সংহার করিব; ত্রিলোকের সমস্ত ব্যক্তি তাহার পক্ষ হই-লেও আমি সকলকেই বিনাশ করিব। আর দেখুন, যিনি উপ-জীব্যদিগকে বহুসংখ্য আম প্রদান করিয়াছেন, সেই দেবী কৌশল্যা আমাদিগের ন্যায় সহজ্র লোকের ভরণ পোষণ করিতে পারেন : তুতরাং তিনি নিজের ও আমার মাতা স্থমিকার উদরান্ত্রের নিমিত্ত যে লালায়িত হইবেন, ইছা কিছু-তেই সম্ভব হয় না। অতএৰ এক্ষণে আপনি আমাকে আপনার অনুসরণে অনুমতি প্রদান ককন, এই কার্য্যে বিধর্ম কিছুই নাই; প্রত্যুত ইহাতে আপনার স্বার্থ সিদ্ধি হইবে এবং আমিও ৰুভাৰ্থ 'হইব। আৰ্য্য! আমি খনিত্ৰ পেটক ও সগুণ শরাসন তাহণ পূর্ব্বক আপনার পথপ্রদর্শক হইয়া অত্যে আত্রে হাইব। প্রতিদিন তাপসগণের আহারোপফোগি বন্য ফল মূল আনিয়া

দিব। আপনি দেবী জ্ঞানকীর সহিত গিরিশৃকে বিহার করি-বেন, জাগরিত বাননিদ্রিতই থাকুন, আপনকার সকল কর্মই আমি সাধন করিব।

রাম লক্ষ্মণের এই বাক্যে সবিশেষ প্রীত হইয়া কহিলেন,
লক্ষ্মণ! তবে তুমি আত্মীয় স্বজনের অনুমতি লইয়া আমার
সঙ্গে আইস। মহাত্মা বৰুণ রাজর্ষি জনকের মহাযজ্ঞে ভীষণদর্শন নিব্য শরাসন হর্ভেন্য বর্ষ তুণ অক্ষয় শর এবং হুর্য্যের
ন্যায় নির্মাল কনকথচিত খজা এই সকল অন্ত হুই প্রস্থ প্রদান
করিয়াছিলেন। যেতুক-স্বরূপ সকলই আমানিগের হন্তগত
হইয়াছে। আনি আচার্য্যের গৃহে আচার্য্যকে পূজা করিয়া
তংসমুনার রাখিয়া আনিয়াছি এক্ষণে তুমি ঐ গুলি লইয়া
শীদ্রই আগমন কর।

অনন্তর মহাবার লক্ষণ বনবাদে দৃতৃসংকলপ হইয়া স্বজনবর্গের নিকট বিদায় গ্রহণ করিলেন। তৎপরে গুরুগৃহে
গমন এবং অর্চিত মাল্যসমলস্কৃত অন্তর্গ্রহণ পূর্ব্বক রামের নিকট
উপস্থিত হইলেন। তদ্দর্শনে রাম যংপরোনান্তি প্রীত হইয়া
কহিলেন, লক্ষণ! আমার বাঞ্ছিত সময়েই তুমি আসিয়াহ। এক্ষণে আমি তোমার সহিত একত্রে আমার সমস্ত
ধনসম্পত্তি তপসী ও বিপ্রদিগকৈ বিতরণ করিব। স্থানৃত গুরুভক্তি পরায়ণ অনেক ক্রেকণ আমার আগ্রায়ে রহিয়াছেন।

তাঁহাদিগকে ও অন্যান্য পোষ্যবর্গকে অর্থ দান করিতে হইবে। তুমি বশিষ্ঠতনয় আর্য্য স্থযজ্ঞকে শীদ্র আনয়ন কর। আমি তাঁহাকে ও অপরাপর আকাণগণকে সমুচিত অর্চনা করিয়। অরণ্য যাত্রা করিব।

(22)

দাতিংশ সগ্

তথন স্থানিত্রতাল লক্ষণ রামের এই হিতজনক আনেশ
- শিরোধার্য করিয়া স্থাজের অরতানে গমন করিলেন এবং
অগ্নিহোত্র গৃহে তাঁহাকে অধ্যাসীন দেখিয়া অভিবাদন পূর্ব্ধক
কহিলেন, সথে! আর্য্য রাম রাজ্য পরিত্যাগ করিয়া বনে গমন
করিবেন, অভএব ভূমি একবার শীত্র তাঁহার আলয়ে আইস।

অনস্তর বেদবিৎ প্রযক্ত মন্ত্রা সমাপন করিরা লক্ষণের সহিত রামের রমণীয় সম্পদ-পূর্ণ নিকেতনে সমুপস্থিত হইলেন। সেই হুতহুতাশনের ন্যার প্রানীপ্ত শ্বিকুমার তথায় উপস্থিত হুইবামাত্র রাম কুতাঞ্জলিপুটে সীতার সহিত গারোখান পূর্ধক তাহার অভ্যর্থনা করিলেন এবং তাহাকে উৎকৃষ্ট অন্দদ, কুওল, স্থান্ত্র-এথিত মুক্তাহার, কেয়ুর, বলয় ও নানাবিধ রত্ন প্রদান করিয়া সীতার অভিপ্রায় ক্রমে কহিলেন, সংখ! ভূমি ভোমার ভার্যাকে গিয়া এই হার ও কর্পমালা দেও; আমার অরণ্যসহ্চরী জানকী ভোমায় এই রশ্পনা দিতেছেন, বিচিত্র অন্সন্ধ ও কেয়ুর দিতেছেন; এবং উৎকৃষ্ট আন্তরণের সহিত নানারত্বচিত পর্যায় প্রদান করিতেছেন। আমি মাতুলের নিকট শক্তপ্পয় নামে যে হস্তী প্রাপ্ত হইয়াছি, এক্ষণে নিক সহত্র দক্ষিণার সহিত তাহাও তোমাকে অর্পণ করিলাম।

ঋষিতনয় প্রযক্ত ধনরত্ন সমুদার প্রতিগ্রন্থ করিয়া স্কৌমনে তাঁহানিগকে আশীর্মান করিলেন। তখন এলা যেমন ইক্রকে ত্দ্রেপ রাম প্রিয়ংবন লক্ষণকে কছিলেন, লক্ষণ! তুমি অতঃপর মহর্ষি অগস্ত্য ও বিশ্বামিত্রকে আহ্বান এবং অর্চণা সহ-কারে গোনহজ্র, সুবর্ণ, রজভ ও মহামূল্য রত্ন প্রদান করিয়া পরিত্রপ্ত কর। যিনি দেবী কেশিল্যাকে প্রতিনিয়ত আশীর্কাদ করিতে আইসেন, সেই তৈত্তিরীয় শাখার অধ্যাপক, প্রশংসনীয় আকাকে পরিভোব পূর্ধক কে\শেয় বস্ত্র, যান ও পরিচারিকা প্রকান কর। আর্য্য চিত্ররথ আঘাদিগের মন্ত্রী ও সার্থি, তিনি অত্যস্তই বৃদ্ধ হইয়াছেন, ভাঁহাকে বহুমূল্য বস্ত্ৰ রত্ন পশু ও সহস্ৰ গো দান কর। আমার আশ্রে কঠ শাখাগায়ী দওধারী বহুসংখ্য ব্ৰহ্মচারী আছেন। তাঁহার। বেদানুশীলনে সততই ব্যাপুত থাকেন বলিয়া কোন কার্য্যই করিতে পারেন না । স্থসাত্র খাদ্যে জাঁহা-দের যথেষ্ট প্রবাস আছে, কিন্তু ভাঁছারা অত্যন্তই অলস। তুমি সেই দমস্ত সাধুসমত মহাঝাদিগকে রত্নভারপূর্ণ অশীতি উট্ট সহজ্ৰ বলীবৰ্দ চণক মুদ্দা এবং দল্পি হ্ৰেন্ধের নিমিত্ত বন্ধ্সংখ্যা ধেৰু প্রদান কর। আমার জননীর নিকটেও ঐরপ অনেক ত্রান্ধণ আসিয়া থাকেন, ভাঁহাদিগের প্রত্যেককে সহস্র নিক্ষ দেও। এবং যাহাতে মাতার মনস্থাই জন্মে, সেই পরিমাণে উহাঁদিগকে দক্ষিণা দান কর।

তখন লক্ষণ রামের নিদেশানুসারে ধনাধিপতি কুবেরের ন্যায় বিপ্রাগণকে ধন দান করিতে লাগিলেন। ঐ সময় ভূত্যেরা তাঁহানের বনগ্মনের এইরপা উদ্যোগ দেখিয়া ছঃখিত মনে কৌনন করিতেছিল। রাম তাহাদিগকে জীবিকার উপযোগী অর্থ প্রদান করিয়া কহিলেন, দেখ, যত দিন না আমি প্রত্যাগমন করি তাবং তোমরা আমার ও লক্ষণের প্রত্যেক গৃহে ক্রমা-ধরে বাস করিবে। রাম অনুচরদিগকে এই রপ অনুমতি দিয়া ধনাধ্যক্ষকে ধন আনয়নার্থ আদেশ করিলেন। তাঁহার আজ্ঞা মাত্র পরিচারকেরা ধন আনিয়াত্তথায় তুপাকার করিল। রাম লক্ষ্মণের সহিত দীন ছঃখী আবাল বৃদ্ধ সকলকেই অকাতরে তাহা বিতরণ করিতে লাগিলেন।

ঐ প্রানেশ ত্রিজট নামে গর্গ-গোত্র-সম্ভূত পিঙ্গলকলেবর
এক বৃদ্ধ ত্রান্ধণ বাস করিতেন। ফাল কুদ্দাল ও লাঙ্গল দ্বারা
বনমধ্যে ভূমি খনন করিয়া তাঁহাকে দিনপাত করিতে হইত।
ত্রিজটের পাত্নী তকণী, দারিদ্র ছুংখে যৎপরোনান্তি কন্ট পাইতেছিলেন। রামধনদান করিতেছেন এই সংবাদ পাইবামাত্র তিনি

শিশু সন্তান সঙ্গে লইয়া ক্রান্ত্রণকে গিয়া কহিলেন, দেখ, তুমি এক্ষণে কাল কুদ্দাল পরিত্যাগ করিয়া আমি যাহা কহিতেছি, শ্রেবণ কর। আজ রাজকুমার রাম বনে যাইবেন, এই উদ্দেশে তিনি দান ত্রংখীদিগকে ধন দান করিতেছেন। তুমি যদি এই সময় তাঁহার সহিত সাক্ষাৎ করিতে পার, তোমার অবশ্যই কিঞ্চিৎ লাভ হইবে।

অনস্তর ভৃগু ও অঙ্গিরার ন্যায় তেঃজপুঞ্জকলেবর মহাত্মা ত্রিজট এক ছিন্ন শাটী দ্বারা সর্ব্বাঙ্গ আচ্ছাদন পূর্ব্বক ভার্য্যার সহিত রামের আবাসাভিমুখে যাত্রা করিলেন এবং অনিবার্য্য-গমনে রাজভবনে প্রবেশ পূর্বক রামের সন্নিহিত হইয়া কহি-লেন, রাজকুমার! আমি নির্ধন, অনেকগুলি সন্তান সন্ততি হই-^{*}রাছে, ভূমি খনন করিয়াই জামাকে দিনপাত করিতে হয়, অত-এব তুমি আমার প্রতি একবার কটাক্ষপাত কর। তখন রাম বিপ্রাকে পরিহাদ পূর্বক কহিলেন, দেখ, আমার অসংখ্য খেনু আছে, কিন্তু তমধ্যে এক সহস্রও বিভরণ করা হয় নাই। এক্ষণে তুমি যতদূর এই দণ্ড নিক্ষেপ করিতে পারিবে, ততদূর যে পরিমাণে ধেকু থাকিবে, সমুদায়ই ভোমার। তখন ভ্রান্ধণ সত্ত্র কটিতটে শ্রুটী বেষ্টন পূর্ব্বক দণ্ডকাষ্ঠ ঘূর্ণিত করিয়া প্রাণপণে নিক্ষেপ कतिलान । एउ निक्थि इहेवांगांज गहा विंदा नत्रगृत श्रद्भ-পারবর্ত্তী বুষভবত্তল গোষ্ঠে গিয়া পতিত ছইল।

তদর্শনে ধর্মপরায়ণ রাম নদীর মপর পার পর্যন্ত যত ধেরু
ছিল সমুদায়ই ত্রিজটের আশ্রমে প্রেরণ পূর্বক তাঁছাকে আলিক্লন ও সাস্ত্রন। করিয়া কছিলেন, ত্রন্ধন্ ! আমি তোমায়
পরিহাস করিতেছিলাম, এই বিষয়ে তুমি কিছুমাত্র ক্রোধ করিও
না। দূরে দওনিক্ষেপশক্তি তোমার আছে কি না, ইহা জানিবার নিমিত্র আমি তোমায় ঐরপ কার্য্য প্রবৃত্ত করিয়াছিলাম।
এক্ষণে তোমার আর যদি কোন অভিলাধ থাকে, প্রকাশ কর।
সভাই কহিতেছি তুমি ইহাতে কিছুমাত্র সক্রোচ করিও
না। আমার যা কিছু ধন সম্পত্তি আছে, সমুদায়ই বিপ্রবর্গের
আর্থসিরির নিমিত্র নিয়োগ করিতে প্রস্তুত আছি। ধর্মানুসারে সঞ্চিত এই সমস্ত অর্থ তোমাদিগকে দান করিলে অবশ্যই
সার্থক হইবে।

তখন ত্রিজট হান্ট মনে বহুর্সংখ্য ধেরু প্রান্তিগ্রহ করিয়া যশ, বল প্রীতি ও মুখ বৃদ্ধির নিমিত্ত রামকে আশার্কাদ পূর্বক ভার্য্যার সহিত প্রস্থান করিলেন। তিনি প্রস্থান করিলে প্রবলপে ক্ষিম রাম বান্ধবগণের নির্বাচনে প্রবর্তিত হইয়া ধর্মবলোপাজিত অর্থ ত্রান্ধণ ভূত্য সূক্ষ্ণ এবং ভিকোপজীবী দরিত্র সকলকেই আদর সহকারে দান করিতে লাগিলেন।

ত্রয়ন্ত্রিংশ সর্গ

এইরপে রাম ও লক্ষণ সমুদার ধনসম্পত্তি বিভরণ করিয়া পিভার সহিত সাক্ষাং করিবার আশয়ে দীতা মুম্ভিবাহারে তথা হইতে নিজাভ হইলেন। সীতা সহতে যে সমস্ত অস্ত্র মাল্যচন্দ্রে অল্পুত করিয়াছেন, ১ইটি পারিচারিক। তং-সমুদায় এহণ পূর্বক ভাঁহানের সঙ্গে চলিল। রাজপথ লোকাকীর্ন, তথার গমনাগমন করা নিতান্তই স্ক্রিন, এই কারণে তৎকালে-সকলে প্রাসাদ হর্ম্য ও বিমানশিখনে আরে৷-হণ পূর্বক দীননয়নে রামকে অবলোকন ফরিতে লাগিল। তাহারা রামকে দীভা ও লক্ষণের দহিত পদত্রজে যাইতে নেখিয়া ছংখিত ছানয়ে কহিতে লাগিলেন, হা! যাঁভার গমন কালে চতুরক বল সঙ্গে যাইত, আজ সেই রাম একাকী, কেবল লক্ষণ ও জানকী তাঁহার অনুসরণ করিতেছেন। রাম ঐথর্য্য-হুখ ও ভোগ বিলাসের সম্পূর্ণ আস্বাদন পাইয়াছেন, তথাত ধর্ম-গৌরব নিবন্ধন পিভার কথা অন্যথা করিতে পারিলেন না।

যাঁহাকে পূর্ব্বে অন্তরীক্ষার পক্ষীরাও দেখিতে পায় নাই, আজ দেই সীতাকে পঞ্চের লোক সকল অবলোকন করিতেছে। অরণ্যে ত্রীম্মের উত্তাপ বর্ষার জলধারা ও চুরম্ভ শীত শীত্রই ইহাঁর এই রক্তচন্দনরঞ্জিত অঙ্গ বিবর্ণ করিয়া ফেলিবে। আজ রাজা দশরথ নিশ্চয়ই পিশাচ-গ্রন্থ হইয়াছেন, নতুবা তিনি কখনই রামকে বনবাস দিতেন না, বলিতে কি. এইরূপ প্রিয় পুত্রকে নির্বাসিত করা তাঁহার একান্তই অন্যায় হইল । যাঁহার চরিত্রে পৃথিবীস্থ সমস্ত লোক মোহিত হইয়া আছে, তাঁহার কথা দূরে থাকুক, যে পুত্র নিগুণ, তাহার প্রতিও লোকে এইরপ নিষ্ঠ র ব্যবহার করিতে পারে না। অহিংসা দয়া শান্ত-জ্ঞান সুশীলতা এবং বাছ ও অন্তরিন্দ্রিয় নিগ্রহ, রাজকুমার রামের এই ছয়টি গুণ বিদ্যমান আছে, প্রচণ্ড রেছির উত্তাপে मतावत्तत जलागाय रहेत्न भरमानि जलाउँ रामन चांकून ছইয়া থাকে, তদ্রপ প্রজারা ইহাঁর বিরহে যার পর নাই আকুল इहेट्य । এই धर्मनीन महाजा नकल मनूरहातहे मूल ; अनाना সকলে ইহাঁর শাখা পল্লব পুষ্প ও ফল, স্বতরাং মূলের উচ্ছেদ হইলে ফলপুপপূর্ণ বৃক্ষ যেমন বিনষ্ট হইয়া থাকে, সেই রূপ ইহাঁর বিপাদে সকলকেই বিপাদম্ভ ইতে ছইবে। অভএব আইদ, আমরা গৃহ উদ্যান ও ক্ষেত্র সকল পরিভাগে পূর্বক इः त्थत इः भी उ ऋत्थत स्थी इरेशा रेट्रांतरे अनूमत्न कति ।

ইনি যে পথে যাইবেন, •আমরা লক্ষণের ন্যায় ভার্য্যা ও স্থল্যাণের সহিত তাহাই আশ্রয় করি। অভঃপর গৃহদেবতারা আমাদিগের এই বাস্তভূমিতে আর অবস্থিতি করিবেন না। যাগ यक्क हाम यथ मञ्ज ७ विन विनुष्ठ हरेशा यशित। य नकन धन ভুগর্ভে নিহিত রহিয়াছে তাহা উক্ত এবং ধেরু ও ধান্য অপ-ছাত হইবে। গৃহের সর্বাহল ধুলিধুষর এবং প্রাঙ্গন নিতান্ত অপরিচ্ছন হইয়া উঠিবে। মৃৎপাত্র সকল চূর্ন এবং ভিত্তি সকল বিপ্লব কালের ন্যায় ভগ্ন হইয়া যাইবে। মৃষিকেরা গর্ত্ত , হইতে নির্গত হইয়া নির্ভয়ে বিচরণ করিবে। রস্ত্রনের ধূম উদ্ধাত হইবে না, জলের সম্পর্কও থাকিবে না। আমরা আবাস-ভূমি ত্যাগ করিয়া চলিলাম, কৈকেয়ী আসিয়া বচ্ছুদে অধিকার কৰুন। অভঃপর রাম যে বন দিয়া যাইবেন, ভাছা নগর হউক, এবং আমাদের পরিত্যক্ত নগরও অরণ্য হউক। ভুজক্তেরা আমা-দিগের ভয়ে ভীত হইয়া বিবর, মৃগপক্ষিগণ গিরিশুক এবং মাতক ও সিংহ সকল বন পরিত্যাগ করুক। আমরা যাহা অতিক্রম করিয়া বাইব উহাদিগকে সেই প্রদেশ অধিকার এবং যে স্থানে তৃণ মাংস ফল মূল স্থলভ দেখিব উহাদিগকে তাহা পরিহার করিতে ভুমবে ৷ আমরা রামের সহিত বনে গিয়া পর্য সুখে বাস করিব, এক্ষণে কৈকেয়ী পুত্র ও মিত্রবর্গের সৃহিত নির্বিদ্ধে **এই** मिन भौतन ककन !

রাম তৎকালে অনেকের মুখে এইপ্রকার বাক্য প্রবণগোচর করিয়া কিছুমাত্র ক্র হইলেন না। তিনি মন্তমাতকের ন্যায় মৃত্মন্দ-গমনে কৈলাশগিরিশৃকসদৃশ পিতৃভবনে যাইতে লাগি-লেন। ছারে বিনীত বীর পুক্ষের। প্রহরীর কার্য্য সম্পাদন করিতেছিল, তিনি তাহা অতিক্রম করিয়া, অদ্রে দেখিতে পাইলেন, স্মস্ত্র ঘন-বিষাদে আরত হইয়া আছেন। তদ্ধনি তিনি স্বয়ং বিমর্থ না হইয়া, ক্লারবিন্দ বদনে গমন করিতে লাগিলেন।

চতুক্তিংশ সর্গ।

 অনন্তর দেই পাল্পলাশলোচন ঘনশ্রাম স্মন্ত্রকে षाञ्चान পূর্বক কহিলেন, হত! তুমি গিয়া পিতার নিকট জামার আগমন সংবাদ প্রদান কর। তখন সুমন্ত্র অবি-लाख রাজা দশরথের নিকট গমন করিলেন, দেখিলেন, তিনি রাষ্ট্রপ্রন্থ দিবাকরের ন্যায়, তত্মাক্তম অনলের ন্যায়, সলিলশুনা ভড়াগের ন্যায় সম্ভাপে একান্ত কলুষিভ হইয়া, দীর্ঘ নিশ্বাস পরিভ্যাথ পূর্বক রামের উদ্দেশে শোক করিভেছেন। সারপ্নি স্থমন্ত্র তাঁহার সমিহিত হইয়া, জয়াশীর্মাণ প্রয়োগ পূর্ব্বক ভয়সন্থিয় মনে মৃত্যুক্ত বচনে কহিলেন, মহারাজ! করজালমণ্ডিত স্থা্যের ন্যায় বিবিধ গুণালম্ভ রাম আকণ उ जनू की विशेष्टक धन मान उ स्महर्गिक आमञ्जूष कतिया, প্রাপনার সহিত সাক্ষাৎ করিবার আশয়ে দ্বারে দণ্ডায়মান তিনি শীব্রই বনে যাইবেন, আপনার আদেশ হয় ত এখনই প্রবেশ করিতে পারেন।

তখন সমুদ্রসদৃশ গন্তীর আকান্দের ন্যায় নির্মাল ধর্মপরায়ণ সভ্যবাদী দশরথ সুমন্ত্রকে কছিলেন, সুমস্ত্র ! এই আলয়ে আমার যতগুলি পত্নী আছেন, তুমি অগ্রে তাঁহাদিগকে আনয়ন কর । আমি তাঁহাদিগের সহিত মিলিত হইয়া রামকে দর্শন করিব।

অনন্তর স্বযন্ত্র রাজাজ্ঞা প্রাপ্ত হইবামাত্র ক্রভবেগে অন্তঃপুরে প্রবেশ করিয়া, রাজপত্নীদিগকে কহিলেন, মহীপাল
আপিনাদিগকে আহ্বান করিতেছেন, আপনারা শীত্রই তাঁহার
নিকট আগমন করুন। তথন তিন শত পঞ্চাশত রাজপত্নী
স্বমন্ত্রের মুখে রাজা দশরথের এইরপ আদেশ পাইয়া, রামজননী
কোশল্যাকে পরিবেইন পূর্বক তথায় উপস্থিত হইলেন।
তদ্দর্শনে দশরথ স্বযন্ত্রকে কহিলেন, স্তত! তুমি অতঃপর রামকে
এই স্থানে আনয়ন কর। স্বযন্ত্রও তৎক্ষণাৎ নিক্রান্ত হইয়া রাম
লক্ষ্মণ ও সীতাকে লইয়া, তাঁহার নিকট আসিতে লাগিলেন।

তখন দশরথ, দূর হইতে রামকে কতাঞ্জলিপুটে আগমন করিতে দেখিয়া, ছঃখিত মনে শীদ্র আসন পরিত্যাগ পূর্বক তাঁহাকে আলিঙ্গন করিবার নিমিত্ত ধাবমান হইলেন, এবং তাঁহার সমিহিত না হইতেই ভূতলে মুদ্ধিত হইয়া পড়িলেন। তিনি মুদ্ধিত হইলে রাম ও লক্ষণ তাঁহাকে ধারণ করিবার নিমিত্ত ধাবমান হইলেন। সভাস্থলে সহসা বহুসংখ্য স্ত্রীলোক 'হা রাম' বলিয়া ক্রন্দন করিয়া উঠিলেন। মন্তকে ও বক্ষঃস্থলে আনবরত করাঘাত করিতে লাগিলেন; ভূষণের শব্দ হইতে লাগিল। তখন রাম লক্ষণ ও সীতা বাস্পাকুললোচনে বিচেতন রাজাকে গ্রহণ পূর্বক পর্যাঙ্কে উপবেশন করিলেন।

অনস্তর দশরথ ক্ষণকাল পরে সংজ্ঞা লাভ করিলে রাম ক্ষতাপ্রানিপুটে কহিলেন, নরনাথ! আমি এক্ষণে দণ্ডকারণো গমন
ক্রিব; আপনি আমাদিগের সকলেরই ক্ষণীশ্বর, আমি
আপনাকে সম্ভাষণ করিভেছি, আপনি সোম্য দৃষ্টিভে দর্শন
ক্রন। আমি, লক্ষণ ও সীতাকে প্রকৃত হেতু প্রদর্শন
পূর্বকি নিবারণ করিয়াছি, কিন্ত ইহারা বারণ না শুনিয়া
আমার অনুসরণে অভিলাধ করিয়াছেন। অতএব এক্ষণে,
প্রেজাপতি ব্রন্ধা যেমন পুত্রগণকে তপশ্চরণার্থ আদেশ করিয়াহিনেন আপনি বিভাশোক হইয়া সেইরপে আমাদের সকলকেই
বন গমনে আধাদেশ ককন।

রাজা দশরথ রামের এইপ্রকার বাক্য শ্রবণ এবং ভাঁহাকে
নিরীক্ষণ পূর্বক কহিলেন, বৎস! আমি কৈকেয়ীকে বরদান
করিয়া যার পর নাই মুদ্ধ হইয়াছি, অতএব অদ্য তুমি আমাকে
বন্ধন করিয়া স্বয়ংই অযোধ্যা রাজ্য গ্রহণ কর। ধার্ঘিক রাম
পিতার এই কথা শুনিয়া কভাঞ্জলিপুটে কহিলেন, পিডঃ!
আপনি অতঃপর সহত্র রৎসর আরু লাভ করিয়া পৃথিবী শাসন

কৰন। রাজ্যে আমার কিছুমাত্র স্পৃহা নাই, আমি চতুর্দ্ধশ বং-সর অরণ্য পর্যটন এবং আপনারই প্রতিজ্ঞা পূরণ পূর্বক পশ্চাৎ আসিয়া আপনাকে অভিবাদন করিব।

ইত্যবসরে কৈকেরী রামের এই বাক্যে অনুমোদন করিবার নিমিত্ত অন্তরাল হইতে রাজা দশরথকে সঙ্কেত করিতে ছিলেন। जमर्गान मगतथ जनशाताकून लोग्न काजत वर्गन किलान, वथ्म! जूमि. देशलांक ७ शतःलांकं अञ्चामत्र कांगनात्र নির্ভাবনায় গমন কর; তোমার হব ও শান্তি লাভ হউক। চতুর্দ্দশ বৎসর পূর্ণ ছইলেই, পুনরায় প্রত্যাগমন করিও। বংস! তুমি সত্যপরায়ণ ও ধর্মনিষ্ঠ, ভোমার মড়বৈপরীত্য সম্পাদন আমার সাধ্যায়ত্ত নহে। এক্ষণে অনুরোধ করি, ভূমি আমার ও ভোমার জননার মুখাপেকা করিয়া, আজিকার' এই রজনী এই স্থানে অবস্থান কর। আহি আজ ভোমাকে নয়নে নয়নে রক্ষ। করিয়া ভোমার সহিত পানাছার করিব। তুমি সকল প্রকার ভোগ্য পদার্থে তৃপ্তি লাভ করিয়া, কল্য প্রভাতে যাত্রা করিবে। বলিতে কি, তুমি অতি চুক্ষর কার্য্য সাধনে প্রবৃত্ত হইয়াছ, এবং আমারই লোকাস্তর স্থাধর নিমিত্ত অরণ্যবাত্রা স্বীকার করিতেছ। কিন্তু বৎস! আমি শপ্র করিয়া কৃহিতেছি, ভৌমার বনবাসে আমার কিছুমাত্র অভিলাব নাই। বে কৈকেরী ভন্মাবগুঠিত অনলের ন্যায়

প্রান্থর, বাহার অভিপ্রান্ত অভিশান্ত করুর ও গৃঢ়, সেই ভোমার অভিষেক-বাসনা হইতে আমার বিরত করিরাছে। আমি ঐ কুলধর্মনাশিনীর অনুরোধে যে বঞ্চনাজালে পতিত হইরাছি, তুমি ভাহারই কল ভোগ করিতে চলিলে। বংস! পুত্রগণের মধ্যে তুমি সর্কাংশে শ্রেষ্ঠ; তুমি যে পিভার সভ্যবাদিতা রক্ষার্থ যত্ন করিবে, ইহা নিভান্ত বিশারের বিষয় নহে।

 রাম শোকার্ত্ত রাজ্য দশরথের এইরপ বাক্য শ্রবণ করিয়া, দীন ভাবে কহিলেন, পিডঃ! আজ আমি ষেরূপ রাজভোগ ' প্রাপ্ত হইব, কলা ভাহা আমাকে কে প্রদান করিবে ? স্বভরাং একণে সর্বাপেক। নিজ্মণই আমার প্রার্থনীয় হইতেছে। খামি এই ধনধান্যপূর্ণ লোকসঙ্কুল রাজ্যবহুল বস্ত্রমতীকে ত্যাগ করিতেছি, আপনি ভরতকেই ইহা প্রদান ককন। অদ্য বনবাসের যে সংকল্প করিয়াছি, তাহা কিছুতেই বিচলিভ হইবে না। অভঃপর আপনি, সুরাসুরসং গ্রাম কালে দেবী কৈকে-রীর নিকট যাহা অঙ্গীকার করিয়াছিলেন, ভাহা রক্ষা করিয়া সভ্যবাদী হউন। আর আমি আপনার আজ্ঞাপালনার্থ চতুর্দ্ধশ বৎসর অরণ্যে থাকিয়া, ভাপসগণের সহিত কালযাপন করি ৷ পিড: ! অপিনি আমার বাক্যে কিছুমাত্র সংশয় করিবেন না; বছদে ভরতকে রাজ্য দান কহন। আমি নিজের বা আত্মীয় স্ক্রের স্থাভিলাষে রাজ্যলাতে লোলুপ নহি। আপনি বেরপ

আজা করিবেন, তাহা সাধন করাই আমার উদ্দেশ্য। একণে আপনার ছঃখ দূর হউক, আর রোদন করিবেন না; স্থাণডীর সমুদ্র কখনই নিজের সীমা অতিক্রম করে না। পিতঃ! আমি এই সমস্ত ভোগ্য বস্তু, স্বর্গ ও জীবনকে নিতান্ত অকিঞ্চিৎকর জ্ঞান করি; আমি আপনার সমকে সত্য ও স্কৃতির উল্লেখ করিয়া শপ্য করিতেছি, আপনি যে, কথার অন্যথা করিবেন ইহা আমার বাঞ্নীর নহে। এই জন্য এক্ষণে আমি এই 'পুরমধ্যে ক্ষাকালও থাকিতে সমর্থ হইতেছি না। দেবী কৈকেয়ী আমার অরণ্যবাদ প্রার্থনা করাতে আমি কহিয়াছিলাম 'চলিলাম।' এখন দেই সভ্য পালন করা অংমার আবশ্যক; বিপরীত আচরণ কোনমতেই হইবে না ৷ একণে আপনি আমার বিয়োগশোক সংবরণ কৰুন, আর উৎক্ষিত হইবেন না। যথায় হরিণেরা প্রশান্ত ভাবে সঞ্চরণ এবং বিহঙ্গেরা কলকঠে কুজন করিতেছে, আমরা সেই কানন মধ্যে পরম স্থার্থ পর্য্যটন ক্রিব। শারে কহে যে, পিতা দেবগণেরও দেবতা; দেবতা বুলিয়াই অমি পিতৃবাক্য পালনে তংপর হইতেছি। পিতঃ! চতু-র্দশ বংসর অভীত হইলেই আবার প্রভাগিমন করিব, ভবে কেন আপনি অকারণ সম্ভপ্ত হইতেছেন। দেখুন, আমার নিমিত্ত সকলেই ক্রন্দন করিতেছেন, ইহাঁদিগকে শান্ত রাখা আপনার कर्डवा किन्छ निष्क्रंसे यन निष्क्रीत इन जत्व धरे छेएन्छ किन्ना

সিদ্ধ হইবে ? মহারাজ ! আমি এক্ষণে সাত্রাজ্য পরিত্যাগ করি-তেছি, আপনি ইহা ভরতকে প্রদান কৰুন। ভরত নিরাপদ প্রদেশে অবস্থান করিয়া এই শৈলকাননশোভিত গ্রামনগর-পূর্ব পৃথিবীকে শাসন কৰুন। আপনি কৈকেয়ীর নিকট যাহা অঙ্গীকার করিয়াছেন, তাহা সফল হউক। উদার রাজভোগে আমার অভিলাষ নাই, প্রীতিকর কোন পদার্থেরই স্পৃহা করি না; আপনকার শিফীবুমোদিত আদেশই আমার শিরো-শ্বর্যা আপনি আমার জন্য আর পরিতাপ করিবেন না। আমি আপনাকে মিথ্যাবাদিতা দোষে লিপ্ত করিয়া আজ বিপুল রাজ্য অতুল ভোগ ও প্রিয়ত্তম। মৈখিলীকেও চাহি না। অধিক কি, আপনি যে আমার নিমিত্ত এত চিন্তিত হইয়াছেন. আপ-নারও মুখাপেকা করিতে পারি না। পিতঃ! আপনার সঙ্কাপ সভ্য হউক। জামি গহন কাননে প্রবেশ করিয়া ফলমূল ভক্ষণ এবং সরিৎ সরোবর ও শৈল দর্শন করিয়াই সুখী হইব, আপনি निर्किष्म थाकुन ।

তখন রাজা দশরথ যার পর নাই ছংখিত হইয়া রামকে
আলিক্সন পূর্বাক মৃদ্ধিত হইলেন; তাঁহার সর্বাক নিম্পন্দ
হইয়া গেল। তদ্দর্শনে কৈকেয়ী ভিন্ন অন্যান্য মহিবীরা রোদন
করিতে লাগিলেন; পরিচারিক। সকল হাহাকার করিতে
লাগিল; সুমন্ত্রও নেত্রজলে প্লাবিত ও মৃদ্ধিত হইলেন।

পঞ্চত্রিংশ সর্গ।

ক্ষণকাল পরে স্থান্তের সংজ্ঞা লাভ হইল। তিনি ক্রোধে একান্ত অধীর হইয়া ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলনে। নেত্রেয়াল রক্তবর্ণ হইয়া উঠিল, মহাক কম্পিত হইতে লাগিল। করে অনবরত কর পরামর্যণ এবং দশনে দশন ধর্মণ করিতে লাগিলেন। তাঁহার মুখঞ্জিও বিবর্গ হইল। তিনি মহারাজের মানসিক ভাব সম্মক পরীক্ষা করিয়া সম্বর্ধমনে ব্যক্তাবাদে কৈকেয়ীর হাদয় কম্পিত ও মর্ম ক্রাম্পিত দশর্ম তোমার আমী, তুমি যথন ইহাঁকেও তার্গ করিতে পারিলে, তখন জগতে তোমার অকার্য্য আর কিছুই নাই। ব্র্যালাম তুমি পতিক্রাতিনী ও কুলনালিনী। রাজা দশর্ম ইত্রের নার অভ্যান, পর্মতের ন্যায় নিশ্চল এবং মহাসাগরের ন্যায় গঞ্জীর, তুমি স্বর্থদোবে ইহাঁকে কলুবিত করিয়া তুলিয়াছ। ইনি তোমার

স্বামী, তুমি ইহাঁর অবমাননা করিও না; ভর্তার ইচ্ছারুসারে কার্য্য সাধন জ্রীলোকের কোট পুত্র অপেকাও অধিক হইয়া थाटक। तथ. ताजात लोकाखत दरेटन ताजकूमात्रनिरगत वज्ञः-ক্রম অনুসারে রাজ্যাধিকার হয়, এই আচারটি অনাদিকাল হইতে প্রচলিত হইয়া আসিতেতে, কিন্ত মহারাজের জীবদশাভেই তুমি তাহা লোগ করিবার চেউ। পাইতেছ। এক্ষণে তোমার পুত্র ভরত রাজা হইয়া পৃথিবী শাসন ককন, আমরা রামেরই অনুসরণ করিব। তুমি লাজ যে জবন্য আচরণে প্রবৃত্ত হইয়াছ, ভোমার রাজ্যে আর কি প্রকারে ত্রান্ধণ বাস করিবেন। রামের रा भथ मकल्लाइ सारे भेथ । अक्टर वल पिथ, जोजीय चजन उ বিপ্রাণ ভোমায় ভাগে করিয়া যাইলে কেবল রাজ্য লইয়া কি স্থােদর হইবে? আন্চর্য্য! ভোমার এইরূপ ব্যবহারে মেদিনী কেন সদ্যই বিুদীর্ণ ছইল না, ত্রান্মর্ষিগণ ভয়ঙ্কর অগ্নিকম্প ধিকারে তোমাকে কেন ভশাসাৎ করিলেন না। মহরাজ যে ভোমার অনুরত্তি করিভেছেন, জারি না তাহার পরিণাম কিরূপ ছইবে। কুঠারাঘাতে আত্র বৃক্ষ ছেদন করিয়া কে নিম্বের পরি-চর্যা করিয়া থাকে । মূলে জলসেক করিলে নিম্ব কি কথন মধুর হয়? দেবি! ভোমার জননীর ষেমন আভিজ্ঞাত্য, ভোমারও **उज्जिश । लांदिक क**रिया शांदक रिंग, निष तुक्त रहेरे कथेनरे मधू निः मृष्ड रहा ना, এ कथा चलीक नत्र। चार्मि दृक्षगत्न मूत्प

শুনিয়াছি যে, তোমার প্রস্থৃতির পাপে আসক্তি ছিল। একণে বে কারণে আমি এইরপ কহিতেছি তাহাও প্রবণ কর।

পূৰ্ব্বে কোন এক মহাতপা মহৰ্ষি তোমার পিতা কেকয়রাজকে বর দান করিয়াছিলেন। ঋষিপ্রদত্ত বরপ্রভাবে তিনি পশু পক্ষী প্রভৃতি সকল জীবেরই বাক্য রুঝিতে পারিতেন। একদা কেকয়নাথ শয়ন করিয়া আছেন ইত্যবসরে একটা স্বর্ণকান্তি জুম্ভ পক্ষী ডাকিভেছিল। তোমার পিতা তাহা শ্রবণ ও তাহার অভিপ্রায় অনুধাবন করিয়া হাসিতে লাগিলেন। তোমার জননী রাজাকে অকারণ এইরূপ হাস্য করিতে দেখিয়া ক্রোধাবিষ্ট মনে কছিলেন, দেখ, তুমি কি কারণে হাসিতেছ? যদি না প্রকাশ কর, এখনই আত্মহত্যা করিব। কেকয়াধিনাথ কছিলেন, দেবি ! আমি যদি এই হাস্যের বিষয় ব্যক্ত করি ভাহা হইলে সদ্যই আমার মৃত্যু ঘটিবে সন্দেহ, নাই। তোমার জননী পুনর্কার কহিলেন, মহারাজ! তুমি বাঁচ আর মর, অবশ্যই কহিতে হইবে: কারণ অবগত হুইলে অতঃপর আর কখনই আমায় লক্ষ্য করিয়া হাসিতে পাইবে না।

তখন কেকয়রাজ রাজমাহনীর নির্বস্থাতিশয় দর্শন করিয়া বাঁহার বর প্রভাবে এই শহিল অধিকার করিয়াছেন, সেই মহর্ষির নিকট গমন ও আমুপূর্ষিক সমুদায় জ্ঞাপন করিলেন। ঋষি কহিলেন, মহারাজ! তোমার পত্নী আত্মহত্যা ককন আর যাই কৰুন তুমি কিছুতেই এই রহস্য প্রকাশ করিও না।

ভাপোষন প্রসন্নমনে এইরপ কহিলে ক্রোমার পিতা ভদ্মণ্ডে ভোমার জননীকে পরিত্যাগ করিয়াছিলেন। কৈকেয়ি! তুমিও মহারাজকে মোহে অভিভূত করিয়া অর্গৎ পথে প্রবর্তিত করিতেছ। প্রবাদ আছে যে, পুকষেরা পিতার এবং জ্ঞীলোক মাতার বভাবারুষায়ী হইয়া জন্ম গ্রহণ করিয়া পাকে, এক্ষণে ষ্ট্রহা সত্যই বোধ হুইল। বারণ করি, তুমি তোমার জননীর ন্যায় ব্যবহার করিও না, মহারাজ যেরপ আদেশ করেন, তাহা-ভেই সন্মত হও। তুমি ইহাঁর ইচ্ছানুষায়ী কার্য্য করিয়া আমাদি-গকে রক্ষা কর। নীচ কামনায় উৎসাহিত হইয়া ইন্দ্রভুল্য, দর্মলোকপালক স্থামীকে বিধর্মে প্রবর্ত্তিত করা উচিত ইইতেছে না। এই কমললোচন জীমান মহারাজ লীলা-প্রসঙ্গে যাহা অঙ্গীকার করিয়াছিলেন, তাহা হইবার নহে। রাম সর্বজ্যেষ্ঠ মহাবল কার্য্যকুশল স্বর্মরক্ষক ও জীবলোকের প্রতিপালক, অতএব ইহাঁকেই রাজ্যে নিয়োগ কর। যদি রাম পিতাকে পরিত্যাগ করিয়া বনে যান, তাহা হইলে জগতে তোমার অপ-ষশ ঘটিবে। একণে ইনি আপনার রাজ্য রক্ষা করুন, তুমিও নিশ্জি হও ৷ রাম ব্যতীত এখানকার আর কেহই ভোমার অনুকৃল হইতে পারিবেন না। ইনি যৌবরাজ্য এহণ করিলে মহারাজ পূর্বতেন রূপতিগণের দৃষ্টান্তে বন প্রস্থান করিবেন।

স্মন্ত্র কভাঞ্চলিপুটে সেই সভা মধ্যে এইরপ ভীক্ষ ও শাস্ত বাক্য প্রয়োগ করিলে কৈকেরী ক্ষুত্র হইলেন না, তাঁহার মুখ-রাগও কিছুমাত্র বিহুত হইল না।

यहेजिश्म मर्ग।

রাজা দশরথ প্রতিজ্ঞা করিয়া অভ্যন্তই ব্যথিত হইয়াছি-লেন। তিনি বাষ্পাকুল লোচনে দীর্ঘ নিশাস পরিত্যাগ্ পূর্বক স্বমন্ত্রকে কহিলেন, স্বমন্ত্র! তুমি এক্ষণে অরণ্যে রামের স্বখসেবার্থ চতুরক রল শীত্র স্থসভিন্নত কর। সৈন্যের সক্ষে वठनठञ्जा श्रिकां शासन कड़क, धनवान विगत्कता श्रेश ज्वा · **লইয়া যাক।** যাহারা রামের আশ্রয়ে থাকিয়া প্রতিপালিত হইতেছে এবং যে সকল মল্লেরা বীর্য্য পরীক্ষার নিমিত্ত ইইার সহিত ক্রীড়া করিয়া থাকে তাহাদিগকে, অর্থ দিয়া খ্রেরণ कत्र। मर्स्ता एक चाल ७ भक्डे मुकल मम जिन्दा होत (म ७, অরণ্যমর্মজ্জ ব্যাধ এবং নগরের সমুদায় লোকই গমন কৰুক। रेराता कानरन शिया पृश्वध वनामधू शान छ नम नमी सम्म-র্শন করিয়া নগরবাস বিস্মৃত হইয়া যাইবে। ধনকোশ ধান্য-কোল যা কিছু আমার অধিকারে আছে, প্রিচারকেরা এই সমুদায় দইয়া প্রস্থান ককক। কুমার পবিত্র স্থানে যজ্ঞানুষ্ঠান

ও প্রচুর দক্ষিণা দান করিয়া ঋষ্গিণের সহিত পরম সুখে বাস করিবেন। অতএব সকল প্রকার ভৌগ্য দ্রব্য ইহাঁরই সমভিব্যাহারে দেও, তৎপরে ভরত আসিয়া অযোধ্যা শাসন করিবেন।

মহীপাল দশরথ স্থমন্ত্রকে এইরপ আদেশ করিবামাত্র কৈকেরীর যৎপরোনান্তি তয় উপস্থিত হইল, তাঁহার মুখ শুক্ষ হইয়া গেল এবং কণ্ঠস্বর বুদ্ধ হইল। তিনি অত্যন্তই বিষয় দেইয়া দশরথকে কহিলেন, মহারাজ ! যদি সমুদায় বিলাস-সাম্ঞী বহিভূতি হইয়া যায়, তাহা হইলে ভরত পীতসার স্বরার ন্যায় শূন্যরাজ্য লইয়া কি করিবে।

কৈকেয়ী নির্লক্তা হইয়া এইরপ নিদারণ বাক্য প্রয়োগ করিলে রাজা দশরথ ক্রোধাবিই হইয়া কহিলেন, অনার্য্যে! তুমি ভার বহনে আমায় নিযুক্ত করিয়াছ, আমিও বৃহিতেছি, তবে কেন আর ব্যথিত কর। তুমি এক্ষণে যে বিষয়ের প্রসঙ্গ করিলে, রামের বনবাস প্রার্থনা কালে কি নিমিত্ত ইহা প্রকাশ কর নাই। তখন কৈকেয়ী দ্বিগুণ ক্রোধের সহিত কহিলেন, দেখ ভোমারই বংশে সগর রাজা জ্যেষ্ঠ পুত্র অসমঞ্জকে রাজ্য ভোগে বঞ্চিত্ত করিয়া নগর হইতে বহিষ্কৃত করেন, এক্ষণে রামকে সেইরূপেই বহিষ্কৃত কর।

দশরথ এই কথা প্রবৰ্ণ করিকামাত্র কহিলেন, ছংশীলে! ভোৱে

ধিক্। সভাস্থ সকলেই লক্ষিত হইলেন ; কিন্তু কৈকেয়ী ক্রোধের বলীভূত হইয়া যে কি কহিলেন কিছুই বুঝিতে পারিলেন না।

ঐ স্থানে মহারাজের প্রিয়পাত্র সিদ্ধার্থ নামে সর্বপ্রধান এক জন বৃদ্ধ উপস্থিত ছিলেন, তিনি কৈকেয়ীর এইরূপ অসম্বন্ধ বাক্য প্রবণ করিয়া কছিলেন, দেবি! অসমঞ্জ অত্যন্ত इकी छ हिल। थे इर्चा जि भरथ य मकन वानरकता की ज़ा कतिज, खेरोमिंगरक धतिया 'मत्रयूत जल निरक्ति शुर्विक जारमाम করিত। তদ্দর্শনে প্রজারা বংপরোনান্তি কোধাবিষ্ট হইয়। একদা রাজাকে গিয়া কহিল মহারাজ! আপনি অসমঞ্জকে চাহেন ? না আমরা রাজ্যে বাস করিয়া থাকিব, এইরূপ অভিলাষ করেন ? অবনিপাল কহিলেন, প্রকৃতিগণ! বল, আজ কি কারণে 'তোমরা এইরপ ভীত হইয়াছ? প্রজারা কহিল, মহারাজ ! আমাদের যে সকল শিশু পথে ক্রীড়া করে আপনার অসমঞ্জ মূর্খতা.বশত তাহাদিগকে সরযুর জলে নিক্ষেপ পূর্ব্বক আমোদ করিয়া থাকে। তখন নুপতি প্রকৃতিগণের শুভোদেশে অনুচর-দিগকে কহিলেন, দেখ, প্রজাগণের অহিতকারী অসমঞ্জকে নির্বাসন-বেশ পরিধান করাইয়া যাবজ্জীবন ভার্য্যার সহিত ব্নবাদ দিয়া আইস। পাপচারী অসমঞ্জও তৎক্ষণাৎ ফাল ও পেটক লইয়া আবাস হইতে নিষ্ণাম্ভ হইল এবং চতুৰ্দ্ধিকে গিরিহুর্গ দর্শন ও পর্য্যটন করিতে লাগিল। কৈকেরি! অসমঞ্জ

এইরপ ছর্কিনীত ছিল বলিয়া ধর্মশীল সগর তাহাকে পরিত্যাগ করিয়াছিলেন। কিন্তু রামের এমন কি অপরাধ আছে
যে, তুমি ইহাঁর এইরপ ছর্জিশা করিবে। আমরা ত রামের কোন
দোষই দেখিতেছি না। রাম চন্দ্রের ন্যায় নির্মাল। এক্ষণে
তুমি যদি ইহাঁর কোনপ্রকার দোষ প্রত্যক্ষ করিয়া থাক
প্রকাশ কর, পশ্চাৎ ইহাঁকে বনবাস দিবে। যিনি শিক্ট ও
সাধু, তাঁহাকে ত্যাগ করিলে ধর্মবিরোধনিবন্ধন স্থররাজ্ব
ইল্রেরও মহিমা খর্ম হইয়া যায়। দেবি! এই কারণেই
কহিতেছি, তুমি রামের রাজ্ঞী বিনষ্ট করিও না, ইহাতে
ভোমার অত্যন্ত লোকাপবাদ ঘটিবে।

মহারাজ দশরথ সিদ্ধার্থের এইরপ কথা শ্রবণ করিয়া ক্ষীণ কঠে শোকাকুলিত বাক্যে কৈকেরীকে কহিলেন, পাপে! দেখিতেছি, বৃদ্ধ সিদ্ধার্থের কথা তোমার প্রীতিকর হইল না। আমার ও তোমার যাহাতে হিত হইবে সে দিকেই তুমি, যাইবে না। এইরপ নীচ পথ আশ্রয় করিয়া নীচ কার্য্যের অনুষ্ঠানই তোমার উদ্দেশ্য। যাহাই হউক, এক্ষণে আমি হৃথ সম্পদ্ধ সমুদার পরিত্যাগ করিয়া রামের অনুগমন করিব। তুমি রাজা ভরতের সহিত বহু দিনের নিমিত্ত রাজ্য উপভোগ কর।

সপ্ততিংশ দগ।

অনস্তর রাম রাজা দশরথকে বিনয় সহকারে কঁছিলেন, ।
পিতঃ! আমি ভোগপ্থ ও অন্যান্য সকল সম্পর্ক পরিত্যাগ
করিয়া যথন বনমধ্যে ফলমূল মাত্র ভক্ষণ পূর্বক প্রাণযাত্রা
নির্বাহ করিতে চলিলাম তথন সৈন্যসামস্ত লইরা আর আমার
কৈ হইবে? হস্তী দান করিয়া বন্ধন-রজ্জুর মমতা করা নিরর্থক।
এক্ষণে আমি সমস্তই ভরতকে দিতেছি। অতঃপর কেহ আমার
অরণ্যগমনের নিমিত্ত চীরবন্তা, খনিত্র ও পেটক আন্যান করিয়া
দিন্।

রাম এইরপ কহিবামাত্র কৈকেয়ী স্বয়ং গিয়া চীরবস্ত্র আনয়ন করিলেন এবং নির্লজ্ঞা হইয়া রামকে সেই সভামধ্যে কহিলেন, রাম ! আমি এই চীর আনয়ন করিলাম, তুমি ইহা
পরিধান কর ৷ তখন সেই পুরুষপ্রধান পরিধেয় সূক্ষ্ম বসন
পরিত্যাগ পূর্ব্বক মুনিবস্ত্র গ্রহণ করিলেন ৷ লক্ষ্মণ ও পিতার

সমক্ষে তাপস-বেশ ধারণ করিলেন। অনস্তার কোশেয়-वमना जानकी हीत थंडलं कतिया वाखता मर्भान इतिशीत ন্যায় অত্যন্ত ভীত হইলেন এবং একান্ত বিমনায়মান হইয়া জলধারাকুল লোচনে গন্ধর্বাজপ্রতিম ভর্তাকে কছিলেন. নাথ! বনবাদী খানিরা কিরুপে চীর বন্ধন করিয়া থাকেন ? এই বলিয়া তিনি কিং কর্ত্তব্য বিমূঢ় হইয়া এক খণ্ড কঠে ও অপর খণ্ড হস্তে লইগা লজ্জাবনত বদনে দণ্ডায়মান রহিলেন। তদ্দ-্শনে রাম সত্তর তাঁহার স্মিহিত হইয়া স্বয়ংই কেশিয় বস্তোর উপর চার বন্ধনে প্রবৃত্ত হইলেন। পুরনারীগণ জানকীর অঙ্কে রামকে চীর বন্ধন করিতে দেখিয়া কাতর মনে অনর্গল চক্ষের जल विमर्ड्डन कतिएंड लोशिएलन, कहिएलन वर्म। जानकी তোমার ন্যায় বনবাসে নিগুক্ত হন নাই। তুমি নুপতির অনু-রোধে বনে গমন করিয়া যত দিন না আসিবে,∓তাবং সীতাকে দেখিয়া আমরা শীতল হইব। এক্ষণে ভূমি সহচর লক্ষ্মণের সহিত প্রস্থান কর। সীতা তাপদীর ন্যায় বনবাস আশ্রয় করিতে পারিবেন না। তুমি ধর্মপরারণ; তুমি স্বয়ং এই স্থানে থাকিতে সমত হইবে না, কিন্তু অনুরোধ করি, জানকীকে রাখিয়া যাও।

রাজকুমার রাম পুরনারীগণের এইরপ বাক্য শ্রবণ করিয়াও বিরত হইলেন না। তদ্দর্শনে কুলগুরু বশিষ্ঠ বাস্পাকুললোচনে

खानकीरक होत धांतर निवांत कतिया रेकरकशीरक कहिरलन, ছুটে ! তুমি মহারাজকে বঞ্চনা করিয়াছ,। বঞ্চনা করিয়া যত দূর বাসনা ছিল, এক্ষণে তাহাও অতিক্রম করিতেছ। ছঃশীলে! **(मदी জানকীর কখনই বনে গমন করা হইবৈ না। ইনিই রামের** রাজসিংহাসন অধিকার করিয়া থাকিবেন।ভার্য্যা গৃহীদিগের আর্কাঙ্গ। স্থতরাং সীতা রামের আর্কাঙ্গ বলিয়া রাজ্য পালন ক্ররিবেন। যদি ইনি রামের সহচারিণী হন, তাহা হইলে আমরা নগরের অন্যান্য সকলেরই সহিত যথায় রাম পেট স্থানেই যাইব। অন্তঃপুর-রক্ষকেরাও গমন করিবে। ভরত ও শক্রত্ম চীরধারী হইয়া জ্যেষ্ঠ রামের অনুসরণ করিবেন। জীবনযাত্রার উপযোগী অর্থ দাস দাসী কিছুই এই স্থলে থাকিবে না। অতঃপর এই রাজ্য নির্জ্জন, শূন্য এবং বন জঙ্গলে পরিপূর্ন হইয়া উঠিবে, তুমি প্রজাগণের অহিতকারিণী হইয়া একাকিনী ইহা শাসন কর । যথায় রাম রাজা নহেন তাহা রাজ্য বলিয়া পরিগণিত হইবে না, এবং ইনি যে স্থানে অবস্থিতি कतित्वन, (महे वनहे तांखा इहेत् । यथन महातांख चतु कन হইয়া দিতেছেন তখন ভরত এই রাজ্য কখন শাসন করি-, বেন সা, এবং তিনি যদি দশরথের ঔরসে জন্ম গ্রহণ করিয়া থাকেন তবে তোমার প্রতি পুরোচিত ব্যব্হার প্রদর্শনেও প্রাক্স খ হইবেন। ভরত নিজের বংশাচার বিলক্ষণ পরিজ্ঞাত

আছেন, তুমি যদি ভূতল হইতে অপ্তরীকে উপিত হও তথাচ তাহার অন্যথাচরণ করিবেন না। প্তরাং তুমি এক্ষণে পুরের রাজ্য কামনা করিয়া পুরেরই অনিষ্ট সাধন করিলে। রামের প্রতি পক্ষপতে প্রদর্শন করে না এই জীবলোকে এমন লোকই নাই। তুমি আজই দেখিতে পাইবে, বনের পশু পক্ষী-রাও রামের অনুসরণ করিতেছে, এবং রক্ষ সকল ইহাঁর প্রতি উন্থ হইয়া রহিয়াছে। অতএব এক্ষণে তুমি জানকীর চীর র্নপনীত করিয়া ইহাঁকে উৎকৃষ্ট অলঙ্কার প্রদান কর। মুনিবস্ত্র কোনরপেই ইহাঁর যোগ্য বোধ হইতেছে না। দেখ, তুমি একমাত্র রামেরই বনবাস প্রার্থনা করিয়াছ, কিন্তু যিনি প্রতি নিয়ত বেশ বিন্যাস করিয়া থাকেন, সেই সীতা স্ববেশে রাম সহবাদে কাল যাপন করিবেন, ইহাতে ভোমার ক্ষতি কি ? একণে এই রাজকুমারী উৎকৃষ্ট খান, পরিচারক, বস্ত্র ও অন্যান্য উপকরণ লইয়া গমন কৰুন। দেবি! বর গ্রাহণ কালে তুমি রামকেই লক্ষ্য করিয়াছিলে, কিন্তু সীতাকে প্রার্থনা কর নাই।

জানকী রামের ন্যায় মুনিবেশ ধারণে অভিলাষিণী হইরাছি-লেন, বিপ্রবর বশিষ্ঠ এইরূপ কছিলেও তদ্বিষয়ে কিছুতেই বিরত হইলেন না।

অফীত্রিংশ সর্গ।

জনকনন্দিনী সনাথ। হইয়াও অনাথার ন্যায় চীর ধারণে প্রিত্ত হইলে তত্ত্য সকলেই দশরথকে ধিকার প্রদান করিতে লাগিলেন। তদ্দর্শনে দশরথ নিতান্ত তুঃখিত হইয়া দার্ঘ নিখাস পরিত্যাগ পূর্বক কৈকেয়াকে কহিলেন, কৈকেয়ি! জানকী প্রকুমারী ও বালিকা এবং ইনি নিরবচ্ছিন্ন ভোগ প্রখেই কাল হরণ কিব্রুয়া থাকেন। গ্রুঁকদেব কহিলেন, ইনি বনবাসের ক্লেশ সহিব্যুর যোগ্য নহেন, এ কথা যথার্থই বোধ হইতেছে। এই প্রশীলা রাজকুমারী কাহারও কোন অপকার করেন নাই, ইনি বনবাসিনী তিক্ষুকীর ন্যায় চীর গ্রহণ করিয়া বিন্যাসপ্রসক্ষে, রামের ন্যায় ইহাঁকেও চীরবাস পরিগ্রহ করিতে হইবে, আমি কিছু, পূর্বে এইরপ প্রতিজ্ঞা করি নাই। একণে ইনি সকল প্রকার রত্নতার লইয়া বনে গমন ককন। আমি মুমূর্যু

ছইয়াই শপথ পূর্বক রামের বনবাস বিষয়ে নিষ্ঠুর প্রতিজ্ঞা করিয়াছিলাম, কিন্তু তুমি : যে জানকীর তাপসী-বেশ অভিলাষ করিতেছ, ইহা তোমার অজ্ঞানতা ভিন্ন আর কিছুই নহে! পুষ্পোদাম হইলে বেণু যেমন বিনষ্ট হয় তদ্ধপ তোমার এই প্রবৃত্তিই আমার বিনাশের মূল হইবে। পাপীয়সি! স্থীকার করিলাম যে, রাম ভোমার নিকট কোন অপরাধ করিয়া থাকিবেন, কিন্তু বল দেখি, এই হরিণনয়না মুহুম্বভাবা জানকী তোমান াঁক অপকার করিয়াছেন? রামের নির্মাসনই ভোমার পক্ষে যথেষ্ট হইতেছে, তাহার পর এই সমস্ত গুংখাবহ পাতকের অনু-ষ্ঠানে আর ফল কি? রাম রাজ্যে অভিযক্ত হইবার অভিলাষে এই স্থানে আগমন করিলে তুমি ইহাঁকে জটাচীরধারী হইয়া বন গমনের আদেশ করিয়াছিলে, আমি তাহাতেই সমৃত হইয়াছিলাম; কিন্তু এক্ষণে দৈখিতেছি, ভোমার অত্যন্ত ত্বরাশা উপস্থিত হইয়াছে, তুমি জানকীকেও চীরবাস পরি-ধান করাইবার বাসনা করিয়াছ। বলিতে কি, এইরূপ ব্যব-হারে তোমায় অচিরাৎ নরকস্ক হইতে হইবে।

রাম রাজা দশরখের এইরপ বাক্য শ্রবণ করিয়া অবনত মুখে কছিলেন, পিতঃ! এই উনারশীলা জননী কোশল্যা আমাকে বনপ্রস্থানে উন্যত দেখিয়াও আপনার কোনরপ নিন্দাবাদ করিতেছেন না। ইনি কখন ছঃখ সহ্য করেন নাই, অতঃপর আমার বিযোগ-শোকে অত্যম্ভই কফ পাইবেন, এই কারণে কহিতেছি, আপনি ইহাঁকে সন্থানে রাখিবেন । আমি যে চক্ষের অন্তরালে থাকি ইহাঁর সে ইচ্ছা নাই; এক্ষণে দেখিবেন যেন আমার শোকে ইহাঁকে প্রাণ ত্যাগ করিতে না হয়।

२७

একোনচন্বারিংশ সর্গ।

প্রতিবাজ দশরথ রামের এই কথা শ্রবণ এবং তাঁছার মুনিবেশ নিরীক্ষণ করিয়। পাত্নীগণের সহিত হতজ্ঞান হইয়া
রহিলেন। ছনিবার ছঃখ তাঁহার অন্তর দক্ষ করিতেছিল, তৎকালে তিনি আর রামের প্রতি দৃফিপাত করিতে সমর্থ হইলেন
না; দেখিলেও আর কথা কহিছে পারিলেন না, একান্তই
বিমনা হইলেন এবং ক্ষণকাল যেন বিহ্বল হইয়া রহিলেন।

অনস্তর তিনি রামের চিন্তার যার পরনাই আকুল হইয়া কহিলেন, হা! পূর্ব্বে আমি নিশ্চরই অনেক ধেনুকে বিবৎসা করিয়াছি,
এবং অনেক জীবের প্রাণ হিংসা করিয়াছি, সেই পাপেই আমার
এই হুর্গতি ঘটল ৷ অনলের নার তেজস্বী রাম আমার সম্মুখে
স্থান বস্ত্র পরিত্যাগ করিয়া তপস্থি-বেশ ধারণ করিলেন, আমি
স্বচক্ষেই তাহা দেখিলাম ৷ বোধ হয় অসময়ে মৃত্যু হয় না,
নতুবা কৈকেয়ী যে আমার এত যন্ত্রণা দিতেছে, সম্ভবত ইহাতেই

তাহা হইত। যে, বঞ্চনা দ্বারা আপনার স্থার্থ সাধন করিতেছে নেইএক কৈকেয়ীই এই সকল লোককে ক্লেশ প্রদান করিল!

রাজা দশরথ জলধারাকুললোচনে কাতর মনে এইরপ বিলাপ ও পরিতাপ করিয়া রামকে কহিলেন, রাম!——নাম গ্রহণ করিবামাত্র বাম্পভরে আর বাঙ্নিম্পত্তি করিতে পারি-লেন না। তৎপরে মুহূর্ত্ত মধ্যে মনের আবেগ সংবরণ করিয়া ফজলনয়নে স্থমস্থকে কহিলেন, স্থাস্ত্র! তুমি বাহনোপযোগি রথ অশ্বসমূহে যোজিত করিয়া আন এবং রামকে জনপানের বহিভূতি করিয়া রাখিয়া আইস। এক জন সাধু মহাবারকে পিতা মাতা নির্মাসিত করিতেছেন ইহাই গুণবান্দিগের গুণের যথেক পরিচয়, সন্দেহ নাই।

অনন্তর স্বযন্ত্র ত্বরিত পদে নির্মাত হইরা রথ স্বসজ্জিত ও অখে যোজিতু করিয়া আনিখেন। রথ আনীত হইলে দশরথ ধনাধ্যক্ষকে আহ্বান পূর্বক কহিলেন দেখ, তুমি বৎসর সংখ্যা করিয়া জানকীর নিমিত্ত শীত্র উৎক্লফ্ট বস্ত্র ও অলঙ্কার আনরন কর।

রাজার আদেশ মাত্র ধনাধ্যক্ষ অবিলয়ে কোষ গৃহে গমন ও বসন ভূষণ গ্রহণ পূর্বক আসিয়া সীতাকে প্রদান করিল। আযোনিসম্ভবা জানকী সুশোভন অকে ঐ সমন্ত বিচিত্র আভরণ ধারণ করিলেন। প্রাতঃকালে উদিত দিবাকরের প্রভা যেমন নভো-মণ্ডলকে রঞ্জিত করে সীতার ফমনীয় কান্তি তৎকালে ঐ গৃহ সেইরূপ সুশোভিত করিল।

অনন্তর দেবী কেশিল্যা তাঁহাকে আলিন্ধন ও তাঁহার মন্তকা-জ্রাণ করিয়া কহিলেন, বৎসে! যে নারী প্রিয়জনদিগের আদর-ভাজন হইরাও বিপদে স্বামিদেবায় পরাগ্নখ হয়, দে ইহলোকে অসতী বলিয়া পরিগণিত হইয়া থাকে। এইরপ অসতীদিগের মভাব এই যে উহারা স্বামীর সম্পদের সময় মুখ ভোগ করে কিন্দু বিপাদ উপস্থিত হইলে তাঁহাকে নানা দোষে দূষিত অধিক কি পরিত্যাগও করিয়াপাকে। উহারা মিথ্যা কহে, তুর্গম স্থানে গমন ও নানা প্রকার অঙ্গভঙ্গি প্রদর্শন করে এবং পতির প্রতি একান্ত বিরস বলিয়া অম্প কারণে বিরক্ত হইয়া উঠে। ঐ সকল ন্ত্রীলোক অত্যন্তই অস্থিরচিত্ত; উহারা কুলের অপেক্ষা রাখে না, বসন ভূষণে বশীভূত হয় না, কতঃ হয়, ধর্মজ্ঞান তুচ্ছ বিবেচনা করে, এবং দোষ প্রদর্শন করিলেও অস্বীকার ক্রিয়া পাকে। কিন্তু যাঁহারা গুৰুজনের উপদেশ গ্রহণ এবং আপনার कुलमर्याामा शालन करहन, याँहाता मठावानी अ अन्यकार मह সকল সতী একমাত্র পতিকেই পুণ্যসাধন জ্ঞান করিয়া থাকেন। একণে আমার রাম যদিও নির্মাসিত হইতেছেন, কিছ ভূমি ইহাঁকে অনাদর ক্যিও না, ইনি দরিত বা সম্পন্নই হউন, তুমি रेराँक प्रवक्ता वित्रका कतित्व।

জানকী দেবী কোঁশলাগার এইরূপ ধর্মসঙ্গত বাক্য প্রবণ করিয়া কভাঞ্জলিপুটে কছিলেন, আর্য্যে! আপনি আমাকে যেরপ আদেশ করিতেছেন আমি অবশ্যই তাহা পালন করিব। স্বামীর প্রতি কিরপ আচরণ করিতে হয়, আমি তাহা জানি ও শুনিয়াছি। আপনি আমাকে অসতী দিগের তুল্য মনে করিবেন না। শশাক্ত হইতে রশ্মির ন্যায় আমি ধর্ম হইতে বিচ্ছিন্ন নহি। মেমন তন্ত্রীশূন্য বীণা এবং চক্রশূন্য রথ নিরর্থক হয় সেইরূপ ব্রীলোক শত পুত্রের মাতা হইয়াও যদি ভর্তৃহীন হয়, কদাচই সুখী হইতে পারে না। পিতা মাতা ও পুত্র পরিমিত বস্তুই দান করিয়া থাকেন কিন্দু জগতে স্বামি ভিন্ন অপরিমেয় পদার্থের দাতা আর কেহ নাই, স্নতরাং তাঁহাকে কে না আদর করিবে ? আর্য্যে! আমি মাতার নিকট সামান্য ও বিশেষ ধর্মোপদেশ পাইয়াছি, আফ্রি কি কারণে স্বামির অবমাননা করিব। পতিই আমার পরম দেবতা।

দেবী কেশিল্যা জানকীর এইরপ হৃদয়হারি বাক্য প্রবণ করিয়া হৃঃখ ও হর্ষ উভয় কারণেই অঞ্চ বিসর্জ্জন করিতে লাগিলেন। তখন ধর্মপারায়ণ রাম সেই সর্বজনপূজনীয়া জন-নীকে নিরীক্ষণ করিয়া মাতৃগণ সমক্ষে কৃতাঞ্জলিপুটে কহি-লেন, মাতঃ! তুমি হৃঃখ শোকে বিমনা হইয়া জামার পিতাকে দেখিও না। এই চতুর্দ্ধশ বংসর চক্ষের পালকেই অতিবাহিত ছইবে; তৎপরেই দেখিবে, আমি, জানকী ও লক্ষণের সহিত এই রাজধানী অযোধ্যায় উপস্থিত হইয়াছি।

রাম অসন্দিদ্ধ বচনে জননীকে এইরপ সান্ত্রনা করিয়া
অনুক্রমে শোকার্ড মাতৃগণকে দর্শন করিলেন এবং ক্নতাঞ্জলি
হইয়া বিনীত বাক্যে কহিলেন, মাতৃগণ! একত্র অধিবাস
নিবন্ধন ভ্রান্তি ক্রমেও যদি কখন রুঢ় ব্যবহার করিয়া থাকি,
প্রার্থনা করি, ক্ষয়া করিবেন।

েশাকাতুরা রাজপত্নীরা স্থীর রামের এইরপ ধর্মানুকুলী

ি শোকাতুরা রাজপারীরা স্থীর রামের এইরূপ ধর্মানুকুলী কথা প্রবণ পূর্ব্বক আর্ত্তনাদ করিতে লাগিলেন। পূর্বে যে গৃহে মৃদক্ষ ও পণব প্রভৃতি বাদ্য মেঘের ন্যায় ধ্বনিত হইত, তাহা এখন মহিলাগণের বিলাপ ও পরিতাপে আকুল হইয়া উঠিল।

চত্বারিংশ সর্গ

অনস্তর রাম, সীতা ও লক্ষণের সহিত দীনভাবে ক্তাঞ্জলি।
পুটে মহারাজ দশরথের চরণে প্রণাম ও তাঁহাকে প্রদক্ষিণ
করিলেন। তৎপরে তাঁহার নিকট বিদার লইয়া শোকসম্ভপ্রমনে
জননীকে অভিবাদন করিলেন। তখন লক্ষণ সর্বাত্রে কে শল্যা
তৎপরে স্থমিত্রাকে প্রণাম করিলে, স্থমিত্রা তাঁহার মস্তকাত্রাণ
পূর্প্রক হিতাভিন্তাযে কহিলেন, বংল! যদিও সকলের প্রতি
তোমার অনুরাগ আছে, তথাচ আমি তোমাকে বনবাসের আদেশ
দিতেছি। তোমার ভ্রাতা অরণ্যে চলিলেন, দেখিও তুমি সতত
ইহাঁর সকল বিষয়ে সত্র্ক হইবে। রাম বিপন্ন বা সম্পন্ন
হউন, ইনিই তোমার গতি। বাছা! জ্যেপ্রের বশবন্তী হওয়াই
ইহলোকের সদ্যাচার জানিবে। বিশেষতঃ এইরপ কার্য্য এই
বংশের যোগ্য; দান যজ্ঞানুষ্ঠান ও সমরে দেহত্রাগ এই সমস্ত
কার্য্য এই বংশেরই সমুচিত। এক্ষণে রামকে পিতা,

জানকীকে জননী এবং গহন কাননকৈ অযোধ্যা জ্ঞান করিও।

অমিত্রা প্রিয়দর্শন সক্ষণকে এইরূপ উপদেশ দিয়া পুনঃ পুনঃ
কহিতে লাগিলেন, বাছা! তবে তুমি এখন স্বচ্ছকে বনে
প্রস্থান কর।

অনম্ভর স্থমন্ত্র বিনীত ভাবে রামকে কহিলেন, রাজকুমার!
এক্ষণে রথে আরোহণ কর। তুমি যে স্থানে বলিবে শীদ্রই তথায়
লইয়া যাইব। দেবী কৈকেয়ী অদ্য তোমাকে গমনের আনেশ
দিয়াছেন, স্তরাং আজ হইতেই চতুর্দ্দশ বংসর বনবাস কালের
আরম্ভ করিতে হইতেছে।

তখন সীতা পুলকিত মনে সর্বাগ্রে সেই হুর্য্যের ন্যায়
উজ্জ্বল কনকখচিত রথে আরোহণ করিলেন। তৎপরে রাম ও
লক্ষণ, পিতা বৎসর সংখ্যা করিয়া জানকীকে যে সমস্ত
বস্ত্র ও অলক্ষার প্রানান করিয়াছেন সেই ওলি এবং বিবিধ
আন্তর, বর্ম, চর্মপরির্ভ পেটক ও খনিত্র রথমধ্যে রাখিয়া উত্থান
করিলেন। স্থমন্ত্র বায়ুর ন্যায় বেগবান মনোমত অর্থে ক্যাঘাত
করিবামাত্র রথ ঘর্ষর রবে ধাবমান হইল। তদ্দর্শনে নগরবাসীয়া
মৃদ্ধিত হইয়া পাড়িল। চতুর্দিকে তুমুল আর্ভনাদ উত্থিত হইল।
মাতক্রগণ উত্যন্ত ও ক্রুছ হইয়া অনবরত গর্জন করিতে লাগিল।
সর্বত্রই ভয়য়য় কোলাছল। নগরের আবাল র্ছ বনিতা
সকলেই বৎপরোনান্তি কাত্র হইয়া নীয় দর্শনে উত্তাপ-তথ্য

পথিকের ন্যায় রামের পঞ্চাৎ পশ্চাৎ ধারমান হইল। বিশুর लाक त्राथ लग्नमान इरेहा, बाक्षापूर्व गूर्थ पृष्ठ उ पार्च रहेएड উচ্চৈঃস্বরে কহিতে লাগিল, সুমন্ত্র ৷ তুমি অশ্বনিম আকর্ষণ পূর্বক মৃত্র বেগে যাও, আমরা রাজকুমারের মুখকমল বছু দিন আর দেখিতে পাইব না, একবার ভাল করিয়া দেখিব। বোধ हर, तांगजननी कि ननात इनत लिह्मत नजून वमन कार्जिकमञ्जूला जनगरक रात विमर्जन निया कन् विनीर्ग इरेल না। ধর্মপরায়ণা জানকী ছায়ার ন্যায় আমীর অনুগতা হইয়া। ক্তার্থা হইলেন। স্থ্যপ্রভা যেমন স্থমেক্তে পরিত্যাগ করে না, ইনিও সেইরপ রামের সংস্থা পরিত্যাগ করিলেন না। লক্ষণ! তুমিই ধন্য, তুমি বনমধ্যে প্রিয়বাদী দেবপ্রভাব রামের পরিচর্য্যা করিবে । তুমি যে ইহাঁর অনুগমন করিতেছ, এই বুদ্ধি অতি প্রশংসনীয়, ইহাই তোষার উন্নতি এবং ইহাই স্থর্গের সোপান। এই বলিয়া সকলে রোদন করিতে লাগিল।

ইত্যবসরে মহারাজ দশরথ রামকে দেখিবার আশরে দীন তাবে ভার্মাদিগের সহিত গৃহ হইতে নির্গত হইলেন। হতী বদ্ধ হইলে, করিণীরা ষেমন আর্ত্তনাদ করিয়া থাকে, তদ্ধপ সর্বাথে কেবল, জ্রীলোকদিগেরই রোদনের মহাশন্দ শ্রুতিগোচর হৈতে লাগিল। তৎকালে মহারাজ প্লাহ্থপ্র পূর্গচন্ত্রের ন্যায় শিশ্বদে অবসম্ব হইরা রহিলেন। অচিন্ত্যগুণ রামও স্বমন্ত্রকে

পুনঃ পুনঃ কহিতে লাগিলেন, স্ব্যম্ত্র ! তুমি শীজ্র রথ লইয়া চল। এক দিকে রাম ত্বরা দিতে লাগিলেন, অন্য দিকে পৌর-জন রথ-বেগ সংবরণ করিবার নিমিত্ত চীৎকার করিতে লাগিল, স্মন্ত্র কোন দিক্ রাখিবেন, কিছুই স্থির করিতে পারিলেন না। লোকের চক্ষের জলে পথের ধ্লিজাল নিমূল হইয়া গেল। পুরমধ্যে সর্বত্রই হাহাকার, সকলেই বিচেতন। মৎস্যের আক্ষা-लान शक्क पान विकास करेंदिन (यमन जारा करेंद्र नीतिनुसू ুনিঃসূত হয়, দেইরূপ দ্রীলোকদিগের নেত্র হইতে বারিধারা বহিতে লাগিল। রাজা দশর্থ নগরবাসিদিগের মনের ভাব তুঃখভরে একই প্রকার হইয়াছে নেখিয়। ছিন্নমূল বুক্লের ন্যায় মুচ্ছিত হইয়া পড়িলেন। রামের পশ্চাৎ ভাগে যে সকল লোক ছিল মহারাজকে মুচ্ছিত দেখিয়া মহা কোলাহল করিয়া উচিল। তাঁহাকে ভার্য্যাগণের সহিত মুক্তকর্পে ক্রন্দন করিতে দেখিয়া কতকগুলি লোক হা রাম! অনেকে হা কেশিল্যা! এই বলিয়া শোক করিতে লাগিল।

আনস্তার রাম পশ্চাতে দৃষ্টিপাত করিয়া দেখিলেন, জনক জননী বিষয় ও উদ্ভাস্তানিত হইয়া পদত্রজে আগমন করিতে-ছেন। শৃখ্বলবদ্ধ অশ্বশাবক যেমন মাতাকে দেখিতে পারে না, সেইরপ তিনি সভাপাশে সংযত হওয়াতে, তৎকালে তাঁহাদিগকে আর স্বস্পাই ভাবে দেখিতে পারিলেন না। পিতা

মাতার ছঃখের সেই বিষয় দূর্ত্তি তাঁহার একান্তই অসহ্য হইয়া উচিল। যাঁহারা যানে গমনাগমন করেন, আজ তাঁহারা পথে পদহেজে, যাঁহারা নিরবচ্ছিন্ন সুখ সম্ভোগ করেন, আজ তাঁহা-িদের ছর্কিবছ ছঃখ; ভদ্দর্শনে রাম অঙ্কুশঞ্চত মাতক্ষের ন্যায় একান্ত অসহিষ্ণু হইয়া, বারংবার স্থমন্ত্রকে কহিতে লাগিলেন, स्मातु ! जूबि भीख तथ लहेशा ठल। এ नित्क वह्नवरमां अनू যেমন বংসের উদ্দেশে গোষ্ঠাভিমুখে ধাবমান হয়, দেবী কোশল্যা দেই রূপে ধাবমান হইলেন। তিনি কখন রামের কখন সীতার ও কখন বা লক্ষ্মণের নাম এছণ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন। স্বযন্ত্র, রাজা দশরথ রথবেগ সংবরণ এবং রাম জত গমন করিতে কহিতেছেন দেখিয়া, যুদ্ধার্থী উভয়-পক্ষীয় দৈন্যের মধ্যগত পুৰুষের ন্যায় কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া রহিলেন। তদুর্শনে রাম তাঁহাকে কহিলেন, সুমন্ত্র! তুমি প্রত্যাগমন করিলে, মহারাজ যদি তোমায় ভিরস্থার করেন, লোকের কোলাহলে আদেশ শুনিতেপাও নাই বলিলেই চলিবে. কিন্তু বিলম্ব ঘটিলে আমায় বিষম ক্লেশ পাইতে হইবে। স্থমস্ত্র সমত হইলেন এবং রথের সঙ্গে যে সকল লোক আসিতে-্ছিল, তাহাদিগকে প্রতিগমন করিতে কহিয়া, অধিকতর বেগে অশ্বসঞ্চালন করিতে লাগিলেন। তখন রাজপরিবার ও অন্যান্য লোক মনে মনে রামকে প্রদক্ষিণ করিয়া প্রতিনির্ভ হইলেন,

किन्छ य पिरक ताम मिट पिरकहे जाहारात मन श्राधाविक इस्ला।

অনস্তর অমাত্যেরা কহিলেন, মহারাজ ! যাহার পুনরাগমন
অপেক্ষা করিতে হইনে, বহু দূর তাহার সমতিব্যাহারে গমন
করা নিষিদ্ধ । সন্ত্রীক দশরথ অমাত্যগণের এইরূপ বাক্য প্রবণ
করিয়া, রামের অনুগমনে কাস্ত হইলেন এবং তথায় ঘর্মাক্র
কলেবরে বিষয় মুখে রামের প্রতি দৃষ্টিপাত পূর্বক দণ্ডায়মান
রহিলেন ৮

একচন্থারিংশ সর্গ

রাম নিজ্ঞান্ত হইলে, অন্তঃপুরমধ্যে জ্রীলোকেরা হাহাকারু করিতে লাগিলেন, কহিলেন, হা! যিনি অনাথ, হর্মল ও শোচনীয় ব্যক্তির আশ্রয় ছিলেন, তিনি এখন কোথায় চলিলেন? যিনি অতিশয় শান্তগভাব, মিথ্যা দোষ প্রদর্শনেও যিনি ক্রোধ প্রকাশ করেন না, যিনি অপ্রীতিকর কথা কহেন না, যিনি ক্রেম ব্যক্তিকে প্রসন্ন করেন, এবং লোকের হুংখে হুংখিত হন, তিনি এখন কোথায় চলিলেন? যিনি জননীনির্বিশেষে আমাদিগকে দর্শন করিয়া থাকেন, যিনি আমাদের সকলের রক্ষক তিনি কৈকেয়ী-নিপীড়িত রাজার নিয়োগে এখন কোথায় চলিলেন। হা! রাজা কি হতজান হইয়া গিয়াছেন, যিনি জীবলোকের আশ্রয় সত্যত্ততপরায়ণ ও ধার্মিক তাঁহাকেও বনবাস দিলেন। এই বলিয়া রাজমহিবীনা বিবৎসা ধেরুর ন্যায় ছুংখিত মনে করণ খরে রোদন করিতে লাগিলেন।

মহারাজ দশরথ অন্তঃপুর মণ্যে জ্রীলোকদিগের এইরূপ ঘোরতর আর্তম্বর প্রবণ করিয়া পুরুশোকে যারপর নাই ছঃখিত ও সম্ভপ্ত হইলেন। তৎকালে রাম-বিরহে আর কাহারই অগ্নি পরিচর্য্যায় প্রবৃত্তি হহিল না। দিবাকর উত্তাপদানে বিরত ও তিরোহিত হইলেন, সমীরণ উষ্ণভাবে বহিতে লাগিল, চক্র প্রথর মূর্ত্তি ধ'রণ করিলেন, হস্তী সকল মুখের আস পরিভ্যাগ করিল, ধেনুগণ বৎস রক্ষায় বিরক্ত হইল ৷ ত্রিশঙ্কু, মঙ্গল, বুহম্পাতি ও বুধ প্রভৃতি এহ সকল চন্দ্রে সংক্রান্ত হইয়া অতি ভীষণ হইয়া উঠিল। নক্ষত্র সকল নিস্তেজ শনৈশ্যর প্রভৃতি জ্যোতিঃপদার্থ সকল নিপ্তাভ হইয়া বিপথে সধ্যে প্রকাশিত হইতে লাগিল। জলদজাল প্রবল বায়ুবেগে নভোমণ্ডলে উত্থিত ও মহাসাগরের ন্যায় প্রসারিত হইয়া নগর কম্পিত করিয়া তুলিল। সমস্ত দিক আকুল, যেন ঘে'র অন্ধকারে আক্তন হইয়া গেল, নগরবাসীরা সহসা দীন ভাবাপন হইয়া পড়িল, আহার ও বিহারে আর কাহারই অভিফচি রহিল না ; শোকে সকলেই কাতর, বারংবার দীঘনিখাস ও দশরথের প্রতি আক্রোশ প্রকাশ ভিন্ন আর কিছুই নাই। যাহারা রাজ-পথে ছিল অনবরত রোদন করিতে লাগিল, কাহারই অ্স্তরে হর্ষের লেশ মাত্র-রহিল না। সমস্ত জগত যারপর নাই ব্যাকুল হইয়া উচিল। পুত্র পিতা মাতার, ভাতা ভাতার এবং

খামী ভার্যার অপেকা না রাখিয়া কেবল রামকে চিন্তা করিতে লাগিল। যাঁহারা রামের স্কুৎ তাঁহারা ছঃখভারে আক্রান্ত ও হতজ্ঞান হইয়া রহিলেন। তখন স্বরাজ পুরন্দরের বজাত্ত্রে এই সলৈলা পৃথিবী যেমন কম্পিত হইয়াছিল, সেইরপ রাম-বিরহে অযোধ্যা কম্পিত হইল এবং হন্তী অর্থ ও যোদ্ধা সকল ভয় ও শোকে আকুল হইয়া ক্রন্দন করিতে লাগিল।

षिठ शांतिश्म मर्ग।

রাম নির্গত হইলে যতক্ষণ রথের ধূলি দৃষ্ট হইল দশংথ ততক্ষণ সেই দিকে চাহিয়া রহিলেন। যতক্ষণ ধর্মপরায়ণ রামকে দেখিতে পাইলেন, তদবিধি তিনি উপবিষ্ট ছিলেন; রামও চক্ষের অস্তরাল হইলেন, তিনিও বিষণ্ণ ও কাতর হইয়া ভূতলে মৃদ্ধিত হইয়া পড়িলেন।

অনস্তর দেবী কেশিল্যা তাঁহাকে উত্থাপন ও তাঁহার দক্ষিণ বাহু গ্রহণ পূর্বক তাঁহারই সঙ্গে সঙ্গে চলিলেন এবং কৈকেয়ী তাঁহার বামপার্শ্বে থাকিয়া গমন করিতে লাগিলেন। তথন নীতিনিপুণ বিনয়ী ধার্মিক দশরপ বামপার্শ্বে কৈকেয়ীকে নিরীক্ষণ করিয়া হুঃখিত মনে কহিলেন, পাপীয়সি! তুই আমার অকল্পর্শ করিস্না, আমি তোরে আমার পত্নী কি দাসীভাবেও দেখিতেছি না। যাহারা তোর আশ্রায়ে আছে তাহারা আমার নহে এবং আমিও তাহাদের নহি। তুই অত্যন্তই অর্থলুক্ক, ধর্ম কিক্রপ তাহা জানিস্না, এক্ষণে আমি তোকে পরিত্যাগ করি-

লাম। আমি ভোর পাণিএইণ পূর্বক ভোকে বে অগ্নি প্রদকিণ করাইরাছিলাম ইহলোক ও পরলোকে ভাহার কল
কিছুই চাহি না। যদি ভরত এই অক্য় রাজ্য হস্তগত করিরা
সম্ভত্ত হয় ভাহা হইলে সে আমার ঔর্দ্ধাদেহিক কার্য্যের উদ্দেশে
যাহা দান করিবে লোকান্তরে ভাহা যেন আমার ত্রিসীমার
না বায় ।

्रांभकाजुता (नवी रक्तांभना) मिरे धृलि-धृयत , महातांक मण-রধের দক্ষিণ বাহ এছণ পূর্বক গৃহাভিমুখে যাইতে লাগি--লেন। বেচ্ছানুসারে একহত্যা ও জ্বলম্ভ অসার মধ্যে হতুকেপ করিলে বেমন অন্তর্জাহে দগ্ধ হইতে হয়, রামচিন্তায় রাজা দশ-রথের সেইরূপই হইতে লাগিল। তিনি গমনকালে এক একবার কিরিয়া রথের পথের দিকে দৃষ্টিপাড করেন, অমনি অবসম্ন হন। তাঁহার কান্তি রাছ্এন্ত দিবাকরের ন্যায় অত্যন্তই মলিন হইয়া গেল। তিনি তাবিলেন, এতকণে রাম নগরান্তে উপনীত ररेग्नाट्न । এই ভাবিয়া হুঃখিত মনে কহিতে লাগিলেন. হা ! रा मकल वार्य, वामात तामरक विराज्य, शास जारामत शम-**क्टिंग क्रिक्ट किन्छ (जरे महान्रा जात मृक्टे हरेए उद्दर ना ।** विनि कृत्कनतारंग तक्षिष्ठ रहेशा उपशास अप विनाम शृक्षक হুখে শরন করিলে জীলোকেরা চামর বীজন করিভ, আজ ডিনি কোন এক স্থানে বৃক্ষুল আশ্রম করিয়া পাবাণ বা কার্চে

2

মন্তক রাখিয়া শয়ন করিবেন এবং গিরিপ্রস্থ হইতে মাতকের
ন্যায় ধূলিলুঠিত দেহে ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক উথিত
হইবেন। সেই লোকনাথ অনাথের ন্যায় তক্তল পরিহার
পূর্ব্বক গমন করিবেন, বনচারী পুক্ষেরা ইহা নিশ্চয় দেখিতে
পাইবে। রাজা জনকের প্রিয়তনয়া সীতা সততই মুখে কালাতিপাত করিয়া থাকেন, আজ তিনি পথে কণ্টকক্ষত ও ক্লাম্ভ
হইয়া বনপ্রবেশ করিবেন। জানকী অরণ্যের কিছুই জানেন্না,
আজ হিংক্র জন্তগণের লোমহর্ষণ ভীষণ ধ্বনি প্রবণ করিয়া
নিশ্চয়ই ভীত হইবেন। কৈকেয়ি! এক্ষণে তোর কামনা পূর্ব
হউক, তুই বিধবা হইয়া রাজ্য শাসন কর, আমি রাম-বিরহে
কোনমতেই প্রাণ ধারণ করিতে পারিব না।

রাজা দশরথ জনসমূহে পরিবৃত হইয়া এইরপ পরিতাপ করিতে করিতে মৃতোদেশে রুডমান পুরুষের ন্যায় সেই হুঃখপূর্ণ পুরমধ্যে প্রবেশ করিলেন। দেখিলেন, গৃহ সকল সর্কতোভাবে শূন্য হইয়া আছে, পণ্যশ্বাপন-বেদি সমুদায় সংবৃত রহিয়াছে, লোকেরা রুগন্ত রুর্বল ও হুঃখার্ভ, রাজপথে জন-সঞ্চার নিতান্তই বিরল হইয়া পড়িয়াছে। দশরথ নগরীর এইরপ হুরবন্থা অবলো-কন পূর্বক রাম-চিন্তায় অভ্যন্ত কাতর হইয়া মেষ মধ্যে হুর্য্যের ন্যায় স্বীয় আ্বানে প্রবেশ করিলেন। তথা হইতে রাম লক্ষণ ও সীতা প্রস্থান করিয়াছেন, স্নতরাং বিহস্করাজ, বাহার গর্ভ হইতে তুজক অপহরণ করিরাছে সেই অগাধ গভীর হুদের ন্যার উহা হইল। তথন দশরথ গদাদ লক্ষিত বাক্যে ক্ষীণ বরে দার-প্রদর্শকদিগকে কহিলেন, দেখ, তোমরা আমাকে রাম-জননী কৈশিল্যার বাসভবনে লইয়া চল, এখন জামি অন্যত্ত থাকিয়া নির্বৃতি লাভ করিতে পারিব না।

আনম্ভর দারদর্শকেরা তাঁহাকে কোঁশল্যার গৃহে লইয়া গোল।
রাজা তথ্যথ্য বিনীতের ন্যায় অবনতমুখে প্রবেশ করিয়া শয্যায়
শয়ন করিলেন। তাঁহার মন একাস্ভই ছিন্ন ভিন্ন হইরা গোল।
তিনি ও গৃহ শশাস্কহীন আকাশের ন্যায় শ্ন্য দেখিলেন এবং
বাহুযুগল উত্তোলন পূর্বক উচ্চঃস্বরে এই বলিয়া ক্রন্দন করিয়া
উচিলেন, হা রাম! তুমি কি তোমার জনক জননীকে ভ্যাগ
করিয়া গেলে? বাহারা তোমার প্রভ্যাগমন পর্যান্ত জীবিত
থাকিবে এবং ভোমাকে আলিক্ষন ও ভোমার মুখচন্দ্র নিরীক্ষণ ক্রিবে ভাহারাই সুখী।

অনস্তর তিনি, আপনার কালরাজির ন্যায় রজনী উপস্থিত হইলে দ্বিপ্রহরের সময় কেশিল্যাকৈ সম্বোধন পূর্বক কহি-লেন, দেবি! আমি তোমাকে দেখিতে পাইতেছি না, তুমি পাণিতৃল দারা আমার অঙ্গ স্পর্শ কর। আমার দৃটি রামের সঙ্গে গিয়াছে, এখনও প্রত্যাগমন করিতেছে না। তখন কেশিল্যা মহারাজকে শয়নতলে রাম্চিস্তায় আকুল দেখিয়া তাঁহার সন্নিধানে উপবেশন করিলেন এবং বংপরো নাস্তি কাডর হইয়া দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্বক বিলাপ করিছে লাগিলেন।

ত্রিচত্বারিংশ সর্গ।

অনস্তর তিনি শোকাকুলিত মনে কহিলেন, মহারাজ ! কুটিলমতি কৈকেরী বৎস রামের প্রতি বিষ ত্যাগ করিয়া নির্মোকমুক্তা উরগীর ন্যার বিচরণ করিবে। সে রামকে নির্মাসিত করিয়া আপনার মনস্কামনা পূর্ণ করিয়াছে, অতঃপর আবাসমধ্যন্থ হুই সর্পের ন্যার আমাকে অধিকতর তয় প্রদর্শন করিবে। যদি রাম গৃছে থাকিয়া নগরে ডিক্লা করিত, যদি তাহাকে কৈকেয়ীর দাস করিয়া দিতাম, তাহাও বরং আমার প্রেয় ছিল। পর্মকালে যাজ্ঞিক কেমন রাক্ষসদিগের যজ্ঞচাগ নিক্ষেপ করে, কৈকেয়ী সেইরপ স্বেক্ষাক্রমে রামকে স্থানঅই করিয়া কেলিয়াছে। সেই গজরাজগতি মহাবীর এতক্ষণে লক্ষ্মণ ও স্টান্ডার সহিত বনে প্রবেশ করিতেছে। তাহারা অরণ্যের হুংখ কিছুই জানে না, তুমি কৈকেয়ীর কথার তাহাদিগকে ত্যাগ করিলে, এখন কল দেখি, তাদের কি ছুর্জণা ঘটিবে? তাহা-

দিগের সঙ্গে কিছু নাই, সকলেরই ত্রুত্ব বয়ুস, ভোগের সম-য়েই তুমি আবার বনবাদ দিলে, জানি না, এখন তাহারা ফল মূল আহার করিয়া কিরপে দিনপাত করিবে। ভাগ্যে কি এখনই সেই দিন উপস্থিত হইবে যে, বংস রামকে সীতা ও লক্ষণের সহিত এই স্থানে দেখিয়া শোক তাপ বিস্মৃত হইয়া याहेत। करत महातीत ताम ও लक्ष्मण चानियाहिन छनिया, षराशांत षिवानिता शर्वकालीन मयूराव नाता र्हा शूल-কিত হইবে এবং সমস্ত নগর মাল্যে অলক্কৃত ও পতাকায় পরিশোভিত করিবে। কবে বহুসংখ্য লোক উহাদিগকে পুর প্রবেশ করিতে দেখিয়া রাজপথে উছাদের মন্তকে লাজা-अलि निक्लि कतिता। कता पिथन, जामात हुई है वस्म कर्त কুওল এবং করে বনু ও খড়া ধারণ করিয়া সশুক্ষ শৈলের ন্যায় আসিতেছে। কবে ভাহার!, এক্ষণ ও এক্ষণকন্যাদিগকৈ ফল পুষ্প প্রদান পূর্বক ছাউমনে পুরী প্রদক্ষিণ করিবে। কবে দেই পরিণতমতি ধর্মপরায়ণ রাম, জানকীকে সঙ্গে লইয়া বর্ষার জলধারার ন্যায় সকলকে পুলকিত করিয়া উপস্থিত হইবে। মহারাজ! নিশ্চয় বোধ হইতেছে যে, পূর্বে শিশুগণ ত্ল্ম-পানে লালস হইলে এই জঘন্যা ভাহাদের মাতৃন্তন ছেদন করিয়াছিল, সেই পাপেই বালবৎসা ধেরুর ন্যায় এই পুত্র-वर्मातक देकरकशी वन शूर्वक विवर्मा कतिन। प्रथ, वामात

একটি বৈ আর পুত্র নাই, জ্ঞান ও গুণ সমুদারই তাহার জবিয়াছে, তাহাকে বিসর্জ্ঞন দিয়া এখন কিরপো জীবন ধারণ করিব। হা! রাম ও লক্ষমণকে না দেখিয়া আমার প্রাণ অস্থির হইয়া উঠিয়াছে। যেমন গ্রীম্ম কালে হর্য্যদেব পৃথি-বীকে উত্তপ্ত করেন, সেইরপ পুত্র-শোকানল আজ্ঞ আমাকে যার পর নাই সম্ভপ্ত করিতেছে।

চাতুশ্চন্থারিংশ সর্গ

অনন্তর ধর্মনীলা স্থমিত্রা কেশিল্যাকে এইরূপ বিলাপ করিতে দেখিয়া ধর্মসঙ্গত বাক্যে কহিতে লাগিলেন, আর্য্যে! তোমার রাম সদ্গুণ-সম্পন্ন, কুত্রাপি তাঁহার বিপদসন্তাবনা নাই, তাঁহার নিমিত্ত দীনভাবে রোদন ও পরিতাপ করি-রার প্রয়োজন কি? দেখ তোমার রাম, সভ্যবাদী পিভার সকল্প সিদ্ধ করিবার আশারে রাজ্য পরিত্যাগ পূর্বক গমন করিলেন। যাহার কল লোকান্তরে হইবে, সেই সজ্জনাচরিত ধর্মে তাঁহার অনুরাগ আছে, প্রতরাং তাঁহার নিমিত্ত শোক করা কোন মতেই উচিত বোধ হয় না। দয়ালীল নিম্পাপ লক্ষ্মণ নিরন্তর তাঁহার পুত্রবং পরিচর্য্যা করিয়া থাকেন, ইহা তাঁহার স্থের বিষয় সন্দেহ নাই। যিনি নিরবিছিন্ন ভোগবিলাসে কাল্যাপন করিয়া আসিয়াছেন, সেই জানকী অরণ্যবাস-ত্রঃখ সম্যক জানিতে পারিলেও ধর্মপ্রায়ণ রামের অনুগমন করি-

রাছেন। দেবি ! যে সর্মলোক পালক রাম ত্রিলোকে আপনার কীর্ত্তি প্রচার করিভেছেন, তিনি সত্যনিষ্ঠ, ইহাই কি ওাঁহার যথেষ্ট হইতেছে না ? সূৰ্য্য তাঁহার পবিত্রতা ও মাহাত্ম্য জ্ঞাত ছইরা কঠোর কিরণে তাঁহাকে পরিতপ্ত করিতে নাহদী হই-বেন না৷ সর্বকাল-শুভ সুধ স্থা সমীরণ কানন ছইতে নিঃসূত হইয়া অনতিশীত ও অনতিউফ ভাবে তাঁহার সেবা করিবেন। রজনীতে চন্দ্র তাঁহাকে শরান দেখিয়া, পিতার ন্যায় সন্তাপহর করজাল দারা আলিক্সন ও আনন্দিত করি বেন ৷ যিনি রণস্থলে অমুররাজ সম্বরের পুত্রকে বিনাশ করিয়া, ব্ৰহ্মা হইতে দিব্যান্ত লাভ করিয়াছেন, সেই মহাবীর স্তৃজ-বীর্যো নির্ভয় হইয়া, অরণ্যেও গ্রহের ন্যায় বাস করিতে সমর্থ ছইবেন। শত্রু সকল যাঁহার শরাঘাতে দেহপাত করে, সক-লকে শাসন করা ভাঁহার নিভার্ত্তই অকিঞ্ছিকর। দেবি ! রামের কি আক্রহ্য মঙ্গল ভাব! কি সৌন্দর্যা! কি শোর্যা! ইহা দ্বারাই বোধ হইতেছে যে, তিনি শীত্রই অরণ্য হইতে প্রত্যাগমন পূর্বক রাজ্য গ্রহণ করিবেন। তিনি হুর্যোর হুর্যা, অগ্নির অগ্নি. প্রভুর প্রভু সম্পদের সম্পদ, কীর্ত্তির কীর্ত্তি, ক্ষমার ক্ষমা, দেব-তার দেবতা, এবং ভূত সমুদায়ের মহাভূত; তিনি বনে বা নগরে থাকুন, তাঁহার কোন দোষ কাহারই প্রত্যক্ষ হইবে না। তিনি পৃথিবী জানকী ও জয় জীর সহিত অবিলয়ে

অভিষিক্ত হইবেন। দেখ, অযোধ্যার অধিবাসীরা তাঁহাকে অত্যন্তই মেহ করিয়া থাকে। উহারা ভাঁহাকে বনবাসার্থ নিষ্ণাম্ভ দেখিয়া, নিরবিদ্ধিন্ন শোকাঞা বিসর্জন করিতেছে। माक्कां लक्ष्मीत नेता क्रांनको याँशात अनुगमन कतिलन, তাঁহার আর ভাবনা কি ? ধনুগরাগ্রগণ্য সয়ং লক্ষণ অসি শর ও অন্যান্য সন্ত্র শস্ত্র গ্রহণ করিয়া, যাঁহার অগ্রে অগ্রে যাইতেছে, তাঁহার আর অভাব কি? দেবি! দেখিবে, নেই ওদিত চল্রের নাার প্রিয়দর্শন পুনরায় আসিয়া তোমার চরণ বন্দনা করিবেন। এক্ষণে আর হুংখ শোক প্রকাশ করিও না; রামের অশুভ সম্ভাবনা কোন রূপই নাই। আর্য্যে ! কোথায় ভূমি আর আর সকলকে সাত্না করিবে, তা নয়, নিজেই বিকল হইলে। বলি, রাম যখন তোমার পুত্র, তখন কি তোমার শোক করা উচিত? রাম অপেক্ষা জগতে কেহ সাধু নাই। তিনি অবিলয়েই লক্ষণের সহিত আসিয়া, তোমায় প্রণাম করিবেন এবং ভুমি তাঁহাকে আশীর্কাদ করিয়া বর্ষার মেখের ন্যায় দরদরিত থারে আনন্দাশ্র মোচন করিবে।

অনিক্ষনীয়া স্থমিত্রা এইরপ প্রবাধ বাক্যে কৌশল্যাকে আশ্বাস প্রদান করিয়া বিরত হইলেন। কৌশল্যারও হুঃখ্য শোক শরদের জ্লশ্ব্য নীরদের ন্যায় বিলীন হইয়া গেল।

পঞ্চত্বারিংশ সর্গ।

অবোধ্যার অধিবাসীরা রামকে যথোচিত স্নেহ করিত, রাজা দশরথ স্থহংবর্মানুসারে দ্রগমন নিষিদ্ধ বলিয়া নির্ব্ত হই লেও উহারা ক্ষান্ত হইল না , রাম অরণ্যে প্রস্থান করিতেছেন দেখিয়া, উহারা ভাঁহার পশ্চাং পশ্চাং ধাবমান হইল । ঐ গুণবান পোর্নমানী শশীর ন্যায় নগরবাসীদিগের একান্তই প্রিয় ছিলেন । উহারা যদিও সকাতরে বারংবার প্রার্থনা করিতে লাগিল, তথাচ বিরক্ত হইলেন না ; তিনি পিতার সত্যবাদিতা রক্ষার্থ অরণ্যের দিকেই যাইতে লাগিলেন । যাইতে যাইতে রথ হইতে পুত্রসদৃশ প্রজাবর্গের উপর সম্মেহ দৃত্তিপাত পূর্বক কহিলেন, দেখ, তোমরা আমাকে যেরপ প্রীতি ও বহুমান করিয়া থাক, আমার অনুরোধে তরতকে তদপেক্ষা অধিক করিবে। সেই কৈকয়ীর হৃদয়নক্ষন অতিশয় স্থশীল, তিনি তোমাদিগের প্রিয়কর ও হিতকর কার্য্য অবশ্যই সাধন করিবেন। তরত বয়সে

ছইলেও স্বভাব স্থকোমল। তিনি ভৌমাদিগের সকল ভবই নিশ্যণ করিতে পারিবেন। রাজার যে সকল গুণ থাকা

🗥 , ৮ পক্ষা ভরতের ভাষা যথেষ্টই আছে। তিনি

্ব' স প্ৰ ভোমাদের অনুরূপ প্রভু, তাঁহার আজ্ঞাঁ বালন ভোমাদের অনুরূপভাবেই কর্ত্তর। আমি বন প্রস্থান করিলে বাহাতে ভাঁহার সম্ভাপ উপস্থিত না হয়, আমার হিতোদেশে ভোমরা সেই রূপই করিবে।

রাম এইরপ উপদেশ প্রদান করিলে প্রজারা 'রামই রাজা হন' অশ্রুপূর্ণ লোচনে মনে মনে কেবল এই আকাক্ষাই করিতে লাগিল। তৎকালে রামও উহাদিগকে যেন স্বগুণে আকর্ষণ করিতে লাগিলেন।

ইত্যবসরে জ্ঞানরদ্ধ বয়োরদ্ধ তপোবলসম্পন্ন ত্রাধ্ধণেরা বার্দ্ধকা নিবন্ধন শিরঃকম্পন পূর্বাক রথের পশ্চাৎ পশ্চাৎ বাইতেছিলেন। তাঁহারা একান্ত ক্লান্ত পরিশ্রান্ত ও গমনে অসক্ত হইয়া দূর হইতে কহিতে লাগিলেন, হে বেগবান্ উৎক্রন্ত জাতীয় অখ্যাণ! নির্ভ হত, যাইও না, যাহাতে রামের হিত হয়, তোমরা তাহাই কর। তোমানের কর্ণ আছে, আমানের প্রার্থনা শুন। রামের অন্তঃকরণ নির্মাল, ইনি বার ও দূদ্বত পরায়ণ, তোমরা ইহাঁকে লইয়া অভ্যন্তরে আইস, কদাচই পুরের বাহির হইও না।

রাম বৃদ্ধ ত্রাহ্মণগণের এই রূপ কাতর বাক্য প্রবণ ও তাঁহাদিগকে নিরীক্ষণ করিয়া, সীতা ও লক্ষ্মণের সহিত অবিলয়ে
রথ হইতে অবতীর্ণ হইলেন এবং মৃত্পদে অরণ্যের অভিমুখে
বাঁইতে লাগিলেন। সেই সজ্জনবংসল অত্যন্তই দয়াপরবশ
ছিলেন, তিনি বিপ্রগণকে পদত্তজে আসিতে দেখিয়া রথবেগ
অবলয়ন পূর্ব্বক তাঁহাদিগকে বিমুখ করিতে পারিলেন না !

্অনন্তর দ্বিজ্গণ প্রার্থনাসিদ্ধি বিষয়ে সন্দিহান হইয়া সসম্ভ্রমে সম্ভপ্ত মনে কহিতে লাগিলেন, রাজকুমার! ভুমি অতিশয় ত্রাক্ষণপ্রিয় বলিয়া, ত্রাক্ষণেরা ভোমার অনুগমন করিতেছেন। অগ্রি সমুদায় বিপ্রস্থান্ধে অধিরত ইইয়া, তোমার পশ্চাৎ পশ্চাৎ যাইতেছেন। দেখ, আমাদের শারদীয় অত্তের ন্যায় শুভ্ৰ বাজপোয় যজ্ঞলব্ধ ছত্ৰ সকল তোমার সঙ্গে চলিয়াছে। তুমি ছত্র পাও নাই, রেণ্ডির উত্তাপ লাগিলে, আমরা ইহা দারা তোমায় ছায়া দান করিব। আমাদের যে বুদ্ধি বেন্যন্ত্রানুসারিণী, আজ ভোমার নিমিত্ত তাহা বনবাসে নিয়োগ করিলাম। যাহা আমাদিগের পরম ধন, দেই বেদ সভতই হৃদয়ে রহিয়াছে এবং আমাদের সহধর্মিণীরাও পাতিত্রত্য ধর্মে ়রক্ষিত হইয়া অনায়াসেই গৃহে বাস করিতে পারিবেন। বধন আমরা ভোমার অনুসরণে ক্তনিশ্চয় হইয়া আছি, তথন অরণ্য গমনে আমাদের সংশয় হইবার সম্ভাবনা কি? কিন্তু দেখ, তুমি বদি আমাদিণের বাক্যে উপেক্ষা করিয়া ধর্মনিরপেক্ষ হও,
তাহা হইলে বল দেখি, ধর্মপথে অবস্থান আর কিরপ ? আমরা
এই হংসবংশুক্রকেশশোভিত মস্তক ধূলিলুঠিত করিয়া
প্রার্থনা করিতেছি, তুমি বনে যাইও না। যে সমস্ত ত্রাক্ষণ
তোমার অনুসরণ করিতেছেন, তাঁহাদের মধ্যে অনেকেই যজ্ঞের
অনুষ্ঠান করিয়াছেন, তুমি নির্ত্ত না হইলে, উহার সমাপ্তি হইবে
না। জগতের সূকল প্রকার জীব তোমায় মেহ করিয়া থাকে,
স্চাহারা সকলেই প্রার্থনা করিতেছে, তুমি প্রতিনির্ত্ত হইয়া
ভাহাদিগের প্রতি মেহ প্রন্থননি কর। দেখ, অত্যুক্ত রক্ষ সকল
ভূগর্তে বরুমূল বলিয়া, একান্ত হতবেগ হইয়া রহিয়াছে, উহারা
তোমার অনুগমনে অশক্ত হইয়া প্রবল বায়ুবেগশন্দে যেন ভোমাকে
নিবারণ করিতেছে। ঐ দেখ, রক্ষের পক্ষিগণও আহারাহেমণে
ক্ষান্ত ও নিম্পান্দ হইয়া ভোমার রূপা প্রার্থনা করিতেছে।

ব্রান্ধণের। উটচ্চঃস্বরে এইরপ কহিতেছেন, ইতাবসরে রাম অদুরে দেখিলেন, তমসা তাঁহাদিগের প্রতি অনুকম্পা করিয়া, যেন তাঁহাকে বনগমনে নিবারণ করিতেছেন। অনস্তর স্মস্ত্র পরিপ্রান্ত অস্থাগকে রথ হইতে বিমুক্ত করিয়া দিলেন। উহারা বিমুক্ত হইবা মাত্র ভূপৃষ্ঠে বিলুঠিত হইতে লাগিল। তৎপরে স্থমন্ত্র উহাদিগকে স্থান করাইয়া আহারার্থ ভূগ প্রাদান করিলেন।

ষট্চত্বারিংশ সর্গ

. অনস্তর রাম সুর্ম্য তম্সাতটে উপবেশন্ করিয়। জান-কীকে নিরীক্ষণ পূর্ধক লক্ষণকে কহিলেন, বৎস ! আজ বন্দ বাদের এই প্রথম নিশা উপস্থিত। এক্ষণে তুমি উৎকণ্ঠিত इरे ना। (मथ, এर भूना कानत्म मृगर्शाक्षिण य य निलास আসিয়া কোনাহল করিতেছে, বোধ হইতেছে যেন, উহা আমা-দিগকে দেখিয়া রোদন করিতে প্রবৃত্ত হইয়াছে। পিতার রাজ-ধানী অযোধ্যার স্ত্রীপুরুষেরা আজ অবধি আমাদিগের নিমিত্ত শোকাকুল হইবে। পিতা, তুনি, আমি, শক্রন্ন ও ভরত আমাদের সকলেরই গুণে উহারা বশীভূত হইয়া আছে। এক্ষণে জনক জননীর নিমিত্ত আমার অত্যন্তই কট হইতেছে, তাঁহারা काँ निया काँ निया निकार व्यक्त इहेरवन । धर्मभील व्यक्त धर्म-্সন্মত বাক্যে তাঁহাদিগকে আশ্বাস প্রাদান করিবেন। তাঁহার সেই অমায়িক ভাব স্মরণ করিলে উইাদের নিমিত্ত আর কয় হয় না। ভাই লক্ষণ। তুমি আমার অনুসরণ করিয়া ভালই

করিয়াছ, নতুবা জানকীর রক্ষণাবেক্ষণের নিমিত্ত আমার আন্যের সাহায্য লইতে হইত। বৎস! আজ আমরা এই নদী তীরে আশ্রয় লইলাম; এই স্থানে বন্য ফল মূল যথেষ্টই রহিন্য়াছে, কিন্তু সংকল্পাকরিয়াছি, আজিকার এই রাত্তি কেবল জল পান করিয়া থাকিব।

রাম লক্ষণকে এইরপ কহিলা স্থাস্ত্রকে কহিলেন, স্থাস্ত্র!
তুমি এক্ষণে অস্থাপের ভত্তাবধান কর। অনস্তর দিবাকর অন্তশিশ্বরে আরোহণ করিলে স্থাস্ত্র অস্থাদিগকে স্প্রাচ্নর তৃণ আহার
করাইলেন এবং সন্ধা। বন্দনাবদানে নিশা উপস্থিত দেখিয়া
লক্ষণের সাহায্যে রামের শ্যা প্রস্তুত করিয়া দিলেন। রামও
ঐ পর্ণশ্যায় ভার্যার সহিত শ্রন করিলেন। তিনি শ্রন
করিলে লক্ষণ ভাঁহাকে পরিপ্রাস্ত ও নিদ্রিত দেখিয়া স্থান্তের
নিকট ভাঁহার বিস্তর প্রসংশা করিতে লাগিলেন। এ দিকে
রাত্রিও প্রভাত হইল এবং স্থানের গগনে উদিত হইলেন।

অনম্বর রাম দেই গোঠবছল তমদার উপকুলে প্রকৃতিগণের
সহিত রজনী যাপন করিলেন এবং প্রভাতে গাজোখান পূর্বক
তাহাদিগকে যোর নিদ্রার অচেতন দেখিয়া লক্ষ:কে কহিলেন,
বৎস! প্রজারা গৃহধর্মে নিরপেক্ষ হইয়া, কেবল আমাদিগেরই
মুখাপেকা করিতেছে। দেখ, ইহারা এখনও রক্ষমূলে নিজার
অভিভূত হইয়া আছে। আমাদিগকে বনবাসের অভিলাষ

হইতে নির্ক্ত করিবার নিমিত্ত ইহাদের অত্যন্তই বত্ন; বরং ইহারা প্রাণত্যাগ করিবে, কিন্তু অসংকল্প হইতে কিছুতেই বিরত হইবে না। এক্ষণে সকলে নিদ্রিত আছে, ক্ষণকাল পরেই জাগরিত হইবে, আইস, আমরা এই অবকাশে শীত্র রথারোহণ পূর্ব্বক নির্ভয়ে প্রস্থান করি। প্রজাগণকে স্বক্ষত দুঃখ হইতে মুক্ত করাই রাজকুমারদিগের কর্ত্ব্য, কিন্তু আত্ম-কৃত্ত দুঃখে লিপ্ত করা কোন মতেই শ্রেয় নহে।

লক্ষ্মণ ধর্মস্বরূপ রামের এই প্রকার বাক্য শ্রবণ করিয়ু কহিলেন, আর্য্য! আপনি যেরূপ আদেশ করিলেন, ইছা অতি উত্তম, আর বিলম্বে কাজ নাই, রথে আরোহণ করুন। তখন রাম স্থমস্ত্রকে কহিলেন, স্থমস্ত্র! তুমি রথ আনয়ন কর, আমি এখনই অরণ্যে যাত্রা করিব।

অনস্তর স্থমন্ত্র শীত্র অশ্ব রোজনা করিয়া রামের নিকট আগমন পূর্ব্বক কভাঞ্জলিপুটে কহিলেন, রাজকুমার ! রথ আনি-য়াছি, তুমি এক্ষণে সীতা ও লক্ষ্মের সহিত আরোহণ কর ।

রাম সপরিচ্ছদে শর শরাশন লইয়া রথারোহণ পূর্ব্বক সেই
আবর্ত্তবন্থলা তমসা অতিক্রম করিলেন । তিনি তমসা পার হইয়া
ভীত লোকেরও অভয়প্রদ নিরাপদ রাজপথে গমন করিতে
লাগিলেন। যাইতে যাইতে প্রকৃতিবর্গের চিত্রবিভ্রম উৎপাদনের নিমিত্ত স্থমন্ত্রকে ক্রহিলেন, স্থমন্ত্র! তুমি একাকীই রখ

লইয়া, উত্তরাভিমুখে গমন পূর্বক শীব্র ফিরিয়া আইস। আমি বনে চলিলাম, সাবগান, যেন প্রজারা কোন রূপে এইটি না জানিতে পারে। রাম এই বলিয়া সীতা ও লক্ষ্মণের সহিত রথ হইতে অবতীর্ণ- হইলেন।

রামের আদেশ মাত্র স্থমন্ত্র উত্তরাভিমুখে গমন ও পুনরায় আগমন করিলেন এবং রাম সীতা ও লক্ষণ পুনরায় রথে আরোহণ করিলে, তিনি গমনমঙ্গলার্থ উহা একবার উত্তরাস্ত্রে ব্লাফিলেন, তৎপরে পরাবৃত্ত করিয়া তপোবনাভিমুখে যাইতে লাগিলেন।

मश्रुष्ठवातिश्य मर्गः।

• এদিকে শর্করী প্রভাত হইলে, পুরবাসিগণ, রামের অদর্শনে শোকে আক্রান্ত ও কিং-কর্ত্র্য-বিমৃত হইয়া সজল নম্মন্ত্রে চারি দিকে চাহিতে লাগিল, কিন্তু তাঁহার রথগুলিও আর দেখিতে পাইল না । অনন্তর সকলে বিষাদে মান হইয়া করুণ বাক্যে কহিতে লাগিল, নির্দ্রাকে ধিক্, আমরা এই নির্দ্রারই প্রভাবে হতজ্ঞান হইয়া আজ সেই বিশাল-বক্ষ রহং-বাহুকে আর দেখিতে পাইলাম না । তিনি এই সমস্ত অনুরক্ত লোক-দিগকে পরিত্যাগ করিয়া কিরপে তাপসবেশে প্রবাসে গমন করিলেন! পিতা যেমন ঔরসজাত পুত্রকে পালন করিয়া খাকে, সেইরপ তিনি সর্কাদাই আমাদিগকে প্রতিপালন করিত্রন, এক্ষণে সেই রঘুপ্রবীর কি বলিয়া সকলকে ফেলিয়া অর্গ্যে গেলেন! আজ আমরা মহাপ্রস্থান * বা এই স্থানেই

^{*} মরণ নিশ্চয় করিয়া উত্তর দিকে গমন।

ভনুত্যাগ করিব। এই তমসা তীরে স্প্রচুর শুক্ষ কাষ্ঠ রহিরাছে,
ইহা দারা চিতা প্রস্তুত করিরা অনলপ্রবেশ করিব। আমরা
যখন রামশূল্য হইরাছি, তখন আর আমাদের জীবনে প্রয়োজন কি? লোকে নখন রামের রৃত্তান্ত জিজ্ঞাসা করিবে, তখন
কোন্ প্রাণে কহিব, যে আমরা সেই প্রিয়ংবদকে বনবাস দিয়া
আইলাম। অযোধ্যার আবাল রন্ধ বনিতারা আমাদের সঙ্গে
তাঁহাকে দেখিতে না পাইয়া অত্যন্তই কুর হঁইবে। আমরা তাঁহার
গাহিত নিন্ধান্ত হইয়া ছিলাম, এক্ষণে তাঁহাকে হারাইয়া কি
রূপে নগরে যাইব। প্রকৃতিগণ তৎকালে হঃখিত মনে
হন্তোপ্তোলন পূর্বাক হাতবৎসা ধেলুর ন্যায় এইরূপ ও অন্যান্য
রূপ বিলাপ ও পরিতাপ করিতে লাগিল।

অনস্তর উহার। রথের গমনপথ লক্ষ্য করিয়া তথা হইতে
যাত্রা করিল। যাইতে যাইতে আর পথ দেখিতে পাইল না,
তথন বিষয় মনে সকলে কহিতে লাগিল, হা! এ কি!
কি করিব! দৈবই আমাদের প্রতিকুল হইয়াছেন। এই বলিতে
বলিতে আবার সেই পথ অনুসারে প্রতিনির্ত্ত হইল এবং
ক্লান্ত মনে অবোধ্যায় ফিরিয়া গেল। অবোধ্যায় রামবিরহে সকলেই আকুল, তদ্দর্শনে উহাদের মনও বার পর
নাই বিকল হইয়া উঠিল এবং উহায়া শোকাবেগে অনর্গল
চক্ষের জল বিস্তর্ভ্রন করিতে লাগিল। পত্রগরাজ যাহার

গর্জ হইতে সর্প বাহির করিয়া লইয়াছেন, সেই নদীর ন্যায়,
শশান্তহীন আকাশের ন্যায় ও বারিশূন্য সাগরের ন্যায় ঐ
পুরী নিতান্তই হতঞী হইয়াছিল। পৌরেরা প্রবেশ করিয়া
দেখিল, উহাতে আনন্দের লেশমাত্র নাই। তৎকালে সকলে
ছঃখে ক্ষিপ্ত প্রায় হওয়াতে, প্রত্যক্ষেও আত্মপরবিচারে
সমর্থ হইল না এবং অভিকটে গৃহ প্রবেশ করিলেও স্বগৃহ
ও পরগৃহ নির্বাচন করিয়া লইতে পারিল না।

অফচদারিংশ সর্গ

্পীর জন পুনর্ধার নগরে আগমন করিল। সকলেই ছংখে বিষয় ও শোকে আচ্চর হইয়াছে, সকলেই বিমনায়মান ও মৃত-প্রায়। উহারা স্বস্থ গৃহে প্রবেশ পূর্বাক পুত্রকলত্রে পরিবৃত্ত হইয়া নিরবচ্ছির রোদন করিতে লাগিল। আমোদ আহ্লাদ বিলুপ্ত হইয়া গেল। বণিকেরা আর আপণ প্রসারিত করিল না, করিলেও পণ্যদ্রবা যেন সকলের বিষবৎ বোধ হইতে লাগিল। গৃহন্থেরা রন্ধনকার্য্যে বিরত হইলেন। অপহৃত অর্থ পুনঃপ্রাপ্ত হইলেও আর কেহ হাই হইল না এবং জননী প্রথমজাত পুত্রকে পাইয়াও নিরানন্দে রহিল।

অনস্তর পৌরস্ত্রীরা ভর্তৃগণকে প্রত্যাগত দেখিয়া, ছংখিত মনে গলদশ্রু লোচনে ভং'সনা করিয়া কহিতে লাগিল, যাহারা রামকে আর দর্শন করিতে না পাইল, তাহাদিগের স্ত্রী পুত্র গৃহ ধন ও সুখে প্রায়োজন কি ? জগতে এক লক্ষণই সাধু এবং

জানকীই সাধ্বী, ভাঁহারা দেবাপর হইয়া রামের অনুসরণ कतिलान । त्राम (य श्रंथ निया याहेर्दन, ज्थाय एम निवा निवी ও সরোবর থাকিবে তাহারাই ধন্য, কারণ রাম উহাদের নির্মল দলিলে অবগাহন করিবেন। তাঁহার প্রসাদে, স্বরম্য রক্ষ-পূর্ণ কানন এবং সশৃঙ্ক পর্মত স্থগোভিত হইবে এবং উহারা প্রিয় অতিথির ন্যায় তাঁহাকে পাইয়া সেবা করিবে। তিনি-দেখি-বেন, রক্ষে বিচিত্র পুষ্পা সকল বিকসিত ও মঞ্জুরী উত্থিত হইয়াছে এবং ভূঙ্কেরা মধুগদ্ধে তাহাতে গিয়া উপবেশন করিতেছে। তব্দল পল্লবশ্যা দিয়া রামকে আরামে রাখিবে। পর্বত সকল, রূপা করিয়া অকালের উৎকৃষ্ট ফল পুষ্প এবং প্রস্তবণ, ষ্প্ত পানীয় জল প্রদান করিবে। যেখানে রাম তথায় ভয় ও পরাভব কিছুই নাই। এক্ষণে চল, সেই মহাবীর বহু দূর শাইতে না বাইতে, আমরা তাঁহার অনুগমন করি। তাদৃশ মহা-আর চরণচ্ছারী আমাদিগের মুখজনক হইবে। তিনিই সকলের গতি ও আশ্রয়। অরণ্যে আমরা জাইকীর সেবা করিব ও ডোমরা রামের পরিচর্য্যা করিবে। হাম হইতে তোমাদিগের এবং জানকী হইতে আমাদিগের অলব্ধলাভ ও লব্ধরক। হইবে। मकरलाई उँएक शिंख, इर्स जात नाई, मन ७ छेनाम इरेग़ार्इ, वल मिथ, এখন এই গৃহে थाकिया जात क मृद्धके इहेरत? यिन কৈকেয়ীর রাজ্যে ধর্মাধর্মের বিচার না থাকে, যদি ইহা নিতাস্ত

অরাজকের ন্যায় হইয়া উঠে, তাহা হইলে ধনপুত্রের কথা मृत्त थाक, जोवरनरे वा कल कि? या, अश्वर्यात निभित्त পिछि পুত্র পরিভ্যাগ করিল, সেই কুলকলঙ্কিনী অভঃপর আর কাহাকে পরিত্যাগ করিবে? আমরা পুত্রের উল্লেখ করিয়া শপথ করিতেছি, যে, কৈকেয়ী যতদিন জীবিত থাকিবে, আমরা প্রাণসত্ত্বে তাহার পোষ্য হইয়া এই রাজ্যে বাস করিব না। যে নির্লক্ষা, রাজার এমন গুণের পুত্রকে নির্বা-সিত ক্রিভে পারিল, তাহার আগ্রায়ে কে স্থে থাকিবে? এই রাজ্য অরাজক হইল; অতঃপর ইহাতে বিস্তর উপদ্রব ঘটিবে, যাগ যজ্ঞও বিলুপ্ত হইবে : বলিতে কি, কৈকেয়া হইতে **এই সমুদায়ই नक्ट इहेग्रा यहित। ताम वनवामी इहेलन,** মহারাজ আর বাঁচিবেন না, তিনি দেহ ত্যাগ করিলে স্বই ছারখার হইবে। অতএব আইন, আমরা শিলায় পেষণ করিয়া বিষ পান করি, অথবা রামের অনুগমন কিম্বা যণায় কৈকেয়ীর নাম গন্ধও নাই, সেই স্থানে প্রস্থান করি। রাম, সীতা ও লক্ষ-ণের সহিত অকারণ নির্বাসিত হইলেন. এক্ষণে আমরা ঘাতক-সন্ধিখানে পশুর ন্যায় ভরতের নিকট নিবন্ধ হইলাম। জলদ-শ্যাম রাম, চক্রের ন্যায় প্রিয়দর্শন, তাঁহার জক্রম গৃঢ় এবং বাহু আজানুলম্বিত ; সেই পদ্মপলাশ-লোচন অভ্যস্ত মধুর-অভাৰ, সত্যবাদী ও সাধু। দেখা হইলে তিনি অগ্ৰেই আলাপ

করিয়া থাকেন, মত্ত মাতকের ন্যায় তাঁহার বিক্রম, একণে অরণ্য তাঁহার পাদস্পর্শে অলঙ্কুত হইবে, সন্দেহ নাই।

পোরস্ত্রীরা নিতান্ত হঃখিত হইয়া এই বলিয়া বিলাপ ও পরিতাপ করিতে লাগিল এবং ত্রয়ঙ্কর মঁরক উপন্থিত হইলে যেরপ হয়, সকলেই সেইরূপ কাতর হইয়া উঠিল ৷

ইত্যবসরে দিবাঁকর যেন উহাদের ছুঃখ সহ্য করিতে না পারিয়াই অন্তলিখরে আরোহণ করিলেন, রজনীও আগত হইল। তৎকালে নগর মধ্যে হোমাগ্নি আর প্রজ্বলিত ইইল না, অধ্যয়ন ও শান্তালাপের সম্পর্ক রহিল না, অন্ধকার যেন চারি দিক অবগুণ্ঠিত করিল। নৃত্য গীত বাদ্য বিলুপ্ত হইল। সকলেই বিষণ্ণ, নিরাশ্রয়, আপণ সকল অবৰুদ্ধ, অযোধ্যা শুক্ষ সমুদ্রের ন্যায় তারকাশূন্য আকাশের ন্যায় পরিদৃশ্যমান হইতে, লাগিল। রাম, পোরনারীগণের গর্ভের সন্তান অপেক্ষাও অধিক ছিলেন; উহারন তাঁহার নিমিত্ত অত্যন্ত কাত্রর হইয়া পুত্র বা ভ্রাতাকে নির্বাসিত করিলে যেরপ হয়, সেই ভাবে আর্ত্রয়ে ক্রন্দন

একোনপঞ্চাশ সূৰ্গ

এদিকে রাম্ পিতৃষাজ্ঞা পালন উদ্দেশে সেই রাত্রিশেষে বৈছ্দ্র অতিক্রম করিলেন। পথিমধ্যে প্রভাত হইল। তিনি প্রাতঃসন্ধ্যা সমাপন পূর্বক দেশান্তরে প্রবেশ করিলেন এবং যাহার প্রান্তে হলকর্ষিত ক্ষেত্র সকল শোভা পাইতেছে, এইরূপ গ্রাম ও কুম্মতি কানন অবলোকন পূর্বক গমন করিতে লাগিলেন। তৎকালে রথ মহাবেগে যাইতেছিল, কিন্তু ঐ সমস্ত রমণীয় দৃশ্য দর্শন প্রসঙ্গে তিনি উহা অনুভব করিতে পারিলেন না।

গমন পথে গ্রাম্যলোকেরা তাঁহাকে দেখিয়া কহিতে লাগিল, কামপরায়ণ রাজা দশরথকে ধিক্! তাঁহার পুত্রমেছ কিছুমাত্র নাই, যিনি প্রকৃতিগণের প্রতি কখন কোনরপ অপ্রিয় আচরণ করেন না, তিনি তাঁহাকেই পরিত্যাগ করিলেন! পাণীয়সী কৈকেয়ী নিতান্ত কুরম্বভাষা, তিনি অতি নুশংস ব্যাপারে প্রবৃত্ত হইয়াছেন, তিনি ধর্মমর্যাদা লগ্নন করিয়া রাজার এমন

গুণবান, দমাশীল, ধার্মিক, জিতেন্দ্রিয় পুত্তকেও বনবাস দিলেন !

রাম ঐ সমস্ত গ্রাম্য লোকের এইরপ বাক্য শ্রবণ পূর্ব্বক কোশল দেশের অন্তঃ সীমায় উপনীত হইলেন। এবং পবিত্র-সলিলা স্রোভস্থতী বেদপ্রুতি পার হইয়া দক্ষিণাভিমুখে যাইতে লাগিলেন। অদূরে সাগরগামিনী গোমতী প্রবাহিত হইতেছে। উহার কচ্চদেশে গো সকল সঞ্চরণ করিতেছিল, রাম উহা পার হইয়া হংস-ময়ূর মুখরিত স্যান্দিকা নদী অতি ক্রম করিলেন। পূর্বের রাজা মনু, ঈক্ষাকুকে যে জনপদপরির্ত্ত প্রদেশ প্রদান করিয়াছিলেন, রাম স্যান্দিকা উত্তীর্ণ হইয়া সীতাকে তাহা দেখাইতে লাগিলেন।

অনস্তর তিনি বারং বার স্থমন্ত্রকে সংখাধন করিয়া কহিলেন, স্থমন্ত্র ! আমি আবার করে পিতা মাতার সহিত সমাগত হইয়া সরসূর কুস্থমকাননে মৃগয়া করিব। মৃগয়া আমার
তাদৃশ প্রীতিকর নহে, কিন্তু ইহা রাজর্ষিগণের সন্ধৃত বলিয়া,
নিষিক্ত বলিতে পারি না। রাম মধুর বাক্যে স্থমন্তের সহিত
এইরপ ও অন্যান্যরূপ নানা প্রকার কথোপকখন পূর্মক গমন
করিতে লাগিলেন।

পঞ্চাশ সর্গ।

অনম্ভর তিনি রাজধানী অযোধ্যার দিকে ক্নতাঞ্চলি হইয়া কহিলেন, হে রঘুকুল-প্রতিপালিতে ! আমি ভোমাকে এবং 'যে নমন্ত দেবতা তোমাতে বাস ও জোমায় রক্ষা করিতেছেন, তাঁহাদিগকে আমন্ত্রণ করিতেছি । আমি ঋণমুক্ত, বন হইতে প্রত্যাগত এবং পিতা মাতার সহিত মিলিত হইয়া, পুনরায় তোমায় দর্শন করিব । রাম এই বলিয়া অযোধ্যাকে সম্ভাষণ পূর্মক দক্ষিণ বাহু উত্তোলন করিয়া অশ্রুপূর্ণ লোচনে জনপদবাসীদিগকে কহিলেন, দেখ, ভোমরা আমায় যথোচিত আদর ও ক্লপা করিলে, অতঃপর বহুক্ষণ ছংখ সহ্য করা আর শ্রেয় নহে, অতএব প্রতিনিত্তত হও, আমরাও স্বকার্য্য সাধনে গমন করি ।

তখন জনপদবাসিরা রামকে প্রাণাম করিয়া ফিরিয়া চলিল। যাইতে যাইতে তাঁহাকে দেখিবার আশায়ে এক একবার দাঁড়াইয়া রহিল। উহারা যতই তাঁহাকে দেখিতে লাগিল, নেত্রের তৃপ্তিলাভ করিতে পারিল না।

क्राय नाप्तः कालीन ऋर्यात नाप्त त्राय वामुना इहेलन এবং বর্থায় বিস্তর বদান্য লোকের বদতি আছে, চৈত্য ত যুপ সকল শোভা পাইতেছে এবং নিরস্তুর বেদধানি হইতেছে, বধায় সকলেই ছাষ্ট পুষ্ট, যে স্থান আ্রান্ডাননে পরিপূর্ণ, জলাশয়-শোভিত এবং ধনধানা ও ধেনুসম্পন্ন, রাম ক্রমশঃ সেই রাজগণের দর্শনীয় রমণীয় কোশল দেশ অতিক্রম করি-লেল এবং মন্দবেগো হুরম্যোদ্যান শোভিত হুসমুদ্ধ শুঙ্গবের পুরে উপনীত হইলেন। তথায় দেখিলেন, ত্রিপর নানিত্রী-পাপনাশিনী জাহুবী কল কল শব্দে প্রবাহিত হইতেছেন। জাহ্বীর জল মণির ন্যায় নির্মাল শীতল ও পবিত্র। উহাতে কিছুমাত্র শৈবল নাই। মহর্ষিরা ঐ জলে স্থান ও পান ক্রিয়া मम्भापन कदिए एक । निकटि उँ क्रिके आधाम धवर उटि দেবগণের উদ্যান ও ক্রীড়া-পর্বত। এই গঙ্গা দেবলোকে স্থরতরক্ষিণী মন্দাকিনী নাম ধারণ করিয়াছেন। তথায় দেবসেব্য মুবর্ণ পাত্ম বিকসিত হইতেছে এবং দেব দানব গন্ধর্ব কিম্নর ও অপ্সরোগণ পুলকিত মনে বিহার করিতেছেন। জ্বাহ্নবী কোন স্থলে শিলাঘাত নিবন্ধন যেন ভীষণ অউহাস্য করিতে-ছেন ; কোথাও ফেন ভাসিতেছে, কোন স্থলে প্রবাহ বেণীর আকারে চলিয়াছে, কোধাও বা আবর্ত ইইতেছে। এক স্থলে শ্বির ও গম্ভীর, **আর এক স্থলে অ**ত্যস্তই বেগ। কোথাও প্রবাহ-

শব্দ অতি সুমধুর, কোণাও বা একান্তই কঠোর। স্থানে স্থানে বিস্তীর্ণ বালুকাময়স্থান, স্থানে স্থানে হংস সারস ও চক্র-বাক্ প্রভৃতি জলচর পক্ষিগণের কলরব। কোন স্থলে তীরের তৰু শ্রেণি যেন মালার ন্যায় শোডা পাইতেছে, কোথাও বা পাত্ম কুমদ ও কহলার সকল মুকুলিত ও বিকসিত হইয়া আছে, এবং পুষ্পপরাগ প্রবাহবেগে ভাষিয়া চলিয়াছে। এই পবিত্র নদী রাজা ভগীরথের তপোবলে বিষ্ণুপাদ্চ্যত ও হরজটা-ন্ত্রিল্রফ হইয়া সাগরে মিলিত হইতেছেন। ইছাতে শিশু-মার নক্র কুম্বীর ও উরগগণ বাস করিতেছে। উহার তীর, তরু লতা গুল্মে একান্ত গছন হইয়া রহিয়াছে, তন্মধ্যে দিগ্গজ বন্যগজ ও সুরমাতক সকল অনবরত গর্জন করিতেছে। রাম ভাগীরথীকে দর্শন করিয়া সুমস্ত্রকে কছিলেন, সুমস্ত্র। ঐ দেখ, এই ননীর অদূরে পল্লবকুম্মমুশোভিত ইঙ্গুদী বৃক্ষ রহিয়াছে, আজ আমরা ঐ স্থানেই বাস্ করিব। তথন লক্ষণ ও হুমন্ত্র উভয়েই তাঁহার বাক্যে সন্মত হইলেন।

অনস্তর রথ অবিলয়ে বৃক্ষের নিকট উপস্থিত হইল। রাম, জানকী ও লক্ষণের সহিত অবতীর্ণ হইলেন। তাঁহারা অবতীর্ণ হইলে সুমন্ত্র অস্থাগণকে মোচন করিয়া দিলেন এবং রামকে
ইঙ্গুদী বৃক্ষমূলে উপবিষ্ট দেখিয়া তাঁহার সেবা করিবার নিমিত্ত
কৃতাঞ্জলিপুটে সন্ধিহিত হইলেন।

থ স্থানে গুছ নামে নিষাদ জাতীয় এক বলবান রাজা বাদ করিতেন। তিনি রামের প্রাণদম দখা ছিলেন। রাম নিষাদরাজ্যে আদিয়াছেন, শুনিয়া গুছ বৃদ্ধ অমাত্য ও জ্ঞাতি-গণৈ পরিবৃত হইয়া তাঁহার নিকট গমন করিলেন, এবং যৎ-পরোনান্তি হুঃখিত হইয়া তাঁহাকে আলিক্ষন পূর্মক কছিলেন, সখে! তুমি আমার এই রাজধানী, অযোধ্যার ন্যায় তোমারই বিবেচনা করিবে। বল, এক্ষণে তোমার কি করিব ? ভবাদৃশ প্রিয় অতিথি ভাগ্যক্রমেই উপস্থিত হইয়া থাকেন।

এই বলিয়া নিষাদাধিপতি গুহ শীদ্র নানাবিধ সুস্বাত্ন অন্ন
ও অর্য্য আনমন পূর্বাক কহিলেন, সথে! তুমি ত স্থথে আসিয়াছ? এই নিষাদরাজ্য সমগ্রই তোমার, তুমি আমাদিগের ভর্তা,
আমরা ভোমার ভৃত্য। এক্ষণে এই সমন্ত ভক্ষ্য ভোজ্য, উৎকৃষ্ট
শয্যা এবং অশ্বের ঘাস আনীত হইয়াছে, গ্রহণ কর। রাম গুছের
এইরপ বাক্য প্রবণ করিয়া কহিলেন, নিষাদরাজ! তুমি যে,
দূর হইতে পাদচারে আগমন এবং মেহ প্রদর্শন করিলে, ইহাতেই আমরা, সৎকৃত ও সম্ভন্ট হইলাম। এই বলিয়া তিনি
বর্তুল বাহু যুগল দ্বারা গুহুকে গাঢ়তর আলিক্ষন করিয়া কহিলেম্পুত্ই! ভাগ্যবশতই ভোমাকে বন্ধু বান্ধাবের সহিত
নীরোগ দেখিলাম, এক্ষণে ভোমার রাজ্য ও অরণ্য ত নির্দ্ধির
আছে ? তুমি প্রীতি পূর্বাক আমাকে যে সকল আহার জব্য

উপহার দিলে, আমি কিছুতেই প্রতিগ্রহ করিতে পারি না একণে চীর চর্ম ধারণ ও কল মূল ভক্ষণ পূর্ব্বক তাপসত্রত অব-লঘন করিয়া অরণ্যে ধর্ম সাধন করিতে হইবে, স্প্তরাং কেবল অব্বের ভক্ষ্য ভিন্ন অন্য কোন দ্রব্যই লইতে পারি না। এই সমস্ত অশ্ব, পিতা দশরথের অত্যন্ত প্রিয়, ইহারা তৃপ্ত হইলেই আমার সৎকার করা হইল। গুহু রামের এইরপ আদেশ পাইবা মাত্র অধিকৃত পুরুষদিগকে অশ্বের আহার পান শীত্র প্রদান কেরিবার অনুমতি করিলেন।

অনস্তর রাম উত্তরীয় চীর গ্রহণ পূর্ব্ধ ক সায়ংসদ্ধ্যা সমাপন করিলেন। তাঁহার সন্ধ্যা সমাপ্ত হইলে লক্ষণ পানার্থ
জল আনিয়া দিলেন এবং রাম জল পান করিয়া জানকীর
সহিত ভূমিশয্যায় শয়ন করিলে তিনি তাঁহাদের পাদ
প্রকালন করিয়া তকমূলে আঞায় লইলেন।

একপঞ্চাশ সূৰ্গ

লক্ষণ রামকে রক্ষা করিবার নিমিত্ত অক্তিম অনুরাগে রাত্রি জাগরণ করিতৈছেন দেখিয়া, গুহ, সম্বপ্ত মনে কহিলেন, রাজকুমার! তোমার জন্য এই সুখশ্য্যা প্রস্তুত ইইরাছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াসে ক্লেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না; এক্ষণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথ পূর্বক সভ্যই কহিভেছি, রাম অপেক্ষা প্রিয়তম আমার আর নাই। ইহাঁর প্রসাদে ধর্ম অর্থ কামের সহিত ইহলোকে যশোলাভ হইবে, ইহাই আমার বাঞ্ছা। এই স্থানে বহুসংখ্য নিষাদ আসিয়াছে, ইহা-দিগের সহিত মিলিত হইয়া শরাসন এহণ পূর্বক পত্নী-সহ প্রিয়স্থাকে রক্ষা করিব। আমি নিরম্ভর এই অরণ্যে বিচরণ করিয়া থাকি, ইহার কিছুই আমার অবিদিত নাই, যদি ্অন্ত্রের চতুরক সৈন্য আসিয়া আক্রমণ করে, সহজেই তাহা নিবারণ করিতে পারিব।

তখন লক্ষণ গুছের এই রূপ বাক্য শ্রবণ করিয়া কহি-

লেন, নিষাদরাজ ! ভোমার ধর্মদৃষ্ঠি আছে ; তুমি যখন রক্ষা-ভার গ্রহণ করিভেছ, তখন আমাদিগের কোন বিষয়েই ভয় সম্ভাবনা নাই। কিন্তু দেখ, এই রঘুকুল-ভিলক রাম জানকীর সহিত ভূমি শ্যায় শয়ন করিয়া আছেন, আর আমার আহার নিদ্রায় প্রয়োজন কি? কি বলিয়াই বা স্থ ভোগে রভ হইব? রণস্থলে সমস্ত সুরাম্বর ঘাঁহার বিক্রম সহ্য করিতে পারে না, আজ তিনিই পত্নীর সহিত পর্ণশ্য্যা ্ঞহণ কারলেন! পিতা, মন্ত্র তপস্যা ও নানা প্রকার দৈব-ক্রিয়ার অনুষ্ঠান দ্বারা ইহাঁকে পাইয়াছেন, ইনি আমাদের নকলের শ্রেষ্ঠ। ইহাঁকে বনবাস দিয়া, তিনি আর অধিক দিন দেহ ধারণ করিতে পারিবেন না: দেবী বস্নুমতীও অচিরাৎ বিধবা হইবেন। নিযাদরাজ। বোগ হয়, এতক্ষণে প্রনারীগণ আর্ত্তরবে চীৎকার করিয়া ঐান্তি-নিবন্ধন নিরস্ত হইয়াছেন. রাজভবনও নিস্তব্ধ হইয়া আঁসিয়াছে। হা ! দেবী কেশিল্যা, জননী স্থমিত্রা ও পিতা দশর্থ যে জীবিত আছেন, আমি এরপ সম্ভাবনা করি না, যদি থাকেন, তবে এই রাত্রি পর্য্যস্ত । আমার মাতা ভাতা শক্রবের মুখ চাহিয়া বাঁচিতে পারেন, কিন্তু বীরপ্রসবা কেশিল্যা যে, পুত্রশোকে প্রাণত্যাগ করিবেন, এইই আমার ছঃখ। দেখ, আর্য্য রামের প্রতি পুরবাদিগণের বিশেষ অনুরাগ আছে; এক্ষণে পুত্রবিয়োগে রাজা দশরথের মৃত্যু

ছইলে তাহারা অত্যন্তই কঁট পাইবে। হায়! জানি না, জ্যেষ্ঠ পুত্রের অনুশ্নে, পিভার ভাগ্যে কি ঘটিবে। ভিনি রামকে রাজ্যভার দিতে না পারিয়া ভগুমনোরথে 'সর্মনাশ হইল। সর্ম-भाग इहेल !' क्वतल এই विनिय़ार मर्जालीला मः वद्गे कदित्व । তাঁহার দেহান্তে দেবী কোশল্যার লোকান্তর লাভ হইবে। তৎপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবন ত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে যাঁহারা তৎকালে উপস্থিত থাকিয়া তাঁছার অগ্নিসংস্কার প্রভৃতি সমন্ত প্রেভকার্ম্য সাধন । করিবেন, ভাঁহারাই ভাগ্যান। যথায় রমণীয় চত্ত্র ও প্রশস্ত রাজপথ সকল রহিয়াছে, যে স্থানে হর্ম্য প্রাসাদ উদ্যান ও উপবন শোভা পাইতেছে এবং বারাঙ্গনারা বিরাজ করিতেছে, ষধায় হস্তী অশ্ব রথ স্থপ্রচুর আছে ও নিরম্ভর তুর্যাধ্বনি হই-তেছে, বে স্থানে সকলেই হান্ট পুন্ট এবং সভা ও উৎসবে সভতই সন্নিবিষ্ট, ঐ সমস্ত ব্যক্তি আমার পিতার সেই মঙ্গ-লালয় রাজধানী অযোধ্যায় পরম স্থাখে বিচরণ করিবে। হ।। পিতা কি জীবিত থাকিবেন? আমরা অরণ্য হইতে প্রতি-নিবৃত্ত হইয়া তাঁহাকে কি আর দেখিতে পাইব? আমরা সভ্যপ্রভিজ্ঞ রামের সহিভ নির্বিল্পে অযোধ্যায় কি পুনরায় আসিতে পারিব?

লক্ষণ জাগারণ-ক্লেশ সহ্য করিয়া ডঃখিত মনে এইরূপ

বিলাপ ও পরিতাপ করিতেছেন, এই অবসরে রজনী প্রভাত হইয়া গোল ৷ নিষাদরাজ, লক্ষণের এই সমস্ত প্রকৃত কথা শ্রবণ করিয়া, বন্ধুত্ব নিবন্ধন অকুশাহত মাতকের ন্যায় অত্যন্ত ব্যথিত হইয়া, অজ্জ অঞ্ বিসর্জন করিতে লাগিলেন ৷

দ্বিপঞ্চাশ সর্গ।

শুর্মরী প্রভাত হইলে, রাম শুভলক্ষণ লক্ষ্যণকে কহিলেন, বৎস! রাত্রি অভীত ও সুর্য্যোদর কাল উপস্থিত হুইল। প্রুদেখ, অরণ্যে রুফবর্ণ কোকিল কুছুরব করিতেছে এবং মহুরগণের কঠালনি শ্রুতি-গোচর হুইতেছে। আইস, আমরা একণে গঙ্গা পার হই।

লক্ষণ রামের অভিপ্রায় অনুসারে গুছ ও স্থমন্ত্রকে নেকি।
আনরনের সঙ্কেত করিয়া, তাঁহারই সমুখে দণ্ডায়মান রহিলেন।
তখন গুছ সাটিবগণকে আহ্বান পূর্যক কহিলেন, দেখ, তোমরা
কর্ম ও ক্ষেপণীযুক্ত নাবিক-সহিত একখানি স্নৃদ্ তরণী শীজ
এই তীর্ষে আনয়ন কর। নিষাদগণ গুহের আজ্ঞা মাজ
প্রস্থান করিল এবং এক রমণীয় মেকি। আনয়ন পূর্যকি তাঁহাকে
সংবাদ দিল।

অনস্তর নিষাদরাজ কভাঞ্জলিপুটে রামকে কহিলেন, সংখ! তরণী আনীত হইয়াছে, এক্লণে আরোহণ কর; বল, অভঃপর

আমার আর কি করিতে হইবে? রামা কহিলেন, গুছ! তোমার প্রয়াজ আমি পূর্ণকাম হইলাম, এক্ষণে আমার এই সমস্ত দ্রব্য নোকার তুলাইরা দেও। এই বলিয়া রাম বর্ম ধারণ এবং তুণীর ধজা ও শরাসন গ্রহণ্ণ করিয়া, সীতা ও লক্ষ্মণের সহিত অবতরণ-পথ দিয়া নামিতে লাগিলেন। ইত্যবসরে স্থমন্ত্র তাঁহার সমূধে গিয়া, ক্লতাঞ্জলিপুটে বিনীতভাবে কহিলেন, রাজকুমার! গ্রহ্মণ আমি কি করিব, আদেশ কর।

তখন রাম দক্ষিণ করে তাঁহাকে স্পূর্ণ করিয়া কহি-लেन, स्वयञ्ज ! जूनि श्रेनजोत्र ज्ञांत्र ज्ञांत्र निकृष्टे यांछ, আমাকে রথে আনয়ন করা এই পর্যান্তই শেষ হইল ; অতঃপর আমি পদত্রজে গছন বনে প্রবেশ করিব। স্থমন্ত রামের এইরূপ আদেশ পাইয়া কাতরভাবে কহিলেন, রাজকুমার! সামান্য লোকের ন্যায় ভাতা ও ভার্য্যাব সহিত তুমি যে, বনবাসী হই-তেছ, ইহাতে অযোগ্যার কাহারই অভিলাষ নাই। তোমায় যখন এইরূপ দুঃখ ভোগ করিতে হইল, তখন বোধ হয়, জগতে ত্রন্ধ-চর্য্য, অধ্যয়ন, মৃহতা ও সরলতার কোন ফলই নাই, কিন্দ্র বলিতে কি, এই কার্য্যে তুমি ত্রিভুবন পরাজয় করিয়া সর্কোৎকর্মতা লাভ করিবে। এক্ষণে তুমি আমাদিগকে বঞ্চনা করিয়া চলিলে, স্মতরাং আমরাই কেবল বিনষ্ট হইলাম। হা। অতঃপর এই হত-ভাগ্যদিগকে পাপীয়সী কৈকেয়ীর বশীভূত হইতে হইবে। সারথি স্থমন্ত্র রামকে দূর দৈশে যাইতে উদ্যত দেখিয়া, এইরূপ স্থাকত বাক্য প্রয়োগ পূর্বক জ্লখিতমনে রোদন করিতে লাগিলেন।

ঁ অনম্ভর তিনি বাস্প বিসর্জন পূর্বক আচমন করিয়া পবিত্র হইলে, রাম বারংবার তাঁহাকে কহিতে লাগিলেন, স্নমন্ত্র! ঈক্ষ্বাকু-বংশে ভোমার সদৃশ স্কৃত্ আর কাহাকেই দেখি না। এক্ষণে পিতা যাহাতে আমার নিমিত্ত অধীর না হন, তুমি ভাহাই কর। আমার বিয়োগ-ছঃখে তিনি একান্তই আক্রেই ড হইষাছেন এবং আমাকে রাজ্যে অভিষিক্ত করিতে পারেন নাই বলিয়া, অত্যম্ভই বিষণ্ণ হইয়াছেন, তিনি বৃদ্ধ, এই কারণেই আমি ভোমাকে ঐরপ কহিতেছি। সেই মহীপাল দেবী কৈকেয়ীর শুভোদ্দেশে ভোমায় যা কিছু আদেশ করিবেন, ভুমি নিংশঙ্ক-চিত্তে তাহার অনুষ্ঠান করিবে। •দেখ, কাম-ক্রোধ-ক্নত যে কোন কার্য্যাই হউক, তাহাতে অন্যে প্রতিকুলাচরণ করিবে না, এই কারণেই মহীপালগণ রাজ্য শাসন করিয়া থাকেন। এক্ষণে পিতা, যাহাতে কোন বিষয়ে অন্থী না হন এবং আমার শোকে একান্ত আকুল হইয়া না উঠেন, ভুমি ভাহাই করিও। তুমি ভাঁহাকে আমার প্রণাম নিবেদন করিয়া, আমার নিমিত্ত এই কথা কহিবে, আমরা যে, নগর হইতে নির্বাদিত হইলাম এবং আমাদিগকে যে, অরণ্যবাস আশ্রয় করিতে হইল, ভলিমিত্ত

আমি ত্রংখিত নহি, লক্ষণও কিছুমাত্র কাতর নহেন। চতু-র্দ্দশ বৎসর অতীত হইলেই তিনি জানকীর সহিত আমাদি-গকে পুনরায় দেখিতে পাইবেন। স্থমন্ত্র! তুমি আমার জনক जननीटक এरेक्ने किंद्रा जनगना मांजा ७ टेकटक्क्नेंटक অবিকল ইহাই কহিবে। তৎপরে কে भল্যাকে আমাদিগের প্রণাম জানাইয়া সর্বাকীন মঙ্গল জ্ঞাত করিবে। মহারাজকেও বলিবে, তিনি যেন ভরতকে শীত্রই আনয়ন করেন এবং . মাসিলে ভাঁছাকেই যেন রাজপদে স্থাপিত করেন। তিনি তাঁহাকে যেবরাজ্যে অভিষেক ও আলিঙ্গন করিয়া, আমাদিগের বিয়োগ-ছঃখে আর অভিভূত হইবেন না। প্রাণাধিক ভরত-কেও কহিবে যে, তিনি যেমন মহারাজের প্রতি আচরণ করিবেন, মাতৃগণের প্রতিও ষেন সেইরপ করেন। কৈকেয়ীকে যেমন দেখিরেন, স্থমিত্রা ও কেশিল্যাকেও যেন সেইরূপ দেখেন। তিনি পিতার হিতোদ্দেশে যৌবরাজ্য শাসন করিয়া ইহলোক ও পরলোকে অবশ্যই শ্রেয়োলাভ করিতে পারিবেন।

স্থান্ত রামের এইরপ বাক্য প্রবণ করিরা স্নেছভরে কহিছে লাগিলেন, রাজকুমার! ভোমার সহিত আমার যে সম্বন্ধ, ভৎসত্ত্বেও আমি প্রগাল্ভ হইরা, স্নেছ প্রযুক্ত যে কথা কহিব, ভক্ত বলিয়া ভাহা ক্ষমা করিবে। দেখ, ভোমার বিরুদ্ধে নগরের

ভাবৎ লোক ষেন পুত্র-শোঁকে আকুল হইয়া আছে, এখন বল দেখি, তোমায় রাখিয়া তথায় কি রূপে প্রবেশ করিব। তুমি যখন নগর হইতে নির্গত হও, তৎকালে পুরবাদিরা ভোমায় এই রখে নিরীকণ করিয়াছিল, এখন ইহাতে ভোমায় দেখিতে ना भारेतन, উशानित समग्र विमीर्ग दहेशा यारेत। य त्राथंत तथी রণে নিহত হইয়াছে, কেবল সার্থিমাত্র অবশিষ্ট আছে, তাহা দর্শন.করিলে স্থপক দৈনোরা যেমন কাতর হয়, পৌরগণ এই রথ দেখিয়া তদ্রপই হইবে। তুমি যদিও বহুদূরে আঁসিয়াছ; কিন্তু কম্পনা-বলে উহারা যেন তোমায় সমুখেই অবলোকন করিতেছে, আজ তুমি না বাইলে নিশ্চয়ই উহাদের প্রাণশংসয় ষ্টিবে। রাম ! নিজ্মণকালে ভোমার শোকে উহার। যে রূপ বিষম ব্যাপার উপস্থিত করিয়াছিল, তুমি ত তাহা স্বচক্ষেই প্রত্যক্ষ করিয়া আদিয়াছ। ঐ সময় সকলে তোমার বিরহ-ছঃখে যৎপরোনান্তি ছঃখিত হইয়া যে রূপ চীৎকার করে একণে কেবল আমায় দেখিলে তদপেকা শতগুণ অধিক कतिता श! जामि प्रती किंगनगांक शिशा कि कहिव, আমি তোমার রামকে মাতুল-কুলে রাধিয়া আইলাম, আর কাতর হুইও না, তাঁহাকে কি এই বলিয়া প্রবোধ দিব ? না, আমি প্রাণান্তে এইরপ অসত্য কথা মুখাগ্রে আনিতৈ পারিব না। ভোমায় বনে ভ্যাগ করিয়া যাওয়া যদিও অলীক নহে, কিছ

অত্যম্ভই অপ্রিয়, ইহা আমি কোন্ সাহসে তাঁহার নিকট প্রকাশ করিব। রাম! আমার নিয়োগস্থ এই সমস্ত অশ্ব তোমার স্বজনবর্গকে বছন করিয়া থাকে, ইহারা এক্ষণে এই শূন্য রথ লইয়া কি রূপে যাইবে? যদি কাননে তুমি ইছাদিগকে আপ-নার পরিচর্যায় নিযুক্ত কর, ইহাদের পরম গতি লাভ হইবে। যাহাঁই হউক, আমি তোমায় ফেলিয়া কর্নাচই অযো-ধ্যায় বাইতে পারিব না, তুমি আমাকে তোমার অনুসরণে ্যসুমতি প্রদান কর। আমি বারংবার প্রার্থনা করিতেছি, যদি তুমি আমায় না লইয়া যাও, তৎক্ষণাৎ এই রূথের সহিত ষ্ঠা প্রবেশ করিব। দেখ, ষ্রণ্যে ভোমার তপোবিদ্ন ঘটতে পারে, কিন্তু আমি থাকিলে রথী হইয়া তৎসমুদায় নিবারণ করিতে পারিব। তোমার জন্য রথ চর্য্যা-ক্লত স্থুখ লাভ করিয়াছি, আবার ডোমারই প্রসাদে বনবাস-মুখ প্রাপ্ত হইব, এই আমার বাসনা। প্রাসম হও, অরণ্যে ডোমার সমিহিত থাকি, ইহাই আমার ইচ্ছা হইয়াছে। আমি তথায় প্রাণপণে তোমার সেবা করিব, অযোগ্যা কি স্থরলোকের নামও করিব না। এক্ষণে, অধিক শার কি, আজ আমি তোমায় ছাড়িয়া কোন মতে নগরে প্রবেশ করিতে পারিব না। বনবাস-কাল অতিক্রাম্ভ হুইলে, আমার অভিলাষ এই যে, আমি এই রথে পুনরায় ভোমাকে শইয়া অযোধ্যায় বাইব। তোমার সঙ্গে থাকিলে চতুর্দ্ধশ

বংসর বেন পলকে অতিবৃত্তি হইয়া বাইবে, নচেৎ উহা শত-গুণ বোধ হইবে সন্দেহ নাই। ভৃত্যবংসল। প্রভু-পুজের নিকট ভৃত্যের বেরূপ থাকা আবশ্যক, আমি সেইরূপই আছি; আমি ভোঁমার একজন ভক্ত, তুমিও আমায় ভৃত্যেচিত মর্য্যাদা প্রদান করিয়া থাক, এক্ষণে আমাকে উপেক্ষা করা ভোমার উচিত হইতেছে না।

রাম স্থমন্ত্রের এইরপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, ভর্তৃ-বৎসল! আমাতে যে ভোমার অনুরাগ আছে, আমি ভাইন জানি, এক্ষণে যে কারণে ভোমায় নগরে প্রেরণ করিভেছি, শ্রবণ কর। দেখ, ভূমি প্রতিনির্ভ ইইলে কনিষ্ঠা মাতা কৈকেয়ী, আমার বনবাসে সম্পূর্ণ নিঃশংসয় ইইবেন, কিন্তু ভূমি প্রতিনির্ভ না ইইলে, তিনি বিরস মনে ধার্মিক রাজাকে মিধ্যাবাদী বলিয়া অযথা আশক্ষা করিবেন। আমার মুখ্য অভিপ্রায়ই এই যে, কৈকেয়ী ভরতের রাজ্য পরম স্থাে ভোগ করেন। অতএব ভূমি আমার ও মহারাজের জন্য অযোধ্যায় গমন কর। আমি ভোমায় যাহা বাহা কহিয়া দিলাম, গিয়া সেই গুলি সকলকে অবিকল কহিও।

এই বলিরা, রাম স্থমন্ত্রকে সান্ত্রনা করিয়া, গুছকে কছি-লেন, গুছ! অতঃপর এই সজন বনে থাকা আরু,আমার কর্ত্তর্য হইতেছে না, আশ্রম-বাস ও তন্ত্রপযুক্ত বেশ আবশ্যক। অত- এব আমি, পিতার হিতকামনায় নিয়ম অবলম্বন পূর্বক সীতা ও লক্ষণের মতানুসারে তাপসের ন্যায় গমন করিব। এক্ষণে তুমি আমার জটা প্রস্তুত করিবার নিমিত্ত বটনির্যাস আনা-ইয়া দেও।

অনস্তর বটনির্যাস আনীত হইল। ঐ চীরধারী বীরয়ুগল বাণ-প্রস্থ ব্যবস্থার অনুবারা মন্তকে জটা প্রস্তুত করিয়া ঋষির ন্যায় শোভা পাইতে লাগিলেন। পরে প্রস্থান কাল সন্ধিহিত হেলৈ রাম, পরম সহায় গুহকে কহিলেন, সধে! রাজ্য অতি ছুঃখে রক্ষা করিতে হয়, অতএব তুমি সৈন্য কোশ হুর্গ ও জনপদে সততই সাবধান হইয়া থাকিবে। তিনি গুহকে এইরপ কহিয়া তাঁহার সমতিক্রমে অনতিবিলম্বে ভাগীরথী তীরে গমন করি-লেন এবং তথায় নেকি৷ দর্শন করিয়া লক্ষ্মণকে কহিলেন, ৰৎস ! তুমি অত্যে জানকীকে নেকিায় আরোহণ করাইয়া পুশ্চাৎ স্বরং উত্থান কর। তথন লক্ষ্মণ অগ্রে সীতাকে উঠাইয়া পশ্চাৎ ষ্বরং উত্থিত হইলেন। তৎপরে রামও আরোহণ করিলেন, এবং আপনার শুভোদ্দেশে ত্রান্ধণ ও ক্ষত্রিয় জাতিসাধারণ মন্ত্র জপ করিতে লাগিলেন। লক্ষণও যথাবিধি আচমন করিয়া সীতার সহিত, জাহুবীকে প্রীতমনে প্রণাম করিলেন।

অনস্তর রাম, সমন্ত্র ও গুছকে প্রতিগমনে অনুমতি করিয়া নাবিকদিগকে পার করিয়া দিতে বলিলেন। তরণী ক্ষেপ্ণী- প্রক্ষেপ-বেগে শীত্র বাইওে লদগিল। জানকী গন্ধার মধ্যস্থলে গিরা ক্ষতাঞ্চলিপুটে কহিলেন, গন্ধে! এই রাজকুমার ড়োমার ক্ষপার নির্বিষ্ণে এই নিদেশ পূর্ণ করুন। ইনি চতুর্দ্দশ বৎসর অর্বণ্যে বাস করিরা পুনরার আমাদের সহিন্ত প্রত্যাগমন করিবানা আমি নিরাপদে আসিয়া মনের সাথে ভোমার পূজাকরিব। জুমি সমুদ্রের ভার্য্যা, স্বয়ং ত্রন্ধলোক ব্যাপিয়া আছ। দেবি! অ্যুমি ভোমাকে প্রণাম করি। রাম ভালয় ভালয় পৌছিলে এবং রাজ্য পাইলে আমি ত্রান্ধণগণকে দিয়া ভোমানরই প্রীতির উদ্দেশে ভোমাকে অসংখ্য গো ও অর্থ দান করিব, সহক্ষ কলশ স্বরা ও পলার দিব। ভোমার ভীরে যে সকল দেবতা রহিয়াছেন, ভাঁছাদিগকে এবং ভীর্থস্থান ও দেবালয় আর্চনা করিব।

অনতিবিলম্বে নেকি। নদীর দক্ষিণ তীরে উপানীত হইল।
তখন সকলে তাহা হইতে অবতীর্গ ইলে রাম লক্ষণকে কহিলেন, বংস! সজন বা বিজনই হউক সীতাকে রক্ষা করিবার
নিমিত্ত সাব্ধান হও। তুমি সর্বাত্তো গমন কর, সীতা ভোমার
অনুগমন ককন, আমি পশ্চাতে থাকিয়া তোমাদের উভয়েরই
কক্ষক হইয়া যাই। দেখ, এখন অবধি আমাদিগকে অতি দুক্ষর
কার্য্য সংসাধন করিতে হইবে, স্প্তরাং এই ক্রপে পরস্পার
পরস্পারকে রক্ষা করা আবিশাক হইতেছে। যে স্থানে জন-

মানুষের সম্পর্ক নাই, কেত্র ও উন্থান দৃষ্টিগোচর হয় না এবং গর্ভ ও নিম্নোন্নত ভূমিই অধিক, জানকী আজ সেই বনে প্রবেশ করিবেন এবং বনবাসের যে কি হুঃখ আজই তাহা জানিতে পারিবেন।

লক্ষণ রামের এইরপ বাক্য শ্রবণ করিয়া সর্বাত্যে চলি-লেন। রামও সকলের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। এদিকে স্থমন্ত্র এভক্ষণ রামকে নির্নিমেষ লোচনে নিরীক্ষণ করিতে ছিলেন, তিনি দৃষ্টিপথ অতিক্রম করিবা মাত্র ব্যথিত-মনে অঞ্চ বিসর্জনে প্রবৃত্ত হইলেন।

অনস্তর রাম স্থসমৃদ্ধ সম্প্রবন্ধল বৎস দেশে উপস্থিত হইরা লক্ষমণের সহিত বরাহ ঋষ্য পৃষত ও মহাকক এই চারি প্রকার মৃগ বধ করিলেন এবং উহাদের পবিত্র মাংস গ্রহণ পূর্বক সারংকালে অত্যন্ত ক্ষুধার্ত হইরা! বনমধ্যে প্রবিষ্ট হইলেন।

ত্রিপঞ্চাশ সর্গ ৷

অনস্তর রাম সায়ংসদ্ধ্যা সমাপন করিয়া লক্ষনণকৈ কহিলেন, বৎন ! জনপদের বাহিরে সবে এই প্রথম নিশা দর্শন
করিলাম, আজ আর স্থমন্ত্র নাই, এক্ষণে তুমি নগর স্থার্থ
করিয়া উৎকণ্ডিত হইও না। অদ্যাবিধি আমাদিগকে আলস্যশূন্য হইয়া রাত্রি জাগরণ করিতে হইবে; সীতার অলব্ধ লাভ
ও লব্ধ রক্ষা আমাদিগেরই আয়ন্ত। আইস, আজ আমরা
স্থাংই তৃণ পত্র আনিয়া ভূতলে শ্ব্যা প্রস্তুত করিয়া কটে
সৃষ্টে শয়ন করি।

এই বলিয়া রাম ভূমিতে শয়ন করিয়া পুনরায় কহিলেন, বৎস ! আজ মহারাজ অতি ছংখে নিজা যাইতেছেন, কৈকেয়ীর মনোবাঞ্চা পূর্ণ হইয়াছে, মতরাং তিনি অবশ্যই সস্তই হইবেন। কিন্তু বোধ হয়, ভয়ত উপস্থিত হইলে তিনি তাঁহাকে মহারাজ্যে, অভি়েষক ক্রিবায় নিমিত্ত রাজাকে আর প্রাণে বাঁচিতে দিবেন না। হা! পিতা রয় হইয়াছেন এবং আমিও তাঁহাকে পরিত্যাগ করিয়া আসিয়াছি, মৃতরাং তিনি অনাথ, জানি না, অভ্ঃপর

कार्यत बनुद्रार्थ जिनि टेक्टब्रोत वनवर्त्ती इहेग्रा कि कति-বেন। রাজার মতি ভ্রম এবং এই বিপার উপস্থিত দেখিয়া আমার নিশ্য প্রতীতি হইতেছে যে, ধর্ম ও অর্থ অপেকা কামই প্রবল। দেখ, পিতা যেমন আমাকে পরিভাগে করিলেন, এইরপ ন্ত্রীর প্রবর্ত্তনায় মূর্খও কি, আজ্ঞানুবর্ত্তী পুত্রকে ত্যাগ করিতে পারে 🤈 ভার্যার সহিত ভরতই সুখী, তিনি একাকী অধিরাজের নাায় সমগ্র কোশল রাজ্য উপভোগ করিবেন। পিতা জীর্ণ হইয়াছেন, আমিও অরণ্য আশ্রয় করিলাম, স্বভরাং ভিনি একা-কীই রাজা হইবেন। যিনি ধর্ম ও অর্থ পরিত্যাগ করিয়া কামের অনুসরণ করেন, তিনি শীত্রই রাজা দশরথের ন্যায় এইরূপ বিপন্ন হন, সন্দেহ নাই। লক্ষ্মণ! আমার বোধ হইতেছে যে, ভরতকে রাজ্যে নিয়োজিত, আমাকে নির্মাসিত ও পিতার প্রাণাম্ভ করিবার নিমিত্ই কৈকেয়ী আসিয়াছেন। এখন কি তিনি, সৌভাগ্য-মনে মোহিত হইয়া কেবল আমায় দুঃখিত করিবার জন্য কেশিল্যা ও স্থমিত্রাকে যন্ত্রণা দিরেন ? তোমার জননী আমাদের নিমিত্ত ক্লেশ ভোগ করিবেন, অতএব তুমি কল্য প্রাত্তে এন্থান হইতে অযোধ্যায় প্রতিগমন কর। আমি একাকী জানকার সহিত দওকারণ্যে যাত্র। করিব। কৌশল্যা নিতার নিরাশ্র। কিন্ত কৈকেয়ী একার্ডই নীচাশর, তিনি বিষেষ বশত অন্যায় আচরণ করিতে পারেন; বলিতে কি,

আমাদের জননীর প্রাণ-বিনাশ করিবার নিমিত্ত বিষ প্রায়ো-গেও কুঠিত হইবেন না। দেবা কে শল্যা জনান্তরে নিশ্চয়ই অনেক জ্রীলোককে পুত্রহীন করিয়াছিলেন, সেই জন্য আজ তাঁহার এইরূপ তুর্ঘটনা উপস্থিত হইল। তিনি আমায় এতদিন লালন পালন করিলেন, বহু ছঃখে বাড়াইলেন, কিন্তু সুখী করি-বার সময়েই তাঁহাকে ত্যাগ করিয়া আইলাম ! লক্ষণ ! আমায় ধিক.- আমি জননীকে বিস্তর যন্ত্রণা দিলাম, অতঃপর আর कान मीमखिनी यन षामात नाग्न कुर्नुज्रक गर्छ ना शैत्र করেন। বোধ হয়, আমা অপেক্ষা সারিক্রা, মাতার সমধিক স্নেছের পাত্র হইবে, তিনি উহার মুখে শক্রনির্যাতন করিবার কথাও শুনিতে পান, কিন্তু আমি তাঁহার পুত্র হইয়া কি উপকার করিলাম ! তিনি নিতাম হুর্ভাগ্যা, এক্ষণে আমার বিয়োগে শোকে নিমগ্ন ও ষৎপরোনাতি ছঃখিত হইয়া শরান রহি-हाट्डन । मत्ने कतिल जामि ताय्नत अकाकी, अत-निकत्त অযোগ্যা কি, সমগ্র পৃথিবাও নিকণ্টক করিতে পারি, কিন্তু নির্থক বল প্রদর্শন খ্রেয় নছে। ভাই! আমি কেবল পরলোক-ভয় ও অধর্মভয়েই রাজ্য গ্রহণ করিলাম না। মহাবীর রাম নির্জনে করুণমনে,এইরপ ও অন্যান্যরূপ নানাপ্রকার বিলাপ ও পরিতাপ করিয়া অঞ্পূর্ণমুখে মেনাবলম্বন করিয়া রহিলেন। অনস্ত্র লক্ষণ জালাশুন্য ভ্তাশনের ন্যায় হতবেগ সাগরের

ন্যায় রামকে নিস্তব্ধ দেখিয়া, আশ্বাস প্রদান পূর্বক কহিতে লাগিলেন, আর্য্য! আজ আপনি নিজ্বাস্ত হওয়াতে, অযোধ্যা নিশ্চয়ই শশাক্ষহীন শর্বারীর ন্যায় একান্ত নিপ্রাভ হইরা গিয়াছে। কিন্তু এক্ষণে আর এই রূপে হুংখিত হইবেন না, আপনি হুংখিত হইলে আমরাও বিষয় হই। জল হইতে মৎস্য উদ্ধৃত হইলে যেমন জীবিত থাকিতে পারে না, সেইরূপ আপনার বিয়োগে আমরা ক্ষণকালও প্রাণ ধারণ করিতে পারিব না। আপনাকে পরিত্যাগ করিয়া পিতা, মাতা, ভাতা ও স্বর্গই বা কি, কিছুই অভিলাধ করি না।

রাম লক্ষ্মণের এইরূপ দৃঢ় সঙ্কল্প দেখিয়া তাঁহাকে বনবাস-এত অবলম্বনে অনুমতি করিলেন এবং অদূরে বটরৃক্ষ মূলে পর্ন-শয্যা রচিত হইয়াছে দেখিয়া, সীতার সহিত তথায় গিয়া বিশ্রাম করিতে লাগিলেন। অরণ্য জনসঞ্চার শূন্য, তাঁহাদের সঙ্গে কেহ নাই, কিন্তু গিরিশৃঙ্কগত সিংহ যেমন নির্ভয়ে থাকে, তাঁহারা সেইরূপ অনুতোভয়ে তৰুতলে শয়ন করিয়া রহিলেন।

চতুঃপঞ্চাশ সূৰ্গ।



অনস্তর রাত্রি অতীত ও স্থা উদিত হইলে তাঁহারা তথা হইতে গাজোখান করিলেন এবং যথায় যমুনা গঙ্গার সহিত মিলিত হইতেছেন, সেই প্রদেশ লক্ষ্য করিয়া, বন প্রবেশ পূর্বক গমন করিতে লাগিলেন। যাইতে যাইতে বিবিধ ভূবিভাগ, অদৃষ্টপূর্বর রমণীয় দেশ এবং নানা প্রকার কুমুমিত বৃক্ষ তাঁহা-দের নয়নগোচর হইতে লাগিল।

কুমশঃ নিবা অবসান হইয়া আসিলে রাম, লক্ষণকে কহিলেন, বৎস! ঐ দেখ, প্রয়াগের অভিমুখে গুম উথিত হইতেছে, রোগ হয়, ঐ স্থানে কোন ঋষি বাস করিয়া আছেন। আমরা নিশ্চয়ই এক্ষণে গঙ্গাযমুনাসঙ্গমে উপস্থিত হইলাম, প্রস্থান হইতে ছই নদীর প্রবাহ-সজ্মর্য-শব্দ কেমন স্কুম্পট শুনা যাইতেছে। অনুরেই আশ্রম পদ, বনজীবিরা আ্রম-বৃক্ষ হইতে কাঠ ভেদ করিয়া লইয়াছে ভাছাও দেখা মাইতেছে।

व्यनखत स्र्यां इंहेटल तांग उ लक्ष्मण मृगंभिकगत्वत ভয়োৎপাদন পূর্বক কিয়দ র অতিক্রম করিয়া, গঙ্গা ও বযুনার অন্তর্মেদিতে মহর্ষি ভরত্বাজের আশ্রম প্রাপ্ত হইলেন। দেখি-উত্রতপাঃ ত্রিকালজ্ঞ মহর্ষি, অগ্নিহোত্র অনুষ্ঠান পূর্ব্বক শিষ্যগণের সহিত একাগ্রমনে উপবিষ্ট আছেন। রাম তাঁছাকে দর্শন করিয়া লক্ষণের সহিত ক্নতাঞ্জলিপুটে অভিবাদন করিলেন এবং জানকীকেও প্রণাম করাইলেন। পরে মছব্রিকে ' জাত্মপরিচয় প্রদান পূর্বক কছিলেন, ভগবন্! আমরা মহারাজ দশর্থের আত্মজ, আমাদের নাম রাম ও লক্ষ্মণ। রাজ্যি জনকের কন্যা কল্যাণী সীতা আমারই ভার্যা। ইনি একণে বিজন বনে আমার অনুসরণ করিতেছেন। অনুজ লক্ষণও ত্রত ধারণ পূর্বক আমার সঙ্গে যাইতেছেন। আমরা পিতার নিদেশে বনবাসে কালযাপন এবং ফল মূল ভক্ষণ পূর্বক ধর্ম সাধন করিব ৷

মহর্ষি ভরদাজ রামের এইরপ বাক্য প্রবণ করিয়া তাঁহাকে আগত প্রশ্ন পূর্বাক অর্য্য র্য নানাপ্রকার বন্য কল মূল ও জল প্রদান করিলেন এবং তাঁহার অবস্থিতির নিমিত্ত স্থান বিশ্ব-পণ করিয়া অন্যান্য মুনিগণের সহিত তাঁহাকে বেষ্টন পূর্বাক উপবিষ্ট হইলেন। অনস্তার কথাপ্রসঙ্গ করিয়া তাঁহাকে কহিলেন, রাম! বহুদিনের পর ভোমায় এই আশ্রমে দেখিলাম,

ভোমাকে যে অকারণ নির্বাদিত করা হইয়াছে, আমি তাহা শুনিষাছি। যাহাই হউক এই গঙ্গাযমুনাসঙ্গম ক্ষেত্র, নির্জন পবিত্র ও রমণীয়, তুমি এক্ষণে পরম স্থাখে এই স্থানে অবস্থান কর।

রাম কহিলেন, ভগবন্! এই তপোবনের অদূরে পৌর ও জানপদ লোক সকল বাস করিয়া থাকে, বোধ হয়, তাঁহারা, আমাকে এ জানকীকে অনায়াসে দেখিতে পাইবে জানিলে, সভতই গমনাগমন করিবে, এই কারণে এই স্থান আমার আদূশ প্রীতিকর হইতেছে না। জানকী যথায় স্থাথ থাকিতে পারেন, আপনি এমন কোন জনশূন্য আশ্রম আমায় দেখাইয়া দিন।

ভরদ্বাজ কহিলেন, রাম! এই স্থান হইতে দশ ক্রোশ দূরে
গদ্ধাদনতুল্য চিত্রকূট নামে এক পর্বত আছে। ঐ পর্বতে
বিস্তর গোলাসূল, ভল্লুক ও বানর বাস করিয়া থাকে।
উহার শৃঙ্গ দশন করিলে মঙ্গল হয় এবং মোহপাশ হইতে
মুক্তি লাভ করা যায়। তথায় বহুসংখ্য রদ্ধ মহর্ষি শত বৎসর ও
ভপঃসাধন করিয়া অর্গে আরোহণ করিয়াছেন। আমার বোধ
হয়, চিত্রকুটই ভোমার পকে নির্জ্জন ও প্রথকর হইবে। অথবা
, বদি ভোমার ইচ্ছা হয়, এই আশ্রমে আমারই সহিত কালাভিপাত কর।

এই বলিয়া মহর্ষি ভরদ্বাজ প্রিয় অতিথি রামকে ভ্রাতা

ও ভার্যার সহিত পরিতুই করিয়া সকল প্রকার উপাচারে সৎকার করিলেন। রজনী উপস্থিত হইল, রাম অত্যম্ভই পরি-শ্রাম্ভ ছিলেন, তিনি সীতা ও লক্ষণকে লইয়া ঐ তপোবৃনে পরম স্বংখ রাত্রি যাপন করিতে লাগিলেন।

অনস্তর শর্কারী প্রভাত হইলে রাম তেজঃপুঞ্জকলেবর
ভরদাজের সমিহিত হইয়া কহিলেন, ভগবন্! আজ আমরা
আপনার আশ্রমে নিশা যাপন করিলাম, এক্ষণে, আপনি
চিত্রকৃটি গমনে আমাদিগকে অনুমতি ককন। ভরদ্বাজ কহিলেন, রাম! চিত্রকূটবাস সর্কাংশেই তোমার যোগ্য। ঐ
পর্কতে ফল, মূল ও মধু প্রচুর পরিমাণে প্রাপ্ত হইবে।
তথায় বিস্তর রক্ষ আছে, কিন্তর ও উরগ নিরস্তর বাস করিতেছে। কোকিলের কুহুরব, ময়ুরের কেকাধ্বনি সভতই শুনা
যাইভেছে। টিউভকুল কুলাসে বিসয়া কুজন করিভেছে।
মত্ত মৃগ ও হস্তিযুধ দলবদ্ধ হইয়া বেড়াইভেছে। রাম! ঐ
স্থানে তুমি সীতার সহিত নদী প্রস্তাবণ ও গিরিগুহায় পরি
ভ্রমণ করিয়া অভ্যন্তই আনন্দিত হইবে, এক্ষণে, সেই শুডজনক স্থকর প্রদেশে গিয়া স্বছন্দে বাস কয়।

পঞ্চপঞ্চাশ সর্গ।

অনস্তুর রাম ও.লক্ষণ মহর্ষি ভরদ্বাজকে অভিবাদন পূর্বক চিত্রকুটে যাত্রা করিবার নিমিত্ত উদ্যত হইলেন। তথন পিতা যেমন ঔরসজাত পুত্রকে স্থানাম্ভরে প্রস্থান করিতে দেখিলে স্বস্তায়ন করিয়া থাকেন, সেইরূপে মহর্ষি তাঁহাদিগের উর্দ্দেশে স্বস্তায়ন করিয়া কছিলেন, রাম! তুমি এই সঙ্গমতীর্থে গিয়া, পশ্চিমবাছিনী যমুনার তীর অবলহন পূর্বক গমন করিবে। কিয়দূর অভিক্রম করিয়া এক ভীর্থ দেখিতে পাইবে। সেই তীর্থে অবতীর্থ হইয়া ভেলা দ্বারা নদী পার হইতে হইবে। পথে শ্রাম নামে অত্যুক্ত এক বট বৃক্ষ আছে। উহার मनश्चिल हतिष्वर्न, हातिनिक दिदिश शान्ता शतिद्विछ ; মূলে সিদ্ধ পুৰুষেরা বাস করিয়া আছেন। গমনকালে সীতা কভাঞ্জলিপুটে এ বৃক্ষকে প্রণাম করিবেন। উহার শীতল ছায়ায় তোমরা বিশ্রাম কর, আর নাই কর, তথা হইতে এক ক্রোশ অন্তরে গিয়া, শল্লকী ও বদরীযুক্ত এবং যমুনা-

ভীরজ অন্যান্য বহুবিধ বৃক্ষে পরিব্যাপ্ত নীলবর্ণ এক কানন দেখিতে পাইবে। আমি অনেকবার চিত্রকুটে গিয়াছি, ঐ পথ দিয়াই তথায় গমনাগমন করা যায়। উহা অতি স্নদৃশ্য ও বালু-কাময়, এবং উহার কুত্রাপি দাবানল নাই।

মহর্ষি ভরদ্বাজ এই রূপে চিত্রকুটের পথ নির্দেশ করিয়া দিলে রাম তাঁহাকে অভিবাদন করিয়া কহিলেন, ভগবন্! আমরা আপনকার নির্দ্ধিট পথ অনুসারেই চলিলাম্। এক্ষণে আপুনি প্রতিনিত্বত হউন।

অনস্তর ভরদ্বাজ প্রতিগমন করিলে রাম লক্ষ্মণকে কহিলেন, বৎস! মুনি যে এইরপ অনুকম্পা করিলেন, ইছা আমাদের
পরম সোভাগ্যের বিষয়, সন্দেহ নাই। এই বলিয়া রাম
সীতাকে অগ্রে লইয়া লক্ষ্মণের সহিত যমুনাভিমুখে চলিলেন
এবং ঐ বেগবতী ননীর সন্থিহিত হইয়া উহা কি প্রকারে
পার হইবেন ভাবিতে লাগিলেন।

অনস্তর ভাঁহারা বন হইতে শুক্ষ কান্ঠ আহরণ এবং উদীর ছারা ভাহা বেইন করিয়া ভেলা নির্মাণ করিলেন। মহাবল লক্ষণ জম্ব ও বেতসের শাখা চ্ছেদন পূর্বক জানকীর উপ-বেশনার্থ আসন প্রস্তুত করিয়া দিলেন। তখন রাম সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় অদিস্ত্যপ্রভাবা ঈষৎ লজ্জিতা প্রিয়দয়িতাকে অধ্যে ভেলায় তুলিলেন এবং ভাঁহার পার্বে বসন ভূষণ খনিত্র এবং ছাগচর্মসংরত পেটক রাধিয়া লক্ষণের সহিত শ্বয়ং
উথিত হইলেন এবং সেই ভেলা অবলগন করিয়া প্রীতমনে
সাবধানে পার হইতে লাগিলেন। জানকী ষমুনার মধ্যস্থলে
আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কছিলেন, দেবি! আমি তোমায়
অতিক্রম করিয়া যাইতেছি, এক্ষণে যদি আমার স্বামী স্নম্পলে
ত্রত পালন করিয়া অযোধ্যায় প্রভ্যাগমন করিতে পারেন,
তাহা হুইলে সহস্রতাগা ও শত কলশ সুরা দিয়া ভোমার
পূজা করিব। সীতা ক্রতাঞ্জলিপুটে এই রূপ প্রার্থনা ক্রজ্ঞ
তরঙ্গবহুলা কালিন্দার দুক্ষিণ তীরে উত্তীর্ণ হইলেন।

পরে সকলে সেই ভেলা পরিত্যাগ পূর্বক যমুনা-তটের বন-স্থল অতিক্রম করিয়া শাগম বটের সন্নিহিত হইলেন। জানকী তাঁহাকে প্রণাম করিয়া ক্রভাঞ্জলিপুটে কহিলেন, তৰুবর! আমার পতি এত-কাল পালন কৰুন, আমরা আবার আসিয়া যেন আর্যা কৈশিলা ও স্থমিত্রাকে দেখিতে পাই, ভোমাকে নমস্থার, এই বলিরা তিনি বট বৃক্ষকে প্রদক্ষণ করিলেন।

জনস্তুর রাম লক্ষণকে কহিলেন, বৎস! তুমি সীতাকে
লইরা অগ্রে গমন কর, আমি সশস্ত্র হইরা সকলের পশ্চাতে
,্যাইর। দেখ, গমনকালে জানকী যে ফল এবং যে পুষ্প
চাহিবেন, যে বস্তুতে ইহাঁর স্পৃহা হইবে তুমি তৎক্ষণাৎ তাহা
স্থানিয়া দিবে।

সীতা যাইতে যাইতে রক্ষ গুলা এবং অদৃষ্টপূর্ব পুপাগুচ্ছ-সশোভিত লতা, যাহা কিছু দেখেন, অমনি রামকে জিজ্ঞাসা করেন লক্ষণও ব্যস্ত সমস্ত হইয়া তাহা আনিয়া দেন। তৎ-কালে তিনি সেই নির্মল জলবাহিনী হংসসারসনাদিনী যনু-নাকে দেখিয়া অত্যস্তই আনন্দিত হইতে লাগিলেন।

অনন্তর রাম ও লক্ষণ তথা হইতে ক্রোশ মাত্র গমন পূর্বক বহুসংখ্য পবিত্র মৃগ বধ করিয়া বনমধ্যে ভোজন করিলেন শ্বঃ মাতৃঙ্গসকুল বানরবহুল বিপিনে স্থে বিচরণ করিয়া নিশাকালে সমতল নদীতীরে আশ্রয় লইলেন।

ষট্পঞ্চাশ সর্গ।

রজনী প্রভাত হইলে রাম, লক্ষণকে জাগরিত অথচ ভক্রায়_আচ্ছন দেধিয়া মৃহ্বচনে প্রবোধিত করত কহিলেন, লক্ষ্মণ ! ঐ শুন, বনের পক্ষি সকল মনে ছর স্বরে কলরব কুরি-তেছে। এক্ষণে আমুদিণের প্রস্থানের সময় হইয়াছে, চল আমরা গমন করি। তখন লক্ষ্মণ যথাসময়ে প্রবৃদ্ধ হইয়া পূর্ব্ব-দিনের পর্য্যটন-শ্রম পরিভ্যাগ করিলেন। অনস্তর সকলে বমুনার জলে স্থান করিয়া ঋষি-নিষেবিত পথে চিত্রকুটাভিমুখে যাইতে লাগিলেন। গমনকাত্ত্বে রাম কমললোচনা জানকীকে কহিলেন, প্রায়ে ! দেখ, বসন্তে পুষ্পবিকাশ নিবন্ধন কিংশুক বৃক্ষ যেন মাল্য ধারণ করিয়াছে এবং বোধ হইতেছে যেন উহার চতুর্দ্দিক দাবানলে প্রজ্বলিত হইয়া উঠিয়াছে। ঐ দেখ, ভল্লাভক, বিলু ফলপুষ্পে অবনত হইয়া আছে, কিন্তু ভোগ করি-ুবার কেহ নাই। প্রতিরক্ষে জোণপ্রমাণ মধুক্রম লম্মান রহিয়াছে। দাভূাহ চীৎকার করিতেছে, ময়ূর ডাকিতেছে এবং বনস্থল বৃক্ষের স্বয়ংপতিত পুষ্পে আচ্ছন্ন হইয়া আছে।

ঐ অদ্বে চিত্তকুট পর্বত । উহার শৃঙ্গ অতিশয় উচ্চ, উহাতে হস্তী সকল দলবদ্ধ হইয়া পরিভ্রমণ করিতেছে এবং বিহঙ্গেরা কোলাহল করিয়া চারিদিক প্রতিধ্বনিত করিয়া তুলিয়াছে। লক্ষ্মণ ! আমরা এই চিত্রকুটের সমতল রমণীয় কাননে পর্বম স্থাধে বিহার করিব ।

অনস্তার তাঁহারা পাদচারে কিয়দ্র অতিক্রম করিয়া চিত্রকুটে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া রাম লক্ষ্মণকে
কৃছিলেন, বৎস! এই পর্বতে ফল মূল প্রাচুর পরিমাণে উপলব্ধ
হইবে, ইহার জলও অতি স্লুখার। বোধ হয়, এখানে জীবিকার নিমিত্ত আমাদিগকে ক্রেশ স্থীকার করিতে হইবে না।
এই স্থানে বহুসংখ্য ঋষি বাস করিয়া আছেন। ইহা বাস
করিবার যোগ্য স্থান, আইস, আমরা এই চিত্রকুটেই আশ্রয়
লইব। এই বলিয়া তাঁহারা মহর্ষি বাল্মীকির আশ্রমে উপস্থিত
হইয়া ক্রতাঞ্জলিপুটে তাঁহাকে আজা নিবেদন ও অভিবাদন
করিলেন। বাল্মীকিও তাঁহাদিগকে স্বাগত প্রশ্ন প্র্রুক অভ্যর্থনা ও সৎকার করিয়া সন্থাই হইলেন।

অনস্তর রাম লক্ষণকে কহিলেন, বৎস! ভূমি এক্ষণে দৃঢ় উৎকৃষ্ট কান্ত আনিয়া গৃহ প্রস্তুত কর, চিত্রকূটে বাস করিতে আমার অত্যন্তই অভিলাষ হইয়াছে। লক্ষণ রামের আদেশ মাত্র অরণ্য হইতে নানাপ্রকার বৃক্ষ আনিয়া একখানি গৃহ নির্মাণ করিলেন। ঐ গৃহের চঁতুর্দ্ধিক কাঠাবরণে আর্ত, উপ-রিভাগ পত্র দ্বারা আচ্চাদিত এবং উহা অতি স্কৃষ্ট হইয়াছে, দেখিয়া রাম, পরিচারণপর লক্ষ্মণকে কহিলেন, বৎস। এক্ষণে আমাদিগকে মৃগমাংস আহরণ করিয়া গৃহুমাগ করিতে হইবে। যাঁহারা বহুদিন জীবন ধারণের বাসনা করেন, তাঁহাদিগের বাস্থান্তি করা আবশ্যক। অতএব তুমি অবিলয়ে মৃগবধ করিয়া আনু। শান্তানির্দ্দিউ বিধি পালন করা সর্বতোতাবেই শ্রেষ হইতেছে।

তখন লক্ষণ বন হইতে মৃগবধ করিয়া আনিলেন। তর্দর্শনে রাম পুনরায় তাঁহাকে কহিলেন, বৎস! তুমি গিয়া এই মৃগের মাংস পাক কর; আমি স্বয়ংই বাস্তুশান্তি করিব। দেখ, অদ্যকার দিবসের নাম ধ্রুব এবং এই মুহুর্ত্তও সৌম্য, অতএব তুমি এই কার্য্যে যত্নবান হওঁ। তখন লক্ষ্মণ প্রদীপ্ত বহ্নিমধ্যে পবিত্র মৃগ-মাংসু নিক্ষেপ করিলেন এবং উহা শোণিতশূন্য ও অভ্যন্ত উত্তপ্ত হইয়াছে দেখিয়া, রামকে কহিলেন আর্য্য। আমি এই সর্বাঙ্গপূর্ণ কুষ্ণবর্ণ মৃগ অগ্নিতে পাক করিয়া আনিলাম, আপনি এক্ষণে গৃহ্যাগ আরম্ভ ক্রুন।

, . অনস্তর দৈরকার্য্যনিপুণ গুণবান রাম স্থান করিয়া যাগ-সমাপক মন্ত্র দ্বারা বাস্ত্রশান্তি করিলেন এবং দেবগণের পূজা সমাধানান্তে পবিত্র হইয়া গৃহে প্রবিষ্ট হইলেন। তিনি গৃহ প্রবেশ করিয়া পাপছর রেজি, বৈষ্ণবৃত্ত বৈশ্বদেব বলি প্রদান করিয়া বাস্তুদোব-প্রশমন নানা প্রকার মাঙ্গলিক কার্য্যের অনু-ষ্ঠান ও জপ করিতে লাগিলেন।

এই রূপে দৈবকার্য্য সকল সম্পন্ন হইলে, রাম প্রীতমনে বিধি পূর্বক নদীতে স্থান করিয়া তথায় আশ্রমের অনুরূপ দৈত্য আয়তন ও বেদি প্রস্তুত করিয়া রাখিলেন এবং দেবতারা যেমন স্থর্মা নাম্মী দেবসভায় প্রবেশ করেন, সেইরূপ জানকী ও লক্ষ্মেণের সহিত যোগ্য স্থানে প্রস্তুত বায়ুসঞ্চার বিরহিত মনোহর পর্ণকৃষিরে প্রবেশ করিয়া বাস করিতে লাগিলেন । রমণীয় চিত্রকূট, এবং উৎকৃষ্ট অবতরণপথ্যুক্ত মৃগপক্ষিশোভিত মাল্যবতী নদীকে লাভ করিয়া তাঁহার আনন্দের আর পরিসীমা রহিল না। তিনি যে অযোধ্যা হইতে নির্বাণিত হইয়াছেন, তৎকালে সেই ত্বঃশ সম্পূর্ণ বিস্মৃত হইয়া গেলেন।

সপ্তপঞ্চাশ সর্গ।

এদিকে রাম ছঃখিত মনে বহুক্ষণ স্থমন্ত্রের সহিত কথোপ-কথন ক্রিয়া, ভাগীরথীর দক্ষিণ তীরে উপনীত হইলে, নিযাদ-রাজ গুহ স্বগৃহে প্রতিগমন করিলেন। স্থমন্ত্র প্রয়াগে রামের, মহর্ষি ভরদ্বাজের আশ্রামে গমন, তথায় আতিথ্য গ্রহণ এবং চিত্রকুট পর্বতে অবস্থান, গুহ-প্রেরিত লোকমুখে এই সকল সম্যক জ্ঞাত হইলেন এবং গুহের অনুজ্ঞা ক্রমে রুখে অশ্ব যোজনা করিয়া দীনমনে শীত্র অযোধ্যাভিমুখে যাত্রা করিলেন। পথি মধ্যে গ্রাম নগর সরিৎ সরোবর এবং কুসুমিত কানন সকল তাঁহার নেত্র-গোচর হইতে লাগিল। পরে শৃঙ্গবের পুর হইতে যে দিবস নিক্ষান্ত হন, তাহার দ্বিতীয় দিনে সায়াহ্ন কালে অয়োগায় উপস্থিত হইয়া দেখিলেন, উহা জনশূন্য স্থানের ন্যায় নিঃশব্দ ও নিরানন্দ। তদ্দর্শনে স্থমন্ত্র শোকে ্পাক্রান্ত ও একান্ত বিমনায়মান হইয়া মনে করিলেন, বুঝি এই নগরী রামের শোকানলে হস্তী অশ্ব রাজা প্রজা সকলেরই সহিত দগ্ধ হইয়া গিয়াছে। এই ভাবিয়া তিনি মহাবেগে

নগরদ্বারে উপনীত হইয়া, শীদ্র তথ্যথ্য প্রবেশ করিলেন। পুরবাদিগণ স্থান্ত আগমন করিতেছেন দেখিয়া "এক্ষণে রাম কোথায়?" কেবল এই কথা জিজ্ঞাসা করত রথের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিল। তখন স্থান্ত তাহাদিগকে কহিলেন, দেখ, গঙ্গাতীরে ধর্মপরায়ণ মহাত্মা রাম, আমায় অনুজ্ঞা করিলে, আমি তাঁহাকে সম্ভাষণ করিয়া প্রত্যাগমন করিলাম; ইহার অধিক তাঁহার বিষয় আর কিছুই জানি না।

তথন পুরবাসিরা রাম গঙ্গাপার হইয়া গিয়াছেন জানিয়া, বাষ্পপূর্ণ লোচনে হা হতোন্মি বলিয়া, দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক রোদন করিতে লাগিল। তৎকালে উহারা স্থানে স্থানে দলবন্ধ হইয়া কহিতে লাগিল, হা! আমরা এই রথে আর রামকে দেখিতে পাইলাম না। দান, যজ্ঞ, বিবাহ, সমাজ ও উৎসবে তাঁহার দর্শনলাভ নিতান্তই চুল্ভ হইল। তিনি পিতার ন্যায় আমাদিগকে প্রতিপালন করিতেন, আমাদিগের উপযুক্ত কি, ইফ কি, কিরূপেই বা আমরা স্থা হইব, তিনি সততই এই চিন্তায় আফুল হইতেন i এ সময় স্ত্রীলোকেরাও গবাকে দণ্ডায়মান হইয়া রামের শোকে বিলাপ ও পরিভাপ করিতেছিল, স্থমন্ত্র বিপণীপথে গমনকালে তাহাও শুনিতে পাইলেন এবং বন্ত দ্বারা মুখ আচ্চাদন করিয়া রাজপ্রাসাদাভি-মুখে যাইতে লাগিলেন।

অনস্তর তিনি অবিলয়ে তথায় উপস্থিত হইলেন এবং রথ হৈতে অবতীর্ণ হইয়া, মহাজনপূর্ণ সাতটি কক্ষা অতিক্রম করিয়া চলিলেন। তৎকালে প্রাসাদ হইতে পুরনারীগণ স্থমস্ত্রেকে দেখিয়া রামের অদর্শনে হাহাকার আরম্ভ করিলেন, এবং মৎপরোনাস্তি কাতর হইয়া অতি বিশাল, ধবল, জলধারাকুল-লোচনে অস্পাইজাবে পরস্পার পরস্পারের প্রতি চাহিতে লাগিক্রেন। রাজমহিষারা হর্য্য হইতে অবতরণ পূর্বক শোকাক্রল মনে মৃত্রবচনে কহিলেন, হা! স্থমস্ত্র রামের সহিত নিজ্বান্ত হইয়াছিলেন, কিন্তু তাঁহাকে পরিত্যাগ করিয়া নগরে আইলেন, জানি না, এখন কাতরা কেশিল্যাকে কি বলিয়া প্রবোধ দিবেন। রাম রাজ্যাভিষেকে উপেক্ষা করিয়া নির্গত হইলে যখন কেশিল্যা প্রাণ ধারণ করিয়া আছেন, তখন বোধ হয়, জীবন কেবলই ছু:খের, এবং মৃত্যুও সহজে হয় না।

সুমন্ত্র মহিনীগণের এইরপ সুসঙ্গত বাক্য প্রবণ পূর্বক শোকে প্রদাপ্ত হইয়া অউম কক্ষায় প্রবেশ করিলেন, দেখি-লেন, তথায়.রাজা দশরধ পুত্রশোকে স্লান হইয়া পাণ্ডুরাগ-শোভিত গৃহে দীনমনে উপবেশন করিয়া আছেন। তখন সুমন্ত্র , তাঁহার সন্ধিহিত হইয়া তাঁহাকে অভিবাদন করিলেন এবং রাম বেরপ কহিয়া দিয়াছেন, অবিকল সেই কথা কহিতে লাগিলেন। দশরধ নিস্তব্ধভাবে তৎসমুদায় প্রবণ করিয়া পুত্রশোকে ভূতলে মূচ্ছিত হইরা পড়িলেন। তিনি মূচ্ছিত হইলে রাজমহিধীরা ছঃসহ ছঃখে আহত হইরা বাহু উত্তোলন পূর্ব্বক রোদন করিতে লাগিলেন।

অনস্তর কেশিলা। ও স্থমিত্রা অবিলয়ে ধরাতল হইতে তাঁহাকে উত্থাপন পূর্ব্ধক কহিলেন, মহারাজ! সেই হুজর কার্য্যসম্পাদক রামের বার্ত্তাহারক বন হইতে প্রত্যাগমন করিয়াছেন, তুমি কেন ইহাঁর সহিত আলাপ করিছেছ না? রামকে বনবাস দিয়া তোমার কি আজ লজ্জা হইয়াছে? একণে উত্থিত হও। তুমি এইরপ কাতর হইলে তোমার পরিজনেরা আর বাঁচিবে না। তুমি যাহার ভয়ে স্থমন্ত্রকে কোন কথা জিজ্জাসিতেছ না, সেই কৈকেয়ী এখানে নাই। একণে অশক্ষিত মনে ইহাঁর সহিত বাক্যালাপ কর।

শোকারুলা কেশিল্যা বাম্পগদ্গদবাক্যে মহারাজ দশরথকে এইরপ কহিয়াই ভূতলে মূর্চ্ছিত হইরা পড়িলেন। তখন
আর আর মহিষীরা তাঁহাকে পতিত ও পতিকে অত্যম্ভই বিষর
দেখিয়া রোদন করিতে লাগিলেন। অযোধ্যার আবালর্জবনিভারা নূপতির অন্তঃপুরে আর্তরব উন্ধিত হইয়াছে দেখিয়া
রোদন করিতে লাগিল; পুনরায় অযোধ্যায় তুমুল ব্যাপার উপস্থিত হইল।

্ অফপঞ্চাশ সর্গ

অনম্ভর বীজনাদি দ্বারা দশরথের সংজ্ঞা লাভ হইলে তিনি, রামের রুত্তান্ত জানিবার নিমিত্ত স্থমন্ত্রকে আহ্বান করিলেন। তৎকালে ঐ বৃদ্ধ রাজা ছঃখ শোকে নিতান্ত কাতর হইরা অচিরধৃত হন্তীর ন্যায় ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ পূর্বক কখন রামের
নিমিত্ত পরিতাপ এবং কখন বা চিন্তা করিতেছিলেন। ইত্যবসরে স্থমন্ত ভূলিধূষরিত কলেবরে সজলনয়নে তাঁহার নিকট
উপস্থিত হইলে তিনি কাতর মনে কহিলেন, স্থত। ধর্মপরায়ণ
রাম তরুমূল আশ্রয় করিয়া কোন্ স্থানে আছেন? তিনি
অত্যন্ত স্থী, এক্ষণে কি আহার করিবেন? ছঃখ তাঁহার যোগ্য
নহে, কিরূপে তাহা সহ্য করিতেছেন? উত্তম শ্ব্যায় শ্রন করা
তাঁহার অত্যাস, এখন অনাথের ন্যায় কেমন করিয়া ভূতলে শ্রন
করিয়া থাকেন? গ্রনকালে যাঁহার সহিত হন্তী পদাতি ও রখ

যাইত, তিনি বনে কিরূপে কালাতিপাত করিবেন ? অরণ্যে সিংহ ব্যান্ত প্রভৃতি হিংস্ত্র জন্ত সকল বাস করিতেছে, কাল ভুজন্স নিরম্ভর রহিয়াছে, তিনি লক্ষ্মণের সহিত কিরূপে তথায় থাকিবেন? হা! বলু দেখি, তাঁহারা সুকুমারী জানকীকে লইয়া রথ হইতে কি রূপে পদত্রজে গমন করিলেন ? স্থত! তুমি তাঁহাদিগকে অরণ্য প্রবেশ করিতে দেখিয়া আসিয়াছ, তুমিই ধন্য। আমার রাম কি কহিয়াছেন? লক্ষ্মণ কি কহিলেন? সীতাই বা বনে গিয়া কি কথা বলিয়া দিলেন? তুমি রামের শয়ন অশন ও উপবেশন সকলই বল। আমি এই সকল শুনিয়াই প্রাণ ধারণ করিয়া থাকিব।

স্থমন্ত্র রাজা দশরথের এইরপ বাক্য শ্রবণ করিয়া বাস্পাদ্র্যাদ বচনে কহিতে লাগিলেন, মহারাজ! রাম ক্কতাঞ্জলিপুটে আপনাকে প্রণাম করিয়া ধর্মে মনোনিবেশ পূর্বেক কহিয়াছেন, স্থমন্ত্র! তুমি আমার কথারুসারে নেই স্থবিখ্যাত মহান্ত্রা পিতার চরণে গিয়া প্রণাম করিবে। অন্তঃপুরের সকল জ্রীলোককে আমার নমন্ধার ও মঙ্গল সমাচার নির্বিশেষে জ্যানাইবে। জননী কোশল্যাকে আমার অভিবাদন ও সর্বাঃক্রীন কুশল নিবেদন করিয়া, আমি ধর্মপথে যে অটল আছি, এই কথা কহিবে, আরও বলিবে, দেবি! তুমি ধর্মশীলা হইয়া যথাকালে অগ্ন্যাগারে অগ্নি পরিচর্য্যা করিবে এবং আমার পিতার

চরণযুগল দেবভার ন। । দ্বাদেখিবে। আমার মাতৃগণের সহিত্ वावहातकारल मानाज्यान किছूहे मरन चानिछ ना धवर चार्या কৈকেয়ীকে মহারাজ অপেকা কোন অংশে ন্যুন বলিয়া বিবেচনা করিও না। নুপতিরা জ্যেষ্ না হইলেও পূজ্য হইয়া থাকেন, অতএব তুমি রাজধর্ম স্মুরণ করিয়া কুমার ভর-তকে রাজার ন্যায় সমাদর করিও। স্বমন্ত্র! তুমি জননীকে এইরূপ কহিয়া ভর্তকে আমার মঙ্গল জানাইবে এবং আমার বাক্যানুসারে বলিবে, তিনি যেন মাতৃগণের মধ্যে সকলের সহিত ন্যায়ানুসারে ব্যবহার করেন এবং যৌবরাজ্যে প্রতি-ষ্ঠিত হইয়া পিতাকে যেন রাজ্যেশ্বর করিয়া রাখেন। পিতা র্দ্ধ হইয়াছেন, তাঁহাকে রাজ্যচ্যুত করা অকর্ত্ব্য, অতএব তাঁহারই আজ্ঞা প্রচার করিয়া তাঁহাকে যেন সম্ভন্ট করেন। মহারাজ ! রাম দকলকে এইরূপ কহিয়া দিয়া গলদঞা লোচনে আমায় বলিলেন, স্থমন্ত্র ! তুমি আমার মাতাকে স্বীয় জননীর ন্যায় দেখিও। সেই পদ্মপলাশলোচন এই কথা কহিয়াই রোদন করিতে লাগিলেম ৷

অনন্তর লক্ষ্য ক্রোধাবিষ্ট হইয়া দীর্ঘ নিংশ্বাস পরিত্যাগ পূর্বক কহিলেন, সারখি! মহারাজ এই রাজকুমারকে কোন্ অপরাধে নির্বাসিত করিলেন? কৈকেয়ীর লঘু আদেশে এই রূপ কার্য্য অনুষ্ঠান তাঁহার যোগ্য বা অযোগ্যই হউক কিন্তু ইহাতে আমরা অত্যন্তই ব্যথিত হইয়াছি। আর্য্য রামের নির্বাসন কৈকেয়ীর লোভ নিবন্ধন, বা বস্তুতই বরদান বশত ঘটিয়া থাকুক, মহারাজ যে অকার্য্য করিয়াছেন, তাহাতে আর সন্দেহ নাই। যদি ঈশ্বরেচ্ছায় এইরপ হইয়া থাকে, ভাহাতে আর বক্তব্য কি, কিন্তু রামকে ত্যাগ করিতে হয়, এইরূপ কোন কারণই আমি দেখিতেছি না। মহারাজ কেবল বুদ্ধি-লাঘৰ হেতু কর্ত্ব্যাকর্ত্তব্য অবধারণ না করিয়া এই কর্ম করিয়াছেন, ইহাতে ইহকাল ও পরকালে তাঁহাকে ক্লেশ ভোগ করিতে হইবে। আমি তাঁহাতে পিতৃভাব অণুমাত্র দেখিতে পাই না, রামই আমার ভাতা, প্রভু, বন্ধু ও পিতা। যিনি সকল লোকের হিত সাধনে নিবিষ্ট এবং সকল লোকেরই প্রিয়, তাঁহাকে পরিত্যাগ করিয়া মহারাজ কিরূপে সকলকে অনু-রক্ত করিবেন। যিনি প্রজাগণের স্পৃহনীয় সেই ধার্মিককে নির্বাসন ও সকলের সহিত বিরোধ উৎপাদন পূর্বক তিনি কি রূপেই বা রাজা হইবেন।

মহারাজ ! ঐ সময় জানকী ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক ভূতাবিষ্টচিত্তার ন্যায় অবাস্তর কার্য্য সকল বিশ্বত ও বিশ্বয়াবেশে স্তব্ধ হইয়া দাঁড়াইয়া রহিলেন। ছঃখ কাহাকে বলে, তিনি তাহা জানেন না, তৎকালে ভাগ্যে এই বিপদ উপস্থিত দেখিয়া অনবরত রোদন করিতে লাগিলেন, আমাকে কিছুই কহিলেন না, কেবল শুক্ষমুখে স্বামির প্রতি দৃষ্টিপাত করিয়া রহিলেন এবং আপনার এই রথ ও আমাকে বারংবার নিরীক্ষণ করিতে লাগিলেন।

একোনষষ্ঠিতম সর্গ।

্ৰানন্ত আমি রাম ও লক্ষাণের বিয়োগ-ছঃখে বৎপরোনান্তি কাতর হইয়া ক্তাঞ্জলিপুটে তাঁহাদিগকে অভিবাদন পূর্ব্বক তথা হইতে রথ লইয়া প্রস্থান করিলাম। মহারাজ ! যদি রাম আমাকে পুনরায় আহ্বান করেন, এই প্রত্যালায় শৃঙ্গবের পুরে নিষাদপতি গুহের সহিত বহুক্ষণ অবস্থান করিয়াছিলাম, কিন্তু আমার সে আলা পূর্ব হইল না ! আসিবার সময় আমার অশ্ব-গণ রামের বন গমনে ছঃখিত হইয়া উষ্ণ অক্রু আমার ক্ষেত্রলাগিল, পূর্ববিৎ আর রথ বহন করিতে পারিল না ৷ দেখিলাম, আপনার অধিকারে বৃক্ষ সকল পুল্প অক্কুর ও মুকুলের সহিত ছঃখে মান হইয়া গিয়াছে ৷ নদী পল্ল ও সরোবরের জল অভ্যন্ত আবিল ও উত্তপ্ত, ক্ষলদল সক্কুচিত এবং বন ও উপবনের পল্ব সকল শুক্ষ হইয়াছে ৷ মৎস্য ও জলচর পক্ষিরা সলিলে লীন রহিয়াছে, প্রাণি সকল নিম্পন্দ,

হিংস্ত্র জন্তুগণ ও সঞ্চরণ করিতেছে না, বন রামের শোকে যেন নীরব হইয়া আছে। জলজ ও স্থলজ পুলোর গন্ধ পূর্ববং জার নাই এবং ফলও বিশ্বাদ ছইয়া গিয়াছে। পুজাবাটিকা সকল শৃন্য, তথায় বিহক্ষেরা কোলাছল করিতেছে না এবং উপবনের রমণীয়তাও বিদ্রিত হইয়াছে। মহারাজ! •আমি যখন অযোধ্যায় প্রবেশ করি, তৎকালে কেহই আমাকে অভি-नुस्तन कतिलै ना এवर तौगरक प्रथिएं ना शिहेता, घन घन নিশাস পরিত্যাগ করিতে লাগিল। পথের লোকেঁরা দূর हरेट ब्र विश्व को प्रतिक न। दिन थिया, अविदलक्षात आ अक विश्व कि প্রবৃত্ত হইল। প্রাদান হইতে সমন্ত পৌরন্ত্রী পুরমধ্যে রথ উপস্থিত দেখিয়া, রামের অদর্শনে হাছাকার আরম্ভ করিল এবং যৎপরোনান্তি কাতর হইয়া, অভিবিশাল ধবল জলধারাকুল লোচনে স্পষ্টভাবে পরস্পর পরস্পারের প্রতি চাহিতে লাগিল। ঐ সমস্ন দেখিলাম, সকল লোকই কাতর, স্বতরাং কে মিত্র, কে শক্র, কেইবা উদাসীন, ইহার কিছুই আমি বুঝিতে পারিলাম ना । ताजन् ! वलिव कि, जारवाधात अधिवामिता विषक्ष इरेता मीर्च নিশাস ফেলিতেছে; কাহারই মনে হর্ষের লেষ মাত্র নাই, इसी अर्थ भर्यास मैनजात कान गार्भन कतिराज्य । तमिश्रा বোধ হয়, যেন, নগরা পুত্রহীনা কেশিল্যারই ন্যায় শোচনীয় रुरेशारक।

মহীপাল দশর্থ সুমন্ত্রের এইরূপ বাক্য শ্রেবণ করিয়া দীন-মনে বাস্পাদাদ বচনে কছিতে লাগিলেন, সুমন্ত্র! যখন পাপকুলোৎপন্না কৈকেয়ীর কথায় রামের নির্বাসন অসী-কার করি, তখন মন্ত্রণানিপুণ বৃদ্ধগণের সহিত এই বিষয়ের কিছুই বিচার করি নাই। আমি অমাত্য ও স্বস্থাণের পরামর্শ না লইয়া জ্রীর অনুরোধে মোহের বশীভূত হইয়াই সহসা এই কার্য্য করিয়াছি। এক্ষণে নিশ্চয় বোধ হইতেছে যে, ভবিত্র-ব্যক্তা ও দৈবের ইচ্ছা বশত এই কুল উৎসন্ন হইবে, এই জন্য আমার ভাগ্যে এই বিপদ ঘটিয়াছে। স্থমন্ত্র! আমি যদি কখন তোমার কিছুমাত্র প্রিয়কার্য্য সাংন করিয়া থাকি, ভবে এক্ষণে তুমি আমাকে শীত্র রামের নিকট লইয়া চল ; তাঁহাকে না দেখিয়া আমার প্রাণ ওষ্ঠাগতপ্রায় হইয়াছে। অথবা এখনও আমি আজ্ঞা দান করিতেছি, তুমি রামকে প্রত্যানয়ন কর, তাঁহার বিয়োগে মুহূর্ত্তকালও আর দেহ ধারণ করিতে পারি না। আমার বোধ হইতেছে, এতদিনে তিনি বহুদূর গিয়া থাকিবেন, অতএব অবিলয়ে জামাকেই রুখে লইয়া ভাঁহাকে দেখাইয়া জান। হা ! এক্ষণে সেই কুন্দকুট্যুলদম্ভ মহাবীর কোথায় আছেন? যদি ভাগ্যে জীবিত থাকি, তবে জানকীর সহিত তাঁহাকে দেখিতে পাইব। আমার মৃত্যুকাল আসন্ন হইয়াছে, এ সময়েও যদি তাঁহার দর্শন না পাইলাম, তবে বল দেখি, ইহা অপেকা আমার আর কি কন্ট আছে? হা রাম! হা লক্ষণ! হা জানকি! আর্মি অনাধের ন্যায় হঃখে প্রাণত্যাগ করিতেছি, কিন্তু তোমরা তাহা জানিতেছ না।

ঁ অনস্তুর দশর্থ পুত্রবিয়োগ ছঃখে জ্ঞানশূন্য হইয়া শোকাকুল मत्न कि मन्तरिक कहित्नन, त्नवि ! यामि ताम विना द्य द्वःथ-সাগরে নিপতিত হইয়াছি, জীবদ্দশায় তাহা হইতে উদ্ধার ছইতে পারিব, এরপ সম্ভাবনা করি না। রামের শোক এই সাগরের বেগ, নিখাস উহার ভরক্ষবহুল আবর্ত্ত, বাছবিক্ষেপ মংস্থা, রোদন গভার কল্পোল শব্দ, বিক্ষিপ্ত কেশজাল শৈবাল, কৈকেয়ী বডবানল, কুব্রার বাক্য নক্র কুম্ভীর, প্রার্থিত বর তীরভূমি এবং রামের নির্বাসনই বিস্তার । এই সাগর বাম্পরপ নদীজলে সততই আবিল হইতেছে এবং উহা আমার নেত্রনীরেই উৎপত্ন। দেখ, আজু আমার রাম ও লক্ষ্মণকে দেখিবার অত্যস্তুই অভিলাষ হইতেছে, কিন্তু তাঁহাদিগকে দেখিতে পাইতেছি না, ইছা আমার পাপ ভিন্ন আর কিছুই নহে। এই বলিয়া রাজা प्रभाव पर्याप्त प्रक्रिक हरेया भगाग्न निश्विक हरेलान। কৌশল্যাও তাঁহাকে তদবন্ধ দেখিয়া এবং তাঁহার এইরূপ কৰণ ্বাক্য শ্রবণ করিয়া যার পর নাই শক্ষিত হইয়া উঠিলেন।

বফিত্ৰ সৰ্গ



অনস্তর তিনি ভূতাবিন্টার ন্যায় বারংবার কম্পিত
হৈতে লাগিলেন এবং ধরাতলে নিপতিত ও মৃতকণ্প হইরা
স্থমস্ত্রকে কহিলেন, স্থমস্ত্র! যথায় রাম লক্ষণ ও সীতা অবস্থান করিতেছেন, তুমি আমাকে তথায় লইরা চল । আজ আমি
তাঁহাদের বিয়োগ-যাতনায় আর প্রাণ ধারণ করিতে পারি
না ৷ তুমি রথ কিরাইয়া আন, আমাকেও শীত্র দণ্ডকারণ্যে
লইয়া যাও; যদি আমি তাঁহাদের অনুসরণ না করি, আমার
প্রাণ কিছুতেই রক্ষা হইবে না ৷

তখন সমন্ত্র, ক্নতাঞ্জলিপুটে বাম্পানাদান বাক্যে তাঁহাকে আশ্বাস প্রদান পূর্ব্বক কহিতে লাগিলেন, দেবি! আপনি এক্ষণে শোক মোহ ও ছঃখাবেগ পরিত্যাগ করুন। রাম অসম্ভপ্ত মনে বনে বাস করিতেছেন। জিতেন্দ্রিয় লক্ষণ তাঁহার চরণসেবার নিযুক্ত হইরা, পরলোকের শুভসঞ্চয়ে প্রব্তু আছেন। জানকী রামসংক্রান্তমনা হইরা নির্দ্ধন অরণ্যেও

গৃহবাসের অনুরূপ প্রতি লাভ করিভেছেন ৷ বনে আছেন বলিয়া কিছুমাত্র কাতর নন। বোধ হয়, তিনি যেন প্রবাদে পাকিবার সম্পূর্ণই যোগ্য হইয়াছেন। দেবি! বলিব কি, জানকী পূর্ম্বে এই নগরের উপবনে গিয়া যেমন বিহার করিতেন, গহন কাননেও সেই রূপ করিতেছেন। সেই পূর্ণচন্দ্রাননা, বালি-কার ন্যায় অক্লেশে রামসহবাদে রহিয়াছেন। রামেই ঘাঁছার হৃদ্যু মন-আসক্ত এবং রামেই ঘাঁহার জীবন আয়ত্ত বহিয়াছে. এই রামহীন অযোধ্যা তাঁহার পক্ষে অরণ্যবৎ ছইত। তিনি নদী আম নগর ও বিবিধ বৃক্ষ দর্শন করিয়া, রামকে বা লক্ষ্মণকেই হউক, জিজ্ঞাসিতেছেন এবং জিজ্ঞাসা করিয়া তৎসমুদায় সম্যক্ জ্ঞাত হইতেছেন। তিনি এক্ষণে যেন অযোধ্যার ক্রোশাস্ত্রে বিহার ক্ষেত্র আশ্রয় করিয়া আছেন। দেবি ! জান-কীর বিষয় এই পর্যান্তই জ্বানি, আর তিনি বে, কৈকেয়ী-সংক্রান্ত কথা আমায় কহিয়াছিলেন, তাহা এখন আমার আর স্মরণ হইতেছে না।

প্রমাদ বশত কৈকেয়ীর কথা উপস্থিত হইবামাত্র, স্থমস্ত্র, তাহার আর উল্লেখ না করিয়া, কোশল্যার বাহাতে তুটি লাভ হইতে পারে, এইরপ বাকের কহিলেন, দেবি! পর্য্যটনপ্রম, বায়ুবেগ, আবেগ ও রোজের উত্তাপেও সীতার চক্রাংশুসদৃশী কান্তি মলিন হইতেছে না। তাঁহার সেই পূর্ণ শশধর ও শতদল-

ুল্য আনন স্লান হয় নাই। তাঁহার চরণযুগল এক্ষণে অলক্তক-রাগশূন্য, কিন্তু স্বভাবতঃ অলক্তকেরই ন্যায় রক্তবর্ণ, স্বতরাং আজিও কমলকলিকাসদৃশ প্রভাসম্পন্ন দৃষ্ট হইয়া থাকে। তিনি এখন ও অনুরাগনিবন্ধন ভূষণ ধারণ করেন এবং নূপুর দ্বারা হংসের লীলা অপহেলা করিয়াই যেন, সবিলাষে গমন করিয়া থাকেন। তিনি অরণ্যে রামের বাতু আশ্রয় করিয়া আছেন, স্বতরাং সিংহ ব্যাব্র বা হস্তী যাহাই কেন দেখুন না, তাঁহার অন্তরে কিছুই ভয় হয় না। দেবি ! এক্ষণে রাম লক্ষ্মণ ও জানকীর নিমিত্ত শোক করা উচিত নহে এবং আপনি ও মহারাজ, আপনারাও শোচ্য হইতেছেন না। রামের এই চরিত্র অনম্ভ কাল জীবলোকে বিদ্যমান থাকিবে। ভাঁছারা এক্ষণে শোক পরিভ্যাগ করিয়া, পুলকিত মনে মহর্ষিগণের পথ আশ্রয় করিয়াছেন এবং বন্য ফলমূলে তৃপ্তি লাভ করিয়া পিতৃক্ত প্রতিজ্ঞা প্রতিপালন করিতেছেন।

পুত্রশোকার্ত্তা দেবা কোশল্যা 'প্রমন্ত্রের প্রাকৃত কথায় নিবা-রিতা হইরাও বিরত হইলেন না। তিনি হারাম! হারাম! বলিয়া অনবরত ক্রুদ্ধন করিতে লাগিলেন।

এক্ষফিতন সর্গ।

অনস্তর কৌশল্যা অবিরলগলিভজলধারাকুললোচনে কাভর মনে রাজা দশরথকে কহিলেন, মহারাজ ! ত্রিলোকের দর্মত্ত ভোমার যশ ঘোষিত হইয়া থাকে। তুমি প্রিয়বাদী ও বদান্য, এক্ষণে বল দেখি, তুমি, সীতার সহিত রাম ও লক্ষণকে কিরপো পরিত্যাগ করিলে? ভাঁহারা মুখে প্রতিপালিত হইয়া আসি-য়াছেন, এখন কি প্রকারে ছঃখ ভোগ করিবেন ? জানকী অতি মুকুমারী ও তৰুণী, এখন কিপ্রকারে শীতোন্তাপ সহিয়া থাকি-বেনু ? তিনি ব্যঞ্জন সহিত উত্তম অল্ল ভোজন করিয়া এখন কিরপে নীবার ধান্যের অন্ন আছার করিতেছেন ? তিনি গীত বাদ্য শ্রবণ করিয়া, এখন কিরুপে অশোভন সিংহের গর্জ্জন শুনিবেন ? ইন্দ্রধ্যজের ন্যায় আনন্দ-প্রাদ মহাবীর রাম অর্গল-সদৃশ ভুজদণ্ড উপাধান করিয়া কোথায় শয়ন করেন ? ভাঁছার বদনমণ্ডল পাত্ত্বর্ণ, লোচনযুগল পাত্তপলাপৈর ন্যায় বিস্তীর্ণ, নিখাসবায়ু পছের ন্যায় সুগন্ধি এবং কেশপ্রাস্ত অতি সুন্দর,

'-কা। আবার কবে আমি দেই মুখখানি দেখিতে পাইব। রামকে ना দেখিয়া यथन आभात झनग्र সহস্রধা বিদীর্ণ হইতেছে না, তখন ইহা যে বজুের ন্যায় কঠিন, তাহার আর কোন সন্দেহ নাই। চতুর্দশ-বৎসর অভীত হইলে, যদি রাম পুনরায় আগমন করেন, তখন ভরত যে রাজ্য ও ধন সম্পদ পরিভ্যাগ করিবেন, ইহা কিছুতেই সম্ভব হুইতেছে না। কেহ কেহ আর-কালে ত্রান্ধণগণকে নিমন্ত্রণ করিয়া অত্যে আপানার বান্ধবদিগকে আহার করানু, পারে ভদ্বিষয়ে কৃতকার্য্য হইয়া অন্যান্য ব্রাক্ষণ-দিগকে ভোজন করাইবার নিমিত্ত চেষ্টা করিয়া থাকেন; কিন্তু যে সকল আহ্মণ দেবতুল্য বিদ্বান ও গুণবানু, ভৎকালে তাঁছারা সুধাসদৃশ সুস্থাতু অন্নও স্পূর্শ করেন না। শুক্লছেন যেমন রুষ-দিগের অসহ্য হইয়া থাকে, অন্যের ভোজনাবসানে ভোজন ইহাঁদিগের পক্ষেও সেইরূপ। মহারাজ ! কনিষ্ঠ ভাতা যে রাজ্য ভোগ করিল, সর্বশ্রেষ্ঠ জ্যেষ্ঠ তাহা কিরুপে এহণ করিবে? দেখ, ভোক্র্য জব্য অন্যে আহরণ করিলে, ব্যাত্র ভাহা কদাচই ভক্ষণ করে না ; যে ব্যক্তি সর্বাংশে সর্বাপেকা উত্তম, পরাস্থাদিত বিষয়ে. তাঁহার প্রবৃত্তি কদাচই হইতে পারে না । ছত পুরোডাশ कूम उ थिनत कार्कित युशे अहे मकल जुना अने मरू नार्वाहरू হইলে, যজ্ঞান্তরে নিয়োগ করা নিষিদ্ধ ; স্বতরাং রাম, ছাতসার অরা সদৃশ পীতসোম যজের অনুরূপ ভরতভুক্ত রাজ্য কিরপো

গ্রহণ করিবেন? প্রবল শাদুল যেমন পুচ্ছ মর্দন সহ্য করিতে পারে না, ডদ্রেপ তিনি, এতাদৃশ অসমান কখনই সহিবেন না। সুরামুর সহিত সমুনীয় লোক রণন্থলে তাঁহার পরাক্রমে তীত হন। লোকে অধর্মে প্রবৃত্ত হইলে, থে ধর্মশীল তাহা-দিগকে ধর্মে সংস্থাপন করিয়া থাকেন, তিনি স্বয়ং কি প্রকারে অধর্মের অনুষ্ঠান করিবেন? সেই মহাবল মহাবাহ যুগাস্ত কালের ন্যায় স্বর্ণপুঞ্জ শর দ্বারা সমুদায় প্রাণিকে সংহার এবং মহাসাগরকেও শুক্ষ করিতে পারেন! মৎস্য যেমন আপ-নার সম্ভতিকে নম্ট করে, তদ্ধ্রপ তুমি তাঁছাকে স্বয়ংই বিনাশ করিয়াছ। সনাতন ঋষিগণ শান্তে যে ধর্ম সংস্থাপন করিয়াছেন, ত্রান্ধণেরা যাহা প্রতিপালন করিয়া থাকেন, তাহা যদি তোমার সভ্য বোধ হইড, ভাহা হইলে তুনি রামকে কখনই নির্বা-সিত করিতে না। দেখ, জ্রীলোকের তিনটি গতি। তথাধ্যে প্রথম পতি, শ্বিতীয় পুর, তৃতীয় জ্ঞাতি, এভদ্তির তাহার গভান্তর নাই। কিন্তু তুমি আর আমার আপনার নও, রামকে নির্বাদিত করিয়াছ, এক্ষণে বনে গমন করাও আমার পক্ষে শঙ্গত হইতে পারে না, স্বতরাং তোমা হইতেই আমার প্রাণাস্ত ছইল। তুমি রাজ্য নাশ ও পৌরগণের দর্বনাশ করিলে, মন্ত্রিরা এক কালে গেলেন এবং আমিও পুত্রের সাঁহিত উৎসন্ন হই-লাম ; এক্ষণে কেবল ভোমার পত্নী ৩ পুত্রই সুখী হইবেন।

দশরথ কেশিল্যার এইরপ দারুণ বাক্য শ্রবণ পূর্বক, হা রাম! বলিয়া, ছঃখিত ও বিমোহিত হইলেন। প্রবল শোক তাঁহার অন্তরে প্রবেশ করিল এবং পূর্বকৃত মুক্ত বারংবার শারণ করিতে লাগিলেন।

দ্বিষ্টিত্য সূৰ্গ '

শোকাত্রা কৌশল্যা রোষাবেশে এইরপ পর্যবাক্য প্রয়োগ করিলে, রাজা দশরথ যৎপরোনান্তি ছংখিত ও অন্তান্ত চিন্তিত হইলেন। মোহপ্রভাবে তাঁহার জ্ঞান বিলুপ্ত হইল। তিনি বহুক্ষণ চিম্ভা করিয়া, আপনার এই হুঃখের কারণ উপলব্ধি कतिरान थरः किंभनारिक शार्य व्यवनाकन श्रृक्षक, मीर्घ उ উষ্ণ নিখাস পরিভাগে করিয়। পুনরায় ভাবিতে লাগিলেন। পূর্বে অজ্ঞানতা প্রযুক্ত শদখাত লক্ষ্য করিয়া মুনিকুমার-বধরপু বে অকার্য্য অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা তাঁহার স্মরণ হইল। পুত্রশোক ও মুনিকুমারবধজনিত হুঃখ তাঁছণকে যার পর নাই পরিতপ্ত করিতে লাগিল। তখন তিনি অধো-মুখে কতাঞ্জলি ইইয়া কেশিল্যাকে প্রদন্ন করিবার নিমিত্ত ় কম্পিতকলেবরে কহিতে লাগিলেন, দেবি! তুমি শত্রকেও মেহ এবং তাহার সহিত সরল ব্যবহার করিয়া থাক, এক্ষণে আমি ক্তাঞ্জলি হইয়া কহিডেছি, প্রসন্ন হও। যে সকল দ্রী- লোকের ধর্মজ্ঞান আছে, স্বামী গুণবান বা নিগুণই হউন, তাঁহাকে সাক্ষাৎ দেবতা বলিয়া জ্ঞান করা তাঁহাদের কর্ত্ব্য। তুমি অতি ধর্মশীলা, সৎ ও অসংই বা কি, তাহাও জান, অত-এব বিশেষ হুঃখিত হুইলেও এই শোকের উপর আমার প্রাত কঠোর বাক্য প্রয়োগ করা তোমার উচিত হয় না।

কোশল্যা দশরথের এইরূপ দীন বাক্য শ্রবণ করিয়া, প্রণালী যেমন বর্ষার জলধারা বছন করে সেই রূপ নেত্র ছইতে বাস্থাবারি বিসর্জ্ঞন করিতে লাগিলেন। পরে দশরথের সেই পদ্মকলিকাকার অঞ্জলি স্বহত্তে গ্রহণ ও মন্তকে ধারণ পূর্বাক, ব্যস্ত সমস্ত হইয়া, ভীতমনে কহিলেন, মহারাজ ! আমি ডোমায় সাফাঙ্গে প্রণিপাত করিতেছি, প্রাসন্ন হও। তুমি আমার নিকট কভাঞ্জলি হইলে, ইহাতে নিশ্চয়ই আমার সর্বনাশ হইবে: অভঃপর আমি আর ভোমার ক্ষমার যোগ্যা নহি। ইহলোক ও পরলোকের প্লাঘনীয় পতি যাহাকে প্রসন্ন করেন সে কখনই কুলন্ত্রী বলিয়া পরিগণিত হইতে পারে না। নাথ! আমার ধর্মজ্ঞান আছে, ভুমি যে সভ্যবাদী, ভাহাও জ্ঞানি; আমি কেবল প্রশোকে কাতর হইয়াই তোমায় এরপ অপ্রিয় কথা কহিলাম। দেখ, শোক হইতে বৈর্য্য শান্তজ্ঞান প্রভৃতি সকলই বিলুপ্ত হ'ইয়া যায়, শোকের সদৃশ শক্ত আর নাই। বিপক্ষের প্রহার অনায়ানে সহ্য করা যায়, কিন্তু যদি শোক

অপেয়াত্রও উপস্থিত হয়, তাহা সহিয়া থাকা সহজ নহে। কাজ পাঁচ দিন হইল, রাম বনে গিয়াছেন, কিন্তু শোকে নিতান্ত নিরানন্দ আছি বলিয়া, এই পাঁচ দিন যেন আমার পাঁচ বৎসর বোধ হইতেছে। নদীর বেগে সমুদ্রের জল যেমন পরিবর্দ্ধিত হয়, সেইয়প রামের চিন্তায় হাদয় মধ্যে শোক ক্রমশই বৃদ্ধি পাইতেছে।

কেশিল্যা এইরপ কহিতেছেন, ইত্যবসরে দিবকির অন্ত-শিখরে আরোহণ করিলেন, রজনী উপস্থিত হইল,। শেংকা-কুল রাজা দশরথও কেশিল্যার বাক্যে আহ্লাদিত হইয়া নিজিত হইলেন।

্ ত্রিয**ন্টি**তম সর্গ।

অনস্তর তিনি মুহূর্ত মধ্যে জাগরিত হইয়া, চিন্তা করিতে লাগিলেন। রাম ও লক্ষ্মণের নির্বাসননিবন্ধন, রাহু যেমন হুর্যাকে আবরণ করে, তজ্ঞপ শোকান্ধকার সেই ইন্দ্রসদৃশ রাজার মনকে আর্ভ করিল। পুত্রনির্বাসনের ষষ্ঠ রজনীর অর্দ্ধ যামে মুনিপুত্রবধরূপ আপনার ছ্ফর্ম তাঁহার স্মরণ হইল। সেই বৃত্তান্ত স্মৃতিপথে উদিত হইলে, তিনি শোকা-কুলা কৌশল্যাকে কহিলেন, দেবি ! মনুষ্য, শুভ বা অশুভ যে রূপ কার্য্য করুন, তাহার অনুরূপ ফল তাঁহাকে অবশ্যই প্রাপ্ত হইতে হয়। যে ব্যক্তি কোন কার্য্যের প্রারম্ভে কর্মফলের গৌরব লাঘব, দোষ গুণ বিচার না করে, সে বালক। যে আত্র-কানন ছেদন করিয়া পলাশ বৃক্ষে জলদেক করে, সে পুষ্পাশোভা দর্শনে ফললুর হয় বলিয়া ফলকালে হতাপ হইয়া থাকে। আমি অতি নির্বোধ, আমিও আত্রবন ছেদন করিয়া, পলাশ বৃক্ষে জলসেক করিয়াছিলাম ; একণে পুত্র লইয়া সুখী হইবার সময়ে পুত্রকে পরিত্যাগ করিয়া অনুতাপ করিতেছি। দেবি ! যে কারণে আমার অদৃষ্টে এইরপ ঘটিল, কহিতেছি শ্রবণ কর ।

আমি যখন কোমারাবস্থায় ধরুবিদ্যা শিক্ষা করি, তৎকালে শক্ষাত্র শুনিয়া লক্ষ্যবিদ্ধ করিতে পারিতাম, এই জন্য লোকে আমায় শব্দবেধী বলিত। এ সময়েই আমি এই পাপের অনুষ্ঠান করি। আমার যে এই ছুঃখ, ইহা বৃহত কর্মনিবন্ধনই ষটিয়াছে। বালক অজ্ঞানতা বশত বিষপান করিলে বিষপ্রভাব কি বিনষ্ট ছয়? আমার ভাগো সেই রূপই হইয়াছে। যেমন কেই না জানিয়া পলাশ পুলে মোহিত হয়, আমি তজেপ না জানিয়াই শকানুসারে লক্ষ্য বিদ্ধ করিতে শিখিয়াছিলাম। দেবি! যখন ভোমার বিবাহ হয় নাই, আমি যুবরাজ, এই অবস্থায় আমার কামোদ্দীপক বর্ষাকাল উপস্থিত হইল। সূর্য্য ভূমির রস অংকর্ষণ পূর্ব্বক কঠোর কিরণে সমস্ত জগৎ পরিতপ্ত করিয়া দক্ষিণ দিকে গমন করিলে, তৎক্ষণাৎ উত্তাপ দূর ছইয়া গেল; মিদ্ধ মেঘ নভোমওলে দৃষ্ট হইল। ভেক, চাতক ও ময়ুর-গণ হর্ষ প্রকাশ করিতে লাগিল। বৃক্ষশাখা সকল বৃষ্টির পতন-বেগ ও বায়ুভরে. কম্পিত হইয়া উঠিল; বিহঙ্গেরা বর্ধান্ধলে মাত ও পক্ষের উপরিভাগ সিক্ত হওয়াতে অতি কটে তথায় গিয়া আশ্রয় লইল। মত্ত-ময়ুর-শোভিত পর্কত নিরস্তর-নিপ-ভিত জলধারায় আচ্চুম হওয়াতে জুলরাশির ন্যায় পরিদৃশ্যান

হইল। জলজ্যেত শ্বভাবত নির্মাল হইলেও গৈরিকাদি ধাড়ু-সংযোগে কোথায় পাণ্ডুবর্গ, কোথায় রক্তবর্গ, কোথায়ও বা ভশ্মমিশ্রিত হইয়া তথা হইতে ভুজস্বৎ বক্তগতিতে প্রবা-হিত হইতে লাগিল। দেবি! এই প্রথময় কালে মৃগয়াবিহারে আমার ইচ্ছা হইল। তখন আমি রাত্রিযোগে নিপানে জলপানার্থ আগত মহিষ, হস্তী বা যে কোন জন্ত হউক, তাহাদিগকে বিনাশ করিবার নিমিত্ত শর শরাসন গ্রহণ ও রথারোহণ পূর্বক সর্যুত্তি উপস্থিত হইলাম।

অনন্তর অন্ধকারে চতুর্দিক আরত হইলে, ঐ অদৃশ্য সরযুর জলমধ্যে করিকঠ সরের ন্যায় কুন্তপূরণরব শুনিতে পাইলাম। শুনিয়া আমার নিশ্চয়ই হস্তী বোধ হইল। তখন আমি তাহাকে বধ করিবার নিমিত্ত সেই শব্দ লক্ষ্য করিয়া ভুজকের ন্যায় ভীষণ স্থতীক্ষ শর তৃণীর হইতে গ্রহণ পূর্বাক পরিত্যাগ করিলাম। শর পরিত্যক্ত হইবামাত্র এক জন বনবাসীর হাহাকার স্পেশ্ট শুনিতে পাইলাম। তিনি আমার শরে মর্ঘে আহত ও সলিলে নিপতিত হইয়া কহিলেন, আমি এক জন তাপস, কি কারণে আমার উপর শস্ত্র নিপতিত হইল ? আমি রাত্রিকালে নির্জ্জন নদীতে জল লইতে আসিয়াছিলাম, এ সময় কে আমায় শর প্রহার করিল ? কাহার কি অপকার করিয়াছি ? আমি বনমধ্যে বন্য ফলমূলে জীবন ধারণ করিয়া থাকি, বাহাতে

আন্যের ক্লেশ জন্মে, এমন কার্য্য কখন করি না, স্বতরাং আমার প্রতি শস্ত্র প্রয়োগ কিরপে সন্ধৃত হইল ? আমি মন্তকে জটাভার বহন করিতেছি, বল্কল ও চর্মই আমার পরিধান, আমাকে বধ করিতে কাহার ইচ্ছু হইল ? আমি কি ক্ষতি করি-য়াছিলাম ? যেমন গুরুদার গমন সাধারণের বিদ্বিষ্ট, এই নিদ্ধল কার্য্যও তদ্ধেপ ইইয়াছে। প্রাণ নাশ হইল বলিয়। আমি অনুতাপ করি না, আমার বিনাশে আমার বৃদ্ধ পিতা মাতার যে হুর্দেশা হইবে, তিনিমিত্তই ছঃখিত হইতেছি। আমি তাঁহাদিগকৈ চিরকাল ভরণ পোষণ করিয়া আসিতেছি, এক্লণে আমার অভাবে তাঁহারা কিরপে কিনপাত করিবেন ? হা! এক শরে আমবা সকলেই বিনফ ইইলাম। এমন লুক্কস্বভাব বালক কে আছে যে, আমাদিগকে বধ করিল?

দেবি! সেই নিশাকালে মুনিকুমারের এইরপ করণ বাক্য শ্রবণ করিয়া, গাঁমার হস্ত হইতে শর কার্মুক ভূতলে স্থালিত হইয়া পড়িল। আমি অত্যস্তই ভীত ও শোকাবেগে বিমোহিত হইলাম এবং একান্ত বিমন্ত্র ও নির্বার্য্য হইয়া তথায় গমন পূর্বক দেখিলাম, সার্মূতীরে এক জন তাপস শরবিদ্ধ হইয়া ভূতলে শ্রান আছেন। তাঁহার জটা সকল বিক্ষিপ্ত, অঙ্গ-প্রত্যক্ষ ধূলি ও শোণিতে লিপ্ত এবং জলপূর্ণ কলশ ভূমিতে পতিত হইয়াছে।

তখন তিনি আমাকে সমুখে নিরীক্ষণ পূর্বক স্বতেজে দগ্ধ করিয়াই যেন, কঠোর বাক্যে কহিন্তে লাগিলেন, মহারাজ ! আমি বনবাসী, পিতা মাতার নিমিত্ত জল লইতে সরষ্তে আসিয়াছি, তুমি কেন আমায় প্রহার করিলে ? আমি ভোমার কি অপকার করিয়াছিলাম ? তুমি এক শরে আমায় বিদ্ধ করিয়া আমার অন্ধ পিতা মাতারও প্রাণ নাশ করিলে। তাঁহারা হুর্বল অন্ধ ও পিপাসার্ভ হইয়া নিশ্চয়ই আমার প্রতীক্ষা করিতেছেন। আমি कल लहेरी यहित, तहकन धहेरा প्राणान वाहिन; धक्तान ভৃষ্ণা সংবরণ করিয়া থাকিবেন। বোধ হয়, আমার জ্ঞান ও তপস্যার কোন ফলই নাই। আমি যে ভূতলে পতিত ও শয়ান রহিয়াছি, পিতা ভাষা জানিলেন না, জানিলেই বা কি করি-বেন, তিনি স্বয়ং অশক্ত এবং অন্তত্ত্ব নিবন্ধন গমনে সম্পূর্ণই অক্ষম। একটি বৃক্ষ বায়ুবেগে ভিদ্যমান হইলে আর একটি বৃক্ষ ভাহাকে কি রূপে রক্ষা করিবে ? যাহাই হউক, ভুমি এক্ষণে স্বয়ংই আমার পিতার নিকট গিয়া এই বভান্ত তাঁছাকে জ্ঞাত কর। কিন্তু সাবধান, অগ্নি পরিবর্দ্ধিত হইয়া যেমন সমগ্র বন দগ্ধ করে, সেইরূপ তিনি যেন তোমাকে দগ্ধ না করেন। তুমি এই সুক্ষ পথ দিয়া যাও, আমার পিতার আশ্রম প্রাপ্ত হইবে। তুমি তাঁহাকে প্রসন্ন করিও, কিন্তু দেখিও, তিনি ক্রোগাবিষ্ট হইয়া যেন তোমাকে অভিশাপ প্রদান করেন না। মহারাজ ! নদীবেগ

অনস্তর মুনিকুমার ক্রমণঃ অবসন্ন হইয়া পড়িলেন, তাঁহার নেত্রদ্বন্ন উর্ব্ভিত হইয়া গোল, এবং অঙ্গ প্রভাঙ্গ নিষ্পাদ হইল। তিনি আমাকে চিন্তিত ও ক্লুব্ধ দেখিয়া অতি কটে কহিলেন, মহারাজ! আমি ধৈর্য্যের সহিত চিন্তের স্থৈয়া সম্পাদন এবং শোক সংবরণ পূর্বক কহিতেছি, প্রবণ কর। ত্রন্মহত্যা করিলাম বলিয়া তোমার মনে যে সন্তাপ উপস্থিত হইয়াছে, তুমি একণে তাহা পরিত্যাগ কর। আমি ত্রান্ধণ নহি, বৈশ্যের ঔরসে শুদ্রার গর্বে আমার জন্ম হইয়াছে। মুনিকুমার কথকিৎ এই কথা কহিলে আমি তাঁহার বন্ধ হইতে শল্য উদ্ধার করিয়া লইলাম। তাঁহার সর্বাঙ্গ ঘূর্ণিত ও কম্পিত হইতে লাগিল এবং অধিকতের যন্ত্রণায় আকুক্ষিত হইয়া গোল। তিনি অত্যন্ত ভীত হইয়া আমার প্রতি দৃষ্টিপাত পূর্বক প্রাণড্যাগ করিলেন। আমিও বার পর নাই বিষয় হইলাম।

চতুঃষষ্টিতম সর্গ

দেবি ! অজ্ঞানত এই পাপ কার্য্যের অনুষ্ঠান করিয়া আমার মনে অভ্যন্তই ক্ষোভ উপস্থিত হইল। এখন ইহার সমুপায় কি, তৎকালে আমি একাঞী কেবল ইহাই ভাবিতে লাগি-লাম। পরিশেষে দেই বারিপূর্ণ কলশ লইয়া নির্দ্ধিষ্ট পথ অনুসারে আখ্রমে প্রবেশ করিলাম। দেখিলাম, তথায় ছর্বল ব্বদ্ধ অন্ধ ভাগসদৃশভী ছিন্নপক্ষ বিহগমিথুনের ন্যায় উপবিষ্ট আছেন। তাঁহানিগকে উপান করাইয়া স্থানান্তরে লইয়া যায়, এমন আর কেহ নাই। ঐ সময় তাঁহারা পুত্রের-কথা আন্দো-লম করিভেছিলেন, ভন্নিবন্ধন ভাঁহাদের কিছুমাত্রই শ্রান্তি ছিল না। আমি যদিও আশা ছেদন করিয়াছি, তথাচ পুত্র জল আনয়ন করিবে, অনাথের ন্যায় এইরূপ প্রত্যাশাপুর হইয়া আছেন। দেবি! আমি একেত ভীত ও শোকাক্রান্ত হইয়াছিলাম, আশ্রম প্রবেশ করিবামাত্র আমার অধিকতর ভয় ও শোক উপস্থিত হইল।

অনস্তর মুনি আমার পদশন প্রবণ করিয়া পুত্রভ্রমে কহিন লেন, বৎস! তোমার কেন এত বিলম্ব হইল ? তুমি শান্ত জল আনমন কর। বহুক্ষণ নদীতে ক্রীড়া করিতেছিলে বলিয়া, ভোমার মাতা অতিশয় উৎকঠিতা হইয়াছেন। এক্ষণে তুমি ত্বিত পদে আশ্রমে আইস। আমরা যদিও কোনরপ অপ্রিয় ব্যবহার করিয়া থাকি, ভরিমিন্ত তুমি কিছু মনে করিও না। তুমি এই অগতিদিগের গতি, এই অস্কদিগের চক্ষু। আমাদের জীবন তোমাকে অবলম্বন করিয়াই রহিয়াছে। বৎস! তুমি কেন আমার কথায় প্রত্যুত্তর করিতেছ না?

মুনি ব্যঞ্জনাক্ষরবিরহিত গালাদ ও অন্দুট স্থারে এইরপা কহিলে, আমি অত্যন্তই ভীত হইলাম এবং সবিশেষ যত্মসহকারে তাৎকালিক ভাব গোপন করিয়া কহিলাম, তপোগন! আমি ক্ষত্রিরবংশীয় দশর্থ, আমি আপনার পুত্র নহি। সাগুলোকে যে বিষয়ে গণা করেন, আমি এইরপা একটি কার্য্য করিয়া এক্ষণে অত্যন্তই হংখিত ও পরিতাপিত হইয়াছি। ভগবন্! অদ্যা নিপানে জলপান করিবার নিমিত্ত হস্তী বা যে কোন জন্তই আমুক, আমি ভাহাদিগকে বিনাশ করিবার বাসনায়, শ্রাসন-হন্তে সর্যুতীরে আসিয়াছিলাম। ইত্যবস্বরে নদীর জল মধ্যে কুম্বপূর্ণ রব আমার শ্রুতিগোচর হইল। সেই শন্ধ শ্রুবণে হন্তী আসিয়াছে মনে করিয়া, আমি শ্রু নিক্ষেপা করিয়াছিলাম। পরে নদীতারে গিয়া দেখিলাম, এক জন তাপসের বক্ষে শরবিদ্ধ হইয়াছে। তিনি মৃতকণ্প হইয়া ভূতলে শরান রহিয়াছেন।
তখন আমি সন্নিহিত হইয়া তাঁহারই আদেশানুসারে তাঁহার
বক্ষ হইতে শল্য উদ্ধান করিয়া লইলাম। শল্য উদ্ধৃত হইবামাত্র
তিনি, পিতামাতা বৃদ্ধ বলিয়া, শোকাকুল মনে বিলাপ ও পরিতাপ করিয়া, প্রাণত্যাগ করিলেন। ভগবন্! আমি না
জানিয়াই আপনকার পুত্র বিনাশ করিয়াছি। এক্ষণে যা হইবার হইয়াছে, অতঃপর যাহা কর্ত্র্ব্য হয়, আপনি আমাকে
আদেশ ক্ষন।

আমি কভাঞ্জলিপুটে মুনিকে এইরপ কঠোর কথা শ্রবণ করাইবা মাত্র তিনি আমাকে তৎক্ষণাৎ ভদ্মসাৎ করিতে পারিতেন, কিন্তু করিলেন না, কহিলেন মহারাজ! যদি তুমি এই অকার্য্যের বিষয় স্বরং আরিয়া না জ্ঞানাইতে, তাহা হইলে তোমার মন্তক সদ্যই সহত্রধা শ্বলিত হইরা পড়িত। ক্ষত্রিয়ের কথা দূরে থাক, অনাথ অন্ধ বানপ্রস্থকে হত্যা, জ্ঞানকত হইলে উহা ইক্রকেও স্থান্চ্যুত করিতে পারে। আমার পুত্র তপঃপরায়ণ ও ব্রহ্মবাদী, তাদৃশ লোকের প্রতি জ্ঞানপূর্বক শক্ত নিক্ষেপ করিলে, তোমার মন্তক সপ্তথা বিশীর্ণ হইয়া যাইত। তুমি অজ্ঞানত এই কার্য্য করিয়াছ বিদিয়া জীবিত রহিয়াছ, যদি জানিয়া করিতে, তাহা হইলে কেবল তুমি নও, স্ববংশেই ধ্বংস হইয়া যাইতে । যাহাই হউক, এক্টুণ তুমি আমাদিগকে তথার লইয়া চল । যিনি শোণিত-লিপ্ত-দেহে স্থালিতবলকলে ভূতলে মৃত পতিত রহিয়াছেন, আমরা সেই পুত্রের শেষ দেখা দেখিয়া লইব ।

অনস্তর আঁমি একাকী তাঁহাদিগকে সর্যৃতীরে লইয়া গিয়া সেই মৃত দেহ স্পর্শ করাইলাম। স্পর্শ করিবামাত্র তাঁহারা তত্নপরি প্রতিত হইলেন। পরে মুনি সকাতরে কহিতে লাগি-লেন, বৎস! আজ কেন তুমি আমাকে অভিবাদন করি-তেছ না? কেন আমার সহিত কথা কহিতেছ না? কি নিমি-ত্তই বা ভূতলে শয়ন করিয়া আছ? তুমি কি ক্রোধ করিলে? বাছা! আমি যদি অপ্রিয় হইয়া থাকি, তবে তোমার এই-ধর্মশীলা জননীর প্রতি একবার দৃষ্টিপাত কর। তুমি কি कांत्रण चालिकन ७ कांग्ल वांका मञ्जाय कतिल ना? আমি অভংগর রাত্রিশেষে আর কাহার হাদয়হারী মধুর শান্তাধ্যয়ন শ্রবণ করিব ? স্বামাকে পুত্রশোকভয়ে নিুতান্ত কাতর দেখিয়া, আর কে সস্ক্রা বন্দনাবসানে ছুতাশনে আছতি প্রদান পূর্বক আমায় স্থান করাইবে। আমি একাস্ত অকর্মণ্য দরিদ্র ও সহায়হীন, এক্ষণে কন্দ মূল ফল আহরণ পূর্বক আর কে আমায় প্রিয় অতিথির ন্যায় আছার করাইবে? বৎস। আমি ভোষার এই অন্ধ্র ও বৃদ্ধ মাতাকে কিরুপে ভরণ পোষণ

কুরিব ? নিবারণ করি, তুমি একাকী যমালয়ে যাইও না, কল্য আমাদের উভয়েরই সহিত তথায় গমন করিবে। আমরা শোকার্ত্ত অনাথ ও দীন হইলাম, তোমা বিহীনে আমাদিগকেও অচিরাৎ মৃত্যুর পথ লাশ্রয় করিতে হইবে। বৎস! আমি যমালয়েরে গিয়া, যমের সহিত সাক্ষাৎ করিয়া এইরপ কহিব, ধর্মলারাজ! তুমি আমাকে ক্ষমা কর, আমার এই পুত্র আমাদিগকে ভরণ পোষণ করুন; তুমি লোকপাল, অতএব অনাথের এই এক অক্ষয় অভয় দক্ষিণা দান করা ভোমার কর্ত্ব্য হইতেছে।

হা! তুমি নিষ্পাপ, কিন্ত এই পাপাচারী ক্ষত্রির ভাষার বিনাশ করিরাছে, অতএব তুমি আমার সত্যের বলে অবিলয়ে বীরলোক লাভ কর। বীর পুরুষেরা সমরপরাগ্মুখ না হইরা সম্মুখ্যুদ্ধে দেহ ত্যাগ করিলে যে গতি লাভ করিয়া থাকেন, তুমি তাহাই প্রাপ্ত হও। মহারাজ সগর, শৈব্য, দিলীপ, জনমেজয়, নহুষ ও ধুরুমরে এই সমস্ত মহায়াদিগের যে গতি তুমি ভাহাই প্রাপ্ত হও। স্বায়ায়, তপস্যা, তুমিদান, একপত্নী-ত্রত, গোসহত্র প্রদান, গুরুষ্কেসেবা এবং প্রায়োপবেশনাদি দ্বায়া তরুত্যাগ এই সকল কার্য্যে যে গতি নির্দ্ধিক আছে, তুমি ভাহাই প্রাপ্ত হও। আহিতাগ্মির যে গতি, সকল প্রাণিব যে গতি, তুমি ভাহাই অধিকার কর। যে আমার বংশে জন্ম গ্রহণ করে, অভভ গতি ভাহার কদাচই হয় না, কিন্ত বৎস! যে ভোমাকে বিনাশ

করিল, ঐ প্রকার গতি ভাছারই হইবে। এই বলিয়া মুনি, পত্নীর সহিত জল লইয়া, পুত্রের তর্পণ করিতে লাগিলেন।

অনস্তর মুনিকুমার স্বকর্ম প্রভাবে দিব্য রূপ পরিপ্রাহ করিয়া স্থারাজ ইন্দ্রের সঙ্গে অবিলয়ে সর্গে আরোহণ করিলেন এবং পুনরায় তাঁহার সহিত প্রভ্যাগমন করিয়া, বন্ধ পিতা মাভাকে আশ্বাস প্রদান পূর্বক কহিলেন, আমি আপনাদের পরিচর্যা করিয়া দিব্য স্থান অধিকার করিয়াছি, এক্ষণে আপনারাও আর বিলম্ব লা করিয়া, আমার নিকট আগমন ক্রন। এই বলিয়া মুনিকুমার স্থাপন্ত দিব্য বিমানযোগে স্বর্গে আরোহণ করিলেন।

অনস্তর তাপস, তার্য্যা সমভিব্যাহারে, পুত্রের উদক্জিয়া
সম্পাদন পূর্বক আমার কহিলেন, মহারাজ ! তুমি আজই
আমাকে বিনাশ কর , আমার সবে মাত্র এক পুত্র ছিল. তুমিই
তাহার প্রাণ সংহার করিলে, স্কুরাং মৃত্যুক্তে আমার আর
কোন যন্ত্রণ হইবে না ৷ তুমি না জানিয়া আমার সেই বুলে
কটিকে নফ করিয়াছ, এই কারণে আমি নিদাকণভাবে তোমায়
এই অভিশাপ দিতেছি যে, সম্প্রতি আমার যেমন পুত্রশোক
হইয়াছে, এইরূপ পুত্রশোকে তোমাকেও দেহপাত করিতে
হরুবে ৷ তুমি ক্ষজ্রিয় হইয়া অজ্ঞানত এই কার্য্য করিয়াছ,
স্কুরাং এইকণে এক্ষত্যাসদৃশ প্রাপ তোমায় স্পর্শিতেছে না

বটে, কিন্তু অচিরাৎই পুত্র বিয়োগছ:খে মৃত্যুমুখে পতিত হইতে হইবে।

মুনি আমার এইরপ অভিশাপ দিয়া, ভার্যার সহিত বছুবিধ বিলাপ ও পরিভাপ করত, চিভার আরোহণ ও অর্থে গমন করি-লেন। দেবি! বালকত্ব নিবন্ধন শকানুসারে লক্ষ্যে শরক্ষেপ করিয়া, আমি যে পাপ সঞ্চয় করিয়াছিলাম, চিন্তা সহকারে ভাহা আমার শারণ হইয়াছে। অপথ্য ব্যঞ্জনের সহিত আয় ভোজন করিলে যেমন ব্যাধি জন্মে, তদ্ধাপ সেই ফুকর্মের ফল ফলিত হইল। উদারাশয় ঋষি যে প্রকার কহিয়াছিলেন, এক্ষণে ভাহাই ঘটিল।

এই বলিয়া দশরথ, ভীতমনে গলদক্র লোচনে কেশিল্যাকে কহিলেন, দেবি! পুত্রশোকে আমার প্রাণ বিয়োগ হইবে; আমি আর তোমার চক্ষে দেখিতে পাই না, তুমি আমাকে স্পর্শ কর; দেখ, মৃত্যু হইলে কাহারই সহিত সাক্ষাৎ হওয়া সম্ভব হইবে না। হা! এক্ষণে রাম যদি আমায় একবারও স্পর্শ করেন এবং যদি আমার ধন ও যোবরাজ্য গ্রহণ করেন, তাহা হইলে বোধ হয়, আমি বাঁচিতে পারি। আমি রামের প্রতি যেরপ আচরণ করিয়াছি, তাহা আমার উচিত হয় নাই, কিন্তু তিনি যেরপ বাবহার করিয়াছেন, তাহা তাঁহারই উপযুক্ত হইসা,

কোৰ ব্যক্তি ভাৰাকে পরিভ্যাগ করিতে পারে? আর কোন পুত্রই বা নির্কাসনের আদেশ পাইয়া, পিতার প্রতি অহুয়া প্রদ-র্শন না করে। দেবি ! আঁমি আর ভোমাকে দেখিতে পাই না, আমার স্মৃতিশক্তি বিলুপ্ত হইয়া আস্মিতছে; এক্ষণে এই সকল বমদূত আমায় গুৱা দিতেছে। হায়! প্রাণান্ত হইলে সভ্যনিষ্ঠ রামকে যে আর দেখিতে পাইব না, ইহা অপেকা ছঃখের আর কিছুই নাই। রেজি যেমন বারিবিন্দু শুক্ষ করিয়া ফেলে, তদ্রেপ রামের অদর্শনশোক আমার প্রাণ :ওফ করি-তেছে ৷ চতুর্দ্দশ বৎসর অতীত হইলে মাঁহারা রামের কুওল-শোভিত মুখমওল সন্দর্শন করিবেন, তাঁহারা মনুষ্য নহেন-দেবতা। রামের লোচন পাল্পলাশের ন্যায় আয়ত. জ্মযুগল বিস্তুত, দশন স্বন্ধর ও নাসিকা অতি মনোহর ; যাঁছারা ধন্য ও ক্লতপুণ্য, তাঁহারাই মেই শারদীয় শশাকতুল্য, প্রফল্প কমলসদৃশ মুখ অবলোকন করিবেন। যাঁহার। উচ্চ স্থানস্ গুক প্রছের ন্যায় রামকে আসিতে দেখিবেন তাহারাই ভাগ্যবান। কোললো!, মোহ বলত আমার মন অবসম হইয়া আসি-তেছে, हेक्सिंगर रेगारा भक न्यार्भ तम किंडूहे जे कूछ कतिएड পারিতেছি না। তৈল খূন্য হইলে ভন্মীভূত দীপর্বর্তি ষেমন অবশ হয়, ভদ্ৰাপ জ্ঞানবৈলক্ষণ্যে ইন্দ্ৰিয় 'সকল অবশ হইয়া ষাইতেছে। প্রবাহবেগ বেমন নদীতীরকে নিপাতিত করে.

মেইরপ আবারুত শোকই আমার বিনাশ করিল। হা রাম!
হা ছঃখবিনাশন! হা পিতৃপ্রিয়! তুমি আমার নাথ, এখন
কোথার রহিলে? হা কোশল্যে! আর যে দেখিতে পাই না।
হা স্থমিত্রে! হা নৃশংসে কুলকলঙ্কিনি কৈকয়ি! তুই আমার
পরম শক্র। রাজা দশরথ কোশল্যা ও স্থমিত্রার সমক্ষে
এইরপ পরিতাপ করিয়া, রজনী দ্বিপ্রহর অতীত হইলে, প্রাণ্ভ্যাগ করিলেন।

পঞ্চৰফিতম সৰ্গ

রাত্রি প্রভাত হইয়া গেল। প্রাতঃকালে স্থানিকত হত, কুলপরিচয়দক্ষ মাগর্ধ, ভম্ত্রীনাদনির্ণায়ক গায়ক ও স্তুতিপাঠক-গণ রাজভবনে আগমন করিল এবং স্ব স্থ প্রণালী: অনুসারে উচ্চেঃস্বরে রাজ্য দশরথকে আশীর্কাদ ও স্থৃতিবাদ করিয়া প্রাসাদ প্রতিশ্বনিত করিতে লাগিল। পাণিবাদকেরা ভূতপুর্ব ভূপতিগণের অদ্ভুত কার্য্য সকল উল্লেখ করিয়া করতালি প্রদানে প্রবৃত্ত হইল। সেই করতালি শব্দে রক্ষশাখায় ও পঞ্জরে যে সকল বিহন্দ বাস করিতৈছিল, তাহারা প্রতিবৃদ্ধ হইয়া কোলাছল করিয়া উঠিল। পবিত্র স্থান ও তীর্থের নাম কীর্ত্তন আরম্ভ হইল, বীণাধ্বনি হইতে লাগিল। বিশুদ্ধচার সেবা-নিপুণ বহুরংখ্য জ্রীলোক ও বর্ষবর প্রভৃতি পরিচারকগণ আগমন করিল। সানবিধানজ্ঞেরা যথাকালে স্বর্ণ কলমে হরি-চন্দন-স্করভিত সলিল লইয়া উপস্থিত হইল। বহুসংখ্য কুমারী ও সাধনী জীরা মঙ্গলার্থ স্পর্শনীয় ধেরু, পানীয় গ্রেদক, এবং পরিধেয় বন্ত্র ও আভরণ আনয়ন কন্নিল । প্রাতঃকালে নুপতির নিমিত্ত যে সমস্ত পদার্থ আছত হইল, তৎসমুদায়ই স্থলকণ প্রনার ও উৎক্রন্ত গুণ সম্পন্ন; সকলে সেই সকল দ্রব্য লইয়া স্থাব্যাদয় কাল পর্যান্ত রাজদর্শনার্থ উৎস্কুক হইয়া রহিল, পরি-শেষে তদ্বিয়ে হতাশ হইয়া মনে মনে নানাপ্রকার আশক্ষা করিতে লাগিল।

অনস্তর যে সকল মহিষীরা রাজা দশরখের শয্যাসন্ধিনানে ছিলেন, তাঁহারা মৃত্ব ও বিনয় বাক্যে তাঁহাকে
প্রবাধিত করিতে লাগিলেন, কিন্ত তাঁহার শয্যা স্পর্শ করিয়া হাদয় হস্ত ও মূল নাড়িতে স্পন্দনাদি কিছুই দেখিতে
পাইলেন না। তখন তাঁহারা রাজার জীবনে অত্যন্তই শক্তিত
হইয়া প্রবাহের প্রতিজ্ঞোতগত ত্ণাএভাগের ন্যায় কম্পিত
হইতে লাগিলেন। পূর্বরাত্তিতে রাজা যে অনিষ্টের আশক্ষা
করিয়াছিলেন, তৎকালে তাঁহা 'সত্য বলিয়াই তাঁহাদের
প্রত্যায় জন্মিল।

কোশল্যা ও স্থানিত্রা পুরশোকে কাতর হইরা নিজিড ছিলেন, রাত্রিজাগরণ নিবন্ধন তখনও প্রনোধিত হন নাই। রামজননী ডিমিরারত তারকার ন্যায় প্রতাশূন্য শোকে অবসম ও বিবর্ণ হইয়া হস্তপদ সংকোচন পূর্বক রাজার পার্ছে, শয়ান আছেন এবং স্থানিত্র তাঁহারই সমিহিত রহিয়াছেন। স্থানিতার মুখকমল নেত্রজলে মলিন হইয়াছে এবং শোভাও

পূর্ব্ববৎ আর নাই। অন্তঃপুরের অন্যান্য ক্রীলোক তাঁহাদিগত্বে নিদ্রিত এবং রাজা দশরথকে নিদ্রাবস্থায় মৃত দেখিয়া অরণ্যে ষুথপতিবিরহিত করেণর ন্যায় আর্ত্তমরে কাঁদিয়া উচিলেন। তাঁহাদের ক্রন্দক্তে কোশল্যা ও স্থমিতার চেতনা লাভ হইল। তাঁহারা গাত্রোত্থান করিয়া মহারাজকে দর্শন ও স্পর্শ করিয়া, হা নাথ। এই বলিয়া ধরাতলে নিপতিত হইলেন। কৌশল্যা ভূতলে বিলুঠিত ও ধূলিধূষরিত হইয়া আকাশচ্যত তারার ন্যায় নিপ্রাভ হইলেন। অন্তঃপুরের সকলে দেখিলেন, ষেন তিনি নিহত করিণীর ন্যায় ধরাশায়িনী হইয়াছেন। কৈকেয়ী প্রভৃতি মহিষীগণ ভর্ত্তশোকে রোদন করিতে করিতে ख्वान भूना बहेशा পिछित्लन । हेड्राँ एनत (त्रांपन भक्त किभाना-দির রোদনশব্দে মিলিভ ও বর্দ্ধিত হইয়া পুনরায় গৃহকে প্রতিধানিত করিয়া তুর্লিল। রাজভবনের সকলেই ভীত, সকলেই তটক এবং সকলেই পূর্ব্ববৃত্তান্ত জানিবার নিমিত্ত উৎস্বক হইয়া উচিল। সর্ব্বতেই তুমুল রোদন ধানি, আখীয় স্বজন সন্তাপে অভ্যন্ত কাভর, কাছারই মনে আনন্দ নাই, এবং দৃশ্য অতিশর মলিন বোধ হইতে লাগিল। মহিবীরা রাজা দশরথের মৃত দেহ পরিবেষ্টন এবং তাঁহার বাহুদ্বয় এহণ পুর্বাক করণ মনে রোদন করিতে লাগিলেন।

वहेविकिठन नर्ग।

অনস্তর শোকাকুলা কৌশল্যা লোকাস্তরিত রাজা দশরথকে প্রাশান্ত হুতাশনের ন্যায়, শুক্ষ সাগরের ন্যায় নিরীক্ষণ এবং তাঁহার মত্তক অঙ্কে এহণ পূর্বক অঞ্চপূর্ণ লোচনে কৈকেয়ীকে কহিলেন, নুশংসে! এক্ষণে ভোমার মনোবাঞ্চা পূর্ণ হউক, মহারাজকে বিসর্জন দিয়া তদাত্যনে নির্ব্বিরে রাজ্য ভোগ কর। রাম আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন, আমার স্বামীও দেহ-ত্যাগ করিলেন, অভঃপর অরণ্যে সঙ্গহীনার ন্যায় আর আমি প্রাণ ধারণ করিতে পারি না। নাক্ষত দেবতা স্বরূপ স্বামীকে ভ্যাগ করিয়া ধর্মভ্রমী। কৈকেয়ী ব ভিরেকে আর কোনু নারী বাঁচিবার বাসনা করিবে ? তুমি যে রঘুকুল উৎসন্ন করিলে, ইহার মূলই কুক্তা ; লুব্ধ ব্যক্তি লোভ বশত অপরের বিষপান করিয়া, আত্মহত্যা-দোষ বুঝিতে পারে না, ভোমার পক্ষে ভদ্রূপই ঘটিয়াছে। মহারাজ অনুচিত কার্য্যে নিযুক্ত হইয়া সীতার সহিত রামকে নির্বাসিত করিয়াছেন, এ কথা রাজর্ষি জনক শুনিলে আমারই ন্যায় পরিতাপ করিবেন। আমি যে অনাথা

বিধবা হইয়াছি, আজ্ব তিনি তাহা জানিতেছেন না। হা,!
কমললোচন রাম জীবদ্দশাতেই অদৃশ্য হইলেন। বনমধ্যে
মৃগ পক্ষিগণ নিশাকালে ভীষণ স্বের চীৎকার করিয়া থাকে,
তাহা শুনিয়া, দীতা অত্যম্ভ ভীতা হইয়া, চাঁহাকে আগ্রয় করিবেন। রাজর্ষি জনক রন্ধ হইয়াছেন, সম্ভানের মধ্যে তাঁহার ঐ
একটিমাত্র কন্যা, তিনি তাহার চিন্তায় শোকাকুল হইয়া নিশ্চয়ই
শরীরপাত করিবেন। যাহাই হউক, আমি পতিত্রতা, আজ্ব
আমি স্বামীর এই দেহ আলিঙ্কন পূর্ম্বক অনলে প্রবেশ করিব।

কেশিল্যা রাজ্ঞা দশরথের দেহ আলিঙ্গন পূর্ব্বক হঃখিত মনে এইরপ বিলাপ ও পরিতাপ করিতেছেন দেখিয়া, অমা-ত্যেরা তাঁহাকে তথা হইতে অন্যত্র লইয়া গোলেন, এবং বশিষ্ঠ প্রভৃতি দ্বিজ্ঞাতিগণের আদেশে সেই দেহ তৈলপূর্ণ কটাকে সংস্থাপন পূর্ব্বক সাবধানে রক্ষা করিতে লাগিলেন। কিন্তু তথকালে পূত্রব্যতিরেকে অস্ত্রোকি ক্রিয়ার অনুষ্ঠান শ্রেয়ন্থর জ্ঞান করিলেন না।

অমাত্যগণ, তৈল-দ্রোণি মণ্যে রাজাকে শয়ন করাইলেন দেখিয়া, মহিষীয়া তাঁহার মৃত্যু অবধারণ পূর্ম্বক, বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন এবং শোকাকুল হইয়া, বাহু উর্তো-লন পূর্মক দীনমনে গলদশ্রুলোচনে কহিলেন, মহারাজ! আমরা সত্যপ্রতিক্ত প্রিয়বাদী রামকে হারাইয়াছি, আবার তুমি কেন হামানিগকে ভাগে করিলে? আমর। বিধবা হইলাম;
আভংপর রামখুন্য হইরা ছুক্টা সপত্রী কৈকেয়ীর নিকট কিরপে
বাস করিব? রাম ভৌমার এবং আমানের সকলেরই প্রাভু,
ভিনি রাজত্রী পরি ভাগে করিল্ল: অরণ্যে গিরাছেন। ভাঁহাকে
ও ভোমাকে বিদর্ভোন দিয়া, আমরা কিপ্রকারে কৈকেয়ীর
ভিরন্ধার সঞ্চ করিয়া থাকিব। যে নারী রাজার মুখাপেকা
না করিয়া, জানকীর সহিত্ত রাল লক্ষ্যান্তে পারভাগে করিল,
সে আর কাহাকে না ছুর করিছে পারে? মতিবারা শোকাবিফট
হইয়া অঞ্চপুর্ন লোচনেন নিরানন্দ মনে এই বলিয়া ভূতলে
লুপ্তিত হইতে লাগিলেন।

এদিকে নগানী অনাজক হন্যা নক্ষ্যপুন্য শর্মনীর ন্যায়, ভর্তৃহীনা নানির ন্যায়, নিজ্ঞে মলিন হইলা গেল। সকলেই বোদন করিতে প্রসূত্র হইলা সুলজীরো হাহাকার করিছে লাগিল, নরনারী দলবন্ধ হইলা কৈকেলীর নিকাবাদ আরম্ভ কলিল, চত্ত্র ও গছ সমুদার শুনা, কাহারই মনে আনন্দের লেশমাত্র হহিল না। ইতাবসরে দিনকর করনিকর সংকোচ করিয়া অস্তাশিখ্যে আরেছেণ করিলেন এবং রজনীও গাঢ়তর তিমিরে চতুদ্দিক আর্ভ করিয়া উপস্থিত হইল।

সপ্তৰ্ফিত্য সৰ্গ।

অনন্তর হৃংখের সেই সুদীঘ রাত্রি অভীত ও সুর্যা উদিত হুটলে, মহর্ষি মার্কণ্ডের, মেডিলানা, বাধ্বেৰ, কশাপা, গৌভম এবং মহারশ। বাবালি এই নমন্ত ভালেণ, রাজসভায় আগমন করি-লেন। আগমন করিয়া অমাতাগণের সহিত রাজকার্যানংক্রাপ্ত ভিন্ন ভিন্ন বিতাগোর কথা। কহিছে লাগিলেন। কিন্তু তাঁহারা ে^{*}ন বিষয়ের কিছুই নির্গর করিছে না পারিয়া, পরিশেষে প্রধান পুনোহিত বশিষ্ঠেত অভিস্তান হুইয়া বলিলেন, তপোধন! রাজা দশর্থ পুরিশালে নোকাঞ্চিত হইলে, যে রাত্রিশত বংসারের মানার প্রভারমান হইতেছিল, অতিকটে ভাষা অতীত হইয়াছে। মহারাজ মঠালীলা সংবরণ করিলেন, রাম অরণ্যে গ্রিছেন, লক্ষণ জ্বাহার সহগামা হইরাছেন এবং ভরত ও শত্রত্বও'রাজগুহে মাতামহের আলয়ে অন্তান করিতে-ছেন, অতএব এই অবস্থায় ঈক্ষাকু বংশের এক ব্যক্তিকে রাজা করা কর্ত্তব্য হইভেছে : আম:দিগের রাজ্য অরাজক থাকিলে নিশ্য়ই উচ্ছিন্ন হইয়া যাববে । যে রাজ্যে রাজ্যা নাই, তথায়

গেঘ বিত্রাৎমালা বিস্তার করিয়া গভীর গর্জন সহকারে বর্ষণ করে না, বীজ রোপণ হয় না, পুত্র পিতার ও ভার্য্যা ভর্তার অবাধ্য হইয়া উঠে এবং ধন ও জ্রা রক্ষা করা অত্যম্ভই কঠিন হয়। অরাজ্ব হইলে লোকের এই সকল অনিষ্ট ত হইয়াই ুথাকে, এতদ্ভিন্ন অন্যান্য অপকার যে ঘটিবেক, ভাহার আর অসম্ভাবনা কি ? দেখুন. অরাজক রাজ্যে সভাস্থাপনে এবং মুরম্য উদ্যান ও পুণ্যগৃহনির্মাণে কাহারই প্রবৃত্তি জ্বে না: যজ্ঞশীল জিতে ক্রিয় ত্রাক্ষণেরা যজ্ঞানুষ্ঠানে বিরত হন; भनदान यां क्किक अधिकानिगरक व्यर्थमान करतन ना ; উৎসব विलुक्ष, ও নট নর্ত্তক নিশ্চিন্ত হয় এবং দেশের উন্নতিসাধক সমাজের শ্রীরদ্ধিও রহিত হইয়া শায়। অরাজক রাজ্যে ব্যবহারার্থীরা অর্থসিদ্ধি বিষয়ে সম্পূর্ণই হতাশ হন ; পৌরাণিকেরা শ্রোতার অভাবে পুরাণ কীর্ত্তনে বীতরাগ হইয়া থাকেন; কুমারী সকল সায়াহে মিলিত ও মাণালকারে অলক্ষত হইয়া, উদ্যানে ক্রীড়া করিতে যায় না: গোপালক রুষকেরা কপাট উদ্ঘাটন পূর্বক শয়ন করে না ; এবং বিলাদীরাও কামিনীগণের সহিত বেগ-বান বাহনে আরোহণ পূর্বক বনবিহারে নির্গত হর না। অরাজক রাজ্যে হুরগামী বণিকেরা বিপুল পণ্যদ্রব্য লইয়া দূর পথে যাইতে ভীত ও সঙ্কৃচিত হয় ; অন্ত্রশিক্ষায় নিযুক্ত ৰীর পুৰুষদিগের তলশন আর কেছ শুনিতে পায় না; অলব্ধ

লাভ ও লব্ধ রক্ষা হুক্ষর হইয়া উঠে; রণস্থলে শত্রুর বিক্রম **টিদন্যগণের একান্ত ছঃসহ হয় ; বিশালদশন য**টি বৎসরের মাতক সকল কঠে ঘণ্টা বন্ধন পূর্বকে রাজপথে ভ্রমণ করে না ; কেই উৎকৃষ্ট অশ্বে বা সুসজ্জিত রূপে আরোহণ পূর্বক সহসা বহিৰ্গত হইতে সাহসী হয় না ; শাস্ত্ৰজ্ঞ সুধীগণ বন বা উপবনে গিয়া শান্তবিচার করিতে বিরত হন এবং ধর্মশীল লোকেরাও দেবপূজার উদ্দেশে দক্ষিণা দান ও মাল্য মোদক প্রস্তুত করিতে শংসয়ারত হইয়া থাকেন। অরাজক রাজ্যে রাজুকুমারেরা চন্দন ও অগুৰু রাগে রঞ্জিত হইয়া বসস্ত কালীন বুক্ষের ন্যায় পরিদৃশ্যমান হন না; যাঁহারা একাকা পর্যটন করেন এবং যথায় সায়ংকাল প্রাপ্ত হন সেই স্থানে বিশ্রাম করিয়া থাকেন, সেই সমন্ত জিভেক্সিয় মুনিও ত্রন্ধে চিত সমাধান পূর্বক ভ্রমণ कतिएक भारतम ना ; अधिक जात कि, रायम जन्मेना निन, তৃণশুন্য বন এবং পালকহীন গো, অরাজক রাজ্যও ভদ্রেপ। এই অবস্থায় জীবন রক্ষা করা নিভাস্তই ত্রুকর হয়, এবং এই অবস্থায় মনুষ্যেরা মৎস্যের ন্যায় প্রতিনিয়ত পরস্পর পরস্পরকে ভক্ষণ করিয়া থাকে। যে সমস্ত নাস্তিক ধর্মমর্য্যাদা লগুন করিয়া রাজ-দত্তে দণ্ডিত হইয়াছিল, তাহারাও এই সময়ে প্রভুত্ব প্রদর্শন করে। চক্ষু যেমন শরীরের হিতসাধন ও অঙ্কিত নিবারণে নিযুক্ত আছে, প্রজাদিগের পক্ষে রাজাও তদ্রূপ। তিদি সভ্য ও ধর্মের

প্রবর্ত্তক, কুলীনদিগের কুলপালক; তিনি পিতা ও মাতা, তাঁহা হইতে সকলের শুভ সম্পাদন হইরা থাকে। সদাচার সম্পন্ন রাজা, যম কুবের ইন্দ্র ও বৰুণকেও অভিক্রেম করেন। এই জীবলোকে সং ও অসতের ব্যবস্থাপক রাজা যদি না থাকিতেন, তাহা হইলে গাঢ়তর অক্রকারে যেমন কিছুরই অভিব্যক্তি হর না, তদ্রেপ কোন বিষয়েরই বিশেষ অনুভব হইত না। যেমন ধূম ও প্রজ্ঞদণ্ড অগ্নি ও রথের প্রকাশক, সেইরপ মহারাজ দশর্থও আমাদিগের প্রতি রাজ্যভার প্রতিষ্ঠার জ্ঞাপক ছিলেন, এক্ষণে তিনি হর্গে আরোহণ করিয়াছেন। ভগবন্! তিনি জীবিত থাকিতেই আমরা আপনার বাক্য অভিক্রম করি নাই, এক্ষণে নূপতিবিরহে আমাদিগের কার্য্য উচ্ছিন্নপ্রায় এবং রাজ্য অরণ্যপ্রায় পর্য্যালোচনা করিয়া, আপনিক কুমার ভরত বা অন্য যাহাকেই হউক, অভিষক্ত ককন।

অফ্টৰফিতন সৰ্গ।

মহর্ষি বশিষ্ঠ বিপ্রাগণের এইরপ বাক্য প্রবণ করিয়া, তাঁহাদিগকে এবং মিত্র ও অমাত্যগণকে কহিলেন, দেখ, মহারাজ
দশরথ যাঁহাকে রাজ্য দান করিয়াছেন, সেই ভরত জ্বাতা পক্রদ্বের সহিত পরম কুতৃহলে মাতুলালয়ে বাস করিতেছেন, এক্ষণে
আমরা অধিক আর কি বিবেচনা করিব, দূতেরা ক্রতগামী অধ্বে
আরোহণ পূর্বকে শীত্র তাঁহাদিগেই আনয়ন করক।

বৃশিষ্ঠ এইরূপ কহিবামাত্র সকলেই তির্বিয়ে সমত হইলেন।
তাঁহারা সমত হইলে, তিলি ফিরার্থ, বিজয়, জয়স্ত ও অশোকনন্দন এই কয়েকজন দূতকে আহ্বান পূর্ব্বক কহিলেন, দেখ, এখন
যাহা কর্ত্ব্য, আমি তাহার আদেশ করিতেছি, শ্রবণকর। তোমরা
শোক পরিত্যাগ করিয়া কেকয়রাজ ও ভরতের নিমিত্ত কোশেয়
বস্ত্র ও উৎকৃষ্ট অলক্কার লইয়া ক্রতগানী অখে আরোহণ পূর্ব্বক
শীত্র রাজগৃহে গমন কর। গিয়া আমার বাক্যানুসারে ভরতকে
এই কথা কহিও, রাজকুমার! পুরোহিত একং অন্যান্য মন্ত্রিবর্গ
ভোমায় কুশল জিজ্ঞাসা করিয়াছেন, জিজ্ঞাসিয়া কহিয়াছেন

যে, তুমি বিলম্ব না করিয়া এস্থান ছইতে নির্গত হও; কালাতি-ক্রমে বিম্ন ঘটিতে পারে, এমন একটী কার্য্য উপস্থিত। কিন্তু সাবধান, ভোমরা তথায় গিয়া রামের নির্মাসন ও রাজার মৃত্যু, এই মুই অশুভ-সংবাদ ভাঁহাকে কদাচই শুনাইও না। "

 অনস্তর দূতেরা কেকয় দেশে যাত্রা করিতে ক্লন্তসংক্পপ হইয়া, পাথেয় গ্ৰহণ পূৰ্ব্বক বেগবান অশ্বে স্ব স্থাবাদে গমন করিল এবং প্রস্থানের উপযোগি কার্য্যাবশেষ সমাধান করিয়া বশিষ্ঠের অনুজ্ঞাক্রমে তথা হইতে নিক্ষান্ত হইল। নিক্ষান্ত হইয়া মালিনী নদী অভিক্রম পূর্ব্বক অপরভাল নামক দেশের পশ্চিম ভাগ দিয়া প্রালম্ব দেশের উত্তরে যাইতে লাগিল। অনস্তুর পঞ্চাল দেশে উপনীত ও হস্তিনা পুরে গঙ্গা উত্তীর্ণ হইয়া পশ্চিমাভিমুখে কুৰুজাঙ্গলের মধ্য দিয়া চলিল। তথায় প্রাফুলকমলম্বশোভিত সরোবর এবং সক্ষ্যলিলা নদী দেখিতে **प्रिंग्ड कार्यारगीत्रव निवस्नन महौरावरंग गमन क**िएंड लोगिल। যাইতে যাইতে স্রোভম্বতী শরদ্রধার সন্নিহিত হইল। ঐ নদীতে নানাবিধ বিহন্ন নিরম্ভর ক্রীড়া করিতেছে এবং উহার জল অভি নির্মাল। দূতের। শরদণ্ডা অভিক্রম পূর্বক উছার পশ্চিম ভীরে সভ্যোপযাচন নামক এক দিব্য বৃক্ষকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া কুলিক নগরীতে প্রবেশ করিল। পরে অভিকাল ও ভেজোভিভবন নামক তুইটি আম উত্তীর্ণ হইয়া ইক্ষাকুদিগের পৈতৃক নদী ইক্ষুমতী পার হইল এবং ঐ নদীতীরে অঞ্জলিজলপায়ী বেদপারগ আদাণগণকে দর্শন পূর্মক, বাহলীক দেশের
মধ্য দিয়া, স্থদামন্ পর্মতে গমন করিল। তথায় ভগবান্
বিঞ্নিয়ে যে এক পুণচিত্র ছিল, উহারা তাহাঁ নিরীক্ষণ করিয়া,
বিপাশা ও শাল্মলী নামক ছই নদী দীর্ঘিকা তড়াগ পালুল
ও সরোবর এবং সিংহ ব্যান্ত হস্তী ও নানাপ্রকার মৃগ দেখিতে
লাগিল। বছদ্র পর্যাটননিবন্ধন উহাদের বাহন সকল একান্ত
লাগিল। বছদ্র পর্যাটননিবন্ধন উহাদের বাহন সকল একান্ত
লাগিল। বছদ্র পর্যাটনিবিন্ধন উহাদের বাহন সকল একান্ত
লাগিল। বছদ্র পর্যাটনিবিন্ধন উহাদের বাহন সকল একান্ত
লাগ্রন ও পরিশ্রান্ত হইরা পড়িল; রাজিও উপস্থিত হইল।
তখন তাহারা বশিষ্ঠের প্রাতি সম্পাদন প্রজাগণের রক্ষা
সাধন এবং রাজকার্য্যে ভরতের হস্তাবলম্বন এই কএকটি অনুরোধে নিরাপদে কিয়দ্র যাইয়া, গিরিব্রেজ * নগরে বিশ্রাম
করিতে লাগিল।

^{*} গিরিব্রজ রাজগৃহেরই নাঁদান্তর মাত্র।

একোনসপ্ততিতম সর্গ।

যে রাত্রিতে দূতির। নগর প্রবেশ করিল, সেই রাত্রিশেষে ভরত একটি হঃস্বপ্ন দেখিলেন। দেখিয়া তাঁহার মন
জত্যন্ত ব্যাকুল হইয়া উচিল। তখন তদীয় প্রিয়বাদী বয়স্যেরা
তাঁহার অন্তরে সন্তাপ উপস্থিত জ্ঞানিয়া, তাহা অপনোদন
করিবার দিমিত, সভামধ্যে নানাপ্রকার কথার প্রসঙ্গ করিতে
লাগিলেন। কেছ কেছ বীণাবাদনে প্রবৃত্ত হইলেন, কেছ কেছ
নর্ভ্রকীদিগকে নৃত্য করাইতে লাগিলেন এবং কেছ বা
হাস্যরসপ্রধান নাটকপাঠ আরম্ভ করিলেন। কিন্তু ভরত প্র
সকল বয়স্থের গোষ্ঠীসমূচিত ক্রীড়াকেত্রিক বা হাস্যপরিহাস
কিছুতেই হুন্ট হইলেন না।

অনন্তর তাঁহার এক প্রিয়সখা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, বয়স্তা! সুহাদেরা তোমার মনের ভাবান্তর সম্পাদনের নিমিত্ত এত চেক্টা করিভেছেন, কিন্তু তুমি কি কারণে উদাসীন হইয়া আছ? ভরত কহিলেন, সখে! যে কারণে অদ্য মনের এইরপ আকুলতা উপস্থিত হইয়াছে, শ্রবণ কর। আমি আজ রাত্রিশেষ স্থপাবেশে পিতাকে দেখিয়াছি। তাঁহার বর্ণ মলিন হইয়া গিয়াছে, তিনি এক পর্বতের শিখর হইতে মুক্তকেশে

গোমরপূর্ণ ব্রদমধ্যে নিপত্তিত হইতেছেন। দেখিলাম, তিনি সেই গোময়হ্রদে ভাসিতেছেন এবং যেন হাসিতে হাসিতে অঞ্জলি দারা তৈল পান করিতেছেন। অনন্তর তিনি পুনঃ পুনঃ অধঃশিরাঃ হইয়া তিলমিশ্রিত অর ভোক্সন পূর্বক তৈলাক্ত-(मरह टेजनमर्था थाराम कतिला। **जा**त्र (मिलाम, स्वन সমগ্র সাগর শুক্ষ, চন্দ্র ভূতলে নিপতিত, সমুদায় বিশ্ব'গাঢ়তর অক্সকারে আর্ভ এবং প্রজ্বলিত অগ্নি অকন্মাৎ নির্বাণ হইয়া গিয়াছে; মেদিনী বিদীর্ণ, সধূম পর্বত সকল'ধ্বংস্ এবং, রক্ষ সমুদায় নীরস হইয়াছে। যে হস্তী মহারাজের বাহন ছিল, তাহারও দম্ভ খণ্ড খণ্ড হইয়া ভূতলে নিপতিত আছে। আবার দেখিলাম, পিতা কৃষ্ণবর্ণ বস্তু পরিধান করিয়া কৃষ্ণ-লোহময় পীঠের উপর উপবিষ্ট আছেন এবং কৃষ্ণকলেবর পিঙ্গলদেহ প্রমনা সকল তাঁহাকে প্রহার করিতেছে। ভিনি রক্তচন্দনে চুর্চিত হইয়া, রক্তমাল্য ধারণ পূর্ব্বক গর্দ্দভ যোজিত त्रार्थं पिक्किशा जिम्राथ क उत्पार या के एक हा । तक वनना का मिनो তাঁহাকে দেখিয়া হাসিতেছে এবং বিহতবদন। রাক্ষসী তাঁহাকে আকর্ষণ কারতেছে। আমি ভীষণ রাত্রিশেষে এই ছঃম্বপ্ন দেখি-য়াছি। একণে রাম, রাজা, আমি বা লক্ষণ, যে কেছ হউন, এক · জনকে निक्तत्र मृजूरमूथ शिथां इहेरव। यक्ष, य मनूसारक গৰ্দভ্যোজিত রথে যাইতে দেখা যায়, অচিরাৎই ভাহার

চিতার ধূমশিখা পরিদৃশ্যমান হইয়াথাকে। বয়স্য ! একণে কেবলএই কারণে হুঃখিত হইয়া, তোমাদিগের বাক্যে অভিনন্দন করিতেছি না। আমার কঠ শুক্ষ হইতেছে, মনও অস্কস্থ হইয়াছে। আমি আপাতত ভয়ের কারণ কিছুই দেখিতেছি না, তথাচ পদে পদে বিলক্ষণ ভয়সম্ভাবনা করিতেছি। আমার স্বর বিরুত, কান্তিও মলিন হইয়া গিয়াছে এবং অকারণ জীবনে ধিরুরে উপস্থিত হইতেছে। সখে! এই অচিন্তিতপূর্ব হুঃস্বপ্র দর্শন এবং যাহার সাক্ষাৎকার লাভের আর প্রত্যাশা নাই, সেই রাজাকে স্বরণ করিয়া, আমার অন্তর হইতে কিছুতেই শক্ষা অপনীত হইতেছে না।

সপ্ততিত্য সর্গ।

রাজকুমার ভরত বয়স্যাগণের নিকট স্প্রার্ত্তান্ত কীর্ত্তন করিল তেছেন, এই অবসরে দৃতেরা পরিশ্রান্তবাহনে স্নদৃত্ত্বর্গলসম্প্রম্য রাজগৃহে প্রবেশ পূর্ব্বক, কেকয়রাজ ও য়ুধাজিতের সমিহিত হুইল এবং তাঁহাদিগের ক্বত সৎকারে সবিশেষ প্রীত হুইয়া, ভরতের সমিধানে গিয়া তাঁহাকে অভিবাদন পূর্ব্বক কহিল, রাজকুমার! কুলপুরোহিত বশিষ্ঠ এবং মন্ত্রিগণ অপনকার কুশল জিজ্ঞাসা করিয়াছেন। জিজ্ঞাসিয়া কহিয়াছেন যে, 'কালাতিক্রমে বিশ্ব ঘটিতে পারে, এমন কোন কার্য্য উপস্থিত, তোমাকে তাহা সাধন করিতে হইবে'। এক্ষণে আমরা বহুমূল্য বস্ত্র ও আভরণ আনয়ন করিয়াছি, আপনি এই সকল লইয়া মাতামহ ও মাতুলকে প্রদান ককন। এই সমন্ত ক্রেরের মধ্যে বিংশতি কোটি আপানার মাতামহের এবং দশ কোটি আপানার মাতুলের।

ভরত, বশিষ্ঠপ্রেরিত বস্ত্রাভরণ এহণ এবং দ্তদিগকে অভীষ্ট বস্তু প্রদান পূর্বক জিজ্ঞাসিলেন, দৃতগণ! মহারাজ ত কুশলে আছেন! আর্য্য রাম ও লক্ষণের তৃ কোন বিদ্ন ঘটে নাই? ধর্মজ্ঞা ধর্মপ্রায়ণা দেবী কৌশল্যা ও স্থমিজার ত

মঙ্গল ? আমার প্রাক্তাভিমানিনী ক্রোধনস্বভাব: আত্মন্তরী মাতাই বা কিরূপ ? তিনি কি তোমাদিগকে কোন কথা কহিয়া দিয়াছেন ?

তথন দূতেরা রিনীতভাবে কছিল, রাজকুমার ! আপনি সাঁহাদিগের কুশল কামনা করিভেছেন, তাঁহারা সকলেই কুশলে আছেন ৷ এক্ষণে দেবী কমলা আপনাকে প্রার্থনা করিভেছেন, আপনি অবিলয়েই রথ যোজনা করিতে অনুমতি করুন ৷ ভরত কহিলেন, দূতগণ ! তোমরা যে আমাকে গমনের ত্বরা দিতেছ, আমি অত্যে এই বিষয় মহারাজের গোচর করি ৷

অনস্তর তিনি মাতামহকে গিয়া কহিলেন, মহারাজ! দূতের। আমায় লইতে আসিয়াছে ; আমি এক্ষণে পিতার নিকট যাত্রা করিব, আবার যখন আপনি আমাকে স্মরণ করিবেন, উপস্থিত হইব। তখন কেকয়রাজ ভরতের মস্তকাজাণ পূর্বক কহিলেন, বৎস! কৈকেয়ী তোমা হইতে সৎপুত্রের স্থখ প্রাপ্ত হইয়াছে, আমি তোমাকে অনুমতি দিতেছি, প্রস্থান কর। তুমি গিয়া তোমার মাতা ও ণিতাকে আমাদের কুশল কহিও, পুরোহিত বশিষ্ঠ ও অন্যান্য বিপ্রাণকে এবং তোমার ভাতা রাম ও লক্ষণকেও অনাময় জানাইও। এই বলিয়া কেকয়রাজ, ভরতকে সবিশেষ সৎকার করিয়া উৎকৃষ্ট হস্তী, বিচিত্র কম্বল, মৃগচর্ম, অন্তঃপুরপালিত ব্যাত্রের ন্যায় বল-

সম্পন্ন বৃহৎকার করালদশন কুরুর, তুই সহত্র নিক্ষ এবং বোড়শ শত অশ্ব উপাহার দিলেন। পরিশেষে ভরতের অনুচর হইবার নিমিত্ত কভকগুলি গুণবান বিশ্বাস্য মনোমত অমাত্য প্রদান করিলেন। তাঁহার মাতুল যুধাজিৎও তাঁহাকে ইক্রশির দেশে প্ররাবত নাগের বংশোৎপন্ন বহুসংখ্য স্কৃদ্য হন্তী এবং শীদ্রগামী গর্দত দিলেন। কিন্তু ভরত গমনত্বরা বশত, তৎ-কালে কেকররাজ প্রদন্ত ধন লাভে সবিশেষ হাই হইলেন না। ছঃস্বপ্র স্মরণ ও দূতগণের ব্যগ্রতা প্রদর্শন এই হুই কারণে তিনি যার পর নাই ব্যাকুল হইতে লাগিলেন।

অনম্ভর তিনি অগৃহ ছইতে নির্গত হইয়া ছন্তাশ্বসকুল লোকবহুল রাজপথ অতিক্রম পূর্বক, মাতামহের অন্তঃপুরাতিমুখে
চলিলেন এবং অবারিত গমনে তন্মধ্যে প্রবেশ করিয়া, মাতামহ, মাতুল বুধাজিৎ ও শুন্যান্য আত্মীয় স্বজনকে সন্তাবণ ও
শক্রের সহিত রপারোহণ পূর্বক তথা ছইতে যাতা করিলেন।
প্রস্থানকালে ভ্তােরা বহুসংখ্য রথ যাজনা করিয়া এবং উট্ট
গো অশ্ব ও গর্মত লইয়া তাঁহার অনুগমন করিতে লাগিল।
তিনি মাতামহের ইসন্যসমূহে পরিরক্ষিত এবং অমাত্যগণে
পরিবৃত ছইয়া ইক্রলাক ছইতে সিদ্ধ পুরুষের ন্যায় গমন
করিতে লাগিলেন।

একসপ্ততিতম সর্গ।

মহাবীর ভরত রাজগৃহ হইতে পূর্ব্বাভিমুখে নির্গত হইয়া,
সর্ব্বাগ্রে স্থানা নামী এক নদী পার হইলেন। পরে হ্রাদিনী
নামে পশ্চিমবাহিনী অতি বিস্তীর্ণা এক নদী উত্তীর্ব হইয়া,
শতক্র লক্ষন করিলেন। অনস্তর প্রলগান নামক প্রামে আর
একটি নদী পার হইয়া, অপরপর্বত নামে জনপদ সকল অতিক্রম করিয়া চলিলেন। পরে শিলা ও আকুর্ব্বতী নামী ত্রই নদী
সম্ভরণ করিয়া, অগ্নিকোণে শল্যকর্ষণ নামক এক দেশে উপস্থিত
হইলেন। এই দেশে শিলাবহা নামী এক নদী প্রবাহিত হইতেহিল; সত্যপ্রতিজ্ঞ ভরত পবিত্র হইয়া, সেই নদী সন্দর্শন
ও অনেকানেক পর্বত লক্ষন করিয়া, চৈত্রেরথ কাননে গমন
করিলেন। অনস্তর গঙ্গা * সরস্বতীসঙ্গমে উপস্থিত হইয়া বীরমৎস দেশের উত্তরে যে সকল গ্রাম ছিল, তৎসমুদার অতিক্রম
করিয়া ভাতকণ্ণ নামক বনে উপনীত হইলেন। পরে পর্বত-

^{*} ঐস্থানে সীতা নামে গন্ধার এক শাথা পশ্চিম দিকে প্রবাহিত হইতেছে, তাহাই গল্প। নামে নির্দিষ্ট হইয়াছে।

পরিবৃতা বেগবতী জ্রোত্রতী কুলিঙ্গা উত্তীর্ণ হইয়া দেখিলেন, অদূরে কালিন্দী প্রবাহিত হইতেছেন। তিনি সেই কালিন্দী-তীরে গিয়া, সৈন্যগণকে ক্লান্তি দূর করিতে অনুমতি প্রদান পূর্বক, পরিশ্রান্ত অস্ব সকলকে জলসেকৈ শীতল করাইতে লাগিলেন এবং সমংও তথায় স্নান করিয়া লইলেন।

অনস্তর তিনি ঐ যমুনার জল পান ও কলশে গ্রহণ করিয়া, নভোমওলে দেবতার ন্যায় উৎকৃষ্ট যানে শূন্যপ্রায় অরণ্যে প্রবেশ করিলেন। পরে অংশুধান গ্রামে গমন পূর্ব্বক, ভধায় গঙ্গা পার হওয়া ছক্ষর দেখিয়া, প্রার্থট পুরে চলিলেন এবং ঐ স্থানে গঙ্গা পার হইয়া, কুটিকোঞ্চিকা নদীতে উপনীত ও দৈন্যগণের সহিত তাহা উত্তীর্ণ হইয়া, ধর্মবর্দ্ধন গ্রামে বাইতে লাগিলেন। তদনন্তর তোরণ নামক প্রামের দক্ষিণ ভাগ দিয়া জন্প্রস্থে, জনুপ্রাশ্ব হইতে বরুথ জনপদে উপস্থিত হইলেন এবং ঐ স্থানের এক স্থরম্য বনে বিশ্রাম করিয়া যথায় প্রিয়ক নামক রক্ষ সকল রহিয়াছে, উজ্জিহানা নগরীর সেই উদ্যানে চলিলেন। অনস্তর তিনি ঐ সকল রক্ষের সন্ধি-হিত হইয়া, এক বেগগামী অথে আরোহণ করিলেন এবং সৈন্য-্দিগকে পশ্চাৎ পশ্চাৎ আদিতে অনুমতি দিয়া, একাকী ক্ৰত-গতিতে গমন করিতে লাগিলেন। পরে সর্বতীর্থ গ্রামে উপ-নীত হইয়া, বহুসংখ্য পার্ব্বত্য তুরগের সহিত ভ্রোতম্বতী

উত্তরগা ও অন্যান্য নদী পার হইলেন। অদ্রেই হস্তিপৃষ্ঠক থ্রাম, তথায় কুটিকা নদী বহিতে ছিল, তিনি তাহাও উত্তীর্ন হইয়া লোহিত্য থ্রামে কপীবতী, একসাল থ্রামে স্থাণুমতী এবং বিনত থ্রামে গোমতী অভিক্রম করিলেন। অনস্তর কলিক নগরে সাল-বন পার হইয়া রাজিশেষে পরিশ্রীস্ত অধ্যে অযোগ্যার সমিহিত হইলেন।

ভরত, সাত রাত্রি কেবল পথে পথেই আসিয়াছেন, তিনি ममूर्थ अध्योधा नित्रोक्षण कतिया मात्रशिंदक कहिलान, तन्थ, আজ এই যশবিনী অযোধ্যাকে দূর হইতে নিভান্ত নিরানন্দ ৰোধ হইতেছে। এই নগরী গুণবান যাজ্ঞিক, বেদপারগ ত্রান্ধণ ও বহুসংখ্য ধনী লোকে পরিপূর্ণ এবং প্রধান রাজর্ষির যত্নে প্রতিপালিত হইলেও গাজ যেন শূন্য শূন্য দেখিতেছি, ইহার মৃত্তিকাও পাণ্ডবর্ণ লক্ষিত হইতেছে। পূর্বে এই নগরীতে নরনারিগণের তুমুল কোলাহল চতুর্দিকে প্রাতিগোচর ছইত, আজি যেন নীরব। পূর্বেব বিলাদীরা ইহার যে সমস্ত উদ্থানে সায়াহে প্রবেশ করিয়া, প্রাতে নির্গত হইত, সেই সকল এখন जानांत्रे रवाध वहेर उहि। जावाता जाहरमनं नाहे विलया, राम রোদনই করিতেছে। সার্থি! আমি আজ এই রাজধানীকে অরণ্যময় দেখিতেছি। এই স্থানের প্রধান প্রধান লোকেরা পূর্ব্ব-বং হস্তী অশ্ব বা অন্য কেইন যানে গমনাগমন করিতেছেন না ৷ লভাগৃহ প্রভৃতি বিলাদের দ্রব্য আছে বলিয়া, যে সকল উপবন বিহারকালে সর্বাংশেই অনুকূল বোধ হয়, যথায় মদিরামত্ত
নায়ক নায়িকারা আসিয়া আশ্রেম লইয়া থাকে, আজ সেইগুলি
খৈন নিস্তব্ধ রহিয়াছে। প্রতিপথের কৃষ্ণ হইতে পত্র সকল
শ্বলিত হইতেছে, কলকণ্ঠ বিহন্ধ ও মত্ত মৃগগণের মুধুর ধ্বনি
আর শুনা বাইতেছে না। নির্মাল বায়ু, চন্দন অগুরু ও ধূপে
স্থান্ধী হইয়া পূর্ববিৎ বহন করিতেছে না। কি কারণেই
বা ভেরী মৃদক্ষ ও বীণারব বিরত হইয়া আছে: প্রকণে
চতুর্দিকেই অশুভস্কাক বিবিধ পক্ষী এবং অপ্রীতিকর নিমিত্ত
দৃষ্ট হইতেছে, আমার আত্মীয় স্বজনের নিরবছিম্ম কুশল
লাভ তুর্লভ বটে, কিন্তু অমঙ্গলের কারণ না থাকিলেও আজ
আমার হৃদয় অবসন্ধ হইয়া আসিতেছে।

এই বলিতে বলিতে ভন্নত উৎকণ্ঠিত মনে প্রান্তবাহনে বৈজরন্ধ দার দিয়া অযোধ্যার প্রবেশ করিলেন। তখন দারপালেরা
গাত্রোপান পূর্বক বিজয়প্রশ্নে তাঁহাকে সম্বর্জনা করিয়া তাঁহারই
সমভিব্যাহারে চলিল। তিনি সানরে তাহাদিগকে প্রতিগমনের
অনুমতি দিয়া অস্থির চিত্তে বাইতে লাগিলেন। বাইতে বাইতে
কেকয়রাজের সার্যিকে কহিলেন, হত! দূতেরা কি নিমিত্ত
অকারণ আমায় ত্রা প্রদর্শন করিয়া আনিল ? আমার অন্তরে
সততই অশুভ আশক্ষা উপস্থিত হইতেছে, আমি ক্রমশই অধীর

হৈইতেছি ; রাজার মৃত্যু হইলে যেরপ শুনিতে পাওয়া যায়, সেই সকল আকারই চতুর্দিকে দেখিতেছি। দেখ, গৃহস্থের বাস্তু সকল অপরিক্স, প্রতিগৃহের কপাট উদ্যাটিত রহি-য়াছে, সমুদায় হতঞী, দেবতাদি বলি ও ধূপবাস কোন স্থলেই নাই, এবং অনাহারে সকলেই হতজ্ঞান হইয়া আছে। দেবালয় শোভাহীন ও শূন্য এবং উহা পুষ্পমাল্যে অলক্কৃত, উহার অঙ্গনও পরিষ্কৃত নহে। দেবগণের পূজা ও যজ্ঞগোঞ্চীর অনু-क्षीन किडूरे पिथिए हिना। भोला-विभागेए विद्वास माला নাই, ক্রয়বিক্রয়ব্যপোর সম্পূর্ণ রহিত হইয়াছে বলিয়া, বণিকেরা আপণ সকল ৰুদ্ধ করিয়াছে , পূর্ব্বে ইহাদিগের যেরূপ উৎ-সাহ দেখিতাম, আজ তাহার কিছুই দৃষ্ট হইতেছে না, সক-लिहे (यन वार्कूल। এই मकल प्रविश्वासन ও চৈত্য वृक्त पृश ও পক্ষিগণ দীনভাবে রহিয়াছে। বলিতে কি, অদ্য নগরের জ্রীপুৰুষ সকলকেই উৎকণ্ঠিত চিস্তিত দীনবদন অশ্রুপূর্ণ-লোচন মলিন ও ক্লশ দেখিতেছি।

ভরত সারথিকে এইরপ কহিয়া রাজপ্রাসাদে প্রবেশ করিলেন। তৎকালে তিনি সেই ইন্দ্রনগরী অমরাবতীর তুল্য পুরীর এইরপ ত্ররক্ষা দর্শন করিয়া যার পর নাই ছঃখিত হইলেন। উহার চতুষ্পথ ও রধ্যায় জনসঞ্চার নাই এবং কপাটি ও দারবস্ত্র সকল ধূলিধূসর হইয়াছে। ভরত পিতার জীবদ্দশায় বে সমস্ত অপ্রিয় অবলোকন করেন নাই, এক্ষণে সেই দকল প্রভ্যক্ষ করিয়া অবনভবদনে দীনমনে পিতৃগৃহে প্রবেশ করি-দেন।

ছিসপ্ততিত্য সর্গ।

ভিনি পিতৃগৃহে পিতার দর্শন না পাইয়া, মাতৃগৃহে মাতার নিকট গমন করিতে লাগিলেন। তখন কৈকেয়ী পুত্রকে প্রবাস হইতে আসিতে দেখিয়া, প্রফুল্লমনে স্বর্ণাসন পরিভ্যাগ পূর্বক উত্থিত হইলেন। ভরতও গৃহপ্রবেশ করিয়া তাঁহাকে প্রণাম করিলেন।

অনস্তর কৈকেয়ী তাঁহাকে আলিক্সন ও তাঁহার মন্তকাজাণ করিয়া, অঙ্কে এইণ পূর্বক জিজ্ঞাসিলেন, বংস! বল, আজ্ঞ কর রাত্রি মাতামহের আবাস হুইতে নির্গত হইরাছ? ক্রত-গতিতে রথে আসিতে কি তোমার পথশ্রম হয় নাই? তোমার মাতামহ ও মাতুলের কুশল ত? তুমি প্রবাসী হইয়া অবধি সুখে ছিলে কি না?

ক্যললোচন ভরত কহিলেন, জননি ! আজ সাত রাত্রি হইল, আমি মাতামহের রাজধানী পরিত্যাগ করিয়াছি। তোমার পিতা ও জ্রাতা উভয়েই কুশলে আছেন। কেক্য়রাজ আমাকে ধেধনরত্ব প্রদান করিয়াছেন, ভাহা বহন করিতে বাহনেরা পথে ক্লান্ত হইয়া পড়িয়াছে, এই কারণে আমি অত্যে আয়ুমন করিলাম। যাহাই হউক, এক্ষণে ভোমাকে একটি কথা জিজ্ঞাসা করি, পিতার বার্ত্তাহারকেরা কেন আমাকে ত্বরা প্রদর্শন করিয়া আনিয়াছে? ভোমার এই শরন করিবার স্বর্ণময় পর্যান্ত শূন্য, ইক্লাকু কুলের কেহই প্রকুল্ল নহেন: পিতা ভোমার এই গৃহৈ প্রায়ই থাকেন, আমি আজ আসিয়া তাঁহাকেও দেখিলাম না; ইহার কারণ কি? এক্ষণে আমি তাঁহার চরণ বন্দনা করিব, বল ভিনি এখন কোথায় রহিয়াছেন? তিনি কি জ্যেষ্ঠা মাতা কোশালার গৃহে কাল্যাপন করিতেছেন?

তখন রাজ্যলোভমৌহিত কৈকেয়ী ঘোর অপ্রিয় কথা প্রিয়জ্ঞানে কহিলেন, বংস! সেই যজ্ঞশীল সজ্জনশরণ মহা-রাজ জীবসাধারণের যে গতি, এক্ষণে তাহাই অধিকার করিয়া-ছেন।

ভরত •এই কথা প্রবণ করিবামাত্র যৎপরোনাস্তি কাতর হইয়া, হা হতোশ্মি বলিয়া, বাহু প্রসারণ পূর্ব্বক ভূতলে মূর্চ্ছ ত হইয়া পাড়িলেন এবং অত্যন্ত দুঃখিত হইয়া ভান্ত ও আকুলিত-মনে কহিলেন, হা! শরৎকালের রজনীতে নির্মাল চক্র যেমন নভোমওলকে স্পোভিত করেন, পিতা থাকিতে এই শয়া সেই রূপই স্পোভিত ছিল; আজ তাঁহার অভাবে ইহার আর প্রভানাই। এক্ষণে ইহা শশাস্কহীন আকাশ ও সলিলশ্বা সাগরের

'ন্যায় নিরীক্ষিত হইতেছে। এই বলিয়া মহাবীর ভরত, বসনে বদন আচ্ছাদন পূর্বক রোদন করিতে লাগিলেন।

তথন কৈকেয়ী স্ব্যচন্দ্র সঙ্কাশ মাতক সদৃশ অমরপ্রভাব শোকার্ত্ত পুত্র ভরতকে অরণ্যে কুঠারচ্ছিন্ন সালরক্ষের শাখার ন্যায় ভূতলে নিপতিত দেখিয়া, স্বয়ং তাঁহাকে উত্থাপন পূর্বক কহিলেন, বৎস! ভূমি কি কারণে ধরাসনে শয়ন করিয়া আছ? গাত্রোত্থান কর; দেখ, তোমার ন্যায় স্বসভ্য সাপ্রলোকেরা কদাচই শোকে অভিভূত হন না। তোমার বৃদ্ধি শ্রুতি, শীল ও তপস্যার অনুগামিনী এবং দান ও যজ্জের সম্পূর্ণই অধিকারিণী। স্ব্যামণ্ডলে প্রভার ন্যায় ইহা তোমার অন্তরে সভতই বিরাজ করিতেছে।

অনস্তর ভরত ভূতলে অঙ্গ পরিবর্ত্তন পূর্ব্বক বহুক্ষণ রোধন করিয়া, শোকাকুল মনে জননীকে কহিলেন, অন্ধ! পিতা আর্য্য রামকে রাজ্যে অভিবেক ও যাগযজ্ঞের অনুষ্ঠান ক্ষিবেন, এই ভাবিয়া আমি মহা আনন্দে রাজগৃহে গিয়াছিলাম, কিন্তু যা ভাবিয়াছিলাম, তাহার সম্পূর্ণ বিপরীত ঘটিয়াছে। আমি যে প্রিয়কারী পিতাকে দেখিতেছি না, ইহাতেই আমার মন বিদীর্ণ হইয়া যাইতেছে। জননি! আমার অনুপস্থিতি কালে পিতা কোন্ ব্যাধিতে আক্রান্ত হইয়া দেহ ভ্যাগ করিলেন? সেই কীর্ত্তিমান রাজা, আমি যে আসিয়াছি ভাহা নিক্রমই জানিতে- ছেন না, জানিলে সত্তর আমার মন্তক সন্নত করিয়া আন্তাণ করিতেন। আমার অক ধূলিধূসর হইলে, যে সুখপ্পার্শ হস্ত মার্জ্ঞনা করিয়া দিত, হা! এখন তাহা কোথায় রহিল ? বলিতে কি, যাঁহারা পিতার দেহান্তে অগ্নিসংস্বীরাদি কার্য্য করিয়াছেন, তাঁহারাই খন্য। যাহাই হউক, মাতঃ! অতঃপর তুমি রামকে শীদ্র আমার আগমন সংবাদ দেও। তিনি আমার আতা, পিতা, বন্ধু এবং আমি তাঁহার প্রিয় দাস। যে ব্যক্তি থার্মিক ও বিজ্ঞ, জ্যেষ্ঠ আতাকে পিতার তুল্য দেখা তাহার কর্ত্ব্য। আমি এক্ষণে রামের চরণে প্রণাম করিব, তিনিই আমার আতায় ৷ আর্যা! অন্তকালে সেই ধর্মজ্ঞ, ধর্মশীল, সত্যনিরভ, দৃঢ়ত্রত মহারাজ কি কহিয়া গিয়াছেন ? বল, শুনিতে আমার অত্যন্তই ইচ্ছা হইতেছে।

কৈকেয়ী কহিলেন, বৎস! ভোমার পিতা 'হা রাম! হা লক্ষণ ! হা দীতা!' কেবল এই বলিতে বলিতে লোকান্তরে গিয়াছেন। হন্তী যেমন রজ্জুবদ্ধ হয়, সেইরপ তিনি মৃত্যুপাশে সংযত হুইয়া পরিশেষে কেবল এই মাত্র কহিলেন, যাহারা জানকীর সহিত রাম ও লক্ষ্মণকে পুনরায় অযোধ্যায় আগমন করিতে দেখিবে, তাহারাই ধন্য।

ভরত এই দ্বিতীয় অপ্রিয় কথা শুনিয়া, বিষধবদনে পুনরায় জিজ্ঞাসা করিলেন, জননি! সেই ধর্মপরায়ণ রাম, এক্ষণে লক্ষণ ও সীভার সহিত কোথায় আছেন? তখন কৈকেয়ী, রামের বনবাসে ভরত স্থী হইবেন জ্ঞান করিয়া কহিলেন, বৎস! সেই রাজকুমার চীর পরিধান পূর্বকি লক্ষণ ও সীভার সহিত দওকারণ্যে যাত্রা করিয়াছেন।

ভরত আপনার কুলনিয়ন সম্যক অবগত ছিলেন, তিনি জননীর মুখে এই বাক্য শ্রবণ করিবামাত্র রামের চরিত্রদোষ আশঙ্কা করিয়া কহিলেন, মাতঃ! রাম কি কোন কারণে ত্রহ্মস্থ হবণ করিয়াছেন ? সম্পন্ন বা অসম্পন্নই হউক, নিরপরাধে কি কাহারো ক্ষতি করিয়াছেন ? পরস্ত্রীতে ত তাঁহার অভিলাষ হয় নাই ?
বল, এক্ষণে কি কারণে তাঁহাকে দণ্ডকারণ্যে নির্বাসিত করা হইল ?

তখন তাঁহার প্রাক্তাভিমানিনী চক্ষলা জননী, দ্রীম্বভাব নিবস্তুন পুলকিত মনে কহিতে লাগিদোন, বংস! রাম ত্রক্ষ হরণ করেন নাই, সম্পন্ন বা অসম্পন্নই হউক, নিরপরার্ধে কাহারও ক্ষতি করেন নাই, এবং পরস্ত্রীও চক্ষে দেখেন নাই। কিন্তু বংস! আমি তাঁহার অভিষেকের কথা শুনিয়াই নুপতির নিকট ভোমার রাজ্য ও তাঁহার বনবাস প্রার্থনা করিয়াছিলাম। রাজা পূর্বে আমাকে হুইটা বর দিবেন অঙ্গীকার করিয়া-ছিলেন, স্কতরাং তিনি সত্য রক্ষার অনুরোধে ভোমাকেই রাজ্য দিয়াছেন। এক্ষণে রাম, সোমিত্তি ও সীতার সহিত নির্মান সিত হইয়াছেন। মহারাজ সেই প্রিয় পুরের অদর্শনে শোকে আকুল হইয়া দেহপাত করিয়াছেন। অতঃপর তুমি রাজ্য এইণ কর; আমি কেবল ডোমারই নিমিন্ট এই কাও ঘটাইনিয়াছি। এই নুগরী ও সমস্ত সাম্রাজ্য তোঁমারই হইয়াছে। তুমি শোক সন্থাপ বিসর্জন কর এবং বিধানজ্ঞ ব্রাহ্মণগণের, সাহাম্যে মহারাজ্যে অন্ত্যেক্টি কার্য্য করিয়া, রাজ্যে অভিষ্ঠিক হও।

ত্রিসপ্ততিত্য সর্গ

ভখন ভরত পিতৃমরণ এবং রাম ও লক্ষাণের নির্বাসন এই ছুই অপ্রীতিকর কথা প্রবণ করিয়া সম্ভপ্রমনে কহিলেন, হা! স্বামি, পিতা এবং পিতৃতুল্য ভ্রাতা উভয়কেই হারাইয়াছি, একণে এই হতভাগ্যের রাজ্যে আর কি হইবে? পাপীয়সি! তুই আমার পিতাকে নাশ ও ভ্রাতাকে তাপসবেশে বনবাস দিয়া হুংখের উপর হুঃখ এবং ক্ষতের উপর যেন ক্ষার প্রদান করিয়া-ছিস। তুই আমাদিগের কুলক্ষয় করিবার নিমিত্ত কালরাত্রি-স্বরূপ উপস্থিত হইয়াছিলি। আমার পিতা না বুঝিয়াই অকা-রকে আলিক্সন করিয়াছিলেন। কুলকলক্ষিনি! তুই আপনার वृद्धिंदगारम এই বংশে ऋरभेत शर्थ कण्ठेक निव्नोहिन्। यहा-রাজ আজ ভো হতেই হঃখে দেহত্যাগ করিয়াছেন। একণে বল্. তুই কি কারণে আমার ধর্মবৎসল পিতার প্রাণাস্ত कतिलि? कि कांत्रण जांगरक वनवांत्र मिलि? किनहे वा छिनि অরণ্যে গেলেন? শোকাতুরা কেশিল্যা ও স্থমিত্রা যদিও প্রাণ ধারণ করিতে পারিতেন, কিন্তু ভোর জন্য ভাহা ঘটিবে না।

ধর্মপরারণ রাম মাতৃনির্বিশেষে তোকে শ্রন্ধা ভক্তি করিছেন, এবং জ্যেষ্ঠা মাতা দূরদর্শিনী কেশিল্যাও ভগিনীর তুল্য ম্বেছ করেন, কিন্তু তুই তাঁহারই পুত্রকে অকুরমনে বল্কল পরা-ইয়া বনবাসী করিয়াছিসু! রাম সাধুদশী যশসী ও মহাবীর, তাঁহাকে নির্মাসিত করিয়া তোর কি ইউ লাভ হইল? ডুই অত্যম্ভ লুব্ধখভাব, আমি রামকে কি রূপ চক্ষে দেখিতাম, বোধ হয়, ভাষা জানিতে পারিস্নাই, সেই কারণেই রাজ্যের নিমিত এত দূর অনর্থ ঘটাইয়াছিস্। একণে আমি পুরুষ প্রধান রাম ও লক্ষ্মণকে না দেখিয়া, কোনু শক্তিপ্রভাবে রাজ্যরকায় সমর্থ হইব। সুমেক যেমন আত্মরকার্থ স্থ-শিখরসঞ্জান্ত বন আশ্রয় করিয়া থাকে, তদ্রূপ মহারাজও প্রতিনিয়ত সেই মহাবীরকে আশ্রয় করিতেন। স্নতরাং আমি প্রবলগ্গত ভার কোনু সাহসে বছন করিব? যোগপ্রভাব বা বুদ্ধিবলে যদিও এই বিষয়ে म्मर्थ हरे, "ज्थार जांत्र मनकामना প्रानास्त्र भून कतिव ना। এক্ষণে যদি ভোর উপর রামের মাতৃবৎ মর্যাদা না থাকিত, ভাহা হইলে আমি ভোকে পরিত্যাগ করিতেও কুঠিত হইতাম না! রে ছঃশীলে! আমাদের কুলবিগহিত এই পাপবৃদ্ধি কি রূপে তোর উপস্থিত হইল ? আমাদের বংশে জ্যেষ্ঠেরই রাজ্যাধিকার হয় এবং অন্যান্য ভাডোরা তাঁহার অধীন হইয়া থাকেন। একণে বোৰ হইডেছে, তুই এই রাজধর্ম কিছুই জানিস

না,এবং রাজধর্মের অব্যভিচারিণী গতিও জ্ঞাত নহিস্ । রাজকুমারদিগের মধ্যে জ্যেষ্ঠই রাজা হন, এই ব্যবহার সকল রাজকুলে, বিশেষত ইক্লাকুদিগের বিশেষ আদরণীয়, কিন্তু আজ
তুই, সেই সকল ধর্মরক্ষক কুলাচারপ্রতিপালকদিগের চরিত্রগর্মন
ধর্ম করিয়া দিলি । রাজবংশে তোর জন্ম হইরাছে, বল্ দেখি,
এইরপ গর্হিত বুদ্ধিঅংশ কিরপে উপক্তি হইল ? পাপে ! তুইই
আমার প্রাণস্তকর বিপদ ঘটাইয়াছিস্, আমি কোন মতেই
তোর ইচ্ছা সম্পন্ন করিব না । আমি এখনই তোর অনিফ করিবার
নিমিত্ত সকলের প্রিয় রামকে কিরাইয়া আনিব ৷ তাঁহাকে
আনিয়া স্বান্ধকে তাঁহার দাস হইয়া থাকিব ।

ভরত শোকে নিভাস্ত নিপীড়িত হইরা এইরপ অপ্রীতিকর কথার কৈকেয়ীর মর্মছেদ পূর্বক মন্দর পর্বতের কন্দরগত সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিল্লেন।

চতুঃসপ্ততিত্য সর্গ

তৎকালে তরত মাতাকে এই প্রকার তিরক্ষার করিয়া, ক্রোধ-ভরে পুনরায় কহিলেন, নৃশংসে! তুই এখনই এ রাজ্য ত্যাগ করিয়া, দূর হইয়া যা। তুই অধর্মী, লোকাস্তরিত স্বামীর উদ্দেশে তোর রোদন করিবার অধিকারই নাই। রাম এবং ধর্মশীল রাজা ভোরে এমন কোনু বিষয়ে দোষী করিয়াছিলেন, যে ভোর জন্য একজন বনে গেলেন, আর একজন কালগ্রাসে পভিত হইলেন। এই কুলনাশের নিমিত্ত ভোর নিশ্যুই ব্রহ্মহত্যাপাতক ঘটিয়াছে। তুই নরকে যা, পিতার যে লোকে গতি হইয়াছে, তেইর কদাচই তাহা না হউক। তুই সর্বদোকপ্রিয় রামকে বনবাস দিয়া যে পাতক সঞ্চয় করিয়া-ছিদ তাহাতে তোর পুত্র বলিয়া আমার মনেও লোকঞ্ল-ক্ষের আশকা জ্বিয়াছে। তো হতেই পিতা দেহত্যাগ করিলেন, রাম বনচারী হইলেন এবং আমিও ইহলোকে অযশহী হইয়া রহিলাম। রাজ্যকামুকি! তুই আমার মাতৃরূপিনী শুক্র। পতিঘাতিনি ! হুরুত্তে ! তুই আমার কথা মুঁখেও আনিস্না । তোরই জন্য কেশিল্যা স্থমিত্রা এবং অন্যান্য মাতৃগণ যৎপরো-

নাজি হংখ পাইতেছেন। তুই ধর্মাজ অশ্বপতির কন্যা নহিস্, তাঁহার আলয়ে আমার পিতৃকুলনাশিনী রাক্ষসী জিঘিয়াছিস্। তুই অত্যন্ত পাপিন্ঠা, ভোর পাপেই আমি পিতৃহীন ও লাতৃহীন এবং লোকের হণার পাত্র হইলাম। তুই ধর্মশীলা কেশিল্যাকে পিতিপুত্রবিহীন করিয়া, বল দেখি, আজ কোন্ নরকে যাইবি? ক্রে! সর্বজ্যেন্ঠ পিতৃতুল্য আর্য্য রাম যে সকলেরই আশ্রয়, তুই কি ভাষা জানিস্না? অঙ্গ প্রত্যন্ত সমুৎপন্ন পুত্র, হৃদয়পুণ্ণ-রীক হইতে সঞ্জাত হয়, এই জন্য সে যে, অন্যান্য স্বসম্পর্কীয় অপেক্ষা মাতার অধিকতর প্রীতির পাত্র হইয়া থাকে, এক্ষণে এইটি সপ্রমাণ করিবার নিমিত্ত আমি এক উপাধ্যান কীর্ত্রন করিতেছি, প্রবণ কর্।

কোন এক সময়ে সুরপ্রভাব সুরভি আকাশপথে যাইতে যাইতে দেখিলেন, তাঁহার ছুইটি পুত্র বলীবর্দ, পৃথিবীতে হল বহন করিতেছে। উহারা দিবসের অর্ক্ষভাগ পর্যান্ত হল বহনে একান্ত কান্ত ও নিতান্ত পরিপ্রান্ত হইয়া বিচেতন প্রায় হইয়াছিল। তদর্শনে সুরভি পুত্রশোকে কাতর হইয়া বাজ্পাকুল লোচনে রোদন করিতে লাগিলেন। ইত্যবদরে সুররাজ ইক্র তাঁহার নিম্ন দিয়া গমন করেন। ইত্রের দেহে সুরভির ঐ স্ক্রম স্থগন্ধি বাজাবিন্দু সহসা নিপতিত হইল। তথন ইক্র উর্ক্লে দৃথ্যিপাত পূর্বক দেখিলেন, আকাশে সুরভি

শোকাকুল ও ছংখিত মনে রোদন করিতেছেন, দেখিয়া তিনি বংপরোনান্তি উদ্বিগ্ন হইয়া কডাঞ্জলিপুটে কহিলেন, স্থরভি! দেবগণের ত কুত্রাপি ভয় সম্ভাবনা নাই? এক্ষণে বল ভূমি কারণে এইরপ কাতর হইলে?

তখন কামধের স্থরতি ধীরভাবে কহিলেন, স্বরাজ। অমঙ্গল দূর হউক, কুত্রাপি তোমাদিগের ভয় নাই সত্য, কিন্তু ঐ দেখ, আমার ছুইটি পুত্র বলীবর্দ্দ, উন্ধতানত ভূমিতে অবস্থিত হইয়া অত্যন্ত ছঃখ পাইতেছে। একে উহারা ক্লশ, হলভারপীড়িত ও রোদ্রে উত্তপ্ত হইয়াছে, তাহাতে আবার ছ্রাত্মা ক্ষক উহাদিগকে তাড়না করিতেছে। উহারা আমার দেহ হইতে উৎপন্ন হইয়াছে বলিয়াই, এক্ষণে উহাদিগের ছ্রবস্থার আমি যার পর নাই পরিতপ্ত হইতেছি। দেবরাজ! পুত্রের তুল্য প্রিয় আর কিছুই নাই।

যাঁহার দস্তান সম্ভতি দ্বারা সমগ্র জগৎ ব্যাপ্ত হইরা আছে, ইন্দ্র সেই স্থরভিকে রোদন করিতে দেখিয়া, পুত্রকে অধিকতর প্রিন্ন বৌধ করিলেন এবং ভদবধি স্থরভিকেও সর্ব্বাপেক্ষা উৎ-কৃষ্ট জ্ঞান করিছে লাগিলেন। এক্ষণে দেখ, যাঁহার পুত্র অসংখ্য, সেই সাধুশীলা শ্রীমতী গুণবতী স্থরভিও পুত্রার্থ শোক করিয়া থাকেন, স্বভরাং কোশল্যা যে, রাম ব্যাভিরেকে প্রাণ-ভ্যাগ করিবেন, ইহাভে আর বক্তব্য কি আছে। ভাঁহার একটি- মার পুত্র, কিন্তু তো হতেই তিনি নিঃসন্তান হইয়াছেন; বলিতে কি, এই পাপে তোরেও অচিরাৎ ইহকাল ও পরকালে কফ পাইতে হইবে। কেন্দণে আমি পিতার ঔদ্ধিদেহিক কার্য্য অনুঠান করিয়া, আর্য্য স্থামকে বন হইতে প্রত্যানয়ন করিব।
তাঁহাকে আনিয়া স্বয়ংই মুনিজনসেবিত অরণ্যে প্রবেশ পূর্বক যশরী হইব। কিন্তু রে পাপশীলে! পোরগণ সজলনয়নে আমায় নিরীক্ষণ করিবে, আর আমি যে তোর পাপকার্য্যের, ভার বহন করিব, ইহা কখনই হইবে না। অভঃপর তুই অগ্নিতে প্রবিষ্ট হ, বা দওকারণ্যেই যা, অথবা কঠে রক্ত্রু বন্ধন করিয়া প্রাণত্যাগ কর, ভোর গত্যন্তর নাই। এক্ষণে রাম অযোধ্যা রাজ্যে আগমন করিলে আমি কভকার্য্য হইব এবং আমার কলঙ্কও দূর হইয়া যাইবে।

এই বলিয়া ভরত অঙ্কুশাহত আরণ্য মাতক্ষের ন্যায় কোধাবিষ্ট ভূজকের ন্যায় ঘন ঘন নিঃশ্বাস পরিভগণ করিতে লাখিলেন । তাঁহার নেত্র রোধে আরক্ত হইয়া উঠিল, এবং কটিভটের বস্ত্র শিধিল হইয়া গেল। তিনি অক্ষের সমস্ত আভরণ দূরে নিক্ষেপ করিয়া, উৎসবাবসানে শক্রধ্বজ্বের ন্যায় ভূতলে পতিত ও হতজ্ঞান হইয়া রহিলেন।

পঞ্চনপ্রতিত্য সর্গ।

অনস্তর ভরত বহুক্ষণের পর চেতনা লাভ করিয়া, গাজোখান পূর্ব্বক অঞ্চপূর্ন লোচনে হংগিতা মাতার প্রতি দৃষ্টিপাত করত অমাত্যগণ মধ্যে কহিতে লাগিলেন, আমি কখন রাজ্য কামনা করি না এবং রাজ্য গ্রহণার্থ জননীকেও প্রেরণ করি নাই। আমি শক্রন্নের সহিত অতিদূরতর প্রদেশে বাস করিতেছিলাম, স্নতরাং মহারাজ যে অতিষেকের কল্পনা করিয়াছিলেন, ভাহাও জানিতে পারি নাই এবং জক্ষণ ও জানকীর সহিত আর্য্য রাম, ধেরূপে নির্ব্বাসিত হইয়াছেন, ভাহাও জ্ঞাত নহি।

যখন তরত জননীকে ভৎ সনা করিতেছিলেন, তৎকালে দেবী কে শিল্যা, তাঁহার কঠের শব্দ পাইয়া স্থমিত্রাকে কহিলেন, দেখ, ক্রেম্বভাবা কৈকেয়ীর পুত্র ভরত আসিয়াছেন। ভরত দ্রদশী, এক্ষণে আমি তাঁহার সহিত একবার সাক্ষাৎ করিব। এই বলিয়া কে শিল্যা বিবর্ণমুখে কম্পিতদেখে যথায় ভরত সেই স্থানে চলিলেন। ঐ সময় ভরত্ত তাঁহার দর্শনার্থা হইয়া

শিক্তব্লের সহিত তাঁহার আলয়ে যাইতেছিলেন, পথি মধ্যে তাঁহাকে আসিতে দেখিয়া অঞ্পূর্ণলোচনে আলিঙ্গন করিলেন। তখন কেশিল্যা দুঃখভারে কাঁদিতে কাঁদিতে ভরতকে কহিতে লাগিলেন, বৎস! তুমি রাজ্যাভিলাষী, এক্ষণে নিক্ষণ্টক রাজ্য পাইয়াছ। ভোমার জননী কৈকেয়ী অতি নিষ্ঠুর উপায়ে উহা হস্তগত করিয়াছেন। জার্দি না, সেই ক্রুরদর্শিনী আমার রামকে চীরবসনে বনে পাঠাইয়া কি ফল লাভ করিভেছেন ? যাহাই হ্উক, সুবর্ণবর্ণ-নাভিসম্পন্ন রাম যথায় আছেন, কৈকেয়ী সেই স্থানে আমাকেও শীত্র প্রেরণ করুন। অথবা আমি স্বয়ংই স্থমিত্রার সহিত অগ্নিহোত্র লইয়া পরম সুখে তথায় যাত্রা করি। কিম্বা, বৎস ! রাম যে স্থানে তপস্যা করিতেছেন, তুমিই আমাকে তথায় লইয়া চল। দেখ, এই হস্ত্যশ্ববহুল ধনধান্যপূর্ন বিস্তীর্ণ রাজ্য তোমারই হইয়াছে।

কেশিল্যা এই প্রকার কঠোর বাক্যে ভর্থ সনা ফরিলে, ক্ষত স্থানে স্থানি করিলে যেমন হয়, ভরত সেই রূপই ব্যথিত ছইলেন এবং তাঁহার চরণে নিপতিত হইয়া, বহুবিধ বিলাপ ও পরিতাপ পূর্বক কিয়ৎক্ষণ বিচেতন হইয়া ইছিলেন। অনম্ভর তিনি সংজ্ঞা লাভ করিয়া ক্লতাঞ্জলিপুটে কহিতে লাগিলেন, আর্য্যে! আমি এই রুপ্তান্ত কিছুই জানি না, এই বিষয়ে আমি সম্পূর্ণ নিরপরাধী, আপনি অকারণ কেন আমায় ভর্মনা

করিতেছেন ? স্বার্য্য রামের প্রতি স্বামার যে স্বিচলিত প্রীতি আছে, আপনি তাহা কি জানেন না? এক্ষণে অধিক আর কি কহিব, সেই সত্যপ্রতিজ্ঞ রাম যাহার মতক্রমে বনে গিয়াছেন, 'তাহার বুদ্ধি যেন কদাচই শিক্ষিত শান্তোর অনুগামিনী না হয় ; সে পাপাচারীদিগের দাস হইয়া থাকুক, স্থা্যের অভিমুখে মল্যুত্রাদি পরিত্যাগ ও নিদ্রিত ধেরুর দেহে পদাঘাত কৰক; কর্মসমাধ্যনান্তে যে ব্যক্তি ভূত্যকে বেতন প্রদান না করে, তাহার যে অংশ সে তাহাই প্রাপ্ত হউক, পুত্রনির্বিশেষে যে রাজা প্রজাদিগকে প্রতিপালন করিতেছেন, যে হুরাচার তাঁহার অনিষ্ট চেষ্টা করে, তাহার যে পাপ, সে তাহাই অধিকার কৰুক এবং যিনি যন্তাংশ কর লইয়া প্রজাদিগকে পালন না করেন, তাঁহার যে অধর্ম, সে তাহাতেই লিপ্ত হউক। আর্য্যে! যাহার মতক্রমে রাম বনে •গিয়াছেন, তাপসগণকে যজ্ঞীয় দক্ষিণা অদ্বীকার করিয়া যে তাহার অপলাপ করে, উহার পাপ ভাহাকে স্পর্শ করুক; সে যেন হস্তাশ্বসন্থল শস্ত্রস্বাকুল সংগ্রামে পুরাঙ্মুখ হয় ; বুদ্ধিমান আচার্য্য যে স্ক্রার্থ শান্তে উপদেশ দিয়াছেন, ঐ তুর্মতি তাহা বিপর্য্যন্ত করিয়া ফেলুক, **७**वर म महें जाका जून विज्ञाह विभागक क्या प्रशासक-সঙ্কাশ মহাবীর রামের রাজ্যাধিকার পর্য্যন্ত যেন জীবিত ना थारक। जार्याः! यादात मङ्क्राम ताम वत्न निवाद्यन,

সেই নিমুণ প্রাদ্ধাদিনিমিত্ত ব্যতিরেকে পায়স রুশর ও ছাগ-মাংস ভোজন কৰক; গুৰুলোকের অবমাননা নিন্দা ও মিত্র-দ্রোহে প্রবৃত্ত হউক ; কেহ বিশ্বাস বশত কাহারও কোন অপ্যশের কথা কহিলে ঐ হুর্মতি তাহা প্রকাশ করিয়া দিক এবং সে অক্তজ্ঞ সজ্জ্ব-পরিত্যক্ত ও সকলের বিদ্বেব-ভাজন হইয়া থাকুক। আর্যো। যাহার মতক্রমে রাম বনে গিয়া-ছেন, দে স্বগৃহে পুত্রকলত্রভৃত্যে পরিবৃত হইয়া একাকী স্কুসং-'স্ত অন্ন ভোজন কৰুক ; অনুৰূপ ভাৰ্য্যা না পাইয়া এবং ধর্ম कर्य ना कतिया निःमखान अवस्थाय अकात्न देशलांक हरेए অপসৃত হউক; রাজা দ্রী বালক ও বৃদ্ধকে বধ করিলে যে পাপ হয়, এবং ভৃত্যভ্যাগে যে পাপ হয়, সে ভাহাই লাভ কৰুক। আর্য্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেদ, সে লাক্ষা লোহ মধু মাংস ও বিষ বিক্রয় করিয়া পোষ্যবর্গের ভরণ পোষণে প্রবৃত্ত হউক; অতি ভীষণ সংগ্রাম হইন্ডে পলায়ন করত শত্রুত্তে নিহত হউক ; উন্মত্তের ন্যায় চীরবন্ত্র পরিধান ও নরকপাল এছণ পূর্ব্বক ভিক্ষার্থী ছইয়া পৃথিবী পর্য্যটন কৰক এবং প্ৰতিনিয়ত মদ্য ন্ত্ৰী ও অক্ট্ৰীডায় আসক ও কাম ক্রোধে অভিভূত হইয়া থাকুক। জার্য্যে! যাহার মতক্রমে রাম বনে গিরাছেন, ভাছার ষেন ধর্মদৃষ্টি না থাকে; সে অধর্মের আশ্রয় এইণ ও অপাত্তে অর্থ বিভরণ ককক;

তাহার যা কিছু ধনসম্পদ আছে, দহাগণ তাহা অপহরণ করিয়া লউক ; উভয় সন্ধ্যা ব্যাপিয়া যে নিদ্রিত থাকে, তাহার যে পাপ, ঐ হুরাচার ভাহাই অধিকার কতক; অগ্নিদায়কের যে পাপ, গুৰুদারগামীর যে পাপ এবং মিত্রজোহীর যে পাপ, সে তাহাই প্রাপ্ত হউক; ঐ পামর দেবগণ পিতৃগণ এবং পিতা মাতার যেন শুশ্রষা না করে; সে আজি সাধুগণের লোক, সাধুগণের কীর্ত্তি এবং সাধুজনসেবিত কার্য্য হইতে পরিভ্রষ্ট হউক: নানা প্রকার অনর্থকর বিষয়ে তাছার যেন আসন্তি জমে: সে বহু পোষ্যবর্গে পরিবৃত জুররোগগ্রস্ত ও দরিদ্র হইয়া নিরবচ্চিন্ন ক্লেশ ভোগ কৰুক এবং যে সমস্ত যাচক, মুখের প্রতি দৃষ্টি নিক্ষেপ পূর্বক দীনভাবে স্তুতিবাদ করিয়া থাকে, সে তাহাদেরও আশা নিক্ষল কৰক। আর্য্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, সেই অধার্মিক, কক্ষমভাব থল অভচি ও রাজভারে ভীত হইয়া সকলকে প্রভারণা করিবে: সাধ্বী সহধর্মিণী ঋতু স্থানানম্ভর সন্নিহিত হইলে ঐ হুর্মতি তাহাকে উপেক্ষা করিবে; আহারাদি প্রদান না করাত্তে যে ত্রাহ্মণের সম্ভানাদি বিনষ্ট 'হইয়াছে, তাঁহার যে পাপ, ঐ ব্যক্তি ভাছাই প্রাপ্ত হইবে; সে বিপ্রগণের অর্চনার ব্যাঘাত এবং বালবৎসা ধেরুকে দোহন কৰুক; সে ধর্মারুরাগ পরিভাগে করিয়া ধর্ম-পত্নী পর্বিহার পূর্বাক প্রদারে আসক হউক; যে পানীয় জল

দ্বিত করে এবং যে বিষ প্রয়োগ করিয়া থাকে, তাহার যে পাপ, সে ভাহাই লাভ কঞক ; জল থাকিতে যে ব্যক্তি পিপাসার্ত্তকে বঞ্চনা করে, তাহার যে পাপ, সে তাহাই প্রাপ্ত হউক ;
যাহারা শাস্ত্র আশ্রয় পূর্বক ভক্তিযোগ সহকারে স্ব স্থ দেবতাকে লক্ষ্য করিয়া বিবাদ করে, তাহাদের যে পাপ এবং যে
ব্যক্তি ঐ বিবাদে কর্নপাত করিয়া থাকে, তাহার যে পাপ, সে
তাহাই লাভ কঞ্চক । রাজকুমার ভরত এইরূপ শশ্র করিয়া
পতিপুত্রহীনা আর্য্যা কেশিল্যাকে আশ্বাস প্রদান পূর্বক
দ্বংখিতমনে ভূতলে নিপতিত হইলেন।

অনম্ভর শোকার্তা কেশিল্যা ভরতকে কহিলেন, বৎস!
তুমি এইরপ শপথ করিয়া আমার অন্তরে মর্মবেদনা প্রদান
করিলে, এক্ষণে আমার হুঃখ আরও প্রবল হইয়া উঠিল। ভাগ্য
ক্রমেই ভোমার স্বভাব ধর্ম-পথ হইতে অন্ট হয় নাই। এক্ষণে
যদি ভোমার প্রভিজ্ঞা সত্য হয়, তাহা হইলে তুমি সাধু লোক
প্রাপ্ত হইবে, সন্দেহ নাই। এই বলিয়া কেশিল্যা, ভাতৃবৎসল
ভরতকে অক্ষে এহণ ও আলিঙ্কন পূর্ব্বক ব্যাকুলহানয়ে রোদন
করিতে লাগিলেন। তৎকালে প্রবল শোক ও মোহ প্রভাবে
ভরতেরও মন ছিন্ন ভিন্ন হইয়া গেল, ঘন ধন নিশ্বাস বহিতে
লাগিল। ভিনি বারংবার বিলাপ ও পরিভাপ করিতে প্রবৃত্ত
হইলেন, তাঁহার বুদ্ধিও বিকল হইয়া উঠিল।

ষট্সপ্ততিত্য দর্গ।

আনস্তর রজনী প্রভাত হইলে বশিষ্ঠদেব ভরতকে কহিলেন, রাজকুমার! বৃথা আর শোক করিয়া কি হইবে, রাজা দশরথের দেহ দাহ করিবার সময় হইয়াছে, এক্ষণে তোমার তাহারই উদোগ করিতে হইবে।

তখন ভরত, বলিষ্ঠকে সাফীকে প্রণিপাত করিয়া, পিতার প্রেতক্ষত্য সাধনে উদযুক্ত হইলেন এবং তাঁহাকে তৈলজোণি হইতে উত্তোলন পূর্মক ভূতলে সন্নিবেশিত করিলেন। দশরখের মুখমওল পাতুবর্গ হইয়াছিল, তৎকালে তাঁহাকে দেখিয়া বোধ হইতে লাগিল থেন, তিনি নিজিত হইয়া আছেন। অনস্তর ভরত নানারত্ব্যচিত উৎকৃষ্ট শব্যায় তাঁহাকে শয়ন করাইয়া দীনমনৈ কহিতে লাগিলেন, মহারাজ! আমি প্রবাদে ছিলাম, তথা হইতে প্রত্যাগমন না করিতে আপনি, আর্য্য রাম ও মহাবল লক্ষ্যাকে নির্মাদিত করিয়া কৈ অকার্য্যই করিয়াছেন? আমি রামশূন্য হইয়াছি, এক্ষণে এই দীনকে পরিত্যাগ করিয়া কোথায় গমন করিবেন? রাম অরণ্যে গিয়াছেন, আপনারও লোকান্তর হই

য়াছে, অতঃপর এই নগরে আর কে স্থিরমনে প্রজাগণের অলব্ধ লাভ ও লব্ধরক্ষায় যত্রবান হইবে ? পিতঃ! এই বস্থমতী আপনার অভাবে বিধবা হইয়াছেন এবং নগরীও শশাস্কহীন শর্করীর ন্যায় একান্ত হতত্রী হইয়া গিয়াছে।

বশিষ্ঠদেব ভরতকে দীনভাবে এইরপ পরিতাপ করিতে দেখিয়া পুনরায় কহিলেন, রাজকুমার! দশরথের যে সমস্ত ঐর্দ্ধনেহিক কার্য্য সাধন করিতে হইবে, ভুনি ব্যাকুল না হইষা, আবিচারিত চিত্তে তাহার অনুষ্ঠান কর! তখন ভরত বশিষ্ঠের আদেশ শিরোধার্য করিয়া, আঢার্য্য ঋত্বিক ও পুরোহিতদিগকে তিন্বিয়ে ত্রা দিতে লাগিলেন। অগ্ন্যগার হইতে রাজার যে অগ্নি অথে বহিষ্কৃত করা হইয়াছিল, ঋত্বিক ও যাজকেয়া বিধানক্রমে উহাতে আত্তি প্রদানে প্রস্তুত হইলেন।

অনস্তর পরিচারকের। মৃত্ত দণরথকে শিবিকায় আরোপণ পূর্ব্বক বাস্প্রকাঠে শূন্যহানয়ে সরযুতীরে লইয়া চলিল। বহু-সংখ্য লোক, গমনপথে স্থন রোপ্য ও বিবিধ বস্ত্র নিক্ষেপ পূর্ব্বক অগ্রে অগ্রে যাইতে লাগিল। ইত্যবসরে অনেকে চন্দন অগুরু ও গুগুগুল প্রভৃতি নানাপ্রকার গন্ধ দ্ব্য এবং সরল পত্মক ও দেবদারু প্রভৃতি কান্ঠ আহরণ পূর্ব্বক চিতা প্রস্তুত করিয়া রাখিয়াছিল। খাত্বকেরা উপস্থিত হইয়া রাজা দশরথকে ঐ চিতামধ্যে স্থাপন করাইলেন এবং জ্বলম্ভ অনলে আহুতি প্রদান পূর্ব্বক তাঁহার পরলোকশুদ্ধির নিমিত্ত মন্ত্র জপ করিত্বে লাগিলেন। সামবেদ গায়কেরা শাল্পানুসারে সামগানে প্রবৃত্ত হইলেন। রাজমহিষীগণ বৃদ্ধবর্গে পরিবৃত্ত হইয়া শিবিকা ও যানে আরোহণ পূর্ব্বক নগর হইতে দিন্ধান্ত হইয়াছিলেন, তাঁহারাও তথায় আগমন পূর্ব্বক শোকসম্ভপ্ত মনে ক্রেঞ্চীর ন্যায় কৰণ-কণ্ঠে রোদন করিতে করিতে ঋত্বিকগণের সহিত রাজাকে প্রদক্ষিণ করিতে লাগিনেন।

পরে মহিষীরা যান হইতে সর্যূতীরে অবতরণ পূর্ব্বক ভরতের সহিত প্রেতাদেশে তর্পণ করিলেন এবং তর্পণ সমা-পনান্তে মন্ত্রী ও পুরোহিত সম্ভিব্যাহারে বাঙ্গাকুললোচনে পুর প্রবেশ করিয়া ভূতলে শয়ন ও অতিক্রেশে দশাহ অতি-বাহন করিতে লাগিলেন।

সপ্তসগ্ততিত্য সর্গ।

অনস্তার দশাহ অতীত হইলে ভরত, প্রাদ্ধ করিয়া পরিত্র হইলেন এবং দ্বাদশাহে দ্বিতীয় মাসিক প্রভৃতি সপিণ্ডীকরণ পর্যান্ত সমস্ত অনুষ্ঠান করিয়া, পিতার পারলোকিক ফল আকা-জ্ফায় ব্রাদ্ধণগণকে ধনরত্ব প্রচুর ভক্ষ্যভোজ্য ছাগ বহুসংখ্য গোলাসী দাস বাসভবন ও যান প্রদান করিতে লাগিলেন 1

পরে ত্রয়েদশাহে তিনি প্রভাতকালে চিতাভন্ম উত্তোলন পূর্বাক স্থলগুদ্ধি করিবার নিমিত্ত সরযুত্তি গমন করিলেন
এবং পিতৃশোকে একান্ত বিহ্বল হইয়া পিতার চিতামূলে
ফুঃখিতমনে মুক্তকঠে ক্রন্দন করিজে করিতে কহিতে লাগিলেন, তাত! আপনি, যে রামের হস্তে আমায় "অর্পণ করিয়াছিলেন, তিনি এক্ষণে বনে, স্বতরাং আপনি আমায় খূনের
রাখিয়া গিয়াছেন। হা! যে অনাথার আশ্রয়ম্বরূপ পুত্রকে
আপনি বনে নির্বাসিত করিয়াছেন, এক্ষণে সেই কোশল্যাকে
ফেলিয়া অগপনি কোথায় গমন করিলেন?

এই বলিয়া ভূরত, যথায় দশ্রথের অস্থি সকল দল্প হইয়া দেহ নির্মাণ হইয়াগিয়াছে, সেই ভস্মাকীর্ণ অকণবর্ণ চিতাস্থান দর্শন

করিয়া বিষাদভরে অভ্যস্ত কাতর হইলেন এবং ভৎক্ষণাৎ ভূতলে মূচ্ছিত হইয়া পড়িলেন। লোকে ইন্দ্রধজকে বেমন উত্তোলিত করে, তৎকালে সকলে তাঁহাকে সেইরূপে উত্থা-পিত করিল। অনস্তর অমাত্যেরা ভর্তৃবিয়োগশোকে মৃচ্ছিত হইলেন। শত্রহও ভরতকে শোকাকুল দেখিয়া ও পিতাকে মনে করিয়া জ্ঞানশূন্য হইয়া রহিলেন এবং পিতৃগুণ স্মরণে উন্মত্তের ন্যায় বিক্ষিপ্তচিত্ত হইয়া কাতরভাবে কহিতে লাগিলেন, হা! মন্থরা হইতে যে শোক সাগর উৎপন্ন হইল, কৈকেয়ী যাহার जनकरू, यागता नकत्नरे मिरे वतनानक्षे यशीय नमूट्य निमग्ने হইলাম ! পিতঃ ! এই স্কুমার বালক ভরতকে আপনি সভতই লালন পালন করিয়াছেন, এক্ষণে ইনি আপনার উদ্দেশে বিলাপ করিতেছেন, আপনি ইহাঁকে ত্যাগ করিয়া কোথায় গমন করি-লেন ? পান, ভোজন, ৰসন, ভূষণ সকলই আপনি আমা-দিমকে আদর করিয়া দিতেন, আজু আর সেরপ কে করিবে? এই পৃথিবী আপনার ন্যায় ধর্মপরায়ণ পতিকে বিসর্জন দিয়া প্রকৃত সময়েই বিদীর্ণ হইল না। হা! পিতার লোকান্তর লাভ হইয়াছে, রাম অরণ্যে গিয়াছেন, এক্ষণে আর আমার প্রাণ ধারণের সামর্থ কি ? আমি হুভাসনে আত্ম সমর্পণ করিব; ভাতৃহীন ও পিতৃহীন হইয়া শূন্য অযোধ্যায় কদাচ প্রবেশ করিব না, একণে নিশ্বয়ই তপোবনে যাইব।

্ অনস্তার অনুগামিগণ ভরত ও শক্রমের এইরূপ বিলাপ শ্রবণ এবং এই বিপদ দর্শন করিয়া পুনরায় কাতর হইয়া উচিল। ঐ উভয় রাজকুমারও ভগুশৃঙ্গ বৃষভের ন্যায় বিষয় ও শ্রাস্ত হইয়া ধরাতলে লুঠিত হইতে লাগিলেন।

ইত্যুবসরে সত্ত্প্রকৃতি সর্ব্বজ্ঞ ইক্ষ্ণাকুকুলগুৰু বশিষ্ঠ ভরতকে ভূতল হইতে উত্থাপন পূর্ব্বক কহিলেন, রাজকুমার!
আজ এরোদশ দিবস হইল, তোমার পিতার অগ্নিসংস্কার
সম্পন্ন হইরা গিয়াছে; এক্ষণে কেবল অন্থিসঞ্চয়ন কার্য্য অবশেষ থাকিতে ভূমি কেন ভিন্নিয়ে কাল বিলম্ব করিভেছ। দেখ,
ক্ষুৎপিপাসা, শোকমোহ ও জরামৃত্যু এই তিনটি নির্বিশেষে
শরীর ধারণে সাধারণের ঘটিয়া থাকে, ইহা যখন জীবের অপরিহার্য্য হইতেছে, তখন ছঃখে এককালে অভিভূত হওয়া
ভোমার উচিত হয় না। তত্ত্বদশী স্কমন্ত্রও শক্রমকে উত্থাপন
পূর্বক প্রসন্ন করিয়া জীবের উৎপত্তিবিনাশের বিষয়ে
নানা প্রকার কহিতে লাগিলেন।

তখন ভরত ও শক্রম অঞ্জল মার্ক্তনা করত আরক্ত-লোচনে গাত্রোখান করিয়া, বর্ষা ও উত্তাপ প্রভাবে যে ইক্রমজ মান হইয়া গিয়াছে ভাহার ন্যায় স্থশোভিত হইলেন। অমাভ্যেরাও অন্থিসঞ্চয়ন কার্য্যের নিমিত্ত তাঁহাদিগকে বারং-বার দ্বরা দিতে লাগিলেন।

অফ সপ্ততিতম সগঁ

অনস্তম্প স্থাতিবের শক্রম শোকার্ত ভরতকে রামের সমিবানে যাত্রা করিতে ক্তসক্ষপ দেখিয়া কহিলেন, খার্যা! সক্ষটকালে যিনি সকলকেই আশ্রয় দিয়া থাকেন, সেইরম যে নিজের ও আমাদের গতি, তাহাতে আর কোন সন্দেহ নাই! এক্ষণে একজন জ্রীলোক তাঁহাকে অরণ্যে নির্মাসিত করিল? আর্য্য লক্ষণ মহাবল পরাক্রান্ত, তিনি পিতৃনিগ্রহ করিয়া উহাঁকে কেন বনবাসহুংখ হইতে বিমুক্ত করিলেন না? মে রাজা জ্রীলোকের কথায় অসৎ পথ অবলম্বন করিলেন, ন্যায়ান্যায় বিচার করিয়া তাঁহাকে অগ্রেই নিগ্রহ করা উচিত ছিল।

শক্রম ভরতকে এইরপ কহিতেছেন, ইত্যবসরে কুব্রা ছার-দেশে উপস্থিত হইল। সে রাজযোগ্য বস্ত্র পরিধান পূর্বক সর্বাঙ্গ চন্দনে চর্চিত ও ভূষণে বিভূষিত করিয়া রজ্জুবদ্ধ বানরীর ন্যায় শোভা পাইতেছিল। ভরত সেই পাপ- কারিণী কুজ্ঞাকে হারদেশে দর্শন করিয়া, নির্দয়ভাবে এছণ ও শক্রমের নিকট আনয়ন পূর্বক কছিলেন, বৎস! বাহার নিমিত্ত রামের বনস্থাস ও আমাদের পিতার প্রাণনাশ হইয়াছে, এই সেই পাপীয়সী-কুজ্ঞা, এক্ষণে ভোমার যা অভিকচি হয়, ভাহাই কর।

শক্রম, ভরতের বাক্য শিরোধার্য্য করিয়া ছ্রংখিতভাবে অন্তঃপুরচরনিগকে কহিলেন, দেখ, এই কুছকিনী আমার পিতা ও
ভ্রাতৃগণের মনে মর্মবেদনা দিয়াছে, স্নতরাং এ, এখনই এই
ক্রের কার্য্যের ফল ভোগ করুক। এই বলিয়া তিনি সেই স্থীজনপরির্তা কুব্রাকে বল পূর্ব্বক এহণ করিলেন। কুব্রা আর্ত্তনাদে গৃহ প্রতিধ্বনিত করিতে লাগিল। তাহার স্থীরা যৎপরো নান্তি সন্তপ্ত হইল এবং শক্রমকে ক্রুদ্ধ দেখিয়া চতুর্দ্ধিকে
পলায়ন করিতে লাগিল। পলায়ন কালে পরস্পর মন্ত্রণা করিল,
দেখ, শক্রম্ব যেরূপ উপক্রম করিয়াছেন, হয় ত আমাদিগকেও
নিঃশেষ করিবেন। এখন আইস, আমরা সকলে গিয়া ধর্মিষ্ঠা
বদান্যা কেশিল্যার শরণাপায় হই, এক্ষণে তিনিই ,আমাদিগের
গতি।

এদিকে শক্রম ক্রোধভরে কুব্রাকে ভূতলে আকর্ষণ করিতে লাগিলেন। কুব্রা আর্ত্তমরে চীৎকার করিতে প্রবৃত্ত হইল, ইতস্ততঃ আকর্ষণে তাহার দানাপ্রকার অলঙ্কার স্থালিত হইয়া পড়িল। শ্বলিত ভূষণে মুশোভন গৃহ শারদীয় আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল। মহাবল শত্রন্থ প্রবল ক্রোধে তাহাকে গ্রহণ করিয়া কঠোর বাক্যে কৈকেয়ীকে ভংগনা করিতে লাগিলেন। কৈকেয়ী শত্রুদ্ধের কথায় যার পর নাই ছুঃখিত ও তাহার ভয়ে অত্যন্ত ভীত হইয়া ভরতের শরণাপন্ন হইলেন। তখন ভরত শত্রন্থকে কোধাবিষ্ট দেখিয়া কহিলেন, বংস! জ্রীলোককে বঁধ করিতে নাই, ক্ষমা কর। দেখ, যদি রাম মাত্যাতক বলিয়া আমার উপর ক্রোধ না করিতেন, তাহা হইলে আমি এই ছুন্টা কৈকেয়ীকে বিনাশ করিতাম। এক্ষণে ভূমি এই কুজ্রাকে বধ করিলে তিনি আর কখনই আমাদের সহিত বাক্যালাপ পর্য্যন্ত করিবেন না।

শক্রম ভরতের আদেশে ঐ দোষকর কার্য্য হইতে নির্ত্ত হইলেন এবং মূচ্ছিত। মহরাকৈও পরিত্যাগ করিলেন। কাতরা মন্থ্র পরিত্যক্ত হইবামাত্র উপ্পিত হইরা উপ্পিথাসে কৈকেয়ীর চরণতলে নিপতিত হইল এবং অত্যন্ত হুঃখিত হইয়া কৰণভাবে রোনন করিতে লাগিল। কৈকেয়ীও তাহাকে শক্রমের আকর্ষণে হতজ্ঞান দেখিয়া, আশ্বাস প্রদান করিতে লাগিলেন।

একোনাশীতিত্য সর্গ।

খনস্তর চতুর্দ্দশ দিবসের প্রাভ্যুবে বহুসংখ্য বিচক্ষণ লোক একত্র হইরা ভরতকে কহিলেন, রাজকুমার! যিনি আমাদিগের গুৰুতর গুৰু ছিলেন, সেই মহীপাল, রাম ও লক্ষ্মণকে নির্ম্বাসিত করিয়া লোকান্তরে গিয়াছেন, অদ্য তুমিই আমাদি-গের রাজা হও; এই রাজ্য অরাজক হইয়াও অমত্যগণের থ্রকমত্যে রক্ষিত হইলে কদাচই উচ্ছিল্ল হইবে না। এক্ষণে মস্ত্রিরা পোরগণের সহিত অভির্যেকার্থ এই সমস্ত উপকরণ লইয়া তোমার প্রতীক্ষা করিভেছেন। তুমি অভিবিক্ত হইয়া গৈতৃক রাজ্য গ্রহণ ও আমাদিগকে এই বিপদ হইতে পরি-ত্রাণ কর।

তখন ভরত অভিষেকের দ্রব্য সকল প্রদক্ষিণ করিয়া তাঁহাদিগকে কহিলেন, দেখ, জ্যেঠের রাজ্যাধিকার হওয়া আমাদিগের কুলব্যবহার; ভিদ্বিসে আমায় অনুরোধ করা ভোমাদিগের উচিত হইতেছে না। আর্ধ্য রাম আমাদিগের জ্যেঠ,

অতঃপর তিনিই রাজা হইবেন, আর আমি গিরা অরণ্যে চতুদশ বংসর অবস্থান করিব। একণে চতুরক সৈন্য স্মাজ্জ্বত
কর, আমি স্থরং বন হইতে রামকে আনীয়ন করিব। অভিবৈকের নিমিত্ব যে সকল সামগ্রী আহরণ করা হইরাছে, রামের
জন্য তৎসমুদর অগ্রে করিয়া লইব এবং বন মধ্যেই তাঁহাকে
অভিষিক্ত করিয়া যজ্ঞশালা হইতে যেমন অগ্নিকে আনয়ন
করে, তাঁহাঁকে সেই রূপেই আনিব। বলিতে কি, এই নামমাত্র
জননীর মনোরথ কোনক্রমেই পূর্ন করিব না। একণে শিল্পিয়া
আমার বন গমনের পথ প্রস্তুত করুক, যে সমস্ত ভূমি অত্যন্ত
উন্নতানত হইয়া আছে, তৎসমুদায় সমতল করিয়া দিক এবং
যাহারা তুর্গম স্থানে সঞ্চরণ করিতে পারে, এইরূপ রক্ষক
সকল সমভিব্যাহারে চলুক।

ভরতের এই প্রকার কথা শুনিয়া তত্রত্য সকলে কহিলেন, রাজকুমার! তুমি সর্ব্বজ্যেষ্ঠ রামকে রাজ্য দানের সঙ্কাপ করিয়াছ, তোমার শ্রীলাভ হউক। এই বলিয়া আনন্দাশ্রু ধর্ষণ
করিতে লগেলিন। ইত্যবসরে অমাত্য ও পারিষদেরা বীতশোক হইয়া কহিলেন, যুবরাজ! তোমার বাক্যানুসারে শিম্পী
ও রক্ষকদিগকে আদেশ করা হইয়াছে। উহারা তোমার গমনের
পথ প্রস্তুত ও তুর্গম স্থানে রক্ষা করিবে।

অশীতিত্য সর্গ

অনস্তর হত্তকর্মপর, ভূভাগজ্ঞ, বৃক্ষতক্ষক, সুদক্ষ খনক, অবরোধক, স্থপতি, বর্জকী, হপকার, স্থাকার, বংশকার, চর্ম-কার, যন্ত্রনির্মাতা কর্মান্তিক ভৃত্য, ও পথপরীক্ষকেরা যাত্রা করিল। বহুসংখ্য লোক হর্ষভরে নির্গত হইলে পূর্নিমার খর-বেগ মহাসাগরের তরঙ্গরাশির ন্যার্য শোভা পাইতে লাগিল। পথশোধকেরা সর্ব্বাত্রে দলবল সমভিব্যাহারে কুদ্দালাদি অজ্ঞ লইয়া চলিল এবং তরু লভা গুল্ম স্থাণু ও প্রস্তর সকল ছেদন করিয়া পথ প্রস্তুত করিতে লাগিল। বেৃ স্থানে বৃক্ষনাই, অনেকে তথায় বৃক্ষ রোপণ করিল এবং অনেকে কুঠার, টক্ষ ও দাত্র হারা নানা স্থানের বৃক্ষ ছেদন করিয়া কেলিল। কোন করিল বৃক্ষানে বৃক্ষ ভ্রেণাত করিল বৃক্ষ ভ্রেণাত করিল। করিল, এবং অনেকেই উন্নত স্থান সমতল ও গভীর গর্ভ পূর্ণ করিয়া

দিল। কেছ সেতুবন্ধন, কেছ কর্ক র চূর্ণ এবং কেছ কেছ বা জ্ঞাল নির্গমার্থ মৃৎপাষাণাদি ভেদ করিতে লাগিল। স্বল্পকাল মধ্যেই স্ক্রম প্রবাহ সকল জলপূর্ণ ও সাগরের নীায় বিস্তীর্ণ হইয়া গৈল এবং যে প্রদেশে জল নাই ওথার বেদি-পরিশোভিত কূপাদি প্রস্তুত করিল। রক্ষে পুষ্পা ফুটিতে লাগিল, পক্ষী সকল আহ্লাদে কোলাহল করিতে প্রয়ন্ত হইল। কোশায় কুন্তিম প্রধায়বলিত, কোথায় চন্দনজ্বলে সংসিক্ত, কোথায় কুন্তম সমূহে অলঙ্ক্ত, কোথায়ও বা পতাকা উভ্তীন হইল। এইরূপে সৈন্যগণের গমনপথ দেবপথের ন্যায় রমণীয় হইয়া উঠিল।

অনন্তর যাহারা শিবিরাদি সন্নিবেশে আদেশ পাইয়াছে, তাহারা স্বাহ্ফলর্হুল প্রদেশে প্রশস্ত নক্ষত্র ও মুহূর্ত্তে ভর-তের ইচ্ছানুরপ শিবিরাদি স্থাপনে অনুচরদিগকে প্রবর্ত্তিত করিল এবং প্রস্তুত হইলে তৎসমুদার বিবিধ সজ্জার সুশোভিত করিয়া দিল। পরে ঐ সমস্ত নিবেশের চতুর্দিক ধূলিধূর্যারত সগর্ত্ত প্রান্ত ভারা পরির্ভ করিয়া ইন্দ্রনীলমণিনির্মিত প্রতিমায় স্থাণভিত ও প্রশস্ত রখ্যায় পরিব্যাপ্ত করিল। স্থানে স্থানে প্রান্তান্ত, প্রাকার এবং যাহার শিখরে কপোত-গৃহ রহিয়াছে, এইরপ উন্ধৃত সপ্তভূমিক ভবন নির্মিত হইল। ফলত তৎকালে ঐ সকল মিবেশ শিল্পিগণের প্রস্তুত্তি

ইক্রপুরীর ন্যায় রমণীয় হইয়া উঠিল। থাহার তীরে নানা প্রকার বৃক্ষ ও কানন শোভা পাইতেছে, যাহার জল শীতল নির্মাল ও মৎস্যপূর্ণ, সেই জাহ্নবী অবধি ঐ উৎকৃষ্ট রাজপথ এইরপে প্রস্তুত হইয়া চক্রতারামণ্ডিত নভোমণ্ডলের ন্যায় শোভা পাইতে লাগিল।

একাশীতিত্য সর্গ"।

আনস্তর যে দিবস অভিষেকার্থ নান্দীমুখপ্রভৃতি কার্যের অনুঠান হইনে; উহার পূর্ব্যরাত্তির শেষ ভাগে স্থত ও মাগধেরা
মঙ্গল প্রতিপাদক স্কৃতিবাদ দ্বারা ভরতের স্তব আরম্ভ করিল।
নিশাবসানস্থাক ত্বন্দুভি স্বর্বময় দণ্ড দ্বারা আহত হইয়া ধ্বনিভ
ও বহুসংখ্য শঞ্জ বাদিত হইতে লাগিল। ভূর্য্যঘোষ ও অন্যান্য
বিবিধ বাদ্যে নভোমণ্ডল পরিপূর্ব হইয়া গেল।

তখন শোকসম্বপ্ত ভরত প্রবৃদ্ধ ও অধিকতর শোকাকুল হইয়া বাদ্যরব নিবারণ পূর্ব্বক বাদকদিগকে কহিলেন, দেখ আমি রাজা নহি। এই বলিয়া তিনি শক্রমকে কহিলেন, শক্রম! কৈকেয়া হইতেই ইহারা এইরপ অনুচিত কার্ব্যে প্রবৃত্ত হইয়াছে, এবং রাজা দশরপত আমার উপর হঃখভার অর্পণ পূর্বক লোকাস্তরে গিয়াছেন। এক্ষণে সেই ধর্মরাজের ধর্মমূলা রাজত্রী, প্রবাহোপরি কর্ণধারবিহীন নোকার ন্যায় শুমণ করিতেছে। আর যিনি, আমাদিগের প্রভু, তাঁহাকে আমার এই জননী ধর্মমর্যাদা উল্লন্থন পূর্বক নির্বাসিত করিয়াছেন। তিনি থাকিলে এরপ বিশৃঙ্খলা ঘটবার সন্তা-বনা ছিল না। এই বলিয়া ভরত যার পর নাই পরিতপ্ত হইয়া বিমোহিত হইলেন। তদ্দর্শনে ভত্ততা স্ত্রীলোকেরা দীনমনে মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন।

অন্তর রাজধর্মজ্ঞ বশিষ্ঠ শিষ্যগণ সমভিব্যাহারে সুরসভাসদৃশ স্থবর্ণ-নির্মিত মণি-খচিত সভামগুপে প্রবেশ পূর্বক
উৎক্রম্ট আন্তরণসংযুক্ত হেমময় পীঠে উপবেশন করিয়া দৃতদিগকে কহিলেন, দেখ, তোমরা এক্ষণে ত্রাহ্মণ, ক্ষজ্রিয়, অমাত্য,
সেনাপতি ও যোক্গণের সহিত ভরত শক্রম্ন ও অন্যান্য রাজপুত্র, এবং মুধাজিৎ স্থমন্ত্র ও অপরাপর হিতকারী ব্যক্তিকে
শীক্র আনরন কর, বিলম্বে বিম্ন ঘটিতে পারে, এমন কোন
কার্য্য উপস্থিত হইয়াছে।

মহর্ষি বশিষ্ঠ এইরপ আদেশ কারবানাত্র সকলেই হস্তী অশ্ব ও রথে আরোহণ পূর্বক আগমন করিতে লাগিলেন। উহাঁদিগের আগমনে চতুর্দিকে তুমুল কোলাহল উত্থিত হইল। প্রজারা রাজকুমার ভরতকে আসিতে দেখিয়া, রাজা দশর্পের ন্যায় তাঁহার সম্বর্জনা করিল। তখন সেই তিমিনাগসঙ্কুল সূবর্ণ-বহুল স্থির হ্রদের ন্যায় রাজসভা ভরত ও শত্রুঘ্ন কর্তৃক সুশো-ভিত হইয়া, পূর্বের রাজা দশর্প থাকিতে বেরূপ ছিল, সেই রূপই পরিদৃশ্যমান হইল।

দ্যশীতিত্য সর্গ।

-so-soffeee

ধীমান, ভরত সেই বিদ্বজ্ঞনপূর্ণ রাজসভায় প্রবেশ করিয়া দেখিলেন, •সভাস্থলে যে সকল আর্য্য আসনে উপবেশন করিয়া আছেন, তাঁহাদিগের বস্ত্র ও অঙ্গরাগ প্রভায় উহা উদ্ধাবিত হইয়া পূর্ণচন্দ্রমণ্ডিত সারদীয় শর্বরীর ন্যায় শোভা পাইতেছে। তিনি প্রবেশ করিলে ধর্মজ্ঞ বশিষ্ঠ প্রজাগণকে অবলোকন করিয়া মূহ্রাক্যে তাঁহাকে কহিলেন, বৎস! রাজা দশরথ সভ্যপালনরপ ধর্ম সাধন করিয়া, এই ধনধান্যবতী বস্ত্রমতী তোমায় অর্পণ পূর্ব্যক স্থাগানোহণ করিয়াছেন। সভ্যপরায়ণ রামও সাধ্গণের ধর্ম স্মরণ করিয়া, তার নিদেশালুরূপ কার্য্য করিতেছেন। এক্ষণে তুমি অভিষক্ত হইয়া পিতা ও ভাতার প্রশন্ত রাজ্য নির্ব্যির উপভোগ কর। উত্তর দক্ষিণ পূর্ব্য ও পশ্চিম দেশের রাজগণ এবং দ্বীপবাসী ও সামুদ্রিক বণিকেরা ভোমায় উপহার দিবার নিমিত্ত অসংখ্য ধনরত্ব আনয়ন ককক।

রাজকুমার ভরত মহর্ষি বশিষ্ঠের বাক্যে শোকে একান্ত অভিভূত হইলেন এবং ধর্ম কামনায় মনে মনে রামকে স্মরণ

করিতে লাগিলেন। অনন্তর তিনি কলহংসম্বরে বাস্পাদাদ-বচনে বশিষ্ঠকে কহিলেন, তপোধন! যিনি ত্রন্ধচর্য্যের অনুষ্ঠান ও অধ্যয়নান্তে স্থান করিয়াছেন, সেই ধর্মশীল ধীমান রামের রাজ্য মাদৃশ লোকে কিরপে গ্রহণ করিবে? কিরপেই বা আমি, রাজা দশরথের ঔরদে জন্ম পরিগ্রহ করিয়া রাজ্য অপ-হরণে প্রবৃত্ত হইব ? এই রাজ্য ও আমি উভয়ই রামের। তপো-ধন ! এই সকল অনুধাবন করিয়া ধর্মসক্ত কথা বলা আপানার উচিত হইতেছে। দিলীপতুল্য নহুষসদৃশ আর্য্য রাম আমাদিগের জ্যেষ্ঠ এবং সর্বাপেক্ষা শ্রেষ্ঠ, পিতার ন্যায় তিনিই রাজ্য অধিকার করিবেন। এক্ষণে যদি আমি এই অসাধুদেবিত নরকপ্রদ পাপকর্মের অনুষ্ঠান করি, তাহা হইলে আমাকে নিশ্চয়ই ইক্সাকুবংশের কলক্ষস্তরূপ থাকিতে হইবে। আমার জননী যে অসৎ কাঠ্য সাধন করিয়াছেন, তদ্বিয়ে কোনমতে আমার অভিকৃচি নাই। আমি এশ্বান হইতেই দ্বেই বনগুৰ্গস্থ রাদকে কৃতাঞ্জলি হইয়া প্রণাম করি। তিনি এই রাজ্যের রাজা, তিনি তৈলোক্যরাজ্যেরও রাজা, অতঃপর আমি তাঁহার অনুসরণ করিব।

তথন রামানুরাগী সভাস্থ সমস্ত ব্যক্তি ভরতের এই ধর্মানুগত কথা শ্রবণ করিয়া ধ্রভরে অঞ্চ মোচন করিতে লাগিলেন।

অনস্তর ভরত পুনরায় কছিলেন, যদি রামকে বন হইতে

প্রত্যানরন করিতে না পারি, তবে তাঁহার ও লক্ষণের ন্যার আমিও তথার অবস্থান করিব। তাঁহাকে প্রতিনির্ত্ত করিবার জন্য আপনাদিগের সমক্ষে আমার সমস্ত উপারই অবলম্বন করিতে হইবে। অভৃতিক কর্মকর, কর্মান্তিক ভৃত্য, পথশোধক ও রক্ষকদিগকে অত্যে প্রেরণ করিয়াহি, এক্ষণে আমার যাত্রা করা আবশ্যক।

এই বৃলিয়া ভাত্বৎসল ভরত সমিতি স্থমন্ত্রকে কহিলেন,
স্থান্ত্র! আমি আদেশ করিতেছি, তুমি শীত্র গিয়া অরণ্যথাত্রা
ঘোষণা কর এবং অবিলয়ে এই স্থানে সৈন্যগণকে আন। স্থমন্ত্র
আদেশমাত্র পুলকিতিচিত্তে এই সমাচার সর্বাত্র প্রচার করিলেন।
প্রকৃতিগণ ও সৈন্যাধ্যক্ষেরা সৈন্যদিগকে রামের আনয়নার্থ
প্রস্থানের অনুজ্ঞা প্রদন্ত হইয়াছে শুনিয়া অত্যন্তই সম্ভট্ট হইল।
প্রতিগৃহে সৈনিকগণের গুহিনীয়া এই সংবাদ পাইয়া ভর্তৃগণকে
স্কৃত্যনে ভুরা প্রদান করিতে লাগিল।

অনস্তর সেনাপতিরা অন্যান্য যোদ্বর্গের সহিত সৈন্যদিগকে
অব গোবান ও মনোবেগ রথে আরোপণ পূর্বাক ভরতের সন্ধিথানে প্রেরণ করিল। তদ্দর্শনে ভরত বলিষ্ঠের সমক্ষে পার্ববর্তা
স্বস্ত্রকে কহিলেন, স্ত ! তুমি সত্বর আমার রথ আনয়ন কর।
স্বস্তু আজ্ঞামাত্র হৃত্তমনে উৎকৃত্তঅশ্বযোজিত রথ লইয়া উপস্থিত হইলেন। তখন সভ্যানুরাগী সভ্যপরাক্রম ভরত পুন-

রায় কহিলেন, স্থান্ত ! তুমি শীত্র যাইয়া সৈন্যাধ্যক্ষদিগকে
সৈন্যসংযোগের নিমিত্ত আদেশ কর ; আমি জগতের হিতসাধনের জন্য আর্ম্য রামকে প্রসন্ন করিয়া এস্থানে আনিবার
বাসনা করিয়াছি । তখন স্থান্ত পূর্ণমনোরথ হইয়া, সৈন্যাধ্যক্ষদিগকে সৈন্যসংযোগের আজ্ঞা জ্ঞাপন পূর্বক প্রকৃতিপ্রধান ও
স্কল্পগণকে বনগমনার্থ আহ্বান করিলেন । প্রতিগৃহে সকলেই
উদ্যুক্ত হইয়া উৎকৃষ্ট জ্ঞাতীয় অশ্ব, উদ্রু, হস্তা, গর্দভ ও রথ
সকল যোজনা করিতে লাগিল।

ত্র্যশীতিত্ম সর্গ।

অনস্তর রাত্রি প্রভাত হইলে, ভরত রথে আরোহণ করিয়া রামের দর্শন কামনায় যাত্রা করিলেন। তাঁহার অত্রে অত্রে মন্ত্রী ও পুরোহিতেরা চলিলেন। স্থসজ্জিত নয় সহজ্র হস্তী, লক্ষ্ অথারোহী, যাত্রী সহজ্র রথ ও বিবিধ আয়ুধধারী বীর পুরুষেরা তাঁহার অনুগমনে প্রবৃত্ত হুইল। যশস্থিনী কেশিল্যা, স্থবিত্রা ও কৈকেরী, হাত্রমনে উজ্জ্বল যানে গমন করিতে লাগিলেন। আর্যেরা যাত্রাকালে পুলকিত চিত্তে রামের অত্যাশ্চর্য্য কথা সকল কহিতে আরম্ভ করিলেন। নগরবাসিরাও হর্ষভরে পরস্পর পরস্পারকে আলিঙ্গন পূর্বক কহিতে লাগিলেন, আমরা কখন্ সেই জগতের শোকনাশন ঘনশ্যাম রামকে দর্শন করিব। যেমন দিবাকর উদিত হইরাই অন্ধ্রকার নিরাস করেন, সেইরূপ তিনি দৃত্তী মাত্রই আয়াদিগের শোক সম্ভাপ অপনীত করিবেন। ইহাঁ-

দিগের পশ্চাৎ নগরের স্থপ্রসিদ্ধ বণিক, মণিকার, কুম্বকার, তদ্ধবার, কর্মার, * মাযুরক, † ক্রাকচিক, ‡ বেধকার, রোচক, ৡ দন্তকার, ॥ সুধাকার, য় গদ্ধোপজীবী, স্বর্ণকার, কমলকার, স্থাপক, অক্সমর্দ্ধক, বৈদ্য, গুপক, শেণিওক, রজফ, ত্মবার, ** জ্রীগণের সহিত নট, ও কৈবর্তের। স্ববেশে শুদ্ধবার, ক্রুমাদিমিশ্রিত অনুলেপন ধারণ পূর্ব্ধ গোষানে বাইতে লাগিল। বহুসংখ্য বেদবিৎ ত্রাহ্মণও অনুগমনে প্রবৃত্ত হইলেন।

অনস্তর সকলে হস্তাই রথে বহুদূর অতিক্রম করিয়া শৃকবের পুরে গকার সমিহিত হইলেন। নিযাদপতি গুছ ঐ স্থান শাসন করিতেছেন এবং জ্ঞাতিগণে পরিবৃত হইরা তথার অপ্রমাদে বাস করিয়া আছেন। সকলে তথার উপস্থিত হইলে ভরতের অনুষায়িনী সেনা ঐ চক্রবাক-শোভিত ভাগীরখীর

^{&#}x27;* কামার।

[†] যাহারাময়্রপিচ্ছ দারা ছ্তাদি নির্মাণ করে।

^{‡়} করাতি।

[§] যে কাচাদি প্রস্তুত করিতে পারে।

[।] যে হত্তিদন্ত দারা নানা প্রকার ত্রব্য গড়িয়া থাকে

[¶] যে চূর্ণ লেপেন করিরাদের। দ**ক্ষ**ী।

তীর আশ্রম পূর্বক অবস্থান করিতে লাগিল। ভরত সৈন্যুগণকে গমনে উদ্যোগশূন্য দেখিয়া এবং পুণ্য-সলিলা গঙ্গাকে
নিরীক্ষণ করিয়া অমাভ্যবর্গকে কহিলেন, দেখ, আজ আমরা
এই স্থানে বিশ্রাম করিয়া, কল্য এই সাগরগামিনী নদী পার
হইব, এই সংবাদ দিয়া এক্ষণে সৈন্য সকল সমিবেশিত কর।
আর আমিও এই নদীতে অবতীর্ণ হইয়া স্বর্গস্থ মহারাজ্যের
পারলোকিক স্থাধের নিমিত্ত তর্পণ করিব।

তখন অমাত্যেরা ভরতের আজ্ঞাক্রমে সৈন্যগণের মধ্যে
যাহার যে স্থানে ইচ্ছা তাহাকে তথায় নিবেশিত করিলেন।
ভরত বিবিধ উপকরণ-যুক্ত সৈন্য সকলকে গঙ্গাতীরে স্থ্যবস্থায়
স্থাপন করাইয়া রামকে কি প্রকারে প্রতিনিত্বও করিবেন,
চিস্তা করিতে লাগিলেন।

চতুরশীতিতম সর্গ।

এদিকে নিষাদপতি গুছ, গঙ্গাতীরে সৈন্য সকলকে সন্ধি-বিষ্ট ও নানা কাৰ্য্যে ব্যাপৃত দেখিয়া জ্ঞাতিবৰ্গকে কছিলেন, (मर्थ, के शकाजीरत मांगत-मक्कांन वह्मश्था रेमना मृखे इह-তেছে, আমি ভাবিয়াও ইহার অস্ত পাইতেছি না। যখন রবের উপর মহাপ্রমাণ কোবিদার 🔹 ধ্বজ উচ্চৃত হইয়া আছে, তখন নিশ্চয়ই নিৰ্মোধ ভৱত স্বয়ং আসিয়াছেন। এক্ষণে বোধ হয়, ইনি অত্যে আমাদিগকে পাশে বন্ধন বা বধ করিয়া, পশ্চাৎ নিকাসিত রামকে বিনাশ করিবেন ৷ ইনি মহারাজ রামের তুলভ রাজত্রী সম্পূর্ণ অধিকার করিবার বাসনায় তাঁহার নিধন কার্মনা করিতেছেন। রাম আমার প্রভু ও মিত্র, এক্ষণে ভোমারা তাঁহার জন্য বর্ম ধারণ পূর্ব্বক ভাগীরথীর উপকুলে অবস্থান কর! বলবানু দাসেরা মাংস ও ফল মূল লইয়া ভরতের নদী পার হইবার পথে বিশ্ব আচরণ করিবার নিমির্ভ প্রস্তুত হইয়া থাকুক। বহুসংখ্য কৈবর্ত্তমুবা পাঁচ শত নৌকায়

^{*} রক্তকাঞ্চন রক্ষ।

আরোহণ ও কবচ ধারণ করিয়া স্থিতি ককক। যদি ভরত রামসংক্রান্ত কোন অসৎ সংকল্প সাধনের অভিসন্ধি করিয়া না থাকেন, তাহা হইলে ইহাঁর সৈন্য আজু নির্বিদ্নে গঙ্গা পার হইতে পাইবে। নিষাদপতি জ্ঞাতিবর্গকে এই রূপ অনুমতি করিয়া, মংস্য মাংস'ও মধু উপহার লইয়া ভরতের নিকট চলিলেন।

এদিকে স্থমন্ত্র গুহকে আগমন করিতে পেথিয়া বিনয়
সহকারে ভরতকে কহিলেন, রাজকুমার! রামের প্রিয়সখা
গুহ জ্ঞাতিগণে পরিবৃত হইয়া এই স্থানে আসিতেছেন। ইনি
আসিয়া তোমার সহিত সাক্ষাৎ কৰুন। এই বৃদ্ধ, দণ্ডকারণ্যবৃত্তাস্ত সম্পূর্ণ জ্ঞাত আছেন এবং এক্ষণে রাম ও লক্ষণ যথায়
অবস্থান করিতেছেন, তাহাও জানেন। প্রমন্ত্র এই কথা কহিলে,
ভরত তৎক্ষণাৎ তির্ষয়ে সম্মৃত হইলেন্।

'অনন্তর নিষাদরাজ অনুজ্ঞা লইরা, জ্ঞাতিগণের সহিত হাইমনে ভরতের নিকট গমন করিলেন এবং তাঁহাকে অভিবাদন পূর্বক কহিলেন, রাজকুমার! এই দেশ তোমার গৃহ-বিশেষ, কিন্তু তুমি অগ্রে আগমন-সংবাদ না দিয়া আমা-দিগকে বঞ্চনা করিয়াছ। এক্ষণে আমরা আ্মাদের যথাসর্বস্থ তোমকে অর্পণ করিতেছি, তুমি শ্রীয় দাসগৃহে স্বাহ্ণকে বাসকর। নিষাদেরা বন্য ফলমূল আহ্রণ করিয়া রাথিয়াছে,

আঁত্র গুৰু মাংস এবং অরণ্য-স্থলভ অন্যান্য খাদ্যও সংগৃহীত আছে। প্রার্থনা, তোমার সৈন্যেরা আজিকার রাত্রিতে প্রচুর আহার করিয়া কলা প্রভাতে যাত্রা করিবে।

পঞ্চাশীতিত্য সর্গ ৷

ভরত কৰিলেন, গুছ! তুমি আমার এই সকল সৈন্যকে আর্চনা করিবার ইচ্ছা করিয়াছ, ইহাতেই আমার যথেষ্ট সংকার করা হইল। এই বলিয়া তিনি পথের দিকে অফুলি নির্দেশ পূর্বক কহিলেন, দেখ, গদার এই কচ্ছদেশ নিতাম্ভ গছন ও ছ্প্রেবেশ; বল এক্ষণে আমি কোন্ পথ দিয়া ভরভাজাশ্রমে গমন করিব ?

তখন গুহ কতাঞ্জলি হইয়া কহিলেন, রাজকুমার! নিষাদেরা সকল স্থানই অবুগত আছে, প্রয়ানকালে তাহারা
ভোমার সুঙ্গে বাইবে এবং আমিও বাইব। একণে জিজাসা
করি, তুমি কি কোন অসং সংকল্প করিয়া রামের নিকট চলিয়াছ ? বলিতে কি, ভোমার এই বহুসংখ্য সেনা আমার মনে
এই আশকাই বলবং করিয়া দিভেছে।

গুত্রে এই কথা শ্রবণ করিয়া গগনতলের ন্যায় নির্মল ভরত
মধুর বাক্যে কহিতে লাগিলেন, নিষাদরাজ ! যে কালে রামের
কোন অনিষ্ঠাচরণ করিতে হইবে, এরপ সমর যেন কখন না

আইসে। তিনি আশার জ্যেষ্ঠ ও পিতৃতুল্য, এক্ষণে আমি **তাঁহাকে** বন হইতে, প্রতিগোনয়ন করিবার নিমিত্তই চলিয়াছি। সত্যই কহিতেছি, তুমি এই বিষয়ে কিছুমাত্র সন্দেহ করিও না।

নিবাদপতি, ভর্তের এই কথা শুনিয়া অতিশয় সস্তুট হইলেন, কহিলেন, রাজকুমার! তুমি যখন অ্যত্তমূলভ রাজ্য পরিত্যাগের বাসনা করিয়াছ, তখন তুমিই ধন্য; এই পৃথি-বীতে তোমার তুল্য আর কাহাকেও দেখি না। তুমি বিপন্ন রামকে প্রচ্যানরনের ইচ্ছা করিয়াছ বলিয়া তোমার এই কীর্ত্তি অনস্তুকালস্থায়িনী হইয়া ত্রিলোকে সঞ্চরণ করিবে।

উতয়ে এইরপ কথোপকখন করিতেছেন, এই অবসরে স্থ্য নিপ্রভ হইরা অন্তর্শিখনে আরোহণ করিলেন, রজনীও উপস্থিত হইল। তখন ভরত নিষাদপতির পরিচর্য্যায় সবিশেষ প্রীত হইরা শক্রপ্রের সহিত শয়ন করিলেন। রামচিন্তা-জনিত শোক সেই চিয়য়খী ধর্মনিরত রাজকুমারকে আক্রমণ করিল। কোটরস্থ অগ্নি যেমন দাবানলশোষিত রক্ষকে দক্ষ করে, তদ্রপ ও শোকবহি চিন্তানলসম্ভপ্র ভরতকে দক্ষ করিতে প্রাপ্ত হইল। হিমাচল যেমন স্থ্যের উত্তাপে ত্রার ক্ষরণ করিয়া থাকেন. তদ্রপ উহার প্রভাবে ভরতের দেহ হইতে থর্ম নিগত হইতে লাগিল। ও সময় যে শোকরপ শৈল তাঁহাকে নিপীতিত করিল, রামের চিন্তা উহার—অথও শিলা,

নিঃশ্বাস—ধাতু, বিষয়বিঁরাগ—রক্ষ, তুঃখ ক্লেশ—শৃঙ্গ, মোহ—
বন্যজন্ত, এবং সন্তাপ — ওষধি ও বেণু। ভরত তদ্ধারা আক্রান্ত
হইরা নিভাপ্ত বিমনায়মান হইলেন। তৎকালে তিনি মানসিক
দ্বারে একান্ত অভিভূত হইরা, যুথজন্ত মান্তক্ষের ন্যায় শান্তিলাভ
করিতে পারিলেন না। তাঁহার চেতনা বিলুপ্ত হইল। ভিনি
রামের নিমিত্ত অভ্যন্ত ব্যাকুল হইলেন। তখন নিষাদরাজ
ভরতের এইরপ অবস্থা দর্শন করিয়া তাঁহাকে বারংবার আশ্বাস
প্রদান করিতে লাগিলেন।

ধড়শীতিত্য সর্গ

অবস্তুর তিনি লক্ষণের সদাপুণের প্রসঙ্গ করিয়া ভরতকে কহিলেন, যুবরাজ! আমি লক্ষণকে শরশরাসন এহণ পূর্বক রামের রক্ষা বিধানার্থ রাত্রি জাগরণ করিতে দেখিয়া কহিয়া-ছিলাম, রাজকুমার! তোমার জন্য এই সুখশ্যা রচিত হই-য়াছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াদে ক্লেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না। দেখ, এক্ষণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথ পূর্বাক সভ্যই কহি-তেছি, রাম অপেক। প্রিয়তম আমার আর নাই। ইহাঁর প্রসাদে ধর্মার্থ কামের সহিত ইহলোকে বশোলাভ হইবে, ইহাই আ্মার বাঞ্চা। এই স্থানে বহুসংখ্য নিষাদ আসিয়াছে, ইহাদিগকে লইয়া আমি কার্য্য এহণ পূর্মক জানকীর সহিত প্রিয়-সখাকে রক্ষা করিব। নিরস্তুর এই অরণ্যে বিচরণ করি বলিয়া, ইহার কিছুই আমার অবিদিত নাই , যদি অন্যের চতুরক দৈন্য আদিয়া আক্রমণ করে, আমি সহজেই ভাষা নিবারণ করিতে পারিব।

তখন লক্ষণ আমার এইরপ বাক্য প্রবণ করিয়া আমাকে অনুনয় পূর্বক কছিলেন, নিষাদরাজ! এই রযুকুলিভিলক রাম জানকীর সহিত ভূমিশ্যাায় শয়ন করিয়া আছেন, এখন আর আমার আহার নিজায় প্রয়োজন কি, কি বলিয়াই বা সুখভোগে রত হইব। রণস্থলে সমস্ত সুরাম্বর যাঁহার বিক্রম সহা করিতে পারে না, আজ তিনিই পত্নীর সহিত পর্ণশ্ব্যা গ্রহণ করি-দেন। পিতা, মন্ত্র তপস্যা ও নানা প্রকার দৈব ক্রিয়ার অনু-कीन वाता रेहाँ एक शारे ब्राह्मन, रेनि वाबा एन नक लंबत चिक्र । ইহাঁকে বনবাস দিয়া তিনি আর অধিক দিন দেহ ধারণ করিতে পারিবেন না; দেবী বম্নমতীও অচিরাৎ বিধবা হইবেন। নিষাদরাজ! বোধ হয় এভক্ষণে পুরনারিগণ আর্ভস্বরে চীৎ-কার করিয়া প্রান্তি নিবন্ধন নিরস্ত হইয়াছেন ; রাজভবনও নিস্তব্ধ হইয়া আসিয়াছে ! হা ! দেবী কেশিলাা জননী স্থমিতা ও পিতা/দশরথ যে জীবিত আছেন, আমি এরণ সম্ভাবনা করি না, যদি পাকেন ভবে এই রাত্তি পর্য্যন্ত। আমার মাঁতা ভাতা শক্ররের মুখ চাহিয়া বাঁচিতে পারেন কিন্ত বীরপ্রসবা को मेला त्य श्रृंखामात्क প्रांगजारा कतित्वन, वहेरे योगातं द्वः थ । দেখ, আর্ষ্য রামের প্রতি পুরবাসিগণের বিশেষ অনুরাগ আছে, একণে আবার পুত্রবিয়োগে রাজা দশর্থের মৃত্যু হইলে ভাহারা অভ্যন্তই কই পাইবে। হায়! জানি না, জ্যেষ্ঠ পুৱের অদ-

র্শনে পিতার ভাগ্যে কি ঘটিবে। তিনি রামকে রাজ্যভার निष्ठ ना भौतिहा छत्र मत्नाद्राय असनाम इरेल असनाम इरेल' কেবল এই বলিয়াধ মর্ত্রালীলা সংবরণ করিবেন। তাঁছার দেহাস্তে দেবা কেশিল্যার লোকান্তর লাভ হইবে। তৎপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবন ত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে যাঁহারা তৎকালে উপস্থিত থাকিয়া তাঁহার অগ্নিসংস্কার প্রভৃতি সমস্ত প্রেতকার্য্য সাধন করিখেদ, তাঁহা-রাই ভাগ্যবান। যথায় রমণীয় চত্তর ও প্রশস্ত রাজপথ সকল রহিয়াছে, যে স্থানে হর্ম্য প্রাদান উন্যান ও উপবন আছে এবং বারাঙ্গনারা বিরাজ করিতেছে, যথায় হন্তী অশ্ব রথ স্প্রপুর ও নিরম্ভর ভূর্য্যধ্বনি হইতেছে, যে স্থানে সকলেই হাউ পুষ্ট এবং সভা ও উৎসবে সততই সন্নিবিষ্ট, আমার পিতার সেই মঞ্চালয় রাজ্ধানী অযোধ্যায় এ সমস্ত ব্যক্তি পরম স্থাধি বিচরণ করিবেন। হা! আমরা সত্যপ্রতিংক রামের সহিত নির্বিদ্ধে অযোধার কি পুনরার আসিতে পারিব!

লক্ষণ এইরপে পরিতাপ করিতেছিলেন, ইত্যুবসরে রাজি প্রভাত হইরা গেল। অনস্তর স্থ্য উদিত হইলে তাঁহারা এই জাহুবীতারে মন্তকে জটাভার প্রস্তুত করিয়া খামার সাহার্য্যে পরম স্থোনদী পার হইয়া যান।

সপ্তাশীতিত্য সর্গ

মহাবল মহাবাছ কমললোচন প্রিয়দর্শন ভরত, গুরের নিকট এই অপ্রিয় কথা প্রবণ করিয়া, যার পর নাই চিন্তিত হই-লেন এবং মুহূর্ভকাল ছঃখিত হইয়া, আশ্বাস লাভ পূর্ব্বক অঙ্কুশাহত মাতঙ্কের ন্যায় সহসা শোকভরে পুনরায় মূর্চ্ছিত হইয়া পাড়লেন। তদ্ধনি নিষাদপতি গুরের মুখ বিবর্ণ হইয়া গোল এবং তিনি ভূমিকম্পকালীন রক্ষের ন্যায় নিভান্ত ব্যথিত হইয়েন। সন্নিহিত শক্রয়ও শোকাকুলিত ও বিমোহিত হইয়া ভরতকে আলিকন পূর্ব্বক মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। ইত্যবসরে উপবাসক্রশ ভর্ত্বিরহপরিতাপিত কৌশল্যা প্রভৃতি রাজমহিষীয়া দীনমনে ভরতের সন্নিধানে উপন্থিত হইলেন এবং তাঁহাকে পরিবেন্টন পূর্ব্বক জলধারাকুললোচনে কহিলেন, তাঁহাকে আলিকন পূর্ব্বক জলধারাকুললোচনে কহিলেন,

বংস! তোমার শরারে কি কোনরপ পীড়া উপস্থিত হইরাছে? এই সকল রাজপরিবার আজ তোমাকে লইরা প্রাণ ধারণ করিয়া আছে। রাম, লক্ষমণের সহিত বনে গিয়াছেন, এখন আমি কেবল তোমাকে দেখিয়াই বাঁচিয়া আছি। মহারাজ দেহতাগ করিয়াছেন, আজ তুমিই আমাদিগের রক্ষক। বাহা! লক্ষমণের কি কিছু অমঙ্গল শুনিয়াছ? এই একপুত্রার পুত্র, ভার্য্যার সহিত বনবাসা হইয়াছেন, তাঁহার কি কোন অশুভ সমাচার পাইয়াছ?

অনস্তর ভরত মুহূর্ত্ত মধ্যে আশস্ত হইরা কৌশল্যাকে সাস্ত্রনান করত গুহকে সজলনেত্রে কহিলেন, নিষাদরাজ! আর্য্য রাম কোপায় রাজি যাপন করিয়াছিলেন? জানকী ও লক্ষ্মণই বা কোপায় ছিলেন? তাঁহারা কি আহার করিলেন এবং কোন্ শ্যাতেই বা শরন করেন? তথন গুহ প্রিয়্মতিথি রামের সহিত ক্ষ্মপ আচরণ করিয়াছিলেন, হাউমনে কহিতে ভলাগিলেন, রাজকুমার! আমি রামের আহারের নিমিত্ত নানাবিধ ফল মূল ও নানাপ্রকার ভক্ষ্য ভোজ্য প্রচুররূপ উপহার দিয়াছিলাম। কিন্তু তিনি ক্ষল্রিয়ধর্ম অনুসারে প্রতিগ্রহ না করিয়া তৎসমুদার আমাকেই প্রভ্যপ্ন করেন, এবং ভৎকালে এই বিলিয়া অনুনয় করিলেন, স্থে! সর্বাদানই আমাদিগের কর্ত্ব্য, প্রতিগ্রহ করা বিধের নহে। পরে লক্ষ্মণ জাহুবী

হইতে জল আনয়ন করিলে, তিনি তাহা পান করিয়া সীমতার সহিত উপবাস করিলেন; লক্ষ্মণও ও পীতাবশৈষ সলিল পান করিয়া রহিলেন।

অনস্তর ত্রীহারা স্থান্তের সহিত সমাহিতচিত্তে মৌনভাবে সন্ধ্যা উপাসনা করিতে লাগিলেন। সন্ধ্যা সমাপ্ত হইলে, লক্ষ্মণ শীদ্র কুশ আহরণ করিয়া, রামের নিমিত্ত শায়া প্রস্তুত করিয়া দিলেন ওবং রাম ও জানকা তাহাতে শায়নু করিলে তিনি তাঁহালের পাদ প্রকাশন পূর্বাক তথা হইতে অপসৃত হইলেন। রাজকুমার! ঐ সেই ইঙ্গুদী রক্ষের মূল, এই সেই তৃণ, ইহাতেই রাম ভার্যার সহিত রাত্রি যাপন করিয়াছিলেন। ঐ সময় মহাবার লক্ষ্মণ সন্ত্রণ শারাসন অঙ্গুলিকাণ এবং পৃষ্ঠে শারপূর্ন তুণীরদ্বয় ধারণ করিয়া রামের চতুর্দিক রক্ষা করেন। আধিমিত জ্বাতিবর্গের সহিত শার কার্যাক গ্রহণ পূর্যাক তথায় অবস্থান করি।

অফাশীতিত্য সর্গ

ভরত, নিষাদরাজ গুছের মুখে এই সমস্ত কথা শ্রবণ করিয়া মন্ত্রীদিণের সহিত ইকুদীতলে গমন ও রামের শয্যা দর্শন পূর্বাক মাতৃগণকে কহিলেন, দেখ, এই ভূমিতে মহাত্রা রাম শরন করিয়া রাত্রিযাপন করিয়াছিলেন, এই তাঁহার শয্যা। রাজকেশরী দশর্প হইতে যিনি জন্ম গ্রহণ করিয়া-ছেন, ভূতলে শয়ন করা তাঁহার কর্ত্তব্য নছে। যিনি চর্মান্তরণ-কল্পিত শয্যায় নিশা অতিবাহন করিয়াছেন, তিনি ১এখন কি রূপে ভূতলে শয়ন করেন? যিনি বিমানসদৃশ প্রাসাদ, কূটা-গার, উত্তরহৃদসম্পন্ন অর্থ ও রজতময় কুটিম, এবং স্থবর্ণভিত্তি-শোভিত অগুরুহদনগন্ধী কুসুমসমলক্ষ্ত শুক্রুলমুখরিত শুল্র-মেষসক্ষাশ স্থাতল হর্ষ্যে শয়ন করিয়া প্রভাতে পরিচারিকা-গণের নুপুররব ও গীত্রাদ্যের শন্দে প্রতিবোধিত হইতেন, বন্দিবর্গ অনুরূপ গাথা ও স্তুতিবাদে যাহার বন্দনা করিত, তিনি এখন কি রূপে ভূতলে শয়ন করিয়া থাকেন। রামের ভূমিশয্যা কাহারই বিশ্বাসযোগ্য হইতেছে না; ইহা সভ্য বলিয়াই আমার বোধ হইল না, শুনিয়া বিমোহিত হইতেছি, জ্ঞান হইতেছে যেন ইহা ৰপ্ন। কাল যে দৈব অপেক্ষা বলবাৰ, ভাহাতে আর কোন সন্দেহ নাই, তাহা না হইলে দশর্থতনয় রাম ভূতলে শয়নী করিতেন না, এবং বিদেহরাজের কন্যা রাজা দশরথের পুত্রবধূ প্রিয়দর্শনা জানকীকেও ভূতলে শয়ন করিতে হইত না ৷ এই খামার ভাতা রামের শয্যা; সায়ংকালে তিনি প্রান্তি নিব-ন্ধন যে অঙ্গ পরিবর্ত্তন করিয়াছিলেন, এই তাহার চিহ্ন। ঐ দেখ, তাঁহার অঙ্গঘর্যণে কঠিন মৃত্তিকার উপর তৃণ সকল মর্দিত হইয়া রহিয়াছে। বোগ হয়, এই শ্য্যাতে অলক্ষ্তা সীতা শয়ন করিয়াছিলেন, কারণ ইহার ইতস্ততঃ মুবর্ণচূর্ণ পতিত হইয়া আছে। শ্বয়নকালে সীতার উত্তরীয় এই স্থানে নিশ্য়ই আসক্ত হইয়াছিল, ইহাতে এখনও কোশেয় বসনের তন্ত সকল সংলগ্ন রহিয়াছে। স্বামীর শ্ব্যা যেরপই শ্উক, ন্ত্রীলোকের স্থকর হইয়া থাকে, মতুবা সেই সুকুমারা সতী कि कातरा प्रः च च च करतन नारे। - हाता कि हरेल! শামি কি পামর, কেবল আমারই নিমিত্ত ভাতা রাম ভার্য্যার সহিত অনাথের ন্যায় পর্ণশ্যায় শয়ন করিতেছেন! যিনি সর্বাধিপতির কুলে উৎপন্ন হইয়াছেন, যিনি সকল লোকেরই

হিতকারক ও সুখজনক, যিনি কখনই তুঃখ ডোগ করেন নাই, সেই ইন্দীবরশ্যাম আরক্তলোচন প্রিয়দর্শন কিরূপে ভূতলে শয়ন করিতেছেন !'লক্ষণই ধন্য, তিনি এই সঙ্কট কালে তাঁহার অনুসরণ করিয়াছেন , জানকীও তাঁহার সঙ্গে গিয়া রুতার্থ হই-রাছেন ; কেবল আমরাই ভদ্বিয়ে পরাজ্ব খ হইয়া রহিলাম।— হা! পিতা স্বর্গে আরোহণ করিয়াছেন, রাম বনবাসী হইয়াছেন, এক্ষণে এই বহুস্করাকে কর্ণারবিহীন নেকার নাার নিতান্ত নিরাশায় বোধ হইতেছে। অরণ্যাত মহাত্মা রামের বাহুবল-রক্ষিত এই পৃথিবীকে মনেও কেছ আকাজ্যা করিতেছে না ৷ এক্ষণে অযোধ্যার চতুঃপার্শ্বন্থ প্রাকারে প্রহরী নাই, পুরদ্বার অনার্ত, হস্তাম সকল উন্মুক্ত, সৈন্য সমুদায় বিষয়, আজ বিষমিশ্রিত অন্নের ন্যায় ইহাকে শক্ররাও প্রার্থনা করিতেছে না। অভাবধি আমি জটাচীর ধারণ ও ফলমূল ভক্ষণ পূর্বক ভূতলে বা ভূণশ্যায় শয়ন করিব। রামের ত্রত শ্বং গ্রহণ করিয়া চতুর্দ্দশ বৎসর পরম স্কুখে অরণ্যে থাকিব, ুইহাতে তাঁহার সংকল্পের কোনরপ ব্যক্তিক্রম ঘটিবে না। বনবাসকালে শক্রম আমার সঙ্গে থাকিবেন, আর আর্য্য রাম লক্ষ্মণের সহিত অযোধ্যা রক্ষণাবেক্ষণ করিবেন। তিনি ত্রাক্ষণগণের সাহায্যে রাজ্যে অভিষিক্ত হন, এই আমার অভিলাষ, দৈববলে ইহা সফল হউক। এক্ষণে আমি গিয়া, জাঁহাকে প্রত্যানয়ন করিবার নিমিত্ত

ভাঁহার চরণে ধরিয়া, নানা প্রকারে প্রসন্ন করিব, যদি তিনি স্বীকার না করেন, তবে আমাকেও তাঁহার সঙ্গৈ বনে বাস করিতে হইবে, এই বিষয়ে তিনি আমাকে কোনমতেই উপেকা করিতে পারিবেন না।

একোননবতিত্য সর্গ।



অনস্তর ভরত, ঐ গঙ্গাতীরে রাত্রি যাপন করিয়া প্রতাতে গাঁত্রোত্থান পূর্ব্বক শক্রম্বকে কহিলেন, শক্রম ! আর কেন শরন করিয়া আছ, এক্ষণে উত্থিত হইয়া অবিলয়ে নিষাদপতি গুহকে আহ্বান কর। তিনি আসিয়া আমার সৈন্যদিগকে পার করিয়া দিবেন। শক্রম কহিলেন, আর্য্য ! আমি আপনারই ন্যার হুর্ভাব-লায় সমস্ত রাত্রি নিদ্রা যাই নাই, জ্বাগরিতই রহিয়াছি।

তাঁহারা এইরপ কথোপথন করিতেছেন, এই জবসরে নিবাদরাজ তথার আগমন করিয়া কভাঞ্জালিপুটে ক্ছিলেন, রাজকুমার! এই নদীতটে স্থাধ ত নিশা বাপন করিয়াছ? সনৈন্যে ত কুশলে আছ? ভরত গুছের এই স্নেহপূর্ণ বাক্য শ্রবণ করিয়া কছিলেন, গুছ! শর্মারী স্থাধ অভিযোগে আমাবাহিত হইরাছে. অভঃপর ভোমার দালেরা আসিয়া নেকা-দিগকে পার করিয়া দিক।

গুৰু, ভরতের আদেশমাত্র ক্রতগমনে নগর প্রবেশ করিয়া জাতিদিগকে কহিলেন, নিষাদগণ! জাগরিত হও; আমি একণে ভরভের সৈন্যদিগকে গঙ্গা পার করিব, ভোমরা গাত্রো-খান করিয়া নেকা আনরন কর; তোঁমাদের মঙ্গল হউক। তখন নিষাদেরা অধিপতি গুহের আজ্ঞায় উন্ধিত হইয়া চারিদিক হইতে পাঁচশত নেকি। আনিল। এ সমস্ত নেকি। ব্যতীত স্বস্তিকা নামক পতাকা ও ক্ষেপণীযুক্ত স্থুদৃঢ় নৌকা नकल लरेबा **जारे**ल। उरात मारा धक्यानि सूवर्गेथि छ । পাণ্ডবর্ণকশ্বলে পরিবৃত, উপরে নিষাদেরা মঙ্গল বাদ্য বাদন করি-(**उ**हिन । क्षर (मरे यक्षिक) नरेग्ना जत्राजत निकृषे उपनीज হইলেন। তরত, শক্রব্নের সহিত উহাতে আরোহণ করিলেন। সর্বাত্তে গুৰু ও পুরোহিতেরা নৌকায় উঠিয়াছিলেন; পরে কোশল্যা প্রভৃতি রাজপত্নী, পশ্চাৎ প্রধান প্রধান অনুচর-দিগের গৃহিণীরা উত্থিত হইলেন। প্রয়াণকালে সৈন্যেরা বাস-গৃহে অগ্নি প্রদান করিল, অনেকে শক্টি ও পণ্য দ্রব্য তুলিতে नांशिन, चात्रक जीर्थ व्यवज्रत वर वात्रक मेना श्रकांत्र উপকরণ সংগ্রহে প্রবৃত্ত হইল। ঐ সময় উহাদের তুমুল কোলা-रल जाकान शूर्व रहेक्वा शन।

খনস্তর নেকা সকল খারোহিদিগকে লইয়া মহাবেগে ভাগীরখীর পর পারে উত্তীর্ণ হইল। উহার মধ্যে কোন খানিডে জ্ঞীলোক, কোন খানিতে অশ্ব এবং কোন খানিতে বছ্মূল্য শক্ট ও বলীবর্দ ছিল। তীরে সমস্ত অবরোপিত হইলে, নাবিকেরা জলমধ্যে নোকার' চিত্রগমন দেখাইতে লাগিল। প্রজদণ্ড-ধারী মাতক্রো আরোহিপ্রেরিত ও সম্ভরণপ্রবৃত্ত হইরা সশৃস্ব পর্বতের ন্যায় শোভমান হইল। তৎকালে কেহ নোকা, কেহ ভেলা, কেহ কুন্ত, এবং কেহ বা কেবল বাহুত্বয়ের সাহাধ্যে তীরে উচিল। সৈন্যেরা এইরূপে গঙ্গা উত্তীর্ণ হইয়া প্রাতঃ-সন্ধ্যার 'তৃতীয় মুহূর্ত্তে প্রয়াগের বনে উপন্থিত হইল। তথা হইতে ভরদ্বাজের তপোবন এক ক্রোল ব্যবধান ছিল; পাছে আশ্রমপীড়া জন্মে, এই আলক্ষায় ভরত, বনমধ্যে সৈন্য-দিগকে প্রান্তি দূর করিবার আদেশ দিলেন এবং ভরদ্বাজকে সন্দর্শনার্থ একান্ত উৎস্ক হইয়া, ঋত্বিক ও সদস্যগণের সহিত গমন করিতে উদ্মুক্ত হইলেন।

নবতিত্য সর্গ।

বাত্রাকালে ভরত, অস্ত্র ও পরিচ্ছ দ পরিত্যাগ করিয়া কোঁশের বস্ত্র 'পরিধান করিলেন' এবং বশিষ্ঠকে অগ্রবর্ত্তী করিয়া মস্ত্রি-বর্গ সমভিব্যাহারে পদত্রজে যাইতে লাগিলেন। পরে আশ্রম সম্নিহিত দেখিয়া মন্ত্রিদিগকেও রাখিলেন এবং কেবল বশিষ্ঠের পশ্চাৎ পশ্চাৎ তথায় প্রবেশ করিলেন।

আনম্ভার ভরবাজ বশিষ্ঠকে দেখিবামাত্র শিষ্যগণকৈ অর্ঘ্য আনমনের আদেশ পূর্বাক আদান হইতে উত্থিত হইলেন। ভরতও নিকটস্থ হইয়া তাঁহাকে প্রাণিপাত করিলেন। তখন ভরদ্ধান্ত, বশিষ্ঠের সহিত আগমন নিবন্ধন, তিনি যে রাজা দশরখের পূত্র, ভাহা বুঝিতে পারিলেন এবং তাঁহাদিগকে পাদ্য অর্ঘ্য ও বিবিধ কল মূল প্রদান পূর্বাক, অনুক্রমে আশ্রমের ও অযোধ্যা সৈন্য ধনাগার মিত্র ও মন্ত্রীসংক্রান্ত কুশল জিজ্ঞাসা করিতে লাগিলেন। রাজা দশরথ যে দেহত্যাগ করিয়াছেন, ইহা তাঁহার পরিজ্ঞাতই ছিল, এই কারণে তিনি তাঁহার আর কোন

প্রাক্ত করিলেন না। অনস্তার বশিষ্ঠদেব ও ভরত তাঁহাকে অনামর প্রশ্ন করিয়া, অগ্নি শিষ্য বৃক্ষ মৃগ ও পক্ষীর কুশল জিজ্ঞাসিলেন। মহাযশা মহর্ষিও আনুপূর্কিক সমস্ত জ্ঞাত করিয়া রামশ্রেহে কহিলেন, ভরত! তুমি রাজ্য শাসন করিতেটিলেন, তোমার এন্থানে আগমন করিবার প্রয়োজন কি? বল, এক্ষণে আমার মনে নানা প্রবার শংসয় উপস্থিত হইতিছে। রাজমহিষী কোশল্যা বাঁহাকে প্রসাব করিয়াছেন, মহায়াজ দশর্থ স্ত্রীর অনুরোধে যাহাকে চতুর্দশ বংসরের জন্য অরণ্যবাস দিয়াছেন, সেই মিল্পাপ রামের রাজ্য নিক্ষণিকে ভোগ করিবার নিমিন্ত, তুমি কি তাঁহার কোন অনিষ্টের ইচ্ছা করিতেছ?

ভরত, ভরদ্বাজের এইরপ কথা শুনিবামাত্র নিভান্ত দুঃখিত হইয়া ৰাল্পাকুললোচনে গদ্যাদবননে, কহিলেন, ভগবন্! বদি আপনিও আমায় এইরপ জ্ঞান করিয়া থাকেন, তবে উৎসম্ম হইলাম। আমা হইতে কোন দোবকর কার্য্য ঘটিবে, আপনি এরপ আশঙ্কা করিবেন না, এবং আমায় এইরপ কঠের বাক্য আর বলিবেন না। জননা আমার জন্য যাথা কহিয়াছিলেন, আমি তির্বিয়ে সন্তুষ্ট নহি। এক্ষণে আমি রামের চরণ বন্ধনা ও প্রসম্মতা প্রার্থনা করিয়া তাঁহাকে লইতে আসিয়াছি। আপনি, আমার মনের ভাব এইরপ বুরিয়া, আমার প্রতি নিঃশংসর

হউন। সেই মহারাজ রাম একণে কোপার আছেন, আপনি আমাকে বলিয়া দিন।

অনন্তর ভরদ্বাজ, বশিষ্ঠাদি শ্বিগঞ্জের অনুরোধে প্রসম্ন হইয়া ভরতকে কহিলেন, রাজকুমার হৈ তুমি রঘুবংশে জ্যাএহণ করিয়াছ; এই গুক্সেবা, লোভাদি ইন্দ্রিয়সংযম, ও সংপথে প্রবৃত্তি, ভোমার উচিডই হইডেছে। আমি ভোমার অভিপ্রায় জ্বাচ আছি, লোকের সমক্ষে ভাহা আরও দৃঢ় হইবে
বলিয়া, ভোমার কীর্ডি বর্জনের নিমিন্ত, প্ররূপ জিজ্ঞাসা করিলাম ৷ আমি রামকে জ্ঞানি; ভিনি এক্ষণে লক্ষণ ও জানকীর
সহিত প্রতিত্রকৃটি পর্মতে বাস করিয়া আছেন ৷ কল্য তুমি
ভথার মন্ত্রিগণের সহিত বালা করিবে, আদ্য আমার এই আশ্রমে
অবস্থান কর। তথন উদারদর্শন ভরত ভর্লাজের প্রার্থনায়
সম্বত হইয়া, তথার নিশা বাপনের অভিলাষ করিলেন ৷

একনবতিত্য সর্গ।

অনন্তর মহর্ষি ভরদ্বাজ ভরতকে আতিখ্যে নিমন্ত্রণ করিলেন। ভরত কহিলেন, তপোধন! বনে যাহা স্থলভ, তদ্বারা
এই ভ আতিথ্য করিলেন? তথন ভরদ্বাজ ঈষৎ হাস্য করিয়া
কহিলেন, ভরত! তুমি যে বনের ফলমূলে প্রীত হইয়াছ, এবং
যৎকিঞ্চিৎ পাইয়াই যে সন্তোষ লাভ করিয়া থাক, আমি তাহা
জানি। এক্ষণে তোমার সেনাগণ ক্ষুধিত হইয়াছে, আমি উহাদিগকে ভোজন করাইব, আর তুমিও আমার বাসনামুরপ আতিখ্য
গ্রহণ কর। তুমি কি জন্য বহুদ্রে সৈন্য রাখিয়া এন্থানে
আইলে? কি কারণেই বা সবলবাহনে আগমন করিলে না?

ভখন ভরত কতাঞ্জলিপুটে কহিলেন তপোধন! আমি আপনারই ভয়ে সদৈনো আসিতে পারিলাম না। রাজা হউন, বা রাজপুত্রই হউন, তাপসগণের অধিকার বত্বপূর্মক পরিহার করা সকলেরই কর্ত্তবা। একণে উৎকট অখ, প্রমন্ত হস্তী ও মনুষ্যেরা প্রশন্ত ভূমিখণ্ড আর্ড করিয়া আমার সঙ্গে চলিয়াছে। উহারা পাছে বৃক্ষ সকল ভগ্ন ও জল নট করিয়া তপো-

বনের বাধা জন্মায়, এই আশঙ্কায় আমি একাকীই আসিয়াছি ৷ তখন ভরদ্বাজ কহিলেন, বংস! তুমি সেনাগণকৈ এই স্থানে আনয়ন কর। ভরতও তাঁহার বাক্যে তৎক্ষাৎ সমত হইলেন। অনস্তর মহর্ষি, অগ্নিশালায় প্রবেশ করিয়া, সলিল দ্বারা আচমন ও ছুইবার ওষ্ঠ মার্জণ পূর্বক আতিখ্যের নিমিত্ত বিশ্বকর্মাকে এইরপে আহ্বান করিলেন,—আমি ভক্ষণাদি কার্য্য-কুশল বিশ্বকর্মাকে আহ্বান করিতেছি, তিনি আমার এই অতিথি-সৎকারের ইচ্ছা সম্পন্ন কৰুন। আমি ইন্দ্রাদি তিন জন লোক-পালকে আহ্বান করিতেছি, তাঁহারা আমার এই অতিধিসং-কারের ইচ্ছা সম্পন্ন কৰন। যাঁহাদের স্রোভ পশ্চিমাভিমুখী এবং বাঁহারা ভির্যাক্গামী, পৃথিবী ও অন্তরীক্ষের সেই সকল ननी ठर्जुर्फिक ट्रेट्ड এই স্থানে আহ্ন। छाटाएनत मर्था क्ट কেহ মৈরেয় মদ্য, কেহ কেহমুসংস্কৃত সুরা এবং কেহ কেহ বা ইক্ষুরসম্বাহ্ সুশীতল জল প্রবাহিত করিতে থাকুন। ঝামি पनाना (पर शक्कर्स (परी ७ शक्कर्वी पिशक पाइतान कति-ভেছি, স্ভাচা, বিশ্বাচী, মিশ্রকেশী, অলমূ বা, নাগদন্তা, হেমা ও পর্ব্বতবাসিনী সোমাকে আহ্বান করিতেছি ;—হুররাজ পুরন্দর ও পদ্মবোনি बन्तांत्र निकृष्टे याँशांत्रा गमनागमन कतिया थारकन, ত্রেট্ব সকল অপ্সরাকেও আহ্বান করিভেছি, তাঁহারা একণে স্বসঞ্জিত হইয়া তুষু কর সহিত এম্বানে আগমন ককন। উত্তর

কুকতে যে দিবা বন আছে, বসনভূবণ যাহার পাত্র, স্থানী নারী বাহার ফল, ভাহা এখানেই দৃষ্ট হউক। এই স্থানে ভগবান্ সোম, ভক্ষা ভোজ্য প্রভৃতি চতুর্বিধ অন্ন প্রদান কর্মন। বৃক্ষচ্যুত বিচিত্রমাল্য, স্বরা প্রভৃতি পানীয় ও নানা প্রকার মাংস
স্থাভ করিয়া দিন। মহর্ষি ভরহাজ, তপ ও সমাধি প্রভাবে
শিক্ষা-স্বর প্রয়োগ পূর্বেক এইরপ কহিয়া বিরত হইলেন এবং
পশিক্ষাভিমুখী হইয়া ঐ সমস্ত দেবভার আবির্ভাব কামনা
করিতে লাগিলেন।

অনস্তর আছ্ত দেবতারা প্রত্যেকে পৃথক পৃথক আসিয়া উপস্থিত হইলেন। সমীরণ, মলয় ও দর্র পর্মত হইতে মৃত্ব্ মন্দ ও স্থান্ধ গুণে প্রীতিপ্রাদ ও স্থাদ হইয়া বহিতে লাগিল; মের সকল পুন্দার্ক্তি আরম্ভ করিল; চতুর্দিকে দেবহুন্দ্ভিরব; অপ্সরা সকল নৃত্য এবং গল্পকেরা গান করিতে প্রবৃত্ত হইল; বীণাধ্বনি হইতে লাগিল। উহার তানলয়সসত ম্ধুর স্বর ভূলোক ও অস্তরীকে গিয়া প্রবেশ করিল। ও সমস্ত প্রেণ্ডিম্থন কর শন্দ উথিত হইলে, রাজকুমার ভরতের সৈনোরা বিশ্বকর্মার আশ্রুষ্য রচনা সকল দেখিতে লাগিল। সেই ভূমি চারি দিকে পঞ্চবোজন হইয়াছে, সমতল ও নীলবৈহুর্য্যমণিতুল্য হরিৎবর্ণ ত্ণে সমাছেয়; বিলু কপিখ পনস স্থকেশর * আমলকী

টাবা লেবু।

ও আ্র এই সকল বৃক্ষ ফলভরে অবনত হইয়া আছে।
উত্তর কুক হইতে দিব্যভোগপ্রদ চৈত্ররথ কানন শ্বাসিয়াছে।
তীরতকসমাকীর্ণ ভরঙ্গিনী প্রবাহিত হইতেছে। ধবল চতুঃশাল গৃহ, মৃন্দুরা, হর্ম্যা, এবং শুল্রমেঘতুল্য ভোরণশোভিত
চতুক্ষোণ স্থপ্রশস্ত শুক্রমাল্যে অলঙ্কৃত স্থান্ধি সলিলে
স্থবাসিত রাজপ্রাসাদ প্রস্তুত হইয়াছে। উহার মধ্যে
স্থরচিত শ্ব্যা, আন্তীর্ণ আসন, যান, উৎকৃষ্ট ভোজ্য, ধ্যতি
পার্ত্ত, বস্ত্র, ও নানা প্রকার স্বাহু রসও সঞ্চিত আছে।

রাজকুমার ভরত, মহর্ষি ভরদাজের অনুজ্ঞা লইরা, মন্ত্রী ও পুরোহিভগণের সহিত গৃহপ্রবেশ করিলেন। বাস-ব্যবস্থা দর্শনে ভৎকালে সকলেরই মনে হর্ষ জন্মিল। তথার রাজ-সিংহাসন, দিব্য ব্যজন ও ছত্র ছিল, ভরত, মন্ত্রিগণের সহিত ভৎসমুদার প্রদক্ষিণ করিয়া, উদ্দেশে রামকে প্রণাম করিলেন, এবং ঐ সিংহাসন পূজা করিয়া, চামরহস্তে সচিবের আসনৈ উপবিষ্ট ছুইলেন। তাঁহার পর মন্ত্রী, পুরোহিত, সেনাপতি, ও শিবিররক্ষকেরাও আনুপূর্মিক বিসলেন।

প্র সময়ে প্রজাপতিপ্রেরিত বিংশতি সহস্র এবং কুবেরপ্রহিত বিংশতি সহস্র রমণী, মণিমুক্তাপ্রবালে ভূষিত হইয়া
তথায় উপস্থিত হইল। উহারা যে পুরুষকৈ হস্তগত করে,
সে উন্মত্তের ন্যায় হইয়া উঠে। স্থানন্তর নন্ধন কানন হইতে

বিংশতি সহজ্র অপ্সরা আগমন করিল। গন্ধকরিজ নারদ তুষুক ও পোপ আসিয়া, ভরতের অতাে গান করিতে লাগি-লেন। অলমুষা বিশ্রকেশী পুঞ্রীকা ও বামনা নৃত্য আরম্ভ क्रिलन। (प्रवासिकं ७ टेड्विवर्थ कानान य माना पाह, ভরদ্বাজের প্রভাবে প্রয়াগক্ষেত্রে তাহা নিরীক্ষিত হইতে লাগিল। বিলু বৃক্ষ মৃদঙ্গবাদক, বিভীতক সম*গ্রাহী ও অশ্বত্থেরা নর্ত্তক হইল । সরল, তাল, তিলক,-ও তমাল, কুব্রা ও বামনের রূপ ধারণ করিল। শিংশপা † আমলকী, জন্ব প্রভৃতি পাদপ এবং মল্লিকাদি লতা প্রমদারূপে উপস্থিত হইল। কছিতে লাগিল, খুরাপায়িগণ! খুরাপান কর, ক্ষুধার্ভগণ! খুসং-ক্ষৃত মাংস ও পায়স প্রচুররূপ আহার কর। তৎকালে প্রত্যে-ককে, সাত আট জন স্ত্রীলোক স্থরম্য নদীতীরে লইয়া গিয়া স্থান এবং কেছ কেছ মধু পান করাইতে লাগিল। কোন कौन महिला भीषमर्पन, এবং क्टर कहरा अक्रमार्ज्जन আরম্ভ করিল। পালকেরা, হস্তা অশ্ব উট্র গর্দ্ধত ও বৃষ্ণুভদিগকে আহার করাইতে প্রবৃত্ত হইল। কোন কোন মহাবল, যোদ্গণের বাহনদিগকে ইক্ষু মধু ও লাজ যথেষ্ট ভোজন করিতে দিল। ঐ সময় সকলেই মধুপানে মন্ত, স্নতরাং অধরক্ষক অধের 'এবং হস্তিপকেরা হস্তীর কোন বার্ক্লাই

^{*} বাদ্যের ভাল বিশেষ † শিশু গাছ

রাখিল না। সৈন্যেরা পানভোজনে পরিতৃপ্ত রক্তচন্নে রঞ্জিত ও অপ্সরাদিগের সহিত মিলিত হইয়া কহিতে লাগিল, অতঃপর আমরা আর অযোধ্যা কি দণ্ডকারণ্য কুত্রাপি 'গমন করিব না, এক্ষণে রাম ও লক্ষ্মণের জয়জয়কার হউক। ফলতঃ সকলে এইরূপ স্বেচ্ছানুরূপ আহারবিধি লাভ করিয়া, যার পর নাই পরিতুষ্ট হইল। কেহ কেহ ইহাকেই স্বর্গ মনে করিয়া হর্ষভরে নিনাদ পরিত্যাগ করিতে লাগিল। কেহ মৃত্য কেছ গান ও কেহ বা হাস্য আরম্ভ করিল এবং কেহ কেহ বা গলে মাল্য ধারণ পূর্বক ইতস্ততঃ ধাবমান হইল। বাহারা একবার আহার করিয়াছে, ঐ সমস্ত উৎকৃষ্ট ভোজ্য দর্শনে ভাহাদের পুনরায় ভোজনেচ্ছা জিঘাল। দাস দাসী ও বধূদিগের মধ্যে সকলেরই নুতন ব্স্তু পরিধান এবং সকলেই সম্ভুষ্ট। পশু পক্ষী সকল সুপুষ্ট হইল, দ্রব্যাম্বরগ্রহণে উহাদের আর প্রবৃত্তি রহিল না। তথার প্রত্যেকের বস্ত্র ধবল, কেই কুষিত বা মলিন শহে এবং কাঁহারই কেশ ধূলিতে অপরিচ্ছন নাই। সকলে কুপুম-ন্তবকর্মশোভিত শুক্লান্নপূর্ণ স্বর্ণ ও রজতময় বহুসংখ্য পাত্র বিশ্ময়সহকারে দেখিতে লাগিল। ঐ সমস্ত পাত্তে ফলরসসিদ্ধ মুগদ্ধি সূপ, উৎকৃষ্ট ব্যঞ্জন এবং ছাগ ও বরাছের মাংস রহি-সংহে । বনবিভাগস্থ কৃপ সমূহে পায়সের কর্দ্দম দৃষ্ট হইল। ধেরু-भन अकी के श्रान वदः वृक्त मकल् मधु क्तरंग कतिएक लाभिन ।

পরিতপ্ত পিঠরপক্ক মৃগ ময়ৢর ও কুকু টের মাংস এবং মদ্যে দীঘিকা সকল পরিপূর্ণ হইরাছে। অরাধার, ব্যঞ্জনস্থালী, ও হেমময়
হস্তপ্রকালন পাত্র শতসহত্র সঞ্চিত আছে। কুস্তু ও করন্তে
দধি, হুদে স্থবিহিত স্থান্ধি কেশরগোর তক্রে, রসাল, হুদ্ধ, ও
সর্করা। স্থানঘটে চূর্ণক্ষায়, "কলক প্রভৃতি বিবিধ স্থানীয়
দ্রব্য স্থসজ্জিত আছে। নির্মাল কুর্চিতমুখ দস্তকার্চ, করক্কে
শ্বেতচন্দনকলক, পরিস্কৃত দর্পণ, বসন, পাছকা, দ্রুউপানহ,
কজ্জ্জাকরন্তিকা, কঙ্কত, ‡ কুর্চ, ছুত্র, ধরু, বর্ম, শব্যা ও আসন
সকল প্রস্তুত। হস্তী অশ্ব থর ও উই্রদিগের প্রতিপান হ্রদ,
কমলদলস্থশোভিত স্বজ্বসলিলসম্পন্ন আকান্যের ন্যায় শ্যামল
সরোবর, এবং নীলবৈত্বর্যবর্ণ কোমল তৃণ সকলও প্রত্যক্ষ
হইতে লাগিল।

সৈন্যের। এই স্বপ্নকল্প, অত্যন্তুত্ আতিখ্যব্যাপার দর্শন করিয়া, যার পর নাই বিশ্মিত হইল এবং নন্দন কাননে স্থরগণের ন্যায়- ঐ আশ্রমে রাত্রি যাপন করিল। অনস্তর গত্নর্ম ও অপ্সরা সকল মহর্ষি ভরদ্বাজের অনুমতি লইয়া প্রস্থান করিলেন। সৈন্যেরা মদিরা মন্ত এবং মাল্য সকল মর্দিত ও ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া রহিল।

[•] गञ्च ज्न । च अज्ञ ! काँ क्रे ६ कूँ वि

দ্বিনবভিত্তম সর্গ।

আনস্তর ভরত সপরিবারে আতিথ্যসংকারে প্রীত হইয়া,
রামের দর্শনলাভার্থ মহর্ষি ভরদ্বাজের সন্নিধানে উপস্থিত হইলেন । ভরদ্বাজ অগ্নিহোত্র অনুষ্ঠান পূর্ব্বক আশ্রম হইতে
নিক্ষান্ত হইতেছিলেন; তিনি ভরতকে ক্লতাঞ্জলি পুটে উপস্থিত
দেখিয়া জিজ্ঞাসিলেন বৎস! তুমি ত আমার আশ্রমে স্থেধ
রাত্রিষাপন করিয়াছ? তোমার সৈন্যেরা ত আতিথ্যে তৃপ্তি
লাভ করিয়াছে?

তথন ভরত তাঁহাকে অভিবাদন পূর্ব্বক ক্নতাঞ্জলি হইয়া কহিলেন ভগবন্! আমি সবলবাহনে পরম স্থাথ নিশা অতিবাহন করিয়াছি। আমাদের শরীরে কিছুমাত্র গ্লানি নাই। আমরা উৎক্ষ গৃহ, প্রচুর অন্নপান, আপনার প্রসাদে প্রাপ্ত হইরাছি। এক্ষণে আমি রামের সনিধানে চলিলাম, আপনাকে আমন্ত্রণ করিতেছি, আপনি আমার স্মিঞ্চিতে দর্শন করিবেন। ক্রেই ধ্র্মপরায়ণ রামের আশ্রম কভদূর এবং উহা কোন্ দিক দিয়াই বা যাইতে ইইবে আপনি ভাহাত বলিয়া দিন।

ভরদ্বাজ ভাত্দর্শনার্থী ভরতকে কহিলেন, বৎস! এই স্থান

হইতে সার্ক্ন দিক্রোশ অন্তর নিবিড় কাননমধ্যে চিত্রকূট নামক

এক পর্বাভ আছে। উহার বন ও প্রান্তরণ অভি মনোহর। ঐ
পর্বাভর উত্তর পাশ্ব দিয়া ভাগারথী প্রবাহিত হইতেছেন।

তোমার ভাতা ঐ চিত্রকূটে পর্নশালা প্রস্তুত করিয়া বাস

করিয়া আছেন। তুমি এক্ষণে যমুনার দক্ষিণ তীর দিয়া কিয়
দ্বুর গমন কর। পরে ঐ পথের বামভাগে দক্ষিণাভিমুখী

যে পথ গিয়াছে, ভাহা ধরিয়া এই চতুরক্ব সৈন্য লইয়া যাও,

ভাহা হইলেই তুমি রামকে দেখিতে পাইবে।

অনস্তর রাজমহিষীরা গমনের কথা গুনিয়া যান হইতে অবতরণ পূর্বক মহর্ষি তরদাজকে পরিবেইন করিলেন। দেবী কৌশল্যা, স্থমিত্রার সহিত দীনভাবে কম্পিতকলেবরে উহাঁর চরণে প্রণিপাত করিলেন। সর্বালোকনিন্দিতা কৈকেয়ীর মনোর্র্ষি পূর্ণ হয় নাই, তিনি অত্যন্ত লজ্জিত হইয়া প্রণাম করিলেন এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া অদূরে দীনমনে ভরতের সন্নিধানে দণ্ডায়মান রহিলেন। তথন ভরদাজ ভরতকে জিজ্জাসিলেন, বৎস! আমি ভোমার মাতৃগণের বিশেষ পরিচয় লইতে ইচ্ছা করি। ভরত কৃতাঞ্জলিপুটে কহিলেন ভগবন্! যাঁহাকে শোক ও অনসনে কৃপ দেখিতেছেন ইনি

অদিতি যেমন উপেব্রুকে, হান সেইরপ রামকে প্রসব করি-রাছেন। যিনি শীর্ণকুত্বম কর্ণিকার শাখার ন্যায় ইহাঁর বাম-পার্ষে বিরস্মনে রহিয়াছেন, ইনি মহারাজের মধ্যমা মহিষী ধ্যমিতা। মহাবীর লক্ষণ ও শত্রন্থ ইহাঁটেই পুত্র। আর যাঁহার নিমিত্ত রাম ও লক্ষণ মৃত্যুতুল্য আপদে পতিত হইয়াছেন এবং মহারাজ দশরথ পুত্রবিহীন হইয়া স্বর্গে অধিরোহণ করিয়াছেন, এই সেই আর্য্যরূপিণী অনার্য্যা কৈকেয়ী, ইনি অত্যন্ত নির্কোণ ক্রোধনস্বভাব সেভাগ্যগর্কিত ও ক্রুর। এই পাপীয়সীই আমার জননী, ইহাঁ হইতেই আমার ভাগ্যে এইরূপ বিপদ ঘটিয়াছে। ভরত বাষ্পাগদাদ বচনে এই বলিয়া আরক্তলোচনে ক্রেদ্ধ ভূজকের ন্যায় ঘন ঘন নিশ্বাস কেলিতে লাগিলেন। তখন মহামতি ভরদ্বাজ তাঁহাকে কহিলেন, বৎস! তুমি তোমার জননীর উপর দোষারোপ করিও না। রামের **এই निर्वामन प्रकल श्रीमर्गन कतिरंद** ; এই घर्डनाम्न स्मर দানব এ ধ্বিগণের হিতকর কার্য্য অবশ্যই সাধিত হইবে।

অর্থন্তর অবর্ধি ভরদ্বাজ্ঞকে অভিবাদন, প্রদক্ষিণ ও আমন্ত্রণ করিয়া সৈন্যসংযোগের আদেশ করিলেন। ওাঁহার আদেশমাত্র বহুসংখ্য লোক অশ্ব রথ স্থসজ্জিত করিয়া "প্রেমানার্থ আরোহণ করিল। করী ও করেণু স্থর্নসংযত ও পাতাকা শোভিত হইয়া ব্যাকালীন জলদের ন্যায় গর্জন সহকারে গমন করিতে লাগিল। লঘুভারযুক্ত বিবিধ ধান
সকল চলিল্ল। পদাতিরা পদত্রক্তে যাইতে প্রবৃত্ত হইল।
কৌশল্যা প্রভৃতি রাজমহিবী রামদর্শন মানসে হাউমনে উৎকৃষ্ট
যানে আরোহণ পূর্বক গমন করিতে লাগিলেন। রাজকুমার
ভরত, পরিচ্ছদ পরিধান পূর্বক নবোদিত চক্রস্থর্যের ন্যায় উজ্জ্বল
শিবিকার উত্থিত হইয়া চলিলেন। এইরূপে ঐ চতুরক্ত সৈন্য দক্ষিণ
দিক আরত করিয়া, উদিত মহামেঘের ন্যায় প্রস্থানে প্রবৃত্ত
হইল এবং ক্রমশং গঙ্গার পশ্চিম তীর দিয়া, মৃগ ও পক্ষিদিগকে চকিত ও ভীত করিয়া, অতি নিবিড় বনে প্রবেশ
করিল।

ত্রিনবতিভ্য সর্গা।

অনন্তর অরণ্যে যুখপতি সকল, ঐ সম্য ট্রন্সের কোলা-হলে ব্যভিবাত হইলা, মুগলুথের সহিত পলায়নে প্রারুত হুইল। পৃষত, কৰু, ও ভল্লুকের। গিরি নদী ও কাননে নিরী-কিত হইতে লাগিল। ভরতের সাগরপ্রবাহস*দৃ*শ দৈন্য ^হধার মেঘ যেমন আকাখনে আহ্ন করে জন্মণ বনভূমিকে আরত করিল, এবং উহাদের গ্রাফালে মহাবল হতী ও অধে পৰি হইলা উলা পত্কা। অধুশা স্থলা বহিল। জেমশং ভৱত ্রুদুর **অভি**ক্রম করিলেন। তাঁহার বাহন লকলও প্লা<mark>স্ত</mark> া পরিপ্রে ছইর। পড়িল। অন্তর ডিনি ব্রিষ্ঠকে কহিলেন, তপোষৰ ! এই স্থান যেত্ৰপ দেঁখিতেছি, যে প্ৰকান শুনিয়াও ছিলাম, ইহাতে বোধ হইতেতে, আমনা সেই ভরবাজ-নির্দিন্ট প্রদেশে উপস্থিত হইলাম। এই চিত্রকূট পর্ব্বান্ত, ইছার নিম্নে মন্দা-কিনী প্রবাহিত হইতেছেন। অদূরেই নিবিড় মেদের ন্যায় বন। একণে আমার পর্বতাকার মাতঙ্গণ প্রম্য গিরিশৃক মর্দিত

করিতেছে, তল্লিবন্ধন সুনীল মেঘ যেমন জলধারা বর্ষণ করে, ভদ্রপ শিখরজাভ বৃক্ষ সকল পুষ্পার্ক্টি আরম্ভ করিয়াছে। শক্রম্ব ! ঐ সমস্ত 'কিন্নরজাতির অধিকার, উহা সাগরগর্ভে মকরের ন্যায় অশ্বে 'আকীর্ণ রহিয়াছে। মৃগেরা প্রেরিভ হৈইয়া, চারি দিকে শারদীর অভ্রের ন্যায় বায়ুরেগে গাবমান হই-बाटि। पर्यवाती वीतरान माक्किना जानितरात नात कुन्नत्यत শিরোভূষণ ধারণ করিতেছে। তুরগসুরোড্ডীম ধূলিজাল গগর্মতল আরত করিয়া আছে, বায়ু শীত্র ভাছা অপনারিত ক্রিরা, যেন আমার ইন্ট সাধনই ক্রিভেছে। এই অরণ্য জন-শুন্য ও ঘোরদর্শন হইলেও আজ আমি ইহাকে লোক-সঙ্কল অবোধ্যার ন্যায় দেখিতেছি। বনমধ্যে রথ সকল অর্থ সাহায্যে কেমন শীব্র যাইভেছে, এবং রথশকে প্রিয়দর্শন ময়র-গণ ভীত হইয়া, বিহঙ্কের বাসভূমি পর্বতে আসিতেছে। ঐ সমস্ত মৃগ ও মৃগী কি স্কুর, উহাদের দেহ যেন কুসুমে চিত্রিত হইরাছে। এই স্থান অত্যন্ত মনোহর, এই তাপদ-নিৰ্দান শিক-রই স্বর্গ। এক্ষণে আমার সৈন্য সকল যথোচিত গমন কৰুক, এবং যাহাতে রাম ও লক্ষ্মণকে দেখিতে পায়, সর্বত্র এইরূপ অনুসন্ধানে প্রবৃত্ত হউক।

ভরতের আদেশমাত্র শস্ত্রধারী বীরপুরুষেরা অরণ্যে প্রক্রেক্ষ্ করিয়া দেখিল, এক স্থান হইতে ধূমশিখা উত্থিত হইতেছে ৷ তদ্দর্শনে উহারা ভরতের সমিহিত হইরা কহিল, লোকালয়শূন্য হানে অগ্নি থাকা অসম্বন, একণে নিশ্চয় কহিতেছি, রাম ও লক্ষণ এই বনে বাস করিয়া আছেন। অথবা তাঁহারা নাও হইতে পারেন, বোধ হয়, রামসদৃশ তাপসের্ম অবস্থান করিতেছেন। তথন ভরত উহাদিগকে কহিলেন, এই স্থানে তোমরা নীরবে থাক, অতঃপর আর অগ্রসর হইও না। আমি, স্বযন্ত্র, ও প্রতি, আমরাই কেবল এক্ষণে গমন করিব।

্ অনস্তর সৈন্যের। এইরপ আদিষ্ট হইবামাত্র নিস্তর্কাভাবে রামের দর্শনপ্রতীক্ষার আনন্দমনে তথার কাল্যাপন করিতে লাগিল। ভরতও যে দিকে ধূমশিখা সেই দিক লক্ষ্য করিয়া বাইতে লাগিলেন।

চ্ছেন্বতিত্য সর্ব।

এনিকে রাম বহু দিন চিত্রকৃটে আছেন, ভিনি আপনার চিত্ত विमानन এवः जानकीत जुद्धि मन्त्रीपन উদেশে कहिलन, জানাকি! এই রমণীয় শৈলদর্শনে রাজ্যনাশ ও স্থদ্বিচ্ছেদ পার আনায় ভালুশ কাভর করিচেহে না। পর্বতের কি আশ্চর্য্য শোভা : ইংগতে বিহঙ্গেরা নিরন্তর বাস করিতেছে ; শুদ্ধ সকল জাকাশভেদী ; নৈরিকাদি নানাপ্রকার ধাতু আছে বলিয়া, ইহার কোন স্থান রজভবর্ণ কোন খুনে রক্তবর্ণ, কোন স্থান পীত, কোন হান মাঞ্ডারাগানুক, কোথাও নালকান্ত মণির ন্যায় প্রভাষা বা ভাটক ও কেতক পুষ্পের ন্যায়ন্ত্রাভা, এবং কোন কোন স্থানে নক্ষত্র ও পারদের সদৃশ জেলাভিও हुके करकारम् । अहे अर्रदान व्यक्तिक नानां श्रकात ग्रुग अवर বাব্য ও তথকু ইডড়তে সঞ্চণ করিছেছে। **খামে, জন্ব, খদন,** লোদ, পিরাল, পদল, ধব, অঙ্কোল, ভবাতিনিশ, বিল্ল, ভিন্দুকু, বেণু, কাশ্মরী, অরিষ্ট, বরণ, মধূক, ভিলক, বদরী, আমলক,

নীপ, বেত্র, ইন্দ্রযব, ও বীজক প্রভৃতি ফলপুষ্প-স্থশোভিত ছায়াবহুল মনোহর বৃক্ষ সকল বিরাজিত রহিয়াছে র ঐ সমস্ত ন্থরম্য শৈলপ্রাস্থে কিন্নরমিথুন পরমন্থাে 'বিহার করিতেছে। अमृत्र বিদ্যাধরীদিগের ক্রীড়াস্থান। ঐ স্থানে উৎকৃষ্ট বস্ত্র ও থজা সকল কৃষ্ণাথায় সংলগ্ন আছে। কোথাও জলপ্রপাত, কোষাও উৎস, এবং কোষাও বা নিঃস্যন্দ, স্বতরাং শৈল যেন মদস্রাক্রী মাতক্ষের ন্যায় শোভা পাইতেছে। গুহাগর্ভ ছইতে সমীরণ ভাণতপুণ কুমুমগদ্ধ বহন করিয়া সকলকে পুলকিত করিতেছে। জানকি! ভোমার ও লক্ষণের সহিত যদি আমি বহুকাল এই পর্বতে বাস করি, শোক কোনমতেই আমায় অভিভূত করিতে পারিবে না। এই ফলপুষ্পাপূর্ণ বিহন্ধ-কুল-কৃজিভ সুরম্য গিরিশৃঙ্গে আমি যথেক্টই প্রীতি লাভ করি-ভেছি। ভূমি আমার সহিত চিত্তকূট পর্বতে বাক্য মন ও দেহের অনুক্ল নানাপ্রকার বস্তু দর্শন করিয়া, কি আনন্দিত হইতেছ 🕯 বি আমার পূর্ব্বপিতামহণণ দেহান্তে সংসারক্রেশ-শান্তির ঠনমিত্ত বনবাসকেই মোক্ষসাধন বলিয়া নির্দেশ করিয়া-ছেন। ষাহাই হউক, এক্ষণে অরণ্য আশ্রয় করিয়া পিতার ঋণ-মুক্তি ও ভরতের প্রীতি উভয়ই প্রাপ্ত হইলাম। এই পর্বতে বুজনীতে ওষ্ধি সমুদায় স্বকান্তিপ্রভাবে অগ্নিশিখার ন্যায় দৃশ্যমান হইয়া থাকে। ইহার চতুর্দ্ধিকে নানাবর্ণের বিশাল শিলা

দকল রহিয়াছে, ইহার কোন স্থান গৃহসদৃশ ও কোন স্থান উত্থান তুলা। ঐ সমস্ত বিলাসিগণের আন্তরণ; উহা স্থগর, পুরাগ, ভূর্জপত্র, ত উৎপলে বিরচিত হইয়াছে। ঐ দেখ, উহারা ফল ভক্ষণ কারয়াছে এবং পদ্মের মাল্য দলিত ও বিক্ষিপ্ত করিয়া কেলিয়াছে। প্রিয়ে! বোধ হইতেছে বেন, এই চিত্রকৃট পৃথিবা ভেদ করিয়া উর্দ্ধে উত্থিত হইয়াছে। ইহার শিথর অভি স্থশর। কুবের নগরী বর্মোকসারা, ইক্রপুরী নলিনা, ও উত্তর কুককেও অভিক্রম করিয়া, ইহা স্থশোভিত আছে। এক্ষণে আমি স্থনিয়ম অবলম্বন পূর্মক সংপ্রথে অবস্থান করিয়া, এই চতুর্দ্ধশ বৎসর লক্ষ্মণ ও ভোমার সহিত যদি এই স্থানে অভিবাহিত করিছে পারি, ভাহা হইলে কুলধর্মপালন-জ্বনিত স্থা অবশ্যই প্রাপ্ত হইব, সন্দেহ নাই।

পঞ্চনবতিত্য সর্গ

অনন্তর প্রপাশলোচন রাম, চিত্রকৃট হইতে নিক্ষান্ত হইয়া, চন্দ্রীনদা জানকীকে 'কহিলেন, জায় প্রিয়ে! এই স্থানে মন্দাকিনী প্রবাহিত হইতেছেন। এই নদীর পুলিন অতি রম-ণীয়, ইহাতে হংস ও সারসেরা নিরস্তর কলরব করিতেছে। তীরে ফলপুষ্পপূর্ণ নানাবিধ বৃক্ষ শোভা পাইতেছে। ইহার অবভরণপথ অতি মনোহর। এক্ষণে তটের সন্নিহিত জল অভান্ত আবিল হইয়াছে, এবং তৃফার্ত মৃগেরা আসিয়া উহা পান করিতেছে। ঐ দেখ, জটাজিনগারী ঋষিগণ যথাকালে এই ননীতে অবৃগাহন করিতেছেন। উদ্ধিবাত মুনিরা সূর্য্যো-পস্থান, এবং অন্যান্য সকলে জপ করিতে প্রবৃত হইয়াছেন। ভীরস্থ বৃক্ষ সকল পুষ্প ও পল্লবে অলফৃত, উহাদের শাখাগ্র বায়ু-ভরে পরিচালিত হইতেছে; ভদ্দর্শনে বৌধ হয়, যেন পর্বত স্বয়ংই মুত্য আরম্ভ করিয়াছে। মন্দাকিনীর কোন স্থলে জল যেন यशित नार्श निर्माल, कोन ऋलं शूलिन, कोन ऋल बहू मः था

দিদ্ধ পুৰুষ, কোন স্থলে বা পুষ্পারাশি; ঐ সকল পুষ্পা বায়ু-বেগে প্রবাহিত হইরা বারংবার জলে নিম্যা হইতেছে। ঢক্রবাক সকল কলরে করিয়া পুলিনে আরোহণ করিভেছে। প্রিয়ে! বোধ হয়, মন্ত্রাকিনী ও চিত্রকূট, পুরবাদ ও ভোমার দর্শন অপেক্ষাও অধিকতর মুখাবছ। তথা সংযম ও শান্তিগুণ-সম্পন্ন নিষ্পাপ নিদ্ধেরা ইহার জ্বলে প্রতিনিয়ত স্থানানি করিয়া থাকেন, ভূমি স্থার নাায় আমার সহিত ইহাতে অবগাহন এবং রক্ত ও স্বেত পদা সকল উত্তোলন কর। ভূমি হিংক্র জন্ত স্কলকে পৌরজনের ন্যায়, পর্বতকে অহোধার ন্যায় এবং মন্দাকিনীকে সরবূর ন্যায় অনুমান কর। ধর্মপরায়ণ লক্ষণ আমার আজ্ঞাকারী, এবং তুমিও আমার অনুকুল, এই উভয় কারণে এক্ষণে আমি, যার পার নাই আন-ক্তিত হইতেছি। এই নদীতে ত্রিকালীন স্থান বনের ফল মূল ভক্ষণ ও মধুপান করিয়া আমি আজ ভোমার সহিত অযোধ্যা কি বাজ্য কিছুই অভিলাষ করি না। বলিতে কি, নদীতে অবগাহন করিয়া গতক্রম নাহয়, এমন কেইই নাই। রাম, মন্দাকিনিপ্রসঙ্গে জানকাকে এইরপ কহিয়া, ভাঁহারই সহিত কজ্জলের ন্যায় নালপ্রভ চিত্রকুটে পাদচারে পরিভ্রমণ করিতে লাগিলেন ৷

ষগ্নবতিত্য সর্গ।

অন্তর রাম পশ ভশুকে উপবিষ্ট হুইয়া, সীভাকে কহি-লেন, প্রিয়ে ! দেখ, এই মৃগমংংস অভ্যন্ত স্বান্ন্ত পবিত্র, এবং ইহা অগ্নিতে সংস্কার করা হইয়াছে। এই বলিয়া, তিনি সীতার চিত্ত বিনোদন করিভেচ্ছেন, এই সময়ে সৈনে,র চরণোশ্বিত রেণু নভোমণ্ডলে দৃষ্ট •হইল, দিগন্তর্যাপী তুমুল কোলাহলও শ্রুতিগোচর হইতে লাগিল। তখন রাম অকন্মাথ এই বোরতর শব্দ শুর্নিতে পাইয়া, এবং মৃগ্যুথপতিদিগকে চতু-দিকে মহাবেগে গমন করিতে দেখিয়া, লক্ষ্মণকে আহ্বান পূর্বক কহিলেন, লক্ষ্মণ! দেখ, চতুর্দ্দিকে মেঘনির্ঘোষের ন্যায় ভয়স্কর গম্ভীর রব শুনা যাইতেছে, এবং মৃগ হস্তী ও মহিষেরা সিংহের ভারে ধাবমান হইয়াছে, ইহার কারণ কি ? এক্ষণে কি কোন লাজা বা রাজপুত্র বনে মৃগয়া করিতে আসিয়াছেন ? না আর কোন হুট জন্তর উপদ্রব উপস্থিত। ভাই! এই চিত্রকুট পক্ষিগণেরও অগমা, অকমাৎ কেন এই প্রকার ঘটিল, ভুমি শীড়াই ইছার কারণ অনুসন্ধান কর।

তখন লক্ষ্মণ অবিলম্বে এক কুস্কমিত শাল বৃক্ষে আরোহণ পূর্ব্বক্ল ইভস্তভঃ দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন। দেখিলেন, পূর্বাদিকে হস্তাধরণপূর্ণ বহুসংখ্য সুসজ্জিত সৈন্য আসি-তেছে। অনন্তর তিনি রামকে এই বৃত্তান্ত জ্ঞাপন করত কহিলেন, আর্য্য! এক্ষণে অগ্নি নির্বাণ করিয়া ফেলুন; জানকী গৃহমধ্যে প্রবিক্ট হউন, আর আপনি বর্ম ধারণ, কার্মুকে, জ্যা আরোপণ ও শর গ্রহণ করিয়া প্রস্তুত হইয়া থাকুন।

রাম কহিলেন, লক্ষণ! এই সমস্ত সৈন্য কাহার বোধ হয়, তুমি অত্রে তাহাই অনুসন্ধান করিয়া দেখ। তখুন লক্ষ্ণ, ক্রোধে ভূভাশনের ন্যায় প্রজ্বলিত ত্ইয়া, সৈন্যগণকে দক্ষ করিবার মানসেই যেন কহিতে লাগিলেন, আর্য্যা! কেকয়ীর পুত্র ভরত অভিযিক্ত হইলা, রাজ্য নিক্ষণ্টক করিবার বাসনায় আমাদের নিখন কামনায় উপস্থিত হইয়াছে। সন্মুখে এই যে অত্যান্ত বৃক্ষ দেখিতেছেন, উহার অন্তর্গলৈ রথের উন্নত कार्यिमात-क्षज मृक्ते इटेटल्ट । े ममल व्यक्तीतां देश গামা তুরগে আরোহণ পূর্ব্বক এই দিকে আসিতেছে, ছস্তি-পৃষ্ঠেও বহুসংখ্য লোক হৃষ্টমনে আগমন করিভেছে। আর্যা! এক্ষণে আমরা শরাসন এহণ পূর্বক পর্বত আত্রর করিয়া থাকি ; অথবা বর্ম ধারণ ও অন্ত্র উত্তোলন করিয়া এই স্থানেই অব-স্থান করি। অন্ত ভরত কি মুদ্ধে আমাদের বশীভূত হইবে? যাহার জন্য আময়া সকলে এইরূপ গ্রুখ পাইতেছি, আজ আমি ভাহাকে দেখিব। যাহার নিমিত্ত আপনি রাজ্যচ্যত হই-

লেন. এক্ষণে সেই শক্র উপস্থিত হইয়াছে, সে আমাদের বধ্য ; ভাহাকে বধ করিতে আমি কিছুমাত্র দোষ দেখি না। যে বঁয়ক্তি অগ্রে অপকার করিয়াছে, ভাহার বিনাশে কখন অধর্ম স্পর্শিবে • না। ভরত পূর্বাপরাধী, তাহাকে সংহার করিলে আমাদের ধর্ম লাভ হইবে, সন্দেহ নাই। এক্ষণে আপনি ঐ হুক্টকে বন্ধ করিয়া সমগ্র পৃথিবী শাসন করুন। অন্ত রাজ্যলুকা কৈকেয়ী, ত্র্থিতচিত্তে ভরতকে আনার হত্তে হস্তিদস্তবিদীর্ণ রক্ষের ন্যায় ৰিহত দেখিবে। জদ্য আমি মন্থরার সহিত কৈকেয়ীকেও বিনাশ করিব। অদা বস্ত্রমতী মহাপাপ হইতে বিমুক্ত হউন। যেমন তৃণরাশিতে অগ্নি নিকেণ করে, তদ্রূপ আমি আজ শক্রসৈন্যে সঞ্চিত ক্রোধ ও অসংকার পরিত্যাগ করিব। অদ্য শাণিত শরসমূহে শক্ত-শরীর ছিন্নভিন্ন করিয়া চিত্রকৃটের ক্বানন শোণিতাক্ত করিরা ফেলিব ৷ এক্ষণে আমার শরদতে যে সমস্ত হন্তী অর্থ ও মনুষ্য খণ্ড খণ্ড হইয় পড়িবে, শৃগাল ও কুরুর সকল ভাহাদিগকে আকর্ণণ করুক। আমি নিশ্চয়ই কছিতেছি, ভরতুকে সলৈন্যে নিহত করিয়া, অদ্য শরকার্মুকের ঋণ পরিশোধ করিব।

সপ্তনবভিত্তন সর্গ।

অনম্ভর রাম, লক্ষ্মণকে ভরতের প্রতি একাপ্ত ক্রোধাবিষ্ট দেখিরা সাস্ত্রনাবাক্যে কহিতে লাগিলেন, বৎস! মহাবল ভরত স্বয়ং উপস্থিত হইয়াছেন, এক্ষণে সচর্ম স্থাস ও শরাসনে কি প্রয়োজন। আমি পিতৃসভা পালনের অন্ধীকার করিয়াছি, হ্মতরাং যুদ্ধে ভরতকে সংহার করিয়া কলঙ্কিত রাজ্যেই বা আমার কি হইবে। আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধবকে বিনাশ করিলে, যে সমস্ত দ্রব্যের অধিকার সম্ভব, আমি বিবমিশ্রিত ব্যায়ে ভাষা কদাচ প্রতিগ্রহ করিব না। এক্ষণে ব্যামি শপথ করিয়া কহিভেছি, ধর্ম অর্থ কাম এবং পৃথিবীকেও কেবল ভোমাদের নিমিত্ব অভিলাষ করি ৷ অস্ত্র স্পর্ম করিয়া কহিতেছি, ভাত্গণকে পালন ও তাঁহাদের মুখবর্দ্ধনের জন্যই আমার রাজ্য লাভের বাঞ্চা। লক্ষণ! এই সাগরাম্বরা ৰস্ক্ররা আমার পক্ষে তুর্লভ নহে; কিন্তু আমি অবর্মানুসায়ে ইক্রত্বও প্রার্থনা করি না। জধিক কি, ভোমাদিগকে উপেক্ষা করিরা আমি যে সুখের স্পৃহা করিব, অগ্নি যেন তাহা ভৎক্ষণাৎ ভশ্বসাথ করিয়া 'ফেলেন। বৎস! এক্ষণে বোৰ হয়, প্রাণা-ধিক ভরত মাতুলগৃহ হইতে অযোধ্যায় আসিয়াছেন। আসিয়া,

আমার জটাচীর ধারণ এবং জানকা ও ভোমার সহিত নির্মাদন এই অপ্রীতিকর সংবাদে যার পর নাই কাতর হইয়া, মেহভরে কেবল আমায় দেখিবার জন্য উপস্থিত হইয়াছেন। , তাঁহার আসিবার অন্য কোন অভিপ্রায়^ক সম্ভাবনা করিও না। এক্ষণে তিনি, জননী কৈকেয়ীর প্রতি ক্রোধ ও কট্জি-করিয়া, পিতার সমতিক্রমে আমায় রাজ্য সমর্পণ করিবেন। তিনি ভাতা ভরত; স্বতরাং আমাদিগের সহিত সাক্ষাৎ করা তাঁহার উচিতই হইতেছে। তিনি মনেও কখন আমাদের অহি-তাচরণ করিবেন না। লক্ষ্মণ। তুমি যে আজ তাঁহাকে শঙ্কা করিতেছ, ইহার কারণ কি ? তিনি কি কখন তোমার কোন অপকার করিয়াছেন? এইরপ ভয়স্কর কথা কি কখন ভোমায় কহিয়াছেন ? তাঁহার প্রতি কোন প্রকার নিষ্ঠুর বাক্য আর প্রয়োগ করিও না। ভরতকে রুঢ় কথা কহিলে আমাকেই লক্ষ্য করা হইবে। জানি না, সঙ্কটকালে পুত্র পিতাকে এবং ভাতা প্রাণসম ভাতাকে কি প্রকারে সংহার করে। যদি ক্লাজ্যের নিমিত্ত ঐ প্রকার কহিয়া থাক, তাহা হইলে খামি ভরতের সাক্ষাতে বলিব, তুমি ইহাঁকে রাজ্য দেও। আমি এইরপ কহিলে তিনি কথনই অস্বীকার করিবেন না।

লক্ষণ ধর্মপ্রায়ণ রামের এই কথা শুনিয়া, লজ্জায় ষেন দেহমধ্যে প্রবেশ করিলেন, এবং মনে মনে অভ্যন্ত সক্ষৃতিত হইয়া

কছিলেন, আর্যা! বোধ হয়, পিতা স্বয়ংই শাপনাকে দেখিবার জন্য আসিয়াছেন। তখন রাম, লক্ষণকে ষৎপরোনান্তি অপ্রস্তুত দেখিয়া, তাঁহার ভাবাঁন্তর সম্পাদনের নিমিত্ত কহিলেন, ভাই! জ্ঞান হয়, পিতা এখানে ঐ নিমিত্তই উপস্থিত হইয়াছেন। দেখ, ভোগবিলাসে কালক্ষেপ করা আমাদের অভ্যাস, তিনি তাহা জানেন; এক্ষণে আমরা অরণ্যবাসে ক্লেশ পাইতেছি জিনি ইহা অনুধাবন করিয়া, আমাদিগকে গৃত্তে লইয়া যাইবেন मत्मंद नार्रे। এই সেই वांब्रुद्यगर्गायी यहाँवल बूरे व्यथ প्रतिनृर्गाः-মান হইতেছে। ঐ সেই শক্রঞ্জর নামে বৃহৎকায় বৃদ্ধ হন্তী সৈন্যগণের অগ্রে আগমন করিতেছে। কিন্তু তাঁহার সেই প্রখ্যাত শ্বেত ছত্ত্র দেখিতেছি না ; যাহাই হউক, এক্ষণে আমার মনে বিশেষ সংশয় উপস্থিত হইল। লক্ষ্মণ! তুমি আমার কথা শুন এবং রুক্ষ হইতে অবভরণ কর। অনন্তর লক্ষ্মণ রামের আদেশমাত্র বৃক্ষ হইতে অবতার্ণ হইয়া ক্নতাঞ্জলিপুটে তাঁহারই পার্শ্বে দণ্ডায়মান রহিলেন।

এদিকে ভরত লোকের সংমর্দ না হয়, এই জ্ন্য ইসন্য-গণকে পর্বতের ইত্স্ততঃ অবস্থান করিতে অনুমতি করিলেন। উহারাও তথায় সার্দ্ধ যোজন অধিকার করিয়া বাস করিতে লাগিল।

অফ্টনবতিত্য সর্গ।

· অনস্তুর ভরত, গুরুজনদেবক রাশ্বের নিকট পদত্রজে গমন করিতে অভিলাষী হইয়া, শক্রন্থকে কহিলেন, বৎস! তুর্মি বহুসংখ্য লোক ও নিষাদগণকে লইয়া শীঘ্র' অরণ্যের চতুর্দ্দিক অনুসদ্ধানে. প্রবৃত্ত, হও। গুছ, শরশরাসনধারী জ্ঞাতিগণে ণায়িব্লত হইয়া, রাম ও'লক্ষ্মণকে অবেষণ কৰুন এবং ; আমিও পুরবাদী, অমাত্য,গুরু ও ত্রান্ধণের সহিত পাদচারে পরি-ভ্রমণে প্রব্রত্ত হই। বলিতে কি, যতক্ষণ না আমি, রাম লক্ষ্মণ ও জানকীর দর্শন পাইতেছি, যতক্ষণ না রামের দেই পল্পলাশ-লোচন চ্দ্রানন দেখিতেছি, যতক্ষণ না তাঁহার ধ্রজবজ্ঞায়ুশ-লাফিত চর**ণরুগল মন্তকে ,গ্রহণ করিতেছি, এবং যভক্ষণ** না তিনি অভিষেকসলিলে সিক্ত হইয়া পৈতৃকরাজ্য অধিকার করিতেনে, তাবৎ আমার মনে শান্তি লাভ হইতেছে না। লক্ষণই ধন্য, তিনি আর্যা রামের সেই নির্মল মুখকমল নিরম্ভর অবলোকন করিতেছেন। জানকীই ধন্য, তিনি সসাগর। বহুস্করার অধিপতি রামের অনুগমন করিয়াছেন। এই গিরিরাজ সদৃশ চিত্রকৃটিই ধন্য, বক্ষেশ্বর কুবের যেমন নক্ন.কাননে, তজ্ঞপ রাম এই স্থানে বাস করিয়া আছেন।

এই হিংত্র জন্তপরিপূর্ণ তুর্গম অরণ্যই ধন্য, স্বয়ং রাম ইহা আশ্রয় করিয়া আছেন।

এই বলিয়া ভাতে পদত্রজে গহন বনে প্রবেশ করিলেন,
এবং পর্ব্ধ ত শৃঙ্গ-সঞ্জাত কুন্তমিত বৃক্ষ শ্রেণীর মধ্য দিয়া গমন
করিতে লাগিলেন। যাইতে যাইতে শীত্র এক শাল বৃক্ষে
আরোহণ করিয়া দেখিলেন, রামের আগ্রমগত অগ্নির ধূম শিখা
উপ্রিত হইয়াছে। তদ্দর্শনে তিনি, রাম এই স্থানেই আছেন,
বুঝিয়া সবাদ্ধবে যার পর নাই আনন্দিত হইতে লাগিলেন।
জ্ঞান হইল, যেন তিনি পারাবার উত্তীর্ণ হইলেন। পরে
অধ্বেশ-প্রেব্ত সৈন্যদিগত্তক তথায় স্থাপন করিয়া গুহের
সহিত রামের আশ্রমাভিমুখে চলিলেন।

নবনবতিত্য সূৰ্গ

গমনকালে ভদ্মত, বশিষ্ঠকে কছিলেন, ডপোধন ! আপনি বিলম্ব না কৈরিয়া, আমার মাতৃগণকে আনয়ন কৰুন। তিনি বশিষ্ঠকে এই কথা বলিয়া, উৎস্কুক্মনে শক্রম্বকে রাম্যের আপ্রমান কর্ম প্রকাশনের ইচ্ছা তাঁহার ন্যায় স্থান্তেরও হইয়াছিল, স্ত্রাং স্থান্ত্রও শক্রমের অনুসরণে প্রেক্ত হইলাছিল, স্ত্রাং স্থান্ত্রও শক্রমের অনুসরণে প্রেক্ত হইলেন। ক্রমণঃ ভরত, কিয়দ্র অভিক্রম করিয়া, তাপসনিবাসসদৃশ এক পর্ণশালা দেখিতে পাইলেন। উহার সম্মুখে ভগ্ন কান্ত এবং দেবার্চনার্থ আ্রান্ত পূম্প রহিয়াছে; অভান্তরে শীও নিবারণের জন্য মৃথ ও মহিষের করীয় সঞ্জিত আছে। আরও দেখিলেন, স্থানে স্থানে স্থান্ত্র বৃক্ষে কুশ ও বিক্রলের অভিক্রান ও প্রান্ত হইয়াছে।

তখন ভরত অভিমাত্র হাই হইয়া, শক্রন্ন ও মন্ত্রীদিগকে কহিলেন, দেখ, মহর্ষি ভরদ্বাজ যে স্থান নিরূপণ করিয়া দিয়া ছেন, এক্ষণে আমরা তথায় উপস্থিত হইলোম। বোধ হয়, ইহার অদুরেই মন্ধাকিনী প্রবাহিত হইতেছেন। এই সকল রক্ষে বল্কল নিবদ্ধ দেখিতেছি; জ্ঞান হইতেছে, লক্ষণকে অসময়ে আশ্রামের বহির্ভাগে আসিতে হয়, এই কারণে তিনি পথ পরিজ্ঞানের নিমিত্ত চিহ্ন স্থাপন করিয়া রাখিয়াছেন। ঐ শৈলপাছে বিশালদশন মাতঙ্কগণের গমন-পথ, উহারা পরস্পর পরস্পরের প্রতি তর্জন গর্জন করিয়া ঐ স্থান দিয়াই থাবমান হইয়া থাকে। মুর্নিরা বনমধ্যে নিরন্তর যাহা রক্ষা করেন, ঐ সেই অগ্নির নিবিড় ধূম উন্থিত হইতেছে। আমি এখানেই সেই গুৰু স্থানামুরাগী মহর্ষিদদৃশ আর্য্য রামকে দেখিতে পাইব।

অনস্ত্র তরত মন্দাকিনীর নিকট চিত্রকূট প্রাপ্ত হইয়া কহিলেন, আর্য্য রাম নির্জনে বীরাসনে বশিয়া আছেন, এক্ষণে আমার জন্ম ও জাবনে ধিক্। তিনি আমারই নিমিত্ত বিপন্ন ও বিষয়বাসনাশূন্য হইয়া বনবাসী, হইয়াছেন, অতঃপর এই লোকাপবাদ আমায় সহিতে হইবে। আজ রামকে প্রসন্ন করিধার নিমিত্ত তাঁহার পদতলে পড়িব, এবং লক্ষ্মণ ও জান-কীরও চরণে ধরিব।

ভরত এইরপ পরিতাপ করিতে করিতে নিকটস্থ হইরা দেখিলেন, রামের পবিত্র পর্নকুটীর সাল তাল ও অশ্বকর্ণের পত্তে আচ্ছাদিত, বিশাল, অল্পবিস্তীর্ণ ও অতিস্থানর। তমধ্যে ইন্দ্রার্ধাকার মহাসার শক্রনাশক গুরুকার্য্যসাধক শরাসন

আছে, উহার পৃষ্ঠ স্বর্ণটে নিবদ্ধ। যেমন পাতালপুরী সূর্পে, তক্রপ ভূণীরে হর্ষ্যের ন্যায় উজ্জ্বল প্রদীপ্তমুখ ভীক্ষ শর পরিপূর্ণ রহিয়াছে। কোন স্থলে হেমময় কোষে অসি, স্থর্-বিন্দুচিত্রিভ চর্ম ও অঙ্গলিত্রাণ। যেমন সিংছের গছার মৃগের অগম্য, ভদ্রেপ ঐ পর্বকুটীর শত্রবর্গের একাস্ত হ্স্পুব্েশ্য হইয়া আছে। তথায় এক প্রশস্ত বেদি প্রস্তুত'ছিল, উহার উত্তর-পূর্বাস্য • ক্রমশং • নিম্ন, এবং উহাতে সভত অগ্নি প্রজ্বলিত হই-ভেছে। ভরত এই সকল নেত্রগোটর করিয়া পরে দেখিলেন, পদ্মপলাশলোচন হুতাশনকম্প রাম, সাক্ষাৎ স্বয়ম্ভর ন্যায় পর্ণকুটীর মধ্যে চর্মাদনে সীতা ও লক্ষাণের সহিত উপবিষ্ট আছেন। তাঁহার পরিধান চীর বল্কল ও রুঞ্চাজিন, মন্তকে জটাভার। ভর্ত সেই সসাগরা পৃথিবীর অধিপতি ধার্মিককে দর্শন করিয়া, ছঃখাবেণে, গাখমান হইলেন এবং তৎকালে অত্যন্ত ·অধীর হইয়া বাস্পাদাদবাকো কহিতে লাগিলেন, হা! প্রজারা রাজসভায় যাঁহার আরাধনা করিবে, এক্ষণে বন্য কুগোরা তাঁহাকে বেন্টন করিয়া আছে। বহুমূল্য বস্তু পরিধান করা ফাঁহার অভ্যাস, তিনি একণে মৃগচর্ম পারণ করিভেছেন। বিচিত্র মাল্যে বেশ বিন্যাস করা যাঁহার সমুচিত, ভিনি এক্ষণে কিরপে মস্তকে জটাভার বৃহন ক্রিভেছেন। যথা-বিহিত যাগ বজ্জের অনুষ্ঠান পুর্বাক ধর্ম-সক্ষর করা সাহার

বোগা, তিনি একণে কিরপে কারকেশসাথ্য পুণ্য আছর।
করিতেছেন থৈ অক বহুমূল্য চন্দনে রঞ্জিত থাকিত, একণে
তাহা কিরপে মললিপ্ত আছে। হা! আর্য্য কেবল আমারই
জন্য এই ক্লেশ স্বীকার করিয়াছেন, অতঃপদ্ম এই পামরের
যুণিত জীবনে বিক্।

এই বলিতে বলিতে ভরত, বর্গাক্তমুখে রামের নিকট গমন করিলেন, এবং সমিছিত না হইতেই রোদন করিতে করিতে ভূতলে নিপতিত হইলেন । তাঁহার অন্তরে ঘুঃখানল জুলিয়া উচিল। তিনি দীনভাবে কহিলেন. আর্য্য !—একবার মাত্র সম্বোধন করিয়াছেন, অমনি বাস্পভরে তাঁহার কঠরোধ হইরা গেল, তিনি আর বাক্য ক্ষুত্তি করিতে পারিলেন না। পরে পুনরায় রামের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিলেন, আর্য্য !— এবারেও তদ্ধেপ স্থরবদ্ধ হইয়া গেলা।

অনস্তর শক্রম সজললোচনে রামের পাদ বন্দনা করিন লেন'। রামও তাঁহাকে আলিঙ্গন পূর্বক রোদন করিতে লাগি-লেন। চন্দ্র ও স্থ্য যেমন নভোমগুলে শুক্র ও রহক্ষ;তির সহিত মিলিত হন, তদ্ধেপ রাম ও লক্ষ্মণ, স্থমন্ত্র ও গুহের সহিত সমাগত হইলেন। অরণ্যবাসিরা ঐ চারি জন রাজকুমান রকে দেখিয়া, বিষাদে অনর্গল নেত্রজল মোচন করিতে লাগিল!

শতত্ম সূৰ্য । •

এ দিকে ভরত, ক্লভাঞ্জলি হইয়া ভূতলে পতিত আছেন, ভাঁছার মুখকান্তি মলিন, এবং তিনি যারপর নাই ক্ল ছইয়া গিয়াছেন। রাম, সেই যুগাস্তকালীন হর্ষ্যের ন্যায় নিভাস্ত ছুর্নিরীক্ষ্য জটাচীরধারী মহাবীরকে কথঞ্চিৎ চিনিতে পারি-লেন এবং তাঁহার মন্তকান্তাণ, হন্তধারণ এবং তাঁহাকে আলি-ক্র ও অক্টে গ্রহণ করিয়া সাদরে জিজ্ঞাসিলেন, বৎস ! এক্ষণে পিতা কোথায়.? তুমি যে বনে আইলে ? তাঁহার জীবদশায় ভোমার এ স্থানে আগমন করা উচিত হয় নাই। আমি বছ-'দিনের পর ভোমায় মাতুলালয় হইতে আসিতে দেবিলাম। এক্ষণে বল, এই ছুক্তের অরণ্যে ভূমি কি কারণে উপস্থিত হইশে ? মুহারাজ কি জীবিত আছেন ? না আমার বিয়োগে শোকাকুল হইয়া লোকান্তরে গিয়াছেন? তুমি বালক, রাজ্য ত বিহস্ত হয় নাই ? পিতৃদেবায় ত রত আছ ? যিনি রাজ-एर उ वर्षाय गट्छत वर्षाजा, वागानितात मह धर्मनतारा পিতা ত কুশলে আছেন ় কুলগুৰু বশিষ্ঠ ভ যথোচিভ আদর

প্রাপ্ত হইয়া পাকেন ? দেবী কেশিল্যা ও স্থমিত্রার ত মঙ্গল ? আর্য্যা কৈন্ধেয়ী ত আনন্দে কাল্যাপন করিতেছেন? মহা-কলোৎপন্ন কার্য্যপরিদর্শক বিনয়ী বহুজ্ঞ আর্য্য সুযজ্ঞ ভ সংক্রত হইয়া থাকেন ই ধীমান মনুষ্যেরা ত ভোমার অগ্নি-কার্য্যে নিযুক্ত আছেন ? উহাঁরা যথাকালে ছোমের সংবাদ ভোমায় ত জ্ঞাপন' করিয়া থাকেন ? তুমি ভ দেবতা, পিতৃ, পিতৃতুল্য গুৰু, বৃদ্ধ, বৈদ্য, ত্ৰাহ্মণ ও ভৃত্যগণকে সবিশেষ সন্মান কর ? যিনি অমন্ত্র ও সমস্ত্রক শর প্রয়োগ করিতে সমর্থ, দেই অর্থশান্তবিৎ উপাধ্যায় মুধনার ত অবমাননা কর না? মহাবল বিজ্ঞ জিতেন্দ্রিয় সংকুলপ্রস্থত ইঙ্গিতজ্ঞ ও আত্মসম লোকদিগকে ত মন্ত্রিত্বে নিযুক্ত করিয়াছ? দেখ, শান্ত্রবিশারদ অমাত্যগণের প্রয়য়ে মন্ত্র স্থরক্ষিত হইলে নিশ্চয়ই জয় লাভ হয়। বৎস! তুমি ত নিদ্রার বশীভ়ত নও । যথাকালে ত জাপরিত হইয়া থাক? 'রাত্রিশেষে অর্থাগমের উপায় ত অব-ধারণ কর ? তুমি একাকী বা বহু লোকের সহিত ভ মন্ত্রণা কর না? যে বিষয় নির্নীত হয়, তাহা ত গোপনে থাকে? বাহা অম্পায়াসসাধ্য এবং বহুফলপ্রদ এইরূপ কোন কার্য্য অবধারণ করিয়া, শীদ্রই ত তাহার অনুষ্ঠান করিয়া থাক? ভোমার যে কার্য্য সমাহিত হইয়াছে এবং যাহা সম্পন্নপ্রায়, সামস্ত রাজ্যাণ দেই গুলিই তে জ্ঞাত হইয়া থাকেন ?' যে

সমস্ত বিষয় অবশিষ্ট আছে, উহাঁরা ভ তাহা জানিতে পাুরেন না ? তুমি ও ভোমার মন্ত্রী, ভোমরা, যাহা গোপন করিয়া রাখ, তর্ক ও যুক্তি ঘারা তাহা ত কেহ উদ্ভাবন করিটে পারে না ? 'সহস্র মূর্থকে উপেক্ষা করিয়া একটি মাত্র পণ্ডিভকে ভ প্রার্থনা করিয়া থাক ৷ দেখ, অর্থসঙ্কট উপস্থিত হইলে, বিজ্ঞ লোকই সর্বতোভাবে শুভ সাধন করিয়া থাকেন। যদি নুপতি সহজ্র বা অযুত মূর্খে-পরিবৃত হন, তাহা হইলে উহাদের দ্বারা তাঁহার কোন বিষয়েই বিশেষ সাহাষ্য লাভ হয় না। বলিভে কি, মেধাবী মহাবল স্থদক্ষ বিচক্ষণ এক জন অমাত্যই, রাজা বা রাজকুমারের যথোচিত জীর্দ্ধি করিতে পারেন। বৎস ! উন্নত শ্রেণিতে উন্নত, মধ্যম শ্রেণিতে মধ্যম. এবং অধম শ্রেণিতে অধম ভৃত্য ত নিয়োগ করিয়াছু? যে সকল অমাত্য কুলক্রমাগত ও সচ্চরিত্র, এবং বাহাঁরা উৎকোচ গ্রহণ করেন না, তুমি তাঁহাদিগকে ত প্রধান প্রধান কার্য্যের ভার প্রদান কর? প্রজারা ভাত কঠোর দণ্ডে নিপীডিত হইয়া ত তোমার অবমাননা করে বা? বেমন মহিলারা বলপ্রাোগপর কামুককে ছণা করে, ভজ্জপ যাজকেরা ভোমায় পতিত জানিয়া ত অগৌরব করিতেছেন না ? সামাদিপ্রয়োগকুশল রাজনীতিজ্ঞ, অবিশ্বাসী ভৃত্য, ও जैयश्यार्थी दीत्र, देशांनिगत्क य ना दिनाम कत्त, म चत्रः ह বিনষ্ট হয়, তুমি ভ এই সিদ্ধান্তের অনুসরণ করিয়া থাক?

ষিনি মহাবীর ধীর ধীমান সংকুলোস্তব স্থাক্ষ ও অনুরক্ত, ডুঙ্গি এইরূপ লোককে ভ সেনাপতি করিয়াছ? যাঁহারা মহাবল পরাক্রান্ত শ্রেণিপ্রধান ও যুদ্ধবিশারদ এবং ঘাঁহারা লোক-সমক্ষে আপনার পোক্ষের পরীক্ষা দিয়াছেন, তুমি তাঁহাদিগকে " ও সমাদর কর ? ভুমি ত বণাকালে সৈন্যগণকে অম ও বেতন প্রদান করিয়া থাক'? ভদ্বিষয়ে ত বিলম্ব কর না ? অল্ল ও বেত-নের কালাতিক্রম যটিলে ভূত্যেরা স্বামীর প্রতি কট্ট ও অসম্ভট হইয়া' থাকে, এবং এই কারণেই তাঁহার নানা অনর্থ উপস্থিত হয়। বৎস ! প্রধান প্রধান জ্ঞাতিরা তোমার প্রতি ত বিশেষ অনুরক্ত আছেন ? এবং তাঁহারা ভোমার নিমিত্ত প্রাণ পরি-ভ্যাগেও ভ প্রস্তুত ? বাহার৷ জনপদবাদী বিদ্বান শুনুকূল প্রভাৎপন্নমতি ও যথোক্তবাদী, এইরপ লোকদিগকে ত দেতি।-কার্য্যে নিয়োগ করিয়াছ ? ভুমি অন্যের অফীদশ 🛠 ও স্থপক্ষে পঞ্চনশ, † প্রত্যেক তীর্থে তিন ডিন গুপ্ত চর প্রেরণ করিয়া তু

^{*} মন্ত্রী ১ পুরোহিত ২ যুবরাজ ও দেনাপতি ৪ দেবিারিক ৫ অন্তঃপুরাধিকারী ৬ বন্ধনাগারাধিকারী ৭ ধনাধ্যক্ষ ৮ রাজাজ্ঞানিবেল্দক ৯ প্রাড় বিবাক নামক ব্যবহার জিজ্ঞাসক (জজ্ঞ পত্তিত) ১০ বর্দ্দাসনাধিকারী ১১ ব্যবহারনির্ণায়ক সভ্য (জুরি)১২ বেতন দানাধ্যক্ষ ১৩ কর্দ্দান্তে বেতনগ্রাহী ১৪ নগরাধ্যক্ষ ১৫ আটবিক ১৬ দণ্ডন;-ধিকারী ১৭ ছুর্গপাল ১৮।

[†] পূর্বোক্ত অফীদশ ভীর্থের মন্ত্রী পুরোহিত ও মুবরাজ এই তিন্টী বাদ দিয়া পঞ্চদশ।

সমুদার জানিভেছ ? যে শক্র দুরীকৃত হইয়া পুনর্কার স্থাগ-यन कतिशाहि, धूर्नल इहेत्ल छानात्क छ छिशीका कर ना ? বাস্তিক ত্রাহ্মণদিনের সহিত তোমার ত বিশেষ সংশ্রব নাই ? ঞি সমস্ত পণ্ডিতাভিমানী বালকেরা কেবল অনর্থ উৎপাদনেই নুগট়। উৎক্র ধর্মশাল্র থাকিতে, ঐ সকল কটবোদা তর্ক-বিদ্যাজনিত বুদ্ধি অবলম্বন করিয়া, নিরর্থক বাকবিততা করিয়া থাকে। রৎস ! যথায় বহুসংখ্য হস্ত্যশ্ব ও রথ আছে, পুরদ্বার मृं ७ इट्डमा, चकर्चभैत डें राश्मीन जिट्छा वार्यागन বাস করিতেছেন, এবং রমণীয় প্রাসাদ সকল শোতা পাই-তেছে, আমাদিগের পূর্ব্বপুরুষগণের বাসভূমি সেই স্থাসিদ্ধ অফোধ্যা ত তুমি রক্ষা করিতেছ? যথায় বহুসংখ্য চৈত্য, দেবস্থান, প্রাপা ও তড়াগ রহিরাছে, জ্রীপু চব সকলে হার্ট ও সস্কুট, সমাজ ও উৎসব সভতই অনুষ্ঠিত হইতেছে ; বে স্থানে বিস্তর রড়ের খনি, সীযান্তে কেত্র সকল হলকর্ষিত ও শন্য হপ্রচুর ; যথায় তুরাচার পামরেরা স্থান পায় না, हिश्मा ও हिश्व जन्छ नाहे धवर नतीजलाहे क्रविकार्या मण्यन **रहेराउट्ड, (महे सुमग्रक जनभम ७ এकार उँभाउरण्ना** ? ক্ষক ও পশুপালকেরা ত তোমার প্রিয়পাত্র হইয়াছে? এবং উহার। স্ব স্ব কার্য্যে রত থাকিয়া সুখসচ্ছকে তৃ কাল্যাপন করিভেছে? ইফসাধন ও অনিট নিবারণ পূর্বক তুমি ত

উহাদিগকে প্রতিপালন করিয়া থাক? অধিকারে যত লোক খাছে, ধর্মানুসারে সকলকে রক্ষা করাই ভোমার কর্ত্তব্য। বৎস! দ্রীলোকেরা ও তোমার যত্নে সাবধানে আছে ? উহাদি-গকে ত সমাদর করিয়া থাকে? বিখাস করিয়া উহাদের নিকট কোন গুপ্ত কথা ত প্রকাশ কর না? তোমার প্রত্যংগ্রাহে আর্ড্র কি রূপ? রাজ্যের ভানেক বন হন্তীর আকর, তৎসমুদায়ের ত তত্তাবধান করিয়া থাক? রাজবেশে সভামধ্যে ভ প্রবেশ কর ? প্রতিদিন পর্বাহে গাঁত্রোখান করিয়া, রাজপথে ত পরি-ভ্রমণ করিয়া পাক? ভাভোরা কি নির্ভয়ে ভোমার নিকট আইসে.-না এক কালেই অন্তরালে রহিয়াছে ? দেখ, অভিদর্শন ুও অদর্শন এই উভয়ের মধ্যরীতিই অর্থপ্রাপ্তির কারণ। বৎস! इर्ग मकल वन बाना जन यस श्रास्त अख अख अख अवर भिन्छि । वीरत ত পরিপূর্ণ আছে? তোমার আয় ত অধিক, ব্যয় ত অপ্প? অপাত্তে ভ অর্থ বিভরণ কর না? দৈবকার্য্য, পিতকার্য্য, অভ্যাগত ব্রাফণের পরিচর্য্যা, যোজা, ও মিত্রবর্গে ত তুমি মুক্ত-হস্ত আছ ? কোন গুদ্ধসভাব সাধু লোকের বিকদ্ধে অভিযোগ উপস্থিত হইলে, ধর্মশান্তবিৎ বিচারকের নিকট দোর্য সপ্রমাণ না করিয়া, তুমি ত অর্থলোডে তাঁহাকে দও প্রদান কর না ? বে উক্ষর মৃত, লোপ্তের সহিত পরিগৃহীত এবং বছবিধ প্রশ্নে স্পৃষ্ট इरेग्नांट, बनलांट जारांट उ लाइन कता रह ना ? बरी वा

দারত বাহারই হউক না, বিবাদরণ সঙ্কটে ভোমার অমাভ্যেরা ত অপক্ষপাতে ব্যবহার পর্যালোচনা করেন ? এদখ, যাহাদের विधालियामा नगर विठात ना इत्र. तारे नकल नित्रीक লোকের নেত্র হইতে যে অঞাবিন্দু • নিপতিত হইয়া থাকে, ভাষা ঐ ভোগাভিলাষী রাজার পুত্র ও পশু সকল বিনঁষ্ট • করিয়া কেলে। বৎস ! তুমি বালক, বৃদ্ধ, ধৈছা, ও প্রধান প্রধান লোকদিয়াকে ত বাক্য ব্যবহার ও অর্থে বলীভূত করিয়াছ? গুৰু, বৃদ্ধ, তপশ্বী, দৈবতা, অভিধি, চৈতা, ও সিদ্ধ ভাদ্ধণকে **७ नमकात** कत? वर्ष हाता वर्ष, वर्ष हाता वर्ष, अवः কাম দারা ঐ উভয়কে ত নিপীড়িত কর না? তুমি ত যথা-কালে ধর্ম অর্থ ও কাম সমভাবে সেবা করিয়া থাক ? বিহান ত্রান্ধণেরা, পৌর ও জ্বপদ্বাসীদিগের সহিত তোমার ত ভভাকাজ্ঞা করেন? নাফ্রিকভা, মিধ্যাবাদ, অনবধানভা, ्रकाश, मोर्चक्रका, अनाधुमक, शानमा, हेक्स्यामवा, **এ**क बाक्कित निहल तोकाहिना ७ वनर्यमनी निरात निहल भेदामर्ग, निर्गेष विषयात अनुष्ठान, मञ्जूषाश्रकान, श्रांत्व कार्यात অনারস্ত, এবং সমুদায় শত্রুর উদ্দেশে এককালে বুদ্ধবাত্রা, তুমি **७ এ**रे চতुर्फांग রাজদোষ পরিহার করিয়াছ? দশবর্গ 😹

মৃগরা, দৃতেক্রীড়া, দিবানিত্রা, পরিবাদ, ত্রীপারভন্তা, নদ্য,
 মৃত্যা, গীত, বাদ্য, ও হ্থাপের্যটন, ।

পঞ্চবর্গ * চতুর্বর্গ † সপ্তবর্গ ‡ অফবর্গ § ও ত্রিবর্গের ফলা-ফল ত জানিয়ছ ? ত্রেরী বার্ত্তা ও দগুনীতি এই তিন বিদ্যা ত ভোমার অভ্যন্ত আছে ইন্দ্রিয়জয়, বাড্গুণ্য || দৈব ও মানুষ ব্যসন, রাজফ্রত্য গ বিংশতিবর্গ ** প্রকৃতিবর্গ, §§ মণ্ডল, ||||
বাত্রা, দগুবিধান, শিখানি গগ সন্ধি ও বিএহ এই সমুদায়ের

- (*) জলতুর্গ, গিরিত্র্গ, বেণুত্র্গ, হরিণত্র্গ, (হরিণ সর্বশস্যপূর্ণ প্রায়েশ) ধায়নত্র্গ, (গ্রীয়াকীলে অগম্য)।
 - (†) माम, मान, टडफ, ७ फ्छ।
 - (‡) স্বামী, অমাত্য, রাষ্ট্র, চুর্গ, কোষ, বল, ও স্ক্রছং।
- (৪ু) ক্লবি, বাণিজ্য, তুর্গা, সেতু, কুঞ্জরৰস্কল, খনী, আকর, করাদান, এ খুন্যানিবেশন।
 - (॥) সন্ধিবিগ্রহপ্রভৃতি ছয় গুণ।
- (¶) অলব্ধবেতন বুব্ধকে, অপমানিত মানীকে, অকারণ কোপাবিষ্ট কুষ্ককে, প্রদর্শিতভয় ভীতকে শক্ত হইতে ভিদ করাই রাজক্কতা।
- (**) বালক, রদ্ধ, দীর্ঘরোগী, জ্ঞাতিবহিষ্কৃত, ভীক্ত, ভয়জনক, লুব্ধ, লুব্ধজন, বিরক্তপ্রকৃতি, বিয়াে হাত্যাশক্ত, বহুমন্ত্রী, দেবপ্রাক্ষণনিন্দক, দৈবোপাহত, দৈবচিন্তক, ছাত্র বাসনী, বলবাসনী, অদেশস্থ, বহুশক্ত, মৃতপ্রায়, ও অসতাধর্মারত ইহাদিগের সহিত সন্ধি ক্যিবে না।
 - (§§) অমাত্য রাষ্ট্র হর্গ ও দণ্ড।
 - (॥॥) হাদশ রাজমগুল।
- (^{9,4}) সন্ধিবি এহাদির মধ্যে হৈধীভাব ও আগ্রয় সন্ধিযোনিক এবং যান ও আসন বি গ্রহটোনিক।

প্রতি তোমার ত দৃষ্টি আছে? বেদোক কর্মের ত অর্ঠান করিতেছ? ক্রিয়াকলাপের ফল ত উপলব্ধ হইতেছে?
ভার্য্যা সকল ত বস্ত্র্যা নহে? শান্ত্রজ্ঞান ত নিক্ষল হয়নাই? আমি ষেরপ কহিলাম, তুমি,ত এইপ্রকার বুদ্ধির অর্সারে চলিতেছ? ইহা আয়ুক্ষর ষশক্ষর এবং ধর্ম অর্থ ও
কামের পরিবর্দ্ধক। আমাদিগের পূর্ব্বপিভামহণণ যে প্রণালী
অবলম্বন,করিয়াছিলেন, তুমি ত তাহারই অনুসরণ করিয়াছ?
আহু ভক্ষ্য ভোজ্য তুমি ত একাকী ভোজন কর না? বে.সকল
মিত্র আকাজ্জা করেন, তাহাদিগকে ত উহা প্রদান করিয়া
থাক? বৎস! দেখ, প্রজাগণের দণ্ডদাতা মহীপাল ধর্মানুসারে
সমস্ত পালন ও সমগ্র পৃথিবী লাভ করিয়া অস্ত্রে স্বর্গ প্রাপ্ত
হইয়া থাকেন।

একাধিকশততম সর্গ।

রাম আত্বংসল ভরতকে প্রশাহলে এইরপ উপদেশ দিয়া কহিলেন, বংস! 'তুমি রাজ্য পরিত্যাগ পূর্বক জটাচীর ধারণ করিয়া, কি কারণে এই স্থানে আইলে? স্পষ্ট বল, শুনিতে আমার অত্যন্ত ইচ্ছা হইভেছে।

ভখন ভরত কথঞ্চিৎ শোকবেগ সংবরণ করিয়া, কডাঞ্জলিপুটে কহিতে লাগিলেন, আর্য্য! পিতা কেকয়ীর নিয়োগে
আতি দুক্ষর কার্য্য সাধন করিয়া পুত্রশোকে সমস্ত পরিত্যাগ
পূর্বক স্বর্গারোহণ করিয়াছেন। বলিতে কি, আমার জননা
হইতেই এই অষশন্তর গুক্তর পাপ আচরিত হইয়াছে।
রাজ্যভোগের কথা দুরে থাক, তিনি বিধবা ও শোকার্তা হইয়া
অতঃপার ঘোর নরকে নিমগ্ন হইবেন। আর্য্য! আমি আপনার
দাস, আপনি আমার প্রতি প্রসম হউন এবং স্বয়ং দেবরাজের
ন্যায় রাজ্য অধিকার ককন। এই সমস্ত প্রজা ও বিধিবা মাতৃগণ আপনার সন্ধিধানে আসিয়াছেন, এক্ষণে প্রসম হউন।
আপনি সর্বজ্যেন্ট, অভিবেক আপনাকেই অর্শে, এক্ষণে আপনি
ধর্মারুসারে রাজ্য গ্রহণ করিয়া, আত্মীয় স্বজনের কামনা পূর্ণ

ককন। বন্নমতী আপনাকে পতিত্বে লাভ করিয়া বৈধব্য হুইতে বিমৃক্ত হউন। আমি মন্ত্রিগণের সহিত আপনান চরণে ধরি, আমি আপনার আতা শিব্য ও দাস, আপনি প্রসন্ন হউন। এই সমস্ত অমাত্য পুক্ষপরস্পরাগত, ইহাঁরা কথন উপেক্ষিত হন নাই, ইহাঁদিগকে অতিক্রম করা আপনার উচিত হইতেছে না। এই বলিয়া ভরত বাস্পাকুললোচনে রামের পদতলে নিপ-তিত হইলেন।

তথন রাম, ভরতকৈ হংখভরে মন্ত মাতকের ন্যায় ঘন ঘন
উচ্ছাস পরিত্যাগ করিতে দেখিয়া, তাঁহাকে আলিকন পূর্বক
কহিলেন, বৎস! দেখ, আমি সৎবংশোদ্ভব ও তেজখী,
রাজ্যের নিমিত্ত মদ্বিধ লোক, কিরপে পাপ আচরণ করিবে?
আমার বনবাস বিষয়ে তোমার অণুমাত্র দোষ নাই। তুমিও
অজ্ঞানতা নিবন্ধন তোমার জননার প্রতি অকারণ দোষারোপ
করিও না। উপায়ক্ত পুত্র ও কলত্ত্রে গুকজনের স্বেচ্ছাচার
অবিহিত নহে। ইহলোকে সাধুয়া, ভার্য্যা পুত্র ও লিব্যদিশকে
শেমন্ত বৈরনিয়োগের পাত্র বলিয়া জানেন, মহারাজের পক্ষে
আমরাও তিদ্রপা। তিনি আমাকে চীর পরিয়ান করাইয়া বনে
দিত্তে পারেন এবং রাজ্য অর্পণেও তাঁহার সম্পূর্ণ প্রভূতা
আহে। পিতার যতদুর প্রেরব, মাতারও তদ্ধপা, আমাকে

যখন তাঁহারা বনবাসে নিয়োগ করিয়াছেন, তখন কিয়পে অন্যপ্রকার অন্চরণ করিব? এক্ষণে ভূমি অযোধ্যায় গিয়া রাজ্য শাসন কর, আর অথমি নক্ষল পরিষান করিয়। দওকারণ্যে অবস্থান করি। মহারাজ সর্বজনসমক্ষে এইরপ ব্যবস্থা ও আদেশ ক্রিয়া অর্গারোহণ করিয়াছেন। এক্ষণে তাঁহার বাক্য রক্ষা করা ভোমার কর্তব্য। তিনি ভোমায় যে ভাগ নির্দেশ করিয়া দিয়াছেন, ভূমি গিয়া ভাহা উপভোগ কর। সেই ইন্দ্রন্য মহাত্মা আমায় যাহা কহিয়াছেন, ভোহা আমার হিভ্
ক্রর, রাজ্য কোন মতেই প্রীভিকর হইতেছে না।

ছাধিকশতভন সর্গ।

ভরত কৰিলেন, কার্যা! আমি ব্রাল্লট ব্রচাহি, ভাতরাং রা**জধর্যে আরু আমা**র প্র_োজন কি ॰ জ্যেন্ঠ সত্ত্ব কনিচের রাজ্যাধিকার নিষিদ্ধ, এই ব্যবহারই আমাদের পুক্রপারস্পরায় খাদৃত হইয়া আসিতেছে। অতএব একণে আপনি আমার দহিত অবোধ্যার চলুন, এবং বংশের অভ্যুদয়কামনায় রাজ্যভার এহণ কৰুন। যাঁছার কার্য্য ধর্মানুগত ও অলোকসামান্য, সকলে ষ্দিও সেই রাজাকে মনুষ্য বলিয়া নির্দেশ করে, কিন্তু তিনি দেবতা। আর্যা: আমি যখন কেকয় দেশে, আপনি অরণ্য-বাসে, এই অবকাশে সেই যক্তশাল রাজ্য দেহত্যাগ করিয়া-ছেন। অবোধ্যা হইতে জানকী ও লক্ষ্মণের সহিত, আপনার নিষ্কান্ত হইবার অব্যবহিত পরেই, তিনি শোকভরে অভিভৃত ^{হইয়া} লোকলীলা সংবরণ করেন**ে এফ**ণ্ডে আপুনি উত্থিত হইয়া ভাঁহার তপণ কৰুন; আমরা পূর্ব্বেই এই কার্য্য অনুষ্ঠান করি-

রাছি। আপনি পিডার অত্যন্ত প্রির ছিলেন, প্রিরপ্রক্ত বন্তু পিতৃলোকে জ্কর হইরাথাকে। হা! মহীপাল আপনার দর্শন-লালসার, উদ্দেশে কতই শোক করিরাছেন; তিনি কোন মতে আপনা হইতে চিন্ত প্রতিনিবৃত্ত করিতে পারিলেন না, ' আপনার বিরোগেই কগ্ন ছইলেন, এবং আপনাকে স্কুরণ করিতে করিতেই প্রাণভাগে করিলেন।

ত্র্যধিকশততক্ষ সর্গ।

া রাম, ভরতের মুধে এই বজ্রপতিদদুশ নিদার্কণ বাক্য প্রাবণ করিয়া, বাত্প্রসারণ পূর্বাক পরশুচ্ছিত্র কুত্মতি বুক্তের ন্যায় চূতলে মূচ্ছিত হইয়া পড়িলেন। তখন তদীয় ভ্রাতৃগণ ও জানকা উৎখাত কেলি-পরিপ্রাপ্ত মাতকের ন্যায় তাঁহাকে গরাশায়ী দেখিয়া, বাস্পাকুললোচনে তাঁহার চৈতন্য সম্পাদনের নিমিত্ত জলসেক করিতে লাগিলেন। ক্রমশঃ রামের সংজ্ঞা .লাভ হইল। তিনি রোদন করিতে করিতে দীনভাবে কহি-লেন, ভরত! পিতা স্বর্গারোহণ করিয়াছেন, একণে আমি অন্তোধ্যায় গিয়া কি করিব ? সেই রাজকুল-কেশরী-বিরহিত নগরীকে অতঃপর আর কেই বা প্রতিপালন করিবে ? আমি অতি অশুভক্তমা, আমা হইতে পিতার কোন্ কার্য্য সাধিত **হইবে? যিনি আমার শোকে দেহপাত করিয়াছেন, আমি** তাঁৰার অগ্নিসংক্ষারাদি কিছুই করিতে পারিদাম না! ভরত!

তুমি ধন্য, তুমি ও শক্রন্ন তোমরা পিতার অস্ত্রোক্ট ক্রিরা সম্পাদন করিয়াছ । একণে বনবাসকাল অভিক্রান্ত হইলেও. আমি আর সেই নিরাপ্রায় বহুনায়ক অযোধ্যায় যাইব না : পিতা দেহত্যাগ করিয়াছেন, মৃতরাং গাইলেও অতঃপর কে আমার হিতাহিত উপদেশ দিবে ? আমি কোন কার্য্য স্কাকরপ নির্বাহ করিলে, তিনি আমাকে বে সমস্ত বাকো অভিনন্দন করিভেন. একণে সেই প্রকার শ্রুতিস্থকর কথাই বা আর কে শুনাইবে :

আনস্তর রাম পুর্বচন্দ্রানন। জানকার সমুখীন হইরা শোকা কুলমনে কহিলেন, সাতে! ভোমার খণ্ডর দেহত্যাগ করিয়া-ছেন। লক্ষ্মণ! ভূমি পিতৃত্যন হইয়াছ। অদ্য ভ্রাতা ভরত এই শোক-সংবাদ প্রদান করিলেন!

রাম এইরপ কহিলে তৎকালে সকলেরই নেত্র হইতে প্রবল-বেগে ব্যক্ষবারি বহিতে লাগিল। তথ্য তীহারা রামকে সাজ্মা করিরা কহিলেন, আর্য্য ! আপনি একণে মহারাজের তপ্ত ককন।

বিওরের অর্গারোহণবার্ত। শ্রবণে জানকীর নয়নয়ুগল বাজাভরে অবকদ্ধ হইরাছিল, তরিবন্ধন তিনি আর রামকে নির্মাণণ করিছে পারিলেন না। তথন রাম তাঁচাকে সাস্ত্রনা করিয়। ভুঃখিতমনে সক্ষণকে কচিলেন, বৎস : তুমি ইকুদীফল ও মুতন বলকল আনমন কর আমি একণে মন্দাকিনীতে গিয়। পিতার তর্পণ করিষ। ফ্রান্সী, জতো অনুষ্ঠা গমন করিবেন, তুমি ইক্রার অনুসরণ করিবে, আমি সর্বলেবে হাইন। দেখ, শোককালে এই রূপে গমন করাই শাস্ত্রসঙ্গত।

অনন্তর চিরানুচর স্থমন্ত্র রামের হস্ত ধারণ পূস্র ক তাঁহাকে

সাস্ত্রন। করিতে করিতে মক্ষাকিনীভীর্গ আনয়ন করিলেন।
ভরত প্রভৃতি অন্যান্য সকলেও তথায় উপদ্বিত ভইলেন। তথন
রাম দক্ষিণাস্য হইয়া. অঞ্জলিপূর্ণ জল লইয়া. গলদক্রালাচনে
কহিলেন, পিডঃ! আপানি পিড্লোকে গমন করিয়াছেন, একণে
মথপ্রদত্ত এই নির্মলেজল আপনাকে পরিত্প্ত ককে। পরে
তিনি ল্রাভ্গণ সমভিবদাহারে নদীভীরে উত্তীর্ণ হইলেন, এবং
দর্ভময় আন্তরণে বদরীমিশ্রিত ইক্লী-পিও সংস্থাপন পূর্কক
ছঃথিতমনে রোদন করিতে করিতে কহিলেন, পিডঃ! আপনি
প্রীত হইয়া এই পিও ভক্ষণ ককন: আময়া একণে বনমধো
এইয়প বস্তুই ভোজন করি। পুক্ষের যে বস্তু ভোগের,
ডাহার পিড্লোকেরও ভাহাই উপযোগ্যর হইয়াথাকে।

পরে তিনি নদীতট পরিত্যাগ পূর্বক যে পথে আসিয়া-ছিলেন্ত, সেই পথ দিয়া পর্বতে উত্থিত হইলেন, এবং পর্বকৃটীর-খারে উপস্থিত হইয়া, তুই হল্তে ভরত ও লক্ষ্মণকে এহণ করি-লেন। ঐ সময় তাঁহারা পিতৃশোকে অধিকতর হুমীর হইয়া উঠিলেন, এবং জানকীর সহিত মিলিত হুইয়া, রোদন করিতে

প্রতিধনিত করিয়া তুলিল। ঐ তুমুল ধনি শ্রবণে ভরতের সৈন্যাণ মূলে মূনে নানা আশক্ষা করিয়া অত্যন্ত ভাত হইল, এবং পর পার কহিডে লাগিল, বোধ হয়, ভরত, রামের সহিত সমাগত হইয়া থাকিবেন। তাঁহারা পিতার উদ্দেশে শোক করিতেছেন, তাহারই এই মহা কোলাহল উত্থিত হইয়াছে। এই বলিয়া অনেকে অশ্ব পরিভাগে পৃর্বাক সেই শব্দমাত্র লক্ষ্য করিয়া অনন্যনে ধাবমান হইল। যাহারা অত্যন্ত সুকুমার, তাহাদের मादा (कह इन्ही (कह चान धवर कह वा तर्थ चारताहर) করিয়া যাইতে লাগিল। অম্প দিন হইল, রাম বনবাসী হইয়াছেন, কিন্তু সকলেই যেন তাঁহাকে চিরপ্রবাদীর ন্যায় অনুযান করিল, এবং তাঁহার দর্শন লাভার্থ অত্যম্ভ উৎমুক হইয়া ত্রিতপদে আশ্রমাভিমুখে চলিল। বনভূমি রথচকে দলিত ও তুরগধুরে সমাহত হইয়া মেঘাচ্ছন গগনের নাায় গভীর শব্দ করিতে লাগিল। করেণু-পরিবৃত মাতক্ষের অভিশয় ভীত হইয়া, মনগন্ধে চতুর্দিক আমোদিত করত বনাস্তরে প্রবেশ করিল। বরাছ, মৃগ, মহিষ্ সিংছ, সুমর, ব্যান্ত, গোকর্ণ, গবয়, ও পৃষত সকল শঙ্কিত হইয়া উঠিল। চক্ৰবাক, বক, হংস, কোকিল, ও ক্রেঞ্গণ ব্যস্তসমস্ত হইয়া চতুর্দ্ধিকে পলায়ন করিতে লাগিল, এবং ভূলোক ও হ্নালোক মনুষ্য ও পক্ষিগণে আকীর্ণ হইয়া অপর্ব্ধ এক শোডা ধারণ করিল।

অনস্তর ভরতের অনুচরগণ আশ্রমে প্রবেশ পূর্বক দেখিল, নিশ্বলক রাম চন্তরে উপবেশন করিয়া আছেন। দেখিয়াই উহাদের নেত্র অশ্রুপূর্ণ হইল, এবং উহারা মন্থরার সহিত কৈকেয়ীর যথোচিত নিন্দা করিতে করিতে তাঁহার নিকট গমন করিল। তখন রাম উহাদিগকে দেখিয়া গাত্রেঞ্জান পূর্বক বাংশ সদ্যভাবে আলিক্বন করিলেন; উহারাও তাঁহাকে প্রণাম করিল। অনস্তর রাকলে মিলিত হইয়া রোদন করিতে প্রস্তুত ইইলেন। ঐ মৃদক্ষনাদ সদৃশ রোদনধ্বনি পৃথিবা ও অস্তরীক্ষ প্রতিধ্বনিত করিতে লাগিল।

চতুরধিকশততম সর্গ।

এ দিকে মহর্ষি বশিষ্ঠ রামদর্শনাভিলাবে রাজমহিবীদিগকে

অত্রে লইরা আশ্রমের সমিহিত হইলেন। মহিবারা নদীতটি দিরা

মৃত্পদে গমন করিতেছেন, দেখিলেন, মন্দাকিনীর এক স্থানে
রামলক্ষণের অবতরণার্থ সোপানপথ রহিয়াছে। তদ্ধর্শনে
কৌশল্যা সজলনরনে শুক্ষমুখে দীনা হুমিত্রা ও অন্যান্য

সপত্নীকে কহিলেন, দেখ, বাঁহারা রাজ্য হইতে নির্বাসিত,

হইরাচ্ছেন, এইটা সেই অনাথদিগেরই তার্থ। স্থমিত্রে! তোমার
পুত্র লক্ষণ হয়ং নিরলস হইয়া, রামের জন্য এই সোপানপথ দিয়া জল লইয়া যান। তিনি বদিও নাচকার্য্যে নিয়ুক্ত
আছেন, তথাচ নিন্দনীয় হইতেছেন না, বাহা জ্যেতের

অনাবশ্যক, ভাহাই তাঁহার গহিত। যাহা হউক, একণে
লক্ষণ বে ক্লেশ স্থীকার করিতেছেন, ইহা কোনও মতে তাঁহার

যোগা নহে, ভিনি আজ এই হুঃ**ধজনক জম্বন্য কার্য্য পরি-**ভ্যাগ ক্রুন।

এই বলিয়া কেশিল্যা গমন করিতে**টে**ন, ইত্যবসরে ভূতলে বিক্ষণাভিমুখ, দভোপরি ইজুদী ফলের পিণ্ড নিরীকণ পূর্বক লপদ্দাগণকে কহিলেন, দেখ এই স্থানে রাম যথাবিধানে মহাআ ইক্লাকুনাথের পিও দান করিয়াছেন। যিনি বিবিধ ভোগ উপ-ভেগ্ন করিরাছিলেন, সেই দেবতুল্য মহারাজের কিছুতেই এই-রূপ ঐব্য ভোজন করী যোগ্য শুই**তেছে না। যাহাঁর প্রভাব** ইন্দ্রের ন্যায়, এবং যিনি সসাগরা পৃথিবীর রাজা ছিলেন, अकरा जिनि रेक्ट्रमी कल किक्र**ा उक्त कतिरायन । बाजकूमा**ब রাম এইপ্রকার পিও দান করিলেন, ইহা অপেকা অহুখের যার আমার কিছুই নাই। যাহার যেরপ অন, ভাহার পিত্লো-াকে তাহাই আহার করিভে হয়, এই লোকপ্রসিদ্ধ কথা একণে মত্য বোধ হইল। বাহাই হউক, 'এই শোচনীয় ব্যাপার দেখিয়া, আজ আমার হৃদয় কেন সহত্রধা বিদীর্ণ হইল না 🖫

শুনন্তর মহিষীরা নিভান্ত কাতর হইরা, কেশিল্যাকে নানা প্রকারে সান্ত্রনা করত আশ্রমে প্রবেশ করিলেন। দেখিলেন, ভোগ-পরিশূন্য স্বর্গত্রিই-দেবতা-সদৃশ রাম তথ্যথ্যে অবস্থান করি-ভেছেন: দেখিরাই শোকে অধীর হইলেন, এবং সন্ধরে রোদন করিতে লাগিলেন।

তখন রাম গাত্রোখান করিয়া উহাঁদিগকে প্রণিপাত করি-লেন। তিনি প্রণাম করিলে উহাঁরা স্থখন্সর্শ স্থকোমল পাণি-তল দারা তাঁহার পৃষ্ঠের ধূলি মার্জনা করিতে প্রবৃত্ত হইলেন। অনস্তুর লক্ষ্মণ ছুঃধিভম্নে ডব্জিসহকারে উহাঁদিগকে অভি-বাদন করিলেন। উহাঁরা রাম নির্বিশেষে তাঁহাকেও সবি-শেষ বত্ন ও স্নেহ করিতে লাগিলেন। পরে বনবাসকুশা कानकी चळाशृर्गलाहरून चळागरणत शामवकाना कदिला मचूरथ দুণার্মান রহিলেন। তদ্ধুনি কে শুলা নিভান্ত হুঃখিত হইয়া তাঁহাকে হুহিভার ন্যায় আলিঙ্গন পূর্মক কহিলেন, हा! विराहतार्क्षत कन्ता, मनत्थत शुक्रवध, जारमत छोर्रा, किक्रां वह निक्कन राम प्रथ लोग कतिरहाहन! वर्म! ভোমার মুখবানি ওফ কমলের নাায়, দলিত রক্তোৎপলের ন্যায়, ধূলিলিপ্ত কাঞ্চনের ন্যায় এবং মেঘান্তরিত চক্রের ন্যায় मलिन पिथिहा, अश्चि यभन कार्किक मध्न करत, महेन्ने लाक আমার অন্তর্জাত করিতেছে!

অনস্তর সরপতি বেমন বৃহস্পতিকে, তদ্ধেপ রাম অগ্নিতুল্য বশিষ্ঠকে নমস্কার করিয়া, তাঁহারই সহিত উপবিষ্ট হইলেন। তরতও মন্ত্রী সেনাপতি ও ধর্মপরায়ণ পৌরগণের সহিত তাঁহার পশ্চান্ডাগে কভাঞ্জলিপুটে উপবেশন করিলেন। তিনি রামকে ক্রোচিত সংকার করিয়া কি বলিবেন, তৎকানে সকলেরই মনে এই এক কোভূহল হইতে লাগিল। ঐ সময় ঐ তিন আতা স্বহালাণে পরিবৃত হইয়া, সদস্য সহিত তিন অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন। রক্ষনীও উপ-ক্ষিত হইল।

পঞ্চাধিকশততম সর্গ।

রাজকুমারগণ আত্মীয় স্বজনে পরিয়েটিত হইরা, পিভাল উদ্দেশে শোক করিতেছেন, ইভ্যবসরে রাত্রি প্রভাত হইরা গোল। তখন উইারা ও অন্যান্য সকলে মন্দাকিনীতীরে শৌতঃকালীন হোম ও সাবিত্রী জপ সমাপন করিরা, রামের সমিহিত হইলেন, এবং ভূফীংভাব অবলখন পূর্ণক অবস্থান করিতে লাগিলেন।

অনস্তর ভরত সহজ্জনসমক্ষে রামকে কহিলেন, আর্য্য পিতৃ। যে রাজ্য দিয়া আনার জননীকে সাস্ত্রনা করিয়া ছিলেন, আমি একণে ভাহা আপানার হত্তে সমর্পণ করিছেছি আপান নিকণ্টকে ভোগ ককন। বর্ষাকালে প্রবল-জলবেগ-ভগ্ন সেতুর ন্যায় এই রাজ্য-খণ্ড আপান ভিন্ন আর কে আবরণ করিয়া রাখিতে পারিবে ? যেমন গর্দ্ধক অথের এবং পাহী বিহ্বারাজ গকড়ের গত্তি অনুকরণ করিতে পারে না, অগ্র

নার নিকট আমাকেও জজ্ঞা জানিবেন। আর্য্য! অন্যে ধাহার অনুবৃত্তি করে, ভাহার জীবন স্থের, আর যে ন্যক্তি অপরের মুখাপেকা করিয়া থাকে, ভাছার জীবন ফার পার নাই অন্নথের ; ' মুত্রাং রাজ্যভার গ্রহণ আপনারই সমুচিত হইতেছে। কেহ একটা বৃক্ষ রোপণ ও ষড়ের সহিত পোষণ করিতে লাগিল ; উহার ক্ষম্ন ও শাখা প্রশাখা সকল বিস্তীর্ণ এবং উহা ধর্মাকার পুৰুষের একান্ত ত্রারোহ হইয়া উচিল ; এক্ষণে ঐ বৃক্ষ পুলিত হুইয়া যদি ফল প্রাস্থ না করে, তবে যে ব্যক্তি রোপণ করিয়া-ছিল, তাহার কিরপে সম্ভোষ লাভ হইবে ? আর্য্য ! এই দুটান্ত আপনারই নিমিত্ত প্রদর্শিত হইল। দেখুন, আপনি আমাদের রক্ষক, আমরা আপনার আগ্রিত ভৃত্য, পালন করিবার প্রকৃত সময়ে আপুনি যখন উদাবীন্য অবলখন করিয়াছেন, তখন পিতার সমস্ত প্রাাদ যে ব্যর্থ হইল, তাহাতে আর .বক্তব্য কি আছে। অতঃপর শানা শ্রেণীর প্রধান লোকেরা আপনাকে প্রথর সূর্যোর ন্যায় রাজ্যে প্রতিষ্ঠিত দর্শন কছন; মত্ত্মাতক সকল আপনার অনুগমনার্থ আনক্ষনার পরিত্যাগ ক্ৰক, এবং অন্তঃপুৱের মহিলারাও যার পর নাই আহ্লাদিত ষ্উন। ভরত এইরূপ কহিবামাত্র তৎকালে তত্ত্ত্য সকলেই তাঁহাকে যথোচিত সাধুবাদ প্রদান কৃত্রিতে লাগিলেন।

[•] তখন শ্বধীর রাম প্রবোধবাক্যে তাঁহাকে কহিলেন, বংস!

জীব অস্বভন্তু, সে স্বেচ্ছানুসারে কোন কার্য্য করিতে পারে না, এই কাবেণে কভাস্ত ইহকাল ও পরকালে ভাছাকে আকর্ষণ করিয়া থান্দেন। সমুদায় বস্তুর নাশ আছে, উন্ন-তির পতন আছে, সংলোগের বিয়োগ ও জীবনেরও মৃত্যু " খাছে। যেমন স্পাক ফলের বৃক্ষ হইতে পাতন ভিন্ন অন্য কোন রপ ভয় নাই, ভদ্রপ' মৃত্যুৰ্যতীত মনুষ্যের আর কোনও আশহা मिथा। विभव मृण्डाञ्चलिक शृक् कीर्व हरेलके किल्लावन হয়, তজেপ মনুষ্য জরামৃত্যুবশে অবসর্ব হইয়া পড়ে। যে রাজি অতিকাম্ভ হইল, তাহা আর প্রতিনিবৃত হইবে না : যমুনার জ্যোত পূর্ণ সমুদ্রে বাইতেছে, তাহাও আর ফিরিবে না। বেমন গ্রাম্মের উত্তাপ জলাশয়ের জলশোষ করে, সেইরপা গমনশীল আহোরাত্র মনুষ্টের আয়ুক্তর করিতেছে। ভূমি এক স্থানেই থাক, বা ইভন্তত পর্যাটন কর, তোমার আয়ু ক্রমশঃ হ্রাস হইয়া আসিতেছে। স্তরাং তুমি আপনার অনুশোচনা কর, অনেরে, চিন্তার তোমার কি হইবে? মৃত্যু ভোমার সহিত গমন করিতেছে, তোষার সহিত উপবেশন করিতেছে, এবং তোমারই সহিত বহু পথ পরিভ্রমণ করিয়া প্রতিনির্ভ হঁইতেছে। अज्ञानिवसुन (मर्ट नली मुक्के इहेल, (कमञ्जाल ७क इहेज़ा रान, धदः शुक्रव छोर्न इरेब्रा शिज्न, वन प्रिथ, कि जेशीतः वहे मकल निवाति व्हेतः मनुवा ऋर्तापरा

वानन्ति इत्र, तकनीमयांगाय शूनकि इहेता शांक, किन्ह ভাহার যে আয়ুংকর হইল, ভাহা সে বুঝিল না। যখন সম্পূর্ণ সূতনাকারে ঋতুর আবির্জাব হয়, তখন লোকে অভ্যন্ত 'হাট হইয়া থাকে; কিন্ত ঋতুপরিবর্তে যে, তাহার আয়ুঃক্ষয় इहेल, छाहा म खानिए भातिल ना। यमन महानमू एकं कार्ट कार्ट मंदरांग, जातांत कालवर् विद्यांग इहेन्ना शांक, ধনজন, স্ত্রীপুত্রের বিষয়ুও সেইরপ জানিবে। এই জীব-লোকে জন্মসূত্যশৃত্ধীল অভিক্রম করা অসম্ভব, স্নভরাং যে খন্যের দেহান্তে শোক করিভেছে, আপনার মৃত্যু নিবারণে তাহার সামর্থ্য নাই। যেমন এক জ্বন পর্বিক আর এক জনকে অত্রে যাইতে দেখিয়া, তাহার অনুসরণ করিয়া थांक, महेन्न शूर्क शूक्रवता य भाष गित्राह्न, मकनाक है তাহা আশ্রর করিতে হুইছে। অভএব বর্ধন ভাহার ব্যভিক্রম ্রঃসাধ্য, তখন**্**মৃত লোকের নিমি**ত্ত শোক কর। কি উচিত ৎর** ? জলপ্রবাহের ন্যায় যাহার প্রত্যার্ত্তি নাই, সেই বন্ধসের হ্রাস্ট দেখিয়া আপিনাকে সুখ-সাধন ধর্মে নিয়োগ করা শ্রেয় হইতেছে, কারণ মুখই সকলের লক্য। বৎস ! সেই সজ্জন-পূঞ্জিত ধর্মপরায়ণ পিতা যজ্ঞানুষ্ঠানবলে স্বৰ্গ লাভ করিয়াছেন, ভাঁহার নিমিত্ত শোক করা উচিত হইতেছে না । ভিনি জীর্ণ মনুষ্যদেহ পরিত্যাগ করিয়া একলোক-

বিহারিণী দৈবী সমৃদ্ধি অধিকার করিয়াছেন। একংণ তাঁছার উদ্দেশে, শোক করা ভোমার বা আমার তুলা জ্ঞানী বুদ্ধিমা-নের সঙ্গত হইতেছে না; সকল অবস্থাতেই শোক বিলাপ ও রোদন পরিভ্যাগ করা অধীর লোকের কর্ত্তব্য । অভঃপর ভূমি পিভৃবিয়োগল্লংখে অভিভূত হইও না, রাজধানীতে গিয়া বাস কর; পিতা ভোমাকে এই রূপই অনুমতি করিয়াছেন। আর আমি যথায় যে কার্য্যে নিযুক্ত হইয়াছি, তথায় তাহারই অনুষ্ঠান করিব। ভিনি আমাদের পিতা ও বঁদ্ধু ; তাঁহার আদেশ অভি ক্রম করা আমার শ্রের হইতেছে না, তাঁহাকে সন্থান করা ভোমারও উচিত। দেখ, বিনি পারলোকিক শুভ সঞ্চয়ে অভিলাষ করেন, গুৰু লোকের বন্দীভূত হওয়া তাঁহার বিধেয়। বৎস! পিতা সকর্মপ্রভাবে সন্ধাতি লাভ করিয়াছেন, তুমি ভদ্বিয়ে স্থির নিশ্চয় হও, এবং ধর্মে মনোমিবেশ পূর্ব্বক আপনার হিত-চিস্তা কর। ধর্মপরায়ণ রাম ভরতকে এই বলিয়া ভূফীংভাব অবংশস্থন করিলেন।

বড়বিকশতত্য সর্গ।

অনস্তর ভরত কহিলেন, আর্য্য! আপনি বেরপ, এই জীবলোকে এ প্রকার স্থার কে আছে? চ্ংথ আপনাকে বাধিত এবং সংখও 'পুলঁকিত করিতে পারে না। আপনি वृद्धगात्वत निमर्गनञ्चल इहेटल७, धर्मभः नतः छेङाँदात शतायर्ग গ্রহণ করিয়া থাকেন। আপনার নিকট জাবন ও মৃত্যু এবং দং ও অসৎ উভয়ই সমান; যখন আপনি এইরপ বুদ্ধি ধারণ করিতেছেন, তর্থন আপনার আর পরিতাপের বিষয় কি? বলিতে কি, যিনি আপনার ন্যায় সপ্রপঞ্চ আত্মতত্ত্ব অবগত আছেন, বিপদ উপস্থিত হইলেও তাঁহাকৈ বিষণ্ণ হইতে হয়'না। আপনি দেবপ্রতাব সর্বদর্শী সত্যপ্রতিক্ত ও সর্বক্ত ; জীবের উৎপ্তত্তি-বিনাশ আপনার অবিদিত নাই, স্কুতরাং তুর্বিসহ তুঃখ ভবাদৃশ ব্যক্তিকৈ কিব্লপে অভিভূত করিবে? আর্য্য! আমি ^{যখন} প্রবাসে ছিলাম, ঐ সময় কুজাশয়া জ্ননী আমার জন্য যে অকার্য্য অনুষ্ঠান করিয়াছেন, তাহা আমার অভি-প্রেভ নহে। একণে প্রসর্ব হউন; আমি কেবল বর্মানু-

রোধে ঈদৃশ অপরাধেও ঐ পাপীয়সীর প্রাণদণ্ড করিলাম না : পুণा भील तांजी मनतथ इहेट ज्या धारन धवर धर्मा धर्म अनुशादर করিয়া, কিরুপে গৃহি 'ঠ আচরণ করিব। আর্য্য! মহারাজ আমা-দের গুৰু পিতা ও দেবতা, কেবল এই সকল কারণে একণে আমি তাঁহার নিন্দা করিলাম না, কিন্তু যে ব্যক্তি ধর্মের মর্মজ্ঞ, স্ত্রীর হিতকামনার এইরূপ কামপ্রধান পাপকর্ম করা কি তাঁহার উচিত ? প্রাসিদ্ধি আছে, যে আসনকালে লোকের বুদ্ধিবৈপরীত্য ঘটিয়া থাকে, মহারাজের এই ব্যবহারে একণে তাহা সত্য ৰলিয়াই বিশ্বাস হইতেছে। যাহাই হউক, ক্ৰোধ মোহ ও অবিষয়কারিতা নিবন্ধন তাঁথার যে ব্যতিক্রম হইয়াছে. শুভ-সংসাধনোদ্ধেশে আপনি ভাহার প্রতিবিধান ককন। পতন হুইতে পিতাকে রক্ষা করে বলিয়াই, পুত্রের নাম অপত্য, এই বাক্য সার্থক হউক। পিতার হ্রব্যবহারে অনুমোদন করা আপ নার উচিত বহে; তিনি যে কার্য্য করিয়াছেন, তাহা নিতান্ত ধর্মবিছ ভ ও একান্তই গহিতি। একণে আমার অনুরোধ রকা করিয়া, আপনি সকলকে পরিত্রাণ করুন। কোথায় অরণ্য, কোথায় বা ক্তিয় ধর্ম, কোথায় জ্বটা, কোথায় বা রাজ্যশাসন, এইরুণ বিসদৃশ কার্ষ্য কোনও মতে আপনার উপযুক্ত হইতেছে না। প্রজাপালন ক্রিয়ের প্রধান ধর্ম, কোন্ ক্রিয়াধ্য এই প্রভাক ৰৰ্ষে উপেকা করিয়া, সংশয়াত্মক ক্লেশদায়ক বাৰ্দ্ধক্য ধর্ম আচরণ

করিবে? যদি ক্লেশসাধ্য ধর্ম আপনার এতই অভিমত হইয়া থাকে, আপনি ধর্মানুসারে বর্ণ চতুষ্টয়কে পালন,করিয়া ক্লৈশ ভোগ কৰুন। ধার্মিকেরা কহেন, যে, চার ত্যাশ্রমের মধ্যে গাছ স্থ দর্মোৎকৃষ্ট, আপনি কি নিমিত্ত তাহা পরিত্যাগের বাসনা করিয়াছেন? আর্য্য ! আমি বিদ্যায় আপনার নিকট বালক, এবং জ্বৈত কনিষ্ঠ, আপনি বিদ্যমানে রাজ্য পালন করা আমার কি রূপে সম্ভব হুইবে? আমি বুদ্ধিহীন, আপনার সাহায্য ষ্যতীত প্রাণ ধারণ করিছেও পারি না। এক্ষণে আপনি বন্ধুবর্ণের সহিত সমগ্র পৃথিবী শাসন কৰুন। বশিষ্ঠ প্রভৃতি মন্ত্রবিৎ খড়িকেরা প্রকৃতিগণের সহিত এই স্থানেই আপনাকে অভিষেক করিবেন। অভিষেকান্তে আপনি অযোধ্যায় গমন পূর্বাক ত্রিদশা-ধিপতি ইন্দ্রের ন্যায় বাহুবলে প্রতিপক্ষদিগকে পরাভূত করিয়া, রাজ্য রক্ষায় প্রবৃত্ত হউন ৷ দৈব পৈত্রা প্রভৃতি তিনি ঋণ হইতে আত্মাচন, শত্রবর্গের ছংখনর্দ্ধন ও স্কলাণের দ্লখ-সাংন পূর্ব্বক আমাকে শাসন কর্তন। এবং আমার জ্বনী কৈকেয়ীর কলক্ষ দূর করিয়া পূজ্যপাদ পিত। দশরথকে পাপ হইতে রক্ষা করুন। আমি আপনার চরণে প্রণিপাত পুর্বক ৰারংবার প্রার্থনা করিতেছি, ঈশ্বর যেমন সমস্ত ভূতের প্রতি হপা করিতেছেন, তদ্রুপ আপনি আমার প্রতি হূপা বিভুরণ কৰুন। যদি আপানি আমার অনুরোধ না রাখিয়া

বনান্তরে প্রবেশ করেন, নিশ্চয় কহিছেছি, আমিও আপনার সমর্ভিব্যাহারে গমন করিব।

ভরত প্রণিপতি পূর্বক এইরপ প্রার্থনা করিলে, রাম তিবিরে কিছুতেই সমাত্র হইলেন না। তথন তত্ত্রত্য সকলে 'তাঁহার পিতৃআজ্ঞা পালনে দৃঢ়তর অনুরাগ ও অন্তুত হৈর্ব্য দর্শন করিয়া, মুগপৎ হর্ব ও বিষাদ প্রাপ্ত হইল; অঙ্গীকার রক্ষার বিশেষ আগ্রহ দেখিয়া হর্ব এবং প্রতিগমনে অসমাতি দেখিয়া বিষাদ উপত্যত হইল। অনন্তর পুরবাণী, ঋত্বিক, ও কুলপতিগণ এবং রাজমহিষারা বাপাকুললোচনে ভরতের ভূরুসী প্রশংসা করিলেন, এবং রামকে প্রতিগমনের নিমিন্ত বারংবার অনুরোধ করিতে লাগিলেন।

সপ্তাধিকশততম সর্গ

তখন রাম কছিলেন, ভরত ! তুমি রাজা দশরথ হইতে জন্ম-গ্রহণ করিয়াছ, এক্ষণে যেরপ কহিলে, তাহা তোমার সমুচিত হইতেছে। কিন্তু দেখ, পূর্বে পিতা তোমার মাতার পাণিএহণ-কালে কেকয়রাজকে প্রতিজ্ঞা পূর্মক কহিয়াছিলেন, রাজন্! ভোমার এই কন্যাতে যে পুত্র উৎপন্ন হইবে, আমি ভাহাকেই সমস্ত সাম্রাজ্য অর্পণ করিব। অনস্তর দেবামুরসংগ্রাম উপস্থিত **হইলে, তিনি ভোমার জননীর শুক্রাবায় সম্ভুক্ত হইরা, তুইটি বর** অঙ্গীকার করেন। তদতুসারে ভোমার জননী ভোমার রাজ্য ও আমার বন এই ছুই বর প্রার্থনা করিয়াছিলেন। মহারাজ্ঞ ্ষগভ্যা ভিৰিষয়ে সন্মত হন, এবং আমাকে চতুৰ্দ্দশ বং-সরের নিমিক্ত বনবাসে নিয়োগ করেন। একণে আমি জাঁহার সভা পালনার্থ জানকা ও লক্ষ্ণের সহিত এই স্থানে আসি-য়াছি; ছুমিও পিভার নিদেশে এবং তাঁহারই সভ্য রকার উদ্দেশে অবিলদ্ধৈ রাজ্য গ্রহণ কর। বৎস ! আমার প্রাতির জন্য মহারাজকে ঋণমুক্ত করা, এবং দেবী কেকয়ীকে অভিনন্দন

করা তোমার উচিত হইতেছে। দেখ, গয়া প্রদেশে মহাত্মা গয় বজ্ঞকালে পিতৃলোকের প্রীতি কামনায় এই প্রুতি গান করিয়াছিলেন, "যিনি পুৎ নামে নরক হইতে পিতাকে পরি-ত্রাণ করেন, তিনি পুত্র, এবং যিনি তাঁছাকে সকল প্রকার। দক্ষট হইতে রক্ষা করেন, তিনিও পুতা। জ্ঞানী গুণবাণ বছ পুত্রের কামনা করা কর্ত্তব্য, কারণ ঐ সমষ্টির মধ্যে অস্তুত এক-জনও গরা যাত্রা করিতে পারে।" ভরত! পূর্বতেন রাজ্ধিগণের এইরপই বিশ্বাস ছিল। অভএব ভুগি এক্ষণে পিভাকে নরক হইতে রক্ষা কর, এবং অযোধ্যায় গিয়া ত্রাহ্মণগণ ও শত্রুরের সহিত প্রজারঞ্জনে প্রবৃত হও। অতঃপর আমায়ও অবিলয়ে জানকী ও লক্ষণের সহিত দণ্ডকারণ্যে প্রবেশ করিতে হইবে। ভাই! ভূমি মনুষ্যের রাজা হও, আমি বন্য মৃগগণের রাজাধি-রাজ হইয়া থাকিব : তুমি আজ হাইটিত্তে মহানগরে গমন কর, আমিও পুলকিত মনে দণ্ডকারণ্যে বাতা করিব; খেত ছত্ত আতপ নিবারণ পূর্বক, ভোমার মস্তকে শীতল ছায়া প্রদান কৰক, আমিও এই সকল ৰায় বৃক্ষের ভদপেকাও শীতল ছায়া আশ্রয় করিব : ধীমানু শক্রম ডোমার সহায়, লক্ষণও আমার প্রধান মিত্র। এক্ষণে আইস, আমরা চারি জনে মিলিরা এই রূপে পিতৃসত্য পালনে প্রবৃত্ত হই।

অফীধিকশততম সূর্গ

অনস্কুর জাবালি কৃছিলেন, রাম! তুমি অতি স্থবোধ, , সামান্য লোকের ন্যায় ভোমার বৃদ্ধি যেন অনর্থদর্শিনী না হয়। দেখ, কে কাছার বন্ধু ? কোন্ ব্যক্তিরই বা কোন্ সদম্বে কি প্রাপ্য আছে? জীব একাকী জন্মগ্রহণ করে, এবং একাকীই বিনষ্ট হয়। অতএব মাতা পিতা বলিয়া, যাহার স্নেহাশক্তি হইয়া থাকে, সে উন্মত্ত। যেমন কোন লোক প্রবাদে গমন করিবার কালে, গ্রামের বহির্দেশে বাস করে, আবার' পর্দিন সেই আবাস-সম্বন্ধ পরি-ভাগি পূক্ক প্রস্থান করিয়া থাকে, পিতা মাতা গৃহ ও ধন তদ্রপই জানিবে; সজ্ঞানেরা কোনও মতে উহাতে আপক্ত হন রা। স্থতরাং পিতার **অনু**রোধে পৈতৃক রাজ্য পরিত্যাগ করিয়া, হুঃখজনক হুর্গম সঙ্কটপূর্ণ অরণ্য আশ্রয় করা ভোমার কৰ্ত্তব্য হইতেছে না। এক্ষণে তুমি স্থসমৃদ্ধ অযোধ্যায় প্ৰতি-গমন কর; সেই একবেণীখরা নগরী ভোমার প্রতীকা করি-তেছেন। তুমি তথায় রাজ্ভোগে কালকেপ করিয়া, দেবলোকে

স্থররাজ ইন্দ্রের ন্যায় পর্যসূথে বিহার করিবে। দশরথ তোমার কেহ নহেন, ভূমিও ভাঁহার কেহ নও; তিনি অন্য, ভূমিও অন্য, স্বভরাং আমি ষেরপ কহিভেছি, তুমি ভাহারই অনুষ্ঠান কর। (मथ, জন্মবিষয়ে পিতা নিমিত্তমাত্র বলিয়া নির্দিষ্ট হন, বস্তুত ' মাতা ঋতুকালে গর্ভে যে শুক্রশোণিত ধারণ করেন, ভাহাই জী-বোৎপত্তির উপাদান। একণে রাজা দশরথ ফেছানে যাইবার, গিয়াছেন, ইহাই মনুষ্যের স্বভাব, কিন্তু বৎস! তুমি স্বরুদ্ধিদোষে র্থা নষ্ট হইতেছ। যাহারা প্রত্যক্ষিত্র প্রক্ষার্থ পরিত্যাগ করিয়া কেবল ধর্ম লইয়া থাকে, আমি ভাহাদিগের নিমিত্ত ব্যাকুল হইতেছি, তাহার। ইহলোকে বিবিধ বস্ত্রণা ভোগ করিয়া, অন্তে মহাবিনাশ প্রাপ্ত হয়! লোকে পিতৃদেবতার উদ্দেশে অটকা শ্রাদ্ধ कतिया थारक, राय, देहारा कार्यन वास वासर्थक नक्षे कता हत्र. কারণ কে কোথার শুনিয়াছে যে, সুত ব্যক্তি আহার করিতে পারে? যদি এক জন ভোজন করিলে অন্যের শরীরে উহার সঞ্চার হয়, তবে প্রবাসীর উদ্দেশে এক ব্যক্তিকে আহার করাও, উহাতে কি ঐ প্রবাসীর তৃপ্তি লাভ হইবে ? কখনই,না। যে সমস্ত শাস্ত্রে দেবপূজা, যজ্ঞ, দান, ও তপস্তা প্রভৃতি কার্ষ্যের বিধান আছে, ধীমান মনুষ্যেরা কেবল লোকদিগকে বশীভূত করিবার নিমিত্ত, সেই সকল শাস্ত্র প্রস্তুত করি-রাছেন। অতএব, রাষ! প্রলোকসাধন ধর্মনামে কোন

পদার্থই নাই, ভোমার এইরপ বৃদ্ধি উপস্থিত হউক।
তুমি প্রত্যক্ষের অনুষ্ঠান এবং পরোক্ষের অননুসন্ধানে প্রবৃত্ত
হও। ভরত ভোমাকে অনুরোধ করিতেছেন, তুমি সর্বাসন্ধান এই বৃদ্ধির অনুসরণ পূর্বাক রাজ্যভার এইণ কর।

নবাধিকশততম সর্গ।

' জাবালীর এই কথা শুনিয়া রামের কিছুমাত্র ভাব-বৈপরীত্য ঘটিল না, তিনি তখন ধর্মবুদ্ধি অবলম্বন পূর্বেক কহিতে লাগি-লেন, তপোধন! আপনি আনার হিত কামনায় এক্ণে যাহা কহিলেন, ভাহা বস্তুত অকার্য্য, কিন্তু বর্ত্তব্যবৎ প্রভীয়মান' হইভেছে, বস্তুত্তই অপথ্য, কিন্তু পথ্যের ন্যায় সপ্রমাণ হইতেছে। যে পুৰুষ পামর ও বিপথগামী এবং যে জন-সমাজে শাস্ত্রবিৰুদ্ধ মত প্রচার করিয়া থাকে, সে সাধুলোকের निकं कथन हे मम्रोन शांत्र ना । উक्त कि नी ह वश्मी ह, वीत कि পে ক্যাভিমানী, শুচি কি অপবিজ্ঞ, চরিত্রই ভাছার পরিচয় দিয়া থাকে। এক্ষণে আপনি যে রপ কহিলেন, ভদনুরপ আচ-রণ করিলে নানা অনর্থ ঘটিবে । আপনার মত অত্যন্ত অপ্রশস্ত। ইহার বলে, লোক, কার্য্যভ অনার্য্য হইলেও যেন ভদ্র, কদাচার হইলেও যেৰ শুদ্ধস্থভাব, এবং হুৰ্দ্ধৰ্শন হইলেও যেন লক্ষণাক্ৰান্ত विनया जाभनोटक अनुमान कतिया थाटक। जामि यि এरेक्ने লোকদূষণ অবর্দ্মকে ধর্মবেশে গ্রহণ করি, এবং প্রকৃত শ্রেয় পরি-ভ্যাগ পূর্বক অবৈধ ব্যবহারে প্রবৃত্ত হই, ভাহা হইলে বিজের

নিকট অনাদৃত ও কুলাচার হইডে পরিভ্রম্ট হইব। প্রতিজ্ঞালক্ষন জন্য উৎকৃষ্ট গতি লাভের আর প্রচ্যানা থাকিবে
না। এবং প্রকৃতিরাও আমার ধর্মবিপ্রবিকারী ও স্বেক্ছাচারী
দিখিয়া, আমার অনুকরণ করিবে, কারণ রাজার যেরূপ
আচার প্রজার তদ্ধেপই হইয়া খাকে। অভএব, তপোধনী!
আপনি যেরূপ কহিলেন তাহা কোনও মতে প্রীতিকর বোধ
হইতেছে না।

(मर्यून, व्यनांकि-माञ्चिमिक मशोधार्थान त्रोक्षंच खार मछा, এই নিষিত্ত লোকে রাজ্যকে সত্যস্বরূপ বলিয়া নির্দেশ করিয়া ধাকে। সভাের প্রভাব অতি চমৎকার, সমস্ত লােক সভাে বিপ্লত রহিয়াছে, দেবতা ও ঋষিগণ সভ্যেরই সবিশেষ সমাদর क्रात्रन, मजुर्वामीत खक्तलांक लांड इह, मजुर्गिक धर्म मक्रान्त মূল, সভ্য ঈশ্বর, সভ্যেপর্ম প্রতিষ্ঠিত আছেন, সকল বিষ ুরুই সভ্যমূলক এবং সভা অপেকা পরম পদ আর • কিছুই নাই। দান যজ্ঞ হোম ও তপঃপ্রতিপাদক বেদশান্ত্র সভাকে আ্রায় করিয়া আছে। যে ব্যক্তি সত্যপরায়ণ, তাঁহাকেই ভূমি যশ ও 'কীর্ভি প্রার্থনা করিয়া থাকে। বতএব সভাপর হওয়া नर्बटार्डार्टार कर्डवा। क्रुप्त नीठानात्र नृमःन लुक शायरतता বাহার সেবা করে, আমি অভঃপর সেই নামমাত্র ধর্ম ক্ষত্রিয়ধর্ম পরিত্যাণ করিব। কর্মপাতক তিন প্রকার, কায়িক বাচিক

ও মানসিক; ক্ষত্রিয়বৃত্তি সামান্যত দেহসাধ্য হইলেও নিজের চিন্তা ও অন্যের সহিত পরামর্শ এই সম্বন্ধে, অপর তুই পাতকেরও অস্তর্গত হইতেছে। একজেনই কুল রক্ষা করে, এক জনই নরকন্থ হয় এবং একজনেই দেবলোকে আদৃত হইয়া থাকে; এইরূপ ' ব্যবস্থা সত্ত্বে, আমার সভ্যসন্ধ পিতা, ত্রিসভো বন্ধ হইয়া প্র-তিজ্ঞা রক্ষার্থ আমায় যাহা আজ্ঞা করিয়াছেন, আমি কেন তাহা অপহেলা করিব। আমি তাঁহার নিকট সতেে প্রতিশ্রুত আছি, এক্ষণে ক্ৰোধ লোভ মোহ'বা অজ্ঞানতা বশতই হউক, কোনমতে গুৰুলোকের সভ্যসেতু ভেদ করিব না। যে ব্যক্তি অসতাপ্রতিজ্ঞ ও অস্থিরমতি, শুনিরাছি ভাহার নিকট দেবত। ও পিতৃ**লোক কিছুই** .গ্ৰহণ করেন না। এই আখ্যাত্মিক সভ্যপালনধর্ম সর্বাপেকা উৎকৃষ্ট, সাধুলোকেরা ইহার ভার বহন করিয়া আসিয়াছেন বলিয়া, আমি ভদিষয়ে এইরপ আগ্রহ প্রকাশ করিভেছি। এক্ষণে আপনি সবিশেষ **অবধার**ণ ও হেতুবাদ প্রদর্শন পূর্বক আমায় যে কথা কহিলেন, ভাহা নিভান্ত গহিত বোধ হইতেছে। আমি পিভার অগ্রে অঙ্গী-কার করিয়া অরণ্যবাস আশ্রয় করিয়াছি, স্বতরাং ভরতের কথায় কিব্লপে সন্মত হইব। আরও আমি সত্যে বন্ধ হইয়াছি বলিয়া, কৈকেয়ী অত্যন্ত সম্ভট হইয়াছিলেন, এক্ষণে কিরূপেই বা তাঁহার অসন্তোষ উৎপাদন করিব। ত্রতএব অভঃপর আমাকে

শ্রদ্ধাবান শুদ্ধসন্ত্ব ও মিতাহারী হইয়া ফলমূলে দেবতা ও
পিত্লোকের তৃপ্তি সাধন পূর্বক লোকবাত্রা নির্বাহ করিতে
হইবে। এই কর্মভূমিতে আসিয়া, যাহা শুভ তাহারই অনুষ্ঠান
শোর। অগ্নিবায় ও সোম ইহাঁরা শুভ কর্ম্মের প্রভাবে স্ব স্থ পদ
প্রাপ্ত হইয়াছেন। দেবরাজ ইন্দ্র শত সংখ্য যক্ত আহরণ
পূর্বক দেবলোক লাভ করিয়াছেন এবং মহর্ষিগণও তপস্যার
বলে উৎক্ষি লোকে বাস করিতেছেন।

' তপোধন! সভা, ধর্ম, তপস্যা; দয়া, প্রিয়বাদিতা, এবং দেবপূজা ও অতিথিসংকার এই সকল অর্গের পথ, ভাল-ণেরা ঐ গুলিকে মুখ্যফলপ্রদ বলিয়া শ্রবণ এবং তর্কদার। নমাক অবধারণ করিয়া, যথা বিহিত ধর্মাচরণ পূর্ব্বক, উৎকৃষ্ট লোক আকাজ্ফা করিরা থাকেন! আপনার বুদ্ধি বেদ-বিরোধিনী, আপনি ধর্মএই নান্তিক, আমার পিতা যে অপিনাকে যাজকত্বে এহণ করিয়াছিলেন, আমি উাঁহার এই কার্য্যকে যথোচিত নিন্দা করি। বেমন বৌদ্ধ তস্করের ন্যায়ু দণ্ডাহ', নাজিককেও ্তদ্ৰূপ দণ্ড করিতে হইবে, ^অতএব ধাহাকে বেদবহিন্ধৃত বলিয়া পরিহার করা রুর্ত্তব্য, বিচক্ষণ ব্যক্তি সেই নাত্তিকের সহিত সম্ভাষণও করিবেন ন। আপনার অপেকা উৎকৃত ত্রাক্ষণেরা নিকাম হ**ই**য়া ওভকার্য্য সাধন করিয়াছেন, এবং এখনও অনেকে অহিংসা

তপ ও যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া থাকেন। ফলতঃ যাঁহারা ধর্মপরায়ণ ,দানশীল অহিংস্ত্রক ও পবিত্র সেই সকল মহর্ষিরাই লোকে পুজনীয় হইয়া থাকেন।

রাম রোষভরে এইরপ বাক্য প্রয়োগ করিলে, জাবালি।
'বিনরবচনে কহিলেন, রাম! আমি নাস্তিক নহি, নাস্তিকের
কথাও কহিতেছি দা। আর পরলোক প্রভৃতি বে কিছুই নাই,
ভাহাও নহে। আমি সময় বুঝিয়া আস্তিক হই, আগার অবসর
ক্রমে নাস্তিক হইয়া থাকি'। যে কালে নাস্তিক হওয়া আবশ্যক,
সেই কাল উপস্থিত, এক্ষণে ভোমাকে বন হইতে প্রতিনয়ন
করিবার নিমিত্ত প্ররূপ কহিলাম এবং ভোমাকে প্রসন্ন করিবার নিমিত্তই আবার ভাহার প্রভাহার করিয়া লইলাম।

দশাধিকশততম সর্গ।

অনস্তর মহর্ষি বশিষ্ঠ রামকে ক্রোধাবিষ্ট দেখিয়া কহিলেন, বংস ! জাবালি লোকের গতাগতির বিষয় সম্যক জ্ঞাড
আছেন। একণে তেগমাকে প্রতিনির্ভ করিবার নিমিত্ত
ইনি ঐরপ কহিলেন। যাহা হউক, অভঃপর আমি লোকোংপাত্তর বিষয় কাউন করিতেছি, শ্রবণ কর।

অত্যে সমুদায়ই জলময় ছিল, ঐ জল মধ্যে এই পৃথিবী নির্মিত হয়। পরে অরম্ভু ত্রন্ধা দেবগণের সহিত উৎপ্র হইলেন এবং বরাহরূপ পরিগ্রহ করিয়া, জল হইতে ব্যস্তরাকে উদ্ধার পূর্বক প্রজাগণের সহিত সমস্ত চরাচর সৃষ্টি করিতে লাগিলেন। এই ত্রন্ধা, অয়ং ঈশ্বর হইতে জন্ম ট্রাহণ করেন। ইনি নিত্য ও অবিনালী। ইহাঁ হইতে মরাচি, মরাচি হইতে কল্যপ জ্বেন। কল্যপের আত্মজ বিরশ্বং। বিবশ্বং হইতে মনু উৎপন্ন হইয়াছেন। এই মনুই প্রজাপতি নামে অভিহিত হইয়া থাকেন। মনুর পুত্র ইক্লাকু। ইক্লাকু পিতা হইতে সমস্ত পৃথিবী অধিকার করেন। ইনিই অযোধ্যার

व्यानि ताका। रेक्कांकृत कृष्कि नास्य अक श्रृंख क्रस्य। कृष्कित পুত্র বিকুক্ষি, বিকুক্ষির পুত্র মহাপ্রভাপ বাণ, বাণের পুত্র মহাতপা ভেজন্বা জনরণ্য, ইহার শাসনকালে অনার্ফি কি ভূর্তিক কিছুই হয় নাই, এবং ভক্ষরের নামও ছিল না। অন-রণ্যের পুত্র পৃথু, পৃথুর পুত্র ত্রিশঙ্কু, ইনি স্বীয় সভ্যের বলে বশরীরে স্বর্গ লাভ করেন। মহারাজ ত্রিশঙ্কুর ধুন্ধুমার নামে এক পুত্র জবে। ধুরুমারের পুত্র মহারপ্ন যুবনাম, মূব-নাখের পুত্র মান্ধাতা। মান্ধাতার পুত্র স্থসন্ধি, স্বান্ধির ছুই পুত্র-ধ্রুবসন্ধ্রি ও প্রদেনজিৎ। তন্মধ্যে ধ্রুবসন্ধি হইতে যশখা ভরত উৎপন্ন হন। ভরতের পুত্র মহাতেজা অসিত। হৈহয় তালজ্জ ও শশবিন্দু ইহর। এই অসিতের প্রতিপক হইর। ছিল। এর্বল অসিত ইহাদিগের সহিত রুদ্ধে প্রবৃত হন এবং ঐ যুদ্ধে পরাভূত ও রাজ্যচুত হুইয়া, মহিনী ঘয়ের সহিত হিমাচলে গমন পূর্বক, শানবলীলা সংবরণ করেন। এইরূপ্ প্রবাদ আছে যে, মহারাজ অসিতের ছুই মহিষী সসত্থা ছিলেন। ইহাঁদিগের মধ্যে একজন অপটির গর্ভ নষ্ট করিবার নিষিত্ত ভক্ষ্য জব্যে বিষ সংযোগ করিয়া দেন ।

ঐ রমণীর হিমাচলে ভৃগুনন্দন ভগবান চাবন বাস করি-তেন। রাজমহিনী কালিন্দী অপত্নীর অভ্যাচারে বৎপরোনান্তি ভীত হইয়া তাঁহাকে গিয়া অভিবাদন করেন। ভ্রথন মূহর্ষি প্রসন্ন হইয়া তাঁহার পুত্রোৎপত্তির উদ্দেশে কহিয়াছিলের, মহা-ভাগে! ভোমার গর্ভে এক প্রবলপরাক্রম পুত্রি অচিরাৎ গর-লের সহিত জামিবেন, এবং তাঁহা হইতেই বংশরক্ষা হইবে।

অনম্ভর কালিন্দী ভগবান চ্যবদকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া গৃহে প্রতিনিবৃত্ত হইলেন। অচিরকাল মধ্যে তাঁহার গর্ভে পত্মপলাশলোচন পত্মকোষসদৃশপ্রত এক পুত্র জন্ম গ্রহণ করিলেন। তাঁহার সপত্নী গর্ভবিনাশ বাসনায় যে বিষ প্রয়োগ করিয়াছিলেন, পুত্র ভূমিষ্ঠ হইবার কালে ভাহাও নির্গত হয়, এই कांत्रत उँहात नाम नगत इरेल। रेनिरे नीक्वि रहेशा नकत्नत মনে ভয় উৎপাদন পূর্বাক সাগর খনন করেন। ইহাঁর পুত্র অসমঞ্জ। অসমঞ্জ অতি গাপাত্মা ছিলেন, এই নিমিত ইহাঁর পিতা জাবদশাতেই ইখাকে নগর হইতে নিস্থাসিত করিয়া দেন। অসমঞ্জ হইতে জংশুমান উৎপত্ন হন। অংশুমানের পুত্র দিলীপ, দিলীপের পুত্র ভগারথ, ভগারথের পুত্র क्कू र । क्कू र इ रहे उ इ इ इ अ व व करतन । त्र व व व व ভেজন্বী প্রবৃদ্ধ। ইহাঁর অপর নাম কল্মাষপাদ। ইনি শাপ-প্রভাবে মাংসাশী রাক্ষস হন। প্রবৃদ্ধের পুত্র শঞ্জা। শঞ্জা-ণের পুত্র স্থদর্শন, স্থদর্শনের পুত্র অগ্নিবর্ণ, অগ্নিবর্ণের পুত্র শীত্রগ, শীত্রগের পুত্র মৰু, মৰুর পুত্র প্রশুক্রক, প্রশুক্রকর পুত অম্বরীষ। অম্বরীষ হইতে নত্য উৎপন্ন হন । নত্ত্বের পুত্র বযাতি, বযাতির পুত্র নাভাগ, নাভাগের পুত্র অজ, অজের পুত্র দশর্থ। রাম! তুমি সেই রাজা দশরপেরই জ্যেষ্ঠ পুত্র, অভএব একণে রাজ্য গ্রহণ এবং রাজকার্য্য সমুদায় পর্য্যবেকণ কর। ইক্ষাকুবংশীয়দিগের মধ্যে সর্বজ্যেষ্ঠই রাজা হন, জ্যেষ্ঠ সত্ত্বে কনিষ্ঠ কখন সিংহাসনে অধিরোহণ করিতে পারেন না, এই চিরপ্রচলিত বংশাচার পরিহার করা ভোমার কর্ত্ব্য হইতেছে না। তুমি রাজা দশবধের ন্যায় ধনরত্বসক্ষুল রাষ্ট্রবহুল পৃথিবীকে শাসন কর।

একাদশাধিক শততম সর্গ।

বশিষ্ঠ পুনর্কার কহিলেন, বংস! আঁচার্য্য, পিতা, ও মাতা, পৃথিবীতে এই তিন জুন গুৰু। পিতা দ্রম দান করেন, এই নিমিন্ত তিনি গুৰু, এবং আঁচার্য্য জ্ঞান প্রদান করেন, এই কারণে তাঁহাকেও গুৰু বলা বায়। রাম! আমি তোমার পিতার ও তোমার আঁচার্য্য, আমার কথা রক্ষা করিলে সদ্যাতি লাভ হইবে। এই তোমার পারিষদ, এই সকল বন্ধুবান্ধব, এবং এই সমস্ত অধীন রাজা, ইইাদিগের রক্ষাসাধন করিলে সদ্যাতি লাভ হইবে। তৌমার জননী কে\শল্যা ধর্মশীলা ও বৃদ্ধা, ইহার বাক্য লক্ষন করা উচিত হয় না। ভরত বারংবার তোমার প্রতিগমন প্রার্থনা করিতেছেন, ইইাকে উপৈক্ষা করাও সক্ষত হইতেছে না।

রাম মহর্ষি বশিষ্ঠের এই মধুর বাক্য শ্রবণ পূর্ব্বক কহিলেন, তপোধন! মাতা পিভা সাধ্যানুসারে ছ্ধাদি দান করেন, নিদ্রা আহরণ ও অঙ্ক মার্ক্তন করিয়া দেন এবং প্রিয়োক্তি প্রয়োগ ও ক্রীড়ার নিয়োগ করিয়া থাকেন। এইরূপে তাঁহারা নিরস্তর, সস্তানের যে উপকার সাধন করেন তাহার প্রতিশোধ করা অত্যস্ত স্থকঠিন। স্থতরাং আমার জনয়িতা পিতা যাহা আজ্ঞা করিয়াছেন, আমি তাহাঁর অন্যথাচরণ করিতে পারিব না।

তখন ভরত নিতান্ত বিমনা হইয়া সমিহিত সুম্মুকে কহিলেন, সুমন্ত্র-! তুমি শীত্র এই স্থানে কুশাসন আন্তীর্ণ করিয়া
দেও, যাবৎ আর্য্য রাম প্রসন্থ না হন, তদবদি আমি ইহাঁর
উদ্দেশে প্রভুগেবেশন করিব। উত্তর্মর্গ ব্রাহ্মণ যেমন, স্থবন
গ্রহণের নিমিত্ত অধমর্ণের দ্বাররোধ করে, তদ্রূপ আমি সর্বাহ্ম
অবগুঠিত করিয়া যতক্ষণ না ইনি প্রতিগমন করিবেন, অনাহারে এই পর্ণ-কুটীরের সম্মুখে শয়ন করিয়া থাকিব।

শ্বমন্ত্র, আদিট হইলেও রামের মুখাপেকা করিতে লাগিলেন। তদর্শনে ভরত স্বরংই কুশাসন আন্তীর্ন করিয়া ভূতলে
শয়ন করিলেন। তখন রাম কহিলেন, বৎস! আমি এমন কি
করিতেছি যে, তুমি আমার জন্য প্রভূগবেশন করিলে? দেখ,
এইরপ বিধি ভাক্ষণেরই বিহিত হইয়াছে, ক্ষভ্রিয়ের ইহাতে
অধিকার নাই। অভএব ভূমি এক্ষণে এই দাকণ ত্রত পরিত্যাগ
পূর্বকি গাত্রোখান করিয়া মহানগরী অবোধাার গমন কর।

অনস্তর ভরত চারিদিকে দৃষ্টি প্রসারণ পূর্বক গ্রাম ও নগ-রের অভ্যাগত সমস্ত লোকদিগকৈ কহিলেন, ভোমরা কি জন্য আর্য্যকে কিছু বলিডেছ না? উহারা কহিল, আপনি ইহাঁকে াহা কহিলেন, তাহা কোন অংশে অসকত নহে। আর এই
থহানুভবও যে, পিতৃআজ্ঞা পালনে নির্বন্ধ প্রাদর্শন করিতেছেন, তাহাও অন্যায় হইতেছে নাং এই কারণে আমরা
এই বিষয়ে নিরুত্তর হইয়া আছি। তথ্ন রাম কহিলেন, ভরত!
তুমি ত এই সকল সাধুদর্শী সুহৃদের কথা শুনিলে? এক্ষণে
ইহারা উভয় পক্ষ আশ্রয় করিয়া যেরপ আস্থামত ব্যক্ত করিলেন,
তুমি তাহা সম্যক বিচার করিয়া দেখ, এবং গাজোখান পূর্বক
আমার অক স্পর্শ করিয়া আচমন কর।

তখন ভরত ভূমিশব্যা হইছে উত্থান ও আচমন করিয়া কহিলেন, সভ্যগণ ! শ্রবণ কর, মস্ত্রিবর্গ ! তোমরাও শুন, আমি পৈতৃক রাজ্য প্রার্থনা করি নাই, জননীকেও অসৎ অভিসন্ধি সাধনের পরামর্শ দি নাই, এবং ধর্মপরায়ণ রাম যে অরণ্য আশ্রয় করিবেন, ভাহাও জানিভাম না ৷ এক্ষণে পিভার রাক্য পালন এবং এইরূপে কাল যাপন খদি ইহাঁর অভিমত হইরা থাকে, ভাহা হইলে আমিই প্রভিনিধি রূপে চতুর্দ্ধশ বংসুর বনবাসী হইরা থাকিব ৷.

ভরত এইরূপ বলিলে রামী নিতান্ত বিস্মিত হইলেন এবং থ্রাম ও নগরের সকল লোককে অবলোকন পূর্বক কহিলেন, দেখ, পিতা জীবদ্দশায় যাহা ক্রেয়, বিক্রেয়, অথবা বন্ধকশ্বরূপ অর্পন করিয়াছেন, ভাহার অপলাপ করা আমার বা ভরতের উচিত হইতেছে না। স্থতরাং একণে অরণ্যবাস বিষয়ে প্রতিনিধি নিয়োগ আমার পক্ষে অভ্যন্ত অপষশের হইবে। দেবী কৈকেরী যাহা কহিয়াছেন, ভাহা সম্পূর্ণ সক্ষত, এবং পিতা যেরপ আচরণ করিয়াছেন, ভাহাও ন্যায়োপেত হইতেছে খোমি তরতকে জানি, ইনি ক্ষমানীল ও গুৰুজনের মর্য্যাদারক্ষক। ইহার কোন অংশে কিছুই দূষণীয় নহে। আমি বন হইতে প্রতিগমন করিলে ইহারই সহিত পৃথিবীর রাজা হইব। ভাই ভরত! কৈকেরী আমার বাহা আজা ফরিয়াছিলেন, আমি তদরুক্রপ কার্য্য করিয়াছি, একণে তুমিও পিতাকে প্রতিজ্ঞাধণ হইতে মুক্ত কর।

দ্বাদশাধিকশততম সর্গ।

রাম ও ভরত এইরপ কথোপকধন করিতেছেম, এই অবসরে দেবর্ষি রাজর্ষি ও গন্ধর্মবর্ণণ তথায় আগমন করিয়া প্রাক্তমভাবে অবস্থান ক্রিতেছিলেন। উহাঁরা ঐ উভয় লাতার সমাগম দশ্বন 'যৎপরোনান্তি বিস্মৃত হইয়া উহাঁ-দের যথেষ্ট প্রশংসা করিতে লাগিলেন। কছিলেন, এই চুই ধর্মবীর যাঁহার পুত্র তিনিই ধন্য। ইহাঁদের বাক্যালাপ শুনিয়া, অদ্য আমরা সবিশেষ প্রীত হইলাম। অনম্ভর তাঁহারা মনে মনে রাবণের নিধনকামনা করিয়া ভরতকে কহিলেন, বীর! তুমি সংবংশোদ্ভব যশস্বী ও বিপ্ত। একণে যদি পিতার মুখাপেকা করা ভোমার অভিমত হয়, ভাহা হইলে রাম বাহা কহিতেছেন, ভাহাতে সন্মত হও। ইনি সভাপালন পূৰ্বক পিতৃ-ঋণ হইতে মুক্ত, হন, ইহাই আমাদের অভিলাষ। ইনি প্রতিজ্ঞা করাতেই मभावथ टेकंटकब्रीत निकर्षे अश्वी इहेब्रा श्वर्गाताहण कर्तियाद्वन । এই বলিয়া উহাঁরা স্ব স্থানে প্রস্থান করিলেন। উহাঁরা প্রস্থান করিলে, প্রিয়দর্শন রাম প্রফুল্লমনে উহাঁদিগকে বারং বার সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।

অনস্তর ভরত কতাঞ্জলিপুটে স্থালিত বাক্যে সভরে কহিলেন, আর্ঘ্য পাপনি আমাদিগের কুলক্রমানুরপ রাজধর্ম
পর্য্যালোচনা করিয়া জননা কেশিল্যার মনোবাঞ্চা পূর্ণ করুন।
আমি একাকী সেই বিজ্ঞীর্ণ রাজ্য শালন করিতে পারিব না,
এবং প্রজা-রঞ্জনও আমা হইতে হইবে না। ক্রমিজিবী যেমন
মেষের প্রভাক্ষা করে, তদ্ধেপ সমস্ত প্রকৃতি জ্ঞাতি ও বন্ধু
বান্ধবেরা আপনারই প্রতীক্ষা করিতেছেন। অতএব আপনি
রাজ্য গ্রহণ করিয়া কোন ব্যক্তির হস্তে অর্পণ করুন। আপনি
বাহাকে অর্পণ করিবেন, সে অবশ্যই প্রজাপালনে সমর্থ হইবে।

নীরদশ্যাম পদ্মপলাশলোচন ভরত, এই বলিরা, রামের পদতলে নিপতিত হইলেন, এবং তাঁহার সন্নিধানে বারংবার ইহাই
প্রার্থনা করিতে লাগিলেন। তখন রাম তাঁহাকে অঙ্কে এহণ
পূর্বক কলহংসসদৃশ মধুরস্বরে কহিলেন, বৎস! বাহা
শিক্ষাপ্রভাবেৎপন্ন ও স্বাভাবিক, তোমার সেই বুদ্ধি উপস্থিত্
হইয়াছে। তুমি রাজ্যভার বহনেও সাহসা হইতেছ। একণে
বুদ্ধিমান মন্ত্রী ও স্কছালাণের পরামর্শ লইয়া, তৎকার্য্যে প্রবৃত্ত
হও। চক্র হইতে শোভা অপনীত হইতে পারে, হিমালয় হিম
পরিত্যাগ করিতে পারেন, এবং সাগরও হয়ত বেলাভূমি
লক্ষ্মন করিবেন, কিন্তু আমি পিতৃসত্য পালনে কখনই বিরত
হইব না। বৎস! ভোমার জননী তুৎসংক্রান্ত স্কেহ বা লোভ

ৰশতই হউক যে কাৰ্য্য করিয়াছেন, তাহা তুমি মনেও আনিও না, মাতাকে যেমন ভক্তি করিতে হয়, তাহাই করিবে।

অনস্তর তরত দিবাকরের ন্যায় তেজনী দিতীয়া-চল্লের
ন্যায় স্থদর্শন রামের এইরপ বাক্য প্রবণ করিয়া কহিলেন, আর্য্য! একণে আপনি পানতল হইতে এই কনকখটিত
পাছকাযুগল উন্মুক্ত ককন, অতঃপর ইহাই নোকের যোগকেম %
বিধান করিবে। তখন রাম পাছকা উলোচন করিয়া উলোকে
প্রদান করিলেন। তমত প্রণিপাত পুরংসর উহা প্রহণ করিয়া
কহিলেন, আর্য্য! আমি সমস্ত রাজ্যব্যাপার এই পার্কাকে
নিবেদন পূর্বক, জ্বটাটার ধারণ ও ফলমূল ভাচন করিয়া, আপানার প্রতীকায় চতুর্দশ বংসর নগরের বহির্দেশে বাস করিব।
পঞ্চদশ বংসরের প্রথম দিবসে যদি আপানার দর্শন না পাই,
তাহা হইলে নিশ্চরই আমায় হুতাশনে আত্মসন্মর্থণ করিছে
হুইবে।

রাম ভরতের কথায় সমত হইলেন, এবং তাঁহাকে সম্রেহে আলিকন করিয়া কহিলেন, বৎস! আমি ও জানকী আমরা ভোমার দিব্য দিভেছি, তুমি জননা কোশল্যাকে রক্ষা করিও, তাঁহার প্রতি কদাচ কয় হইও না। এই বলিয়া তিনি সজল নয়নে তাঁহার প্রতি চাহিয়া রহিলেন।

^{*} অপ্রাপ্ত বন্ধুর প্রাপণ এবং প্রাপ্তের রক্ষা দাখিন।

অনস্তার স্থানীল ভরত, ঐ উজ্জ্বল পার্কা এক মাতাদের
মন্তকে অবস্থাপন পূর্বক, রামকে প্রদক্ষিণ করিলেন। তথন
ধর্মে হিমাচলের ন্যার অটল রাম, কুলগুরু বলিউকে মথোচিত
অর্চনা করিয়া, অনুক্রমে ভরত ও শত্র্রকে এবং মন্ত্রী ও প্রক্রিকাণকে বিদায় দিলেন। ঐ সমর তলীয় মাত্র্যণের
কঠবাসভারে অরক্ষ হইয়াছিল, ভরিবল্পন ভাঁহারা আর বার্ক্যাস্ফুর্তি করিতে পারিলেন না। রামও ভাঁহানিগতে অভিবাদন
করিয়া রোদন করিতে করিতে পর্বক্রীরে প্রবেশ করিলেন।

. ত্রোদশাধিক শততম সর্গ

অন্তার ভরত, মন্তকে রামের পাছকা লইয়া, শত্রমের সহিত রবালেছ। পূর্ধক হাউগনে সলৈদো যাত্র। করিলেন। ম**হর্ষি** বশিষ্ঠ, বাঁহদেব, ও জাবালি ইহাঁরা অত্রে অত্রে চলিলেন। উত্তরে মন্দাফিনী, সকলে তথা হইতে পূর্ব্বাভিমুখী হ'লৈম, এবং গিরিবর চিত্রক্টকে প্রদক্ষিণ করিয়া, বিবিধ ধাতু অব-লোকন পূর্ব্যক উহাত্র পার্শ্ব দিয়া ফাইতে লাগিলেন। অদুরে মহার্ব ভারহালের আগ্রন দৃট হইল। ভরত তথায় উপনীত . ছইরা, রথ হইতে অবভরণ পূর্ক্ত তাঁহাকে গিয়া প্রাাম করি-তখন তর্বাল প্রাক্তননে জিজ্ঞাদিলেন, বুংদ! রামের সহিত্র ভোষার ভ সাকৃত্র হইয়াছিল? কার্য্য ভ সফল হইয়াছে? তরত কহিলেন, তুপোধন! আমি ও বশিষ্ঠদেব, আমনা, রামতে আনিবার নিবিত্ত বারংবার অনুরোধ করিয়া-ছিলান, কিন্তু তিনি তাহাতে সবিশেষ সম্ভুষ্ট হইয়া বশিককৈ कहित्मन. भिंछ। अञ्चल कितिल भागात गांचा भारतम कित-

রাছেন, আমি চতুর্দশ বংসর ভাহাই পালন করিব। তথন শুক্দেব কহিলেন, তবে তুমি একণে প্রসন্নমনে এই স্বর্ণোজ্জ্ল পাহুকাসুগল অর্পণ কর, এবং ইহা দ্বারা অযোগ্যার যোগক্ষেমকর হও। তাগদ! রাম এইরূপ অভিহিত হইবামাত্র পূর্বাস্য হইরা, রাজ্যের রক্ষা বিধানার্থ আমার পাহুকা প্রদান করিলেন। আমি একণে ভাহা লইরা ভাহারই আদেশে অযোগ্যার চলিয়াছি।

ভঃ ছাজ ভরতের মুখে এই কথা প্রবণ করিয়া কছিলেন,
বংল! তুমি অভিমুনীল ও সচ্চরিত্রে, শ্রমও লোকের শ্বভাব

বিলক্ষণ বুঝিতে পারেন, ডিনি যে ভোমার প্রতি সংব্যবহার করিবেন, ইহাতে আর আক্ষর্যা কি, উৎসৃষ্ট জল ড

নিয়াভিমুখী হইয়াই থাকে। একণে বোধ হইভেছে, ভোমার
নায় ধর্মবংসল পুত্র বাঁহার বিদ্যমান, মৃত্যু সেই দশরথকে
এককালে লুগু করিতে পারে নাই।

অনন্তর তরত নহর্ষি তরদাজকে কডাঞ্জলিপুটে আমন্ত্রণ, অতিবাদন, ও পুনঃ পুনঃ প্রদক্ষিণ পূর্মক মন্ত্রিগণের সহিত অযোধ্যাতিমুখে গমন করিতে লাগিলেন। তাঁহার সৈন্য সকল হস্ত্যাশ্বে রথে ও লকটে আরোহণ পূর্মক নানা স্থানে বিস্তীর্ণ হইয়া চলিল। সমুখে উর্ম্মিগালিনী বমুনা, উহায়া ঐ নদী উত্তীর্ণ হইয়া নির্মালসলিলা জাহ্বীকে দেখিতে পাইল। তবন তরত সসৈন্যে উহা পার হইয়া, শৃক্ষবের পুরে প্রবেশ করিলেন, এবং

তথা হইতে অবোধ্যাভিমুখী হইলেন। যাইতে যাইতে আযোধ্যাকে নিরীক্ষণ করিয়া ছঃখিত মনে স্নাম্ব্রকে কহিলেন, স্নাম্ব্র! দেখ, এই নগরী অত্যম্ভ শোভাহীন হইয়া আছে, আজ ইহাতে আনন্দ নাই, কোলাহলও শ্রুতিগোচর হইতিছে না।

চতুৰ্দশাধিক শততম সৰ্গ।

এই বলিয়া ভরত রথের গান্তীর রবে চারিদিক্ প্রতিধ্বনিত করিয়া অবোধ্যায় প্রবেশ কারলেন। দেখিলেন, উহার ইভস্তত ° বিড়াল ও উলূক সকল সঞ্চরণ করিতেছে, গৃহদ্বার সমুদায় অব-ক্ষ, তিমিরাচ্ছ শর্করীর ন্যায় যেন উহা প্রভাশূন্য হইয়। আছে। শশাক্ষঞীলাঞ্চিতা রোহিণী উদিত রাহুর উৎ-পাতে যেন অশরণা হইয়াছেন। আবিলসলিলা উত্তাপ-সম্ভপ্ত-বিহক্ষুল-সমাকুলা কীণপ্রবাহা লীনগ্রাহা গিরিনদীর नाान्न पृष्ठे इरें एड । अनलिया धूममूना ७ सर्वर्ग हिल, , পশ্চাৎ যেন জলসেকে নিৰ্বাণ হইয়া গিয়াছে। যথায় যান বাহন চূর্ণ, বর্ম ছিন্ন ভিন্ন, বীরেরা মৃতদেহে নিপতিত এবং অবশিষ্ট দৈন্য সকল বিষয়, এই নগরী সেই সমরাঙ্গনের ন্যায় পরি-দৃশ্রমান হইডেছে। সমুদ্রের তরঙ্গ মহাশব্দে ফেন উদ্গার পূর্বক উত্থিত হইয়াছিল, এক্ষণে বেন সমীরণের মৃত্যুক रिल्लाल नीतर्य कंष्णिত हरेएउरह। ट्यूक ट्यूवानि किছू नारे,

বেদজ্ঞ ঋত্বিক নাই, ইছা যেন যজ্ঞাবসানের সেই বেদির ন্যায় নিস্তব্ধ। ধেনু বৃষ্ধিরহে গোচে একান্ত উৎকণ্ঠিত ও কাতর হইয়া যেন নুতন তৃণে নিস্পৃহ হইয়া আছে। মদৃণ উজ্জ্বল উৎ-ঁ কৃষ্ট পদারাগ প্রভৃতি মণিছীন নবরচিত মুজ্জাবলীর ন্যায় ইহা নিতান্তই শোভাবিহীন। তারকা পুণ্যক্ষয় নিবন্ধন নিস্প্রভ হইয়া যেন গাগওল হইতে স্থালিত হইয়াছে। বদন্তের অবসানে কুন্তুম-শোভিত অলিকুলসকুল বনলতা যেন প্রবল দাবানলে স্লান হৈইয়া গিয়াছে। রাজপথে লোকের সমাগম নাই, আপণ সকল নিৰুদ্ধ, নভোমণ্ডল যেন মেঘাক্তন্ন ও চন্দ্ৰ তারকা অন্তৰ্হিত হই-ब्रोट्ड। यूता नारे, संताय मकल ज्यं, अवर महाशांबीबां पृज्ा-মুখে নিমগ্ন, সেই অপরিচ্ছন্ন পানভূমির ন্যায় ইহাকে অত্যন্ত শোচনীয় বোধ হইতেছে। ভগ্নমৃৎপাত্রপূর্ণ এবং ভগ্নস্তম্ভ-সমাকীর্ণ বিদীর্ণতল শুক্ষজল সরোবরের ন্যায় ইহা পরিদৃশ্যমান হইতেছে। পাশসংযুক্ত অতিবিশাল মৌর্কী যেন শরচ্ছিন্ন হইয়া শুরাসন হইতে শ্বলিত হইয়াছে। বড়বা যেন সমর্নিপুণ আরোহীর প্রবাদ্ধে পরিচালিভ ও প্রতিপক্ষীয় সৈন্যহন্তে নিহত হইয়া পতিত থাছে।

সুমন্ত্র! আজ অযোগ্যাতে পূর্ম্বৎ গীত বাদ্যের গভীর শব্দ কেন অঞ্তিগোচর হইভেছে না। মদ্যের উন্মাদকর গদ্ধ, মাল্য গুপ ও অগুকর সৌরভ সর্বত্ত কেন বছিভেছে না। রথের ঘর্ষর শব্দ, অশ্বের হেষারব এবং মত্ত হস্তীর বৃংহিতধ্বনি কেন শুনিতেছি না। তব্দণ বয়ক্ষেরা রামের বিষোণে
একান্ত বিমনা হইয়া আছেন, একণে তাঁহারা চন্দন লেপন
ও মাল্য ধারণ করিয়া বহির্গত হন না. এবং উৎসবেরও আর
আয়োজন নাই। ফলত অযোধ্যার সেই শ্রী, ভাতা রামের
সহিত এস্থান হইতে অপসৃত হইয়াছে। মেঘারত শুরুপক্ষীয়
যামিনার ন্যায় একণে ইহার আর কিছুমাত্র শোভা নাই। হা !
কবে রাম সাক্ষাৎ উৎসবের ন্যায়, নিদাবের মেষের ন্যায়,
উপস্থিত হইয়া, সকলের মনে হর্ষ উৎপাদন করিবেন!

রাজকুমার ভরত এইরপ আক্ষেপ করিতে করিতে নগর প্রবেশ করিয়া মৃগরাজবিরহিত গিরিগুহাসদৃশ পিতৃগৃহে উপ-নীত হইলেন। এবং উহা সংস্কারশূন্য ও জীহীন দেখিয়া, হঃখভরে অনবরত রোদন করিতে লাগিলেন।

পঞ্চলাধিকশতত্ম সূপ।

খনতার তিনি মাত্রাণকে অশোধ্যার রাখিয়া, শোকসন্তপ্তমনে বিশিষ্ঠ প্রতি প্রোহিডাবর্গকে কহিলেন, বিপ্রগণ ! আমি নন্দি-গ্রামে বাইব, তজ্জনা আপনাদের সকলকে আমন্ত্রণ করিতেছি। ভথার গিরা লাভ্বিয়োগজনিত সমস্ত তুঃখ সহব। পিতা ধর্গারোহণ করিয়াছেন, গুরু রাম অরণ্যে আছেন, ইহা অপেকা অনুখের আর, আমার কিছুই নাই। একণে রাজ্যের নিমিত্ত রামেরই প্রতিশ্ব করিয়া ধাকিব, তিনিই রাজা।

তথন বশিষ্ঠ ও মন্ত্রিগণ ভরতের কথা শুনিয়া কহিলেন, রাজকুমার ! তুমি আভৃমেহে যাহা কহিলে, উহা সর্কাংশেই প্রেশংসনীয়, ও ভোমারই অনুরূপ হইতেছে। তুমি অভি সাধু, স্বজনানুরাগ ও আভ্বাৎসলা ভোমার বিলক্ষণই আছে, স্বভরাং ভোমার এই বাক্যে কে না অনুমোদন করিবেন ?

ভরত তাঁহাদের মুখে অভিলাষানুত্রপ প্রীতিকর কথা প্রবণ করিয়া সারথিকে কজিলেন, স্থত ! ভুমি রথে অশ্ব গোজনা

করিয়া আনয়ন কর। অনন্তর অবিলম্বে রথ আনীত হইল। তিহি মাতৃগণকৈ সন্থাষণ করিয়া, শত্রুদের সহিত উহাতে আরোহণ করিলেন, এবং মন্ত্রি ও পুরোহিতবর্গে পরিবৃত হইয়া প্রীতমনে নন্দির্থামে গমন করিতে লাগিলেন। বশিষ্ঠপ্রভৃতি দ্বিজাতিগণ পূর্বাস্য হইয়া সকলের অত্যে অত্যে চলিলেন। হস্তার্থ-বহুল সৈন্য সকল ও পুরবাসিরা আছুত না হইলেও উহাঁদের অনু-গমন করিতে লাগিল। নিকটে নন্দিগ্রাম, ভরত রামের পাছুকা মস্তকে লইয়া ওল্মধ্যে প্রবৈশ করিলেন; এবং সত্ত্বর রথ হইতে অবতীর্ণ হইয়া, পুরোহিতগণকে কহিলেন, দেখুন, আর্য্য রাষ অযোধ্যা-রাজ্য ন্যাসম্বরূপ আমায় অর্পণ করিয়াছেন, এক্ষণে এই কনকথচিত পাত্নকা তাহা পালন করিবে। এই বলিয়া তিনি পাছকাকে প্রণিপাত পূর্ব্বক ছঃখিতমনে প্রকৃতিগণকে কহিলেন, প্রকৃতিগণ! তোমরা শীদ্রণ এই পার্কার উপর ছজ ধারণ কর, ইহা রামের প্রতিনিধি, এক্ষণে ইহারই প্রভাবে बाट्डा धर्मवावन्त्रा थाकिरव । त्रांग मखावनिवन्नन न्यामक्रांथ এই রাজ্য আমায় দিয়াছেন, একণে তাঁহার পুনরাগমনকাল প্র্যাম্ভ ইছার রক্ষা সাধন করিতে ছইবে। তিনি আসিলে আমি স্বহন্তে এই পাতুকা পরাইয়া তাঁহার এচরণ দর্শন করিব, এবং ভাঁছার উপর সমস্ত ভারার্পণ পূর্বক ভাঁছারই সেবায় ৰীতপাপ হইব।

এই বলিয়া সেই কটাচীরগারী স্থার, সসৈন্যে নৃদিঞামে বাস করিতে লাগিলেন, এবং তথায় পাছ্কাকে রাজ্যে অভিষেক করিয়া, স্বরংই উহার সন্মানার্থ ছত্রচামর ধারণ করিয়া রহিললেন। তৎকালে বা কিছু রাজকার্য্য উপস্থিত হইতে লাগিল, অত্যে উহাকে জ্ঞাপন করিয়া, পশ্চাৎ ভাহার বথাবৎ ব্যবহার আরম্ভ করিলেন, এবং বা কিছু উপহার উপনীত হইতে লাগিল, সমস্তই উহাকে নিবেদন করিয়া, পরিশেষে কোষগৃহে সঞ্চয় করিতে লাগিলেন।

নোড়শাধিকশতভন সৰ্গ।

এ দিকে রাম চিত্রক্টে আছেন, একুদা দেখিলেন, বেল্পথন্ত তাপস পূর্ব্ধ হইতে তাঁহার আশ্রয়ে মুখে কাল্যাপন করিছে ছিলেন, তাঁহারা অতিশয় উৎকণ্ডিত হইয়াছেন। ঐ সময় উহাঁরা রামকে নির্দ্দেশ করিয়া, সভয়ে নেত্র ও জকুটী সঙ্কেতে একাস্তে কথোপকখন করিতেছিলেন। তদ্দর্শনে রাম অতান্ত শঙ্কিত হইলেন, এবং কতাঞ্জলিপুটে কুলপতিকে কহিলেন, ভগবন্! যাহাতে তাপসগণের মন বিক্ত হইতে পারে, আমার ব্যবহারে পূর্ব্বরাজগণের জননুরপ কি কিছু প্রত্যক্ষ করি-তিছেন? লক্ষ্মণ অসাবধানতা নিবন্ধন কি কোন অবৈধ আচলবান করিয়াছেন? জানকী সভতই আপনাদের পরিচর্য্যা করিয়া খাকেন, একণে তিনি আমার সেবানুরোধে সেই জ্রীজনোচিতেকার্য্য হইতে কি বিব্নত হইয়াছেন?

তথন এক তপোবৃদ্ধ অরাজীর্ণ তাপস কম্পিতদেহে কহিতে লাগিলেন, বৎস! তপস্থিসংক্রাম্ভ কোন বিষয়ে এই কল্যানিন্দ সীতার কিছুমাত্র শৈধিল্য দেখি ন।। এক্ষণে আমাদের উপর অত্যন্ত রাক্ষদের উপদ্রব আরম্ভ হইয়াছে, ত্রনিমিত আমরা উদ্বিগ্ন হইয়া, নির্জ্ঞানে নানা প্রকার জম্পনা করিতেছি। এই স্থানে খর নামে এক নিশাচর বাস করিয়া থাকে, সে রাবণের কনিষ্ঠ। ঐ মাংসাসী অতি নুশংস গর্মিত ও নির্ভয়, সে জঁন-স্থাননিবাসী ঋষিগণকৈ অভ্যম্ভ উৎপীড়ন করিতেছে। ভোমার প্রভাব উহার কিছুতেই সহ্য হইতেছে না। তুমি যদবধি এই স্থানে আসিয়াছ, ঐ গুরাত্মা সেই পর্য্যন্ত অন্যান্য নিশাচরের সহিত আমাদের প্রতি নানা প্রকার উৎপাত করিতেছে। কখন জ্যুর ও বীভৎস বেশে আসিতেছে, কখন বিকট মুর্ভি পরিএই করিতেছে, কখন বা নানারপে বিরূপ হইয়া সকলের হাৎকম্প জনাইতেছে। উহারা আসিয়া আমাদিগের উপর অপবিত্র বস্তু সলল নিক্ষেপ করে, প্রবং যাহাকে সম্মুখে পায় ভাহাকেই ষস্ত্রণা দিয়া থাকে। অল্পপ্রাণ ভাপদেরা নিক্রায় অচেভন হইয়া আছেন, ইত্যবসরে উহারা নিঃশব্দস্ঞারে আগমন ও উহুঁাদিগকে বাহুপাশে বন্ধন পূর্বক মহাহর্ষে বিনাশ করিয়া পাকে। বজ্জকালে যজ্জীয় উব্য সকল নষ্ট করে, কলশ চুর্ন করিয়া ফেলে, এবং অগ্নি নির্ম্বাণ করিয়া দেয়। জানি না, ঐ ছুরাঝার। আমাদের মধ্যে কবে কাহার প্রাণনাশ করিবে। একণে কেবল এই কারণে ঋষিরা আর্মাবত্যাগের সঙ্কল্প

করিষা, অন্যন্ত্র ষাইবার নিমিত্ত বারংবার আমায় ত্রা দিতেছেন। অদূরে অহর্ষি কণ্বের এক স্থরম্য তপোবন আছে, ঐ
স্থানে কল মূল বিলক্ষণ স্থলভ, অতঃপর আমরা সকলেই তথার
প্রস্থান করিব। বৎস! এক্ষণে যদি তোমার ইচ্ছা হয়, তবে
তুমিও আমাদের সমভিব্যাহারে চল। ঐ গ্রাত্মা তোমার
উপরও উপদ্রব করিবে, তুমি সভত সাবধান ও উৎপাত নিবারণে সমর্থ হইলেও ভার্যার সহিত এই স্থানে কখনই স্থাধে
থাকিতে পারিবে না।

কুলপতি এইরপ কহিলে, রাম আর তাঁহাকে নিষেধ করিতে পারিলেন না। তখন মহর্ষি তাঁহাকে সম্ভাষণ, অভিনন্ধন ও সাস্ত্রনা করিয়া, স্বগণে তথা হইতে যাত্রা করিলেন। প্রস্থানকালে তিনি রামকে পুনঃ পুনঃ স্থানত্যাপের পরামর্শ দিতে লাগিলেন। রামও কিয়দ্দ্র উহাঁর অনুগমন করিলেন, এবং প্রণামান্তে তাঁহার অনুভা এহণ করিয়া পর্ণকুটারে প্রতিনির্ভ হইয়া অবধি তিলেকের নিমিত্তও কুটার পরিভ্যাগ করিভেন না। তৎকালে যে সকল শ্বি ঐ আশ্রমে ছিলেন, তাঁহারা উহাঁর বিপত্তিয়াশের শক্তি আছে জানিয়া, উহাঁকেই আশ্রম করিয়া রহিলেন।

. সপ্তদশাধিক শতত্য সর্গ।

অনস্তর নানা কারণে রামের তথায় বাস করিতে আর প্রবৃত্তি রহিল না। ভাবিল্পেন, আমি এখানে ভরত মনত্গণ ও পুর-বাসিদিগকে দেখিতে পাইলাম, উহাঁরা সকলেই আমার শোকে একাপ্ত আকুল, আমি কোন মতে উহাঁদিগকে বিস্মৃত হইতে পারিতেছি না। বিশেষত ভরতের স্কর্রাবার স্থাপনে এবং হস্তী ও অস্বের করামে এই স্থান অত্যন্ত অপরিচ্ছন্ন হইরা গিয়াছে, স্থভরাং এক্ষণে অন্যত্ত প্রস্থান করাই শ্রেয় হইতেছে।

এই চিস্তা করিয়া, রাম জানকী ও লক্ষ্মণের সহিত্ব তথা হইতে মহর্ষি অত্রির আশ্রমে চলিলেন, এবং তথায় উপুস্থিত হইয়া তাঁহাকে প্রণিপাত করিলেন। তথন অত্রি তাঁহাকে পুত্র-নির্বিশেষে গ্রহণ ও আভিষ্য করিয়া, সীতা ও লক্ষ্মণকে সম্বেহে দেখিতে লাগিলেন। ইভ্যবসরে তাঁহার সহধর্মিণী ধর্মপরায়ণা অনস্থা তথায় আগমন করিলেন। তপোধন সেই সর্বজন-পূজনীয়া ভাপদীকে আমন্ত্রণ ও সাঁতাকে প্রদর্শন পূর্বক

কহিলেন, প্রিয়ে! ভূমি এক্ষণে এই সাভাকে প্রতিএই কর : অত্রি অনস্থাকে এই কথা বলিয়া, রামকে কহিলেন, বৎস : দশবৎসর অনারটিপ্রভাবে লোক সকল নিরম্ভর দন্ধ হইভেছিল, তৎকালে এই অনস্থা ফলমূল मुख्कि করিয়াছিলেন, এবং অংশ্রমমধ্যে গঙ্গাকেও প্রবাহিত 'করিয়া দেন। তপ ও ত্রতে ইহার অত্যন্ত নিষ্ঠা ৷ ইহার তপস্যায় দশসহত্র বৎসর অতীত ছইয়া যায়, এবং কঠোর ভ্রতে ভাপসগণের তপোবিদ্ব নিবারিত হয়। একদা মহর্ষি মাণ্ডব্য এক ঋষিপুত্রীকে "রাত্রি প্রভাতে বিধবা হইবি" বলিয়া অভিসম্পাত করিয়াছিলেন। তখন এই ভাপদা প্রতিশাপে দশরাত্রি পরিমিত কাল এক রাত্রিতে পরিণত করেন। বৎস! তুমি ইহাকে জননীর ন্যায় দেখিও। ইনি অতি শান্ত্রশালা, পুজনায়া ও বৃদ্ধা। এক্ষণে অনুরোধ করি, ভোমার সহচারিণা জানকী ইহাঁর স্মিহিত হউন।

মহর্ষি অতি এইরপ কহিলে, রাম জানকীকে নিরীক্ষণ পূর্বক কহিলেন, রাজপুত্তি! ভূমি ত মহর্ষির কথা শুনিলে? এক্ষণে আত্মহিতের নিমিত্ত শীত্র ঋষিপত্নীর নিকটে যাও। যিনি স্বকার্য্য প্রভাবে অনস্থ্যা নামে খ্যাতি লাভ্ করিয়াছেন, ভূমি শীত্র তাঁহার নিকটে যাও।

তথন সাতা অনস্যার সন্নিহিত হইলেন। ঋষিপত্নী অভান্ত বৃদ্ধা, সর্বাঙ্ক বলিরেখায় অঙ্কিত, সন্ধিত্বল একান্ত শিথিল,

এবং কেশজাল জ্বরাপ্রভাবে শুক্ল হইয়া গিয়াছে। তিনি বায়ু-ভরে কদলীতকর ন্যায় অনবরত কম্পিত হইড়েছেন । স্বীতা স্থনাম উল্লেখ পূর্ব্বক সেই পতিত্রতাকে প্রণাম করিলেন, এবং কতাঞ্জলিপুটে তাঁহার সকল বিষয়ের কুশল জিজ্ঞাসিলেন। তখন অনস্থা তাঁহাকে অবলোকন পূৰ্বক সাস্ত্ৰনা বাক্যে কহিলেন, জানকি! ভোমার ধর্মদৃষ্টি আছে। তুমি আগ্নীয় স্বজন ও অভিমান বিস্তর্জন করিয়া, ভাগাক্রমেই বনচারী ' রামের অনুসরণ করিয়াছ। স্বামী অনুকূল বা প্রতিকূলই হউন, নগরে বা বনেই থাকুন, যে নারী একমাত্র তাঁহাকে প্রিয় বোগ করেন, ভাঁহার সক্ষাতি লাভ হয়। পতি দুঃশীল, স্বেচ্ছা-ঢারী বা দরিদ্রই হউন, পুজ্যস্বভাব দ্রীলোকের তিনিই পরম্ (एर**ा)।** (मरे मकि उ जिमाति नाति मर्साः मि म्लुश्गीत स्रोगी হইতে বিশেষ বন্ধু আমি ভাবিয়াও আর দেখিতে পাই না। যাহারা কেবল ভোগ সাংনু করিতে ভাঁহাকে অভিলাষ করে, म्हि मकल रेयुत्रिगोता **এই ममल গুণ দৌৰ किছু** इन्द्राश्रम করিতে পারে না। জানকি! তাদৃশ হুশুরিত্রা সকল অধর্মে পতিত ও অমশ প্রাপ্ত হয়। কিন্তু তোমার তুল্য বাহাদের হিতাহিত জ্ঞান আছে, দেই সমস্ত গুণবতী, পুণ্যশীলার ন্যায় স্বর্গে পূজিত হইয়া থাকেন। অতএ বএক্ষণে তুমি সকল বিষয়ে পতিরই অনুব্রতা হইয়া থাক।

অফীদশাধিকশততম সর্গ।

জ্ঞানকী অনস্মার এইরপ কথা শুনিয়া, মৃত্যুরে কছিলেন, অপিনি যে আমায় শিক্ষা দিবেন, জাপনার পক্ষে ইহা আর আশ্চর্য্যের কি। কিন্তু আর্য্যে! স্থামী যে স্ত্রীলোকের গুরু, আমি তাহা বিশেষ জানিয়াছি। তিনি যদিও তুশ্চরিত্র ও দরিদ্র হন, তথাচ কিছুমাত্র বিধা না করিয়া, তাঁহার পরিচারণায় নিযুক্ত পাকিতে হইবে। কিন্তু যিনি জিডেব্রিয় গুণবান দয়ালু স্থিরা-নুরাগা ও ধার্মিক, এবং যিনি মাত্রেবাপর ও পিতৃবৎসল, ' তাঁহার বিষয়ে আর বলিবার কি আছে। রাম যেমন কৌশ-ল্যাকে, সেইরপ অন্যান্য রাজপত্নীকেও প্রদ্ধা করিরা থাকেন। রাজা দশরণ যে নারীকে একবার নিরীক্ষণ করিয়াছেন, রাম অভিমানশূন্য হইরা তাঁহাঁর প্রতি মাতৃবৎ ব্যবহার করেন। ভাপসি ৷ আমি যখন এই ভীষণ অরণ্যে আসি, তখন আর্য্যা কৌশল্যা আমায় যাহা উপদেশ দেন, আমি তাহা বিস্মৃত হই नारे, এবং বিবাহের সময় জননী অগ্নিসমকে যে প্রকার আদেশ করেন, তাহাও ভুলি নাই। ফলত পতিসেবাই জ্রীলোকের ভপস্যা, আত্মীয় বজন ও কথা আমার বিলক্ষণ হছোধ করিয়া **দিয়াছেন। সাধিত্রী ইহা**র বলে অর্গে পূজিত হইতেছেন।

আপনি উহারই ন্যায় উৎকৃষ্ট লোক আয়ন্ত করিয়াছেন, এবং রমণীর অএগণ্যা রোহিনীও শশাক্ষ ব্যতীত মুহূর্ত্তকাল আকাশে উদিত হন না। দেবি! বলিতে কি, এইরূপ বহুসংখ্য পতি-ব্রতা পুণ্যকলে স্করলোক অধিকার করিয়াছেন।

অনস্থা দীতার এইরপ বাক্য শ্রবণে পুলকিত হইরা, তাঁহার মন্তক আদ্রাণ পূর্বক কহিলেন, বৎসে! আমি নিয়ম পরতন্ত্র হইরা, বিস্তর তপঃ সঞ্চুয় করিরাছি। বাসনা, সেই তপোবল আশ্রয় করিয়া ভোনোর বরপ্রদান করিব। তুমি যাহা কহিলে, ভাহা সর্ববিশ্বে সঙ্গত, শুনিরা আমি অভ্যন্ত প্রাতি লাভ করি-লাম। এক্ষণে ভোমার সঙ্গপ কি, প্রকাশ কর? তথন দীতা অভিমাত্র বিশ্বিতা হইরা, হাস্যমুখে কহিলেন, দেবি! আপনার প্রসন্ধভাতেই আমি কভার্থ হইনাম।

তথন অনস্থয়া জানকীর এই কথায় অধিকতঃ প্রীত হইয়া
কহিলেন, বৎসে! অমি তোমার দিব্য বিভবে আজ আপনাকে চরিতার্থ করিব। একণে এই স্কচির মাল্য বস্তু আভরণ ও অঙ্গরাণ প্রদান করিতেছি, ইহাতে তোমার দেহে অপূর্বে

ত্রি হইবে। এই সমস্ত ভোমারই যোগ্য, উপভোগেও এ
সমুদায় কখন মসুণ বা ম্লান হইবে না। তুনি এই অঙ্গরাণ
সর্বাঙ্গ করিয়া, দেবা কমলা যেমন নারায়ণকে, সেইরূপ
রামকে স্থাভিত করিবে।

তখন সীত। অনস্থার প্রাতি-দান গ্রহণ পূক ক কতা-ঞ্জলিপুর্টে তাঁহারই সমীপে উপবেশন করিয়া রহিলেন। অনস্তর তৃপস্থিনা তাঁহাকে জিজ্ঞাসিলেন, বংসে! শুনিয়াছি, এই ্যশস্বী রাম স্বয়ংবরে তোমাকে প্রাপ্ত হইয়াছেন। এক্ষণে তুমি দেই রুত্তান্ত সবিস্তুরে কীর্ত্তন কর, শুনিতে আমার অত্যন্ত কেত্ৰিল হইতেছে। তখন জানকী কহিলেন, দেবি! প্রাবণ কৰুন। জনক নামে এক ধর্মপরায়ণ মহীপাল ন্যায়ানুসারে মিপিলায় রাজ্যশাসন করেন। একদা তিনি লাঙ্গলহন্তে যজ্জ-ক্ষেত্র কর্ষণ করিতেছিলেন, ঐ সময় আমি ভূমি উদ্ভেদ করিয়া উপিত হই। তৎকালে তিনি মৃত্তিকা মৃষ্টি নিক্ষেপ করিয়া বিষম স্থল সমতল করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, দেখিলেন, আমি ধূলি-ধুষরদেহে তথায় নিপতিত আছি। তদ্দর্শনে তিনি নিতান্ত বিস্মিত হইলেন, এবং নিঃসম্ভান বলিয়া স্নেছপুর্বাক আমায় क्लांट नरेलन । रेजावमार अखुतीक रहेट यन मनुषा-कर्थ-স্বরে এই কথা উচ্চরিত হইল, "মহারাজ! ধর্মানুসারে এই কন্যা ভোমারই তনয়া হইলেন ৷" শুনিয়া জনক যার পর নাই সম্ভোষ লাভ করিলেন, এবং আমাকে পাইয়া অবধি সমৃদ্ধিশালী হইয়া উঠিলেন ।

পরে তিনি আমার লইয়া পুত্রার্থিনী জ্যেষ্ঠা মহিধীর হস্তে অর্পণ করিলেন। পুণ্যশীলা শ্লিক্ষহান্যা রাজমহিধীও মাতৃশ্লেহে

আমাকে লালন পালন করিতে লাগিলেন। ক্রমশঃ আমার বিবাহ-যোগ্য বয়স উপস্থিত হইল। তদ্দর্শন্ধে, অর্থনাশৈ দুরিজ্ঞ যেমন চিন্তিত হয়, রাজা জনক সেইরপ চিন্তিত হইলেন। কন্যার পিতা যদিও ইল্রের ন্যায় প্রভাবসম্পন্ন হন, তথাচ কন্যার বিবাহকাল উপস্থিত হইলে, সমকক্ষ বা অপারুষ্ট হইতেও তাঁহাকে অবমাননা সহা করিতে হয়। জনক সেই অবমাননা অদূরবর্ত্তিনী দেখিয়া, অপার চিন্তা-সাগরে নিময় হইলেন। আমি তাঁহার অযোনিসম্পরা কন্যা, তিনি আমার জন্য কুলশীলে স্থসদৃশ ও রপগুণে অনুরপ পাত্র বিশেষ অনুসন্ধানেও নির্ণয় করিতে পারিলেন না। তখন ভাবিলেন, ধর্মত কন্যার স্থয়ংবরের অনুষ্ঠান করাই শ্রেয় হইতেছে।

দেবি ! পূর্ব্বে মহান্তা বৰুণ প্রীত হইয়া, যজ্ঞকালে রাজর্ষি দেবরাতকে এক উৎকৃষ্ট শরাসন, অক্ষয় শর ও চুই তুণার প্রদান করিয়াছিলেন । ঐ শরাসন অত্যন্ত তারসম্পন্ন ছিল ; মহীপালগণ বহুযত্নে স্বপ্নেও উহা সন্নত করিতে পারিতেন না । আমার সত্যবাদী পিতা সেই কার্মুক প্রাপ্ত হইয়া, নূপতি-সম-বায়ে সকলকে আমন্ত্রণ পূর্ব্বিক কহিলেন, যিনি এই শরাসন উত্তোলন পূর্ব্বিক ইহাতে জ্যা-গুণ হোজনা করিতে পারিবেন, আমি তাঁহাকেই আমার কন্যা অর্পণ করিব । পরে নূপতিগণ গুৰুত্বে পর্ববিত্তুল্য সেই ধনু দর্শন করিয়া, উহাকে প্রণিপাত পূর্ব্বক প্রতিনির্ত্ত হইলেন। এইরপে বহুকাল অভীত হইরা গেলু।

অনস্তর তপোধন বিশ্বমিত্র, রাম ও লক্ষণকে সঙ্গে লইয়া বজ্ঞদর্শনার্থ মিধিলায় উপস্থিত হইলেন, এবং পুজিত হইয়া আমার পিতাকে কহিলেন, মহারাজ ! মহাত্মা দশরধের পুত্র রাম ও লক্ষণ, কার্মুক দর্শন করিবার অভিলাবে এখানে আসিয়াছেন। পিতা এই কথা শ্রবণ করিবামাত্র সেই দেবদন্ত थनू जानज्ञन कताचेशां तामरक (मथावेलन । मरावल ताम मूर्ड-মধ্যে উহা আনত করিলেন, এবং উহাতে গুণসংযোগ করিয়া মহাবেগে আকর্ষণ করিতে লাগিলেন। ধরু তদ্দণ্ডে বিখণ্ড হইরা গেল। উহা ভগ্ন হইবামাত্র বজ্রনিপাতের ন্যায় এক ভাষণ শব্দ হইল। তথন সত্যপ্রতিজ্ঞ পিতা জলপাত গ্রহণ পূর্বক রামের সহিত আমার বিবাহ দিতে প্রস্তত হইলেন। কিন্তু সুশীল রাম তংকালে মহারাজ দশরথকে না জানাইয়া পাণিএছণে সন্মত হইলেন না। অনস্তুর রাজা জনক আমার বৃদ্ধ ইণ্ডরকে অবোধ্যা হইতে আনাইলেন, এবং তাঁহাকে আমন্ত্রণ করিয়া, রামের হত্তে আমায় সম্প্রদান করিলেন। উর্মিলা নান্নী আমার এক প্রিয়দর্শনা ভগিনী আছেন, পিতা তাঁহারও লক্ষণের সহিত বিধাহ দিলেন। দেবি! সেই অবধি আমি ধর্মত স্বামীর প্রতি অনুরক্তই রহিয়াছি।

একোনবিংশাবিকশতত্য সর্গ।

্ধৰ্মপ্ৰায়ণা অতিপত্নী অৰস্থা সাভাৱ মুখে এই কথা শ্ৰবণ করিয়া, তাঁহাকে আলিঙ্গন ও তাঁহার মন্তক আদ্রাণ পূর্বক কহি-লেন, জানকি! তুমি অভি মধুর বাক্যে স্বয়ংবর বৃত্তান্ত বর্ণন . করিলে। শুনিয়া আমি অভ্যস্ত প্রীত হইলাম। একণে সূর্য্য রজনীকে নিকটে আনিয়া স্বয়ং অন্তশিখরে আরোহণ করিলেন। थे अन, विरुक्ता ममञ्ज निन आहातात्वरा शर्याहेन अ मन्ना-কালে বিশ্রামার্থ কুলায়ে অবস্থান পূর্ব্বক মধুর ধ্বনি করিতেছে। মহর্ষিগণ অভিষেকসলিলে সিক্ত হইয়া স্বন্ধে জলপূর্ কলশ গ্রহণ পূর্বক আর্দ্র বলকলে আসিতেছেন। যথাবিধি হুত অগ্নি-হোত্র হইতে কপোতকঠের ন্যায় অৰুণ বর্ণ ধূম বায়ুবশে উল্পিত হইতেছে। যে বৃক্ষের পত্র অতি বিরল, অন্ধকার প্রভাবে তাহা যেন ঘনীভূত হইয়াছে। এই সমস্ত আশ্রমমূগ বেদিমধ্যে শয়ান। রাত্রিচর জীরজস্তুগণ ইতন্তর্ত' সঞ্চরণ করিতেছে।

দূরতর প্রদেশে দিক সকল আর অনুভূত হইতেছে না। এক্ষণে
নিশাকাল উপস্থিত; চন্দ্র জ্যোৎসায় অবগুঠিত হইয়া আকাশে
উদিত হইয়াছেন, নক্ষত্রত দৃষ্ট হইতেছে। জানকি! এখন আমি
তোমায় অনুমতি করিতেছি, তুমি গিয়া পতিসেবায় প্রবৃত্ত
হও তুমি আজ মধুর কথা কার্ত্তন করিয়া আমায় পরিতৃষ্ট
করিলে। এক্ষণে আবার আমার সমক্ষে বেশভ্বায় স্থসজ্জিত
হইয়া সম্ভষ্ট কর।

অনন্তর সরকন্যারপিণী সীতা নানালস্কারে অলক্ষ্তা হইয়া তাপসীর পাদবন্দন পূর্বক রামের নিকট গমন করিলেন। রাম তাঁহাকে দর্শন করিয়া, অনস্থয়ার প্রীতি-দানে অতিশয় প্রীত্ হইলেন। তাপসী যে বসন ভূষণ ও মাল্য দিয়াছেন, সীতা তাহা তাঁহার গোচর করিলেন। তৎকালে উহার অমানুষস্থলত সৎ-কার নিরীক্ষণে লক্ষ্মণের আর আহ্লাণের পরিসীমা রহিল না।

অনন্তর রাম তাপসগণ কর্ত্বক সংক্ষত হইরা, অত্তির আশ্রমে নিশা যাপন করিলেন। পরে রাত্তি প্রভাত হইলে লক্ষনণের সহিত ক্ষতস্থান হইরা মহর্ষিগণকে বনাস্তর প্রবেশের পথ জিজ্ঞা-সিলেন। তখন ঐ সমস্ত বনবাসী শ্বিগণ তাঁহাদিগকে প্রস্থা-নার্থ উদ্যতদেখিয়া কহিলেন, রাজকুমার! এই বনবিভাগ রাক্ষসে পরিপূর্ণ। মনুষ্যাশী নানা প্রকার রাক্ষস ও শোণিতপায়া হিংস্র জস্ত সকল এই মহারণ্যে নিরস্তর বাস করিরা থাকে। তাপ- সেরা অশুচি বা অসাবধান থাকুন, উহারা আসিয়া তাঁহাদিগকে ভকণ করে। অভএব এক্ষণে তুমি উহাদিগতে নিবারণ কর। এইটি মুনিগণের কলাহরণের পথ। এই পথ দিয়া তুমি হুর্গম বনে প্রবৈশ করিতে পারিবে।

তাপসগণ ক্লভাঞ্জলিপুটে এইরপ কহিলে রাম ও লক্ষণ তাঁহাদের আশার্বাদ এহণ পূর্বক জানকীর সহিত মেঘমওলে সুর্যোর ন্যায় গহন কাননে প্রবেশ করিলেন।

অযোধ্যাকাও সমাপ্ত।